



# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ২০০৮-২০০৯



অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

---

---

ব্যাংক ও আর্থিক  
প্রতিষ্ঠানসমূহের  
কার্যাবলী  
২০০৮-২০০৯



অর্থ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



আবুল মাল আবদুল মুহিত

মন্ত্রী

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মুখবন্ধ

শক্তিশালী আর্থিক খাত একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ লক্ষ্যে দেশের আর্থিক খাতে অধিকতর দক্ষতা, স্থিতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের জন্য চলমান সংস্কার কার্যক্রম ২০০৮-২০০৯ অর্থবছরেও অব্যাহত রয়েছে।

বাংলাদেশের ব্যাংকিং খাত আরও মজবুত করে এ খাতের কর্মকাণ্ড আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা এবং প্রতিযোগিতামূলক বিশ্বে যে কোনো যুক্তি মৌকাবিলার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক জানুয়ারি ২০০৯ থেকে ব্যাসেল-১-এর পাশাপাশি ব্যাসেল-২ তথা যুক্তিভিত্তিক মূলধন নিরূপণ সংক্রান্ত প্রয়োজনীয় নীতিমালা ও নির্দেশিকা জারি করেছে। ব্যাংকগুলোতে সুশাসন প্রতিষ্ঠার জন্য কৃতিপয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। রাষ্ট্রীয় মালিকানাধীন তিনটি বাণিজ্যিক ব্যাংক - সোনালী, অগ্রণী ও জনতা ব্যাংক-কে পুনর্গঠনের যে ব্যবস্থা পূর্ববর্তী বছরে নেয়া হয় তা অব্যাহত রেখে ব্যবস্থাপনায় নানাবিধ সংস্কার কার্যক্রম চালিয়ে যাওয়া হয়। এতে একদিকে ব্যাংকগুলোর আর্থিক নির্দেশকসমূহের মান উন্নীত হচ্ছে, অন্যদিকে ব্যাংকগুলোর ব্যবস্থাপনায় পরিবর্তন সাধিত হওয়ায় ব্যাংকিং সেবায় গতিশীলতা এসেছে। সরকারি মালিকানাধীন ব্যাংকগুলোর সংস্কার কার্যক্রম আগামী বছরে পুনর্মূল্যায়ন করে ব্যাংক খাতের আপুনিকায়ন, নায়বদ্ধতা ও সেবা প্রদানে দক্ষতা নিশ্চিত করা হবে। রূপালী ব্যাংক লিমিটেড-এর আর্থিক অবস্থা সুদৃঢ়করণসহ এর কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে সরকার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছে।

বিশ্ব অর্থনৈতিক মন্দার প্রভাব মোকাবিলায় সরকার একটি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে। এ প্যাকেজের আওতায় রপ্তানি বাণিজ্যে আর্থিক সহায়তা প্রদান, অভ্যন্তরীণ চাহিদা জোরদার রাখা, খাদ্য ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থার প্রসার, কর্মসংস্থান ও শ্রমিক প্রশিক্ষণের ব্যবস্থা গতিশীল করা এবং সাময়িকভাবে ক্ষতিগ্রস্ত শিল্পকে সুরক্ষা প্রদানের পদক্ষেপ নেয়া হয়েছে। ঘোষিত প্যাকেজের আলোকে আর্থিক খাতে অনেক পদক্ষেপ নিতে হয়েছে এবং ব্যাংকিং প্রতিষ্ঠানগুলোকে একদিকে সংহত রাখা ও অন্যদিকে তাদের ক্ষতি পূরণে নেয়ার লক্ষ্যে অতিরিক্ত সুবিধা প্রদানের নানা ব্যবস্থা নেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংক রপ্তানি ঋণের ক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংকসমূহকে পুনঃঅর্থায়নের ব্যবস্থা গ্রহণ করবে। রেয়াতি হার-এ (৭%) রপ্তানি ঋণ সকল পণ্যের ক্ষেত্রে সম্প্রসারণ এবং এর পরিশোধ সীমা ১২০ দিন পর্যন্ত বৃদ্ধি করা হবে। বাংলাদেশ ব্যাংক থেকে কৃষি ঋণ খাতে পুনঃঅর্থায়নের জন্য ১০৮৩ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে পরিচালনাধীন তহবিলসমূহের কার্যক্রম আরও জোরদার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যেমন-এসএমই খাতে তহবিলের পরিমাণ ৫০০ কোটি টাকা থেকে ৬০০ কোটি টাকায়, গৃহ নির্মাণ তহবিলের পরিমাণ ৩০০ কোটি টাকা থেকে ৫০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে। ঘোষিত প্যাকেজ বাস্তবায়নে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর অধিকতর সক্রিয় ভূমিকা পালনের প্রয়োজন রয়েছে।

দেশের বিনিয়োগ ও উৎপাদন কর্মকাণ্ড সচল রাখার লক্ষ্যে ব্যাংকগুলোর ঋণের সুদের হার হ্রাসপূর্বক আমানত ও ঋণের সুদ হার ব্যবধান কাঙ্ক্ষিত মাত্রায় কমিয়ে আনার বিষয়ে বাংলাদেশ ব্যাংক উদ্যোগ গ্রহণ করেছে। সম্প্রতি কৃষি খাত, বৃহৎ ও মাঝারি শিল্প খাতে মেয়াদি ও চলতি মূলধন ঋণ, গৃহায়ন এবং বাণিজ্যে অর্থায়ন খাতে ঋণের সর্বোচ্চ হার ১৩ শতাংশে নির্ধারণ করে দেয়া হয়েছে। ব্যাংকসমূহের বিভিন্নমুখী চার্জ কমানোর ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের প্রয়াস অব্যাহত রয়েছে। এছাড়া, চলমান বৈশ্বিক আর্থিক মন্দায় ক্ষতিগ্রস্ত খাত বিবেচনায় হিমায়িত বাদ্য, চামড়া ও চামড়াজাত পণ্য সামগ্রী, পাট ও পাটজাত পণ্য সামগ্রী, বস্ত্র (স্পিনিংসহ) এবং তৈরী পোশাক শিল্পের ক্ষতিগ্রস্ত গ্রাহকদের খেলাপি ঋণ আবশ্যিকীয় ডাউন পেমেট ছাড়া ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে ৩০ সেন্টেজের ২০০৯ পর্যন্ত পুনঃতফসিল করা যাবে মর্মেও ব্যাংকগুলোকে নির্দেশনা দেয়া হয়েছে। এসব উদ্যোগে বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানসমূহের স্বতঃস্ফূর্ত সহযোগিতা ও নানাবিধ পদক্ষেপ গ্রহণে আগ্রহ অবশ্যই প্রশংসনীয়।

মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম অধিকতর কার্যকর করার লক্ষ্যে সরকার কর্তৃক 'মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯' এবং 'সহায়স বিরোধী আইন, ২০০৯' জারি করা হয়েছে। এতে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মানি চেঞ্জার, বীমা ইত্যাদি প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের রিপোর্টিং-এর আওতায় আনা হয়েছে। প্রবাসী বাংলাদেশী নাগরিকদের বিদেশ থেকে অর্থ প্রেরণের সুযোগ-সুবিধা নানাভাবে বর্ধিত করার জন্য ব্যাপক উদ্যোগ নেয়া হয়েছে। জাতির সেবায় প্রবাসীদের অবদান-স্বীকৃতির জন্যও ব্যবস্থা নেয়া হয়েছে ও হচ্ছে। অবৈধ উপায়ে অর্জিত এবং বিদেশে পাচারকৃত অর্থ দেশে ফিরিয়ে আনার লক্ষ্যে সরকার একটি উচ্চ পর্যায়ের টাঙ্কফোর্স গঠন করেছে। সরকার কর্তৃক গৃহীত এসব কার্যক্রমে দেশের আর্থিক খাতকে আরো স্বচ্ছ ও গতিশীল করবে।

এ পুস্তিকা প্রণয়নের সার্বিক কর্মকাণ্ডে অর্থ বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ অক্লান্ত পরিশ্রম করেছেন। আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। নীতিনির্ধারক, গবেষক, শিক্ষার্থী ও অগ্রহী পাঠকবৃন্দ পুস্তিকাটির মাধ্যমে উপকৃত হবেন বলে আশা করি।

আবুল মাল আবদুল মুহিত

(আবুল মাল আবদুল মুহিত)

মন্ত্রী

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২) (স ২০০৭)

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী, ২০০৮-২০০৯	পৃষ্ঠা
<input type="checkbox"/> ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০০৮-'০৯	i
<input type="checkbox"/> বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ	iii
<b>কেন্দ্রীয় ব্যাংক</b>	
<input type="checkbox"/> বাংলাদেশ ব্যাংক	১
<b>রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক</b>	
<input type="checkbox"/> সোনালী ব্যাংক লিমিটেড	১৭
<input type="checkbox"/> জনতা ব্যাংক লিমিটেড	২৭
<input type="checkbox"/> অগ্রণী ব্যাংক লিমিটেড	৩৩
<input type="checkbox"/> রূপালী ব্যাংক লিমিটেড	৪০
<b>স্থানীয় বেসরকারি ব্যাংক</b>	
<input type="checkbox"/> পূবালী ব্যাংক লিমিটেড	৪৫
<input type="checkbox"/> উত্তরা ব্যাংক লিমিটেড	৪৯
<input type="checkbox"/> এবি ব্যাংক লিমিটেড	৫৫
<input type="checkbox"/> ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৫৯
<input type="checkbox"/> দি সিটি ব্যাংক লিমিটেড	৬৩
<input type="checkbox"/> ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৬৭
<input type="checkbox"/> ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৭২
<input type="checkbox"/> ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	৭৬
<input type="checkbox"/> আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড	৮০
<input type="checkbox"/> ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৮৩
<input type="checkbox"/> ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৮৭
<input type="checkbox"/> প্রাইম ব্যাংক লিমিটেড	৯১
<input type="checkbox"/> সাউথইস্ট ব্যাংক লিমিটেড	৯৭
<input type="checkbox"/> ঢাকা ব্যাংক লিমিটেড	১০১
<input type="checkbox"/> আল-আব্রাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড	১০৫
<input type="checkbox"/> সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড	১০৯
<input type="checkbox"/> ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	১১৩
<input type="checkbox"/> মার্কেটাইল ব্যাংক লিমিটেড	১১৭
<input type="checkbox"/> স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড	১২১
<input type="checkbox"/> ওয়ান ব্যাংক লিমিটেড	১২৫
<input type="checkbox"/> এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড	১২৯
<input type="checkbox"/> বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড	১৩৩
<input type="checkbox"/> মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৩৬
<input type="checkbox"/> ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	১৪০
<input type="checkbox"/> দি প্রিমিয়াম ব্যাংক লিমিটেড	১৪৫
<input type="checkbox"/> ব্যাংক এশিয়া লিমিটেড	১৪৮
<input type="checkbox"/> ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৫২
<input type="checkbox"/> শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড	১৫৬
<input type="checkbox"/> যমুনা ব্যাংক লিমিটেড	১৬০
<input type="checkbox"/> ব্র্যাক ব্যাংক লিমিটেড	১৬৪
<b>বিদেশী বেসরকারি ব্যাংক</b>	
<input type="checkbox"/> স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১৬৭
<input type="checkbox"/> হাবিব ব্যাংক লিমিটেড	১৭১
<input type="checkbox"/> স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	১৭৫
<input type="checkbox"/> কমার্শিয়াল ব্যাংক অব সিলোন লিমিটেড	১৭৯

## সূচিপত্র

□	ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	১৮৩
□	সিটিব্যাংক এন.এ.	১৮৭
□	উরি ব্যাংক	১৯১
□	দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড	১৯৫
□	ব্যাংক আলফালাহ লিমিটেড	১৯৯

### বিশেষায়িত ব্যাংক

□	বাংলাদেশ কৃষি ব্যাংক	২০৩
□	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২০৮
□	বাংলাদেশ শিল্প ব্যাংক	২১৪
□	বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা	২১৮
□	বেসিক ব্যাংক লিমিটেড	২২৩

### আর্থিক প্রতিষ্ঠান

□	আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	২২৮
□	বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড	২৩২
□	গ্রামীণ ব্যাংক	২৩৫
□	কর্মসংস্থান ব্যাংক	২৩৮
□	ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ	২৪২
□	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন	২৫১
□	সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড	২৫৪
□	ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড	২৫৮
□	জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড	২৬২
□	বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড	২৬৬
□	লংকাবাংলা ফিন্যান্স লিমিটেড	২৭০
□	ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড	২৭৩
□	ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড (পিএফআইএল)	২৭৭
□	বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২৮০
□	গ্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২৮৪
□	ডেন্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড	২৮৮
□	ইন্টারন্যাশনাল লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	২৯১
□	ওমান বাংলাদেশ লীজিং এন্ড ফিন্যান্স লিমিটেড	২৯৫
□	ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড	২৯৮
□	উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩০১
□	ইউনাইটেড লীজিং কোম্পানী লিমিটেড	৩০৫
□	ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড	৩০৯
□	পিপলস লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	৩১৩
□	ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড	৩১৭
□	ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	৩২১
□	মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড	৩২৪
□	ফার্স্ট লীজ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩২৮
□	বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	৩৩২
□	ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড	৩৩৫
□	ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩৩৯
□	ফরইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩৪৩
□	ফিডেলিটি এসেটস এন্ড সিকিউরিটিজ কোম্পানী লিমিটেড	৩৪৭
□	প্রিমিয়ার লীজিং ইন্টারন্যাশনাল লিমিটেড	৩৫১
□	ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড	৩৫৫
□	আহছানিয়া মালয়েশিয়া হজ্ব ইনভেস্টমেন্ট এন্ড ফাইন্যান্স কোম্পানী লিমিটেড	৩৫৮
□	ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৬১
□	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৬৩

## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০০৮-২০০৯

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে একটি দেশের অর্থনীতির প্রাণকেন্দ্র হিসেবে বিবেচনা করা হয়। সরকার ঘোষিত ক্ষুদ্র ও মাঝারি মুক্ত ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে দ্রুত পরিবর্তনশীল বিশ্ব অর্থনীতির সাথে সঙ্গতি রেখে দেশে একটি প্রযুক্তিনির্ভর আর্থিক খাত গড়ে তুলতে হবে। এ লক্ষ্য সামনে রেখেই দেশের কেন্দ্রীয় ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক এবং বেসরকারি ও বৈদেশিক ব্যাংকসমূহে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সরকার কর্তৃক গৃহীত এসব সংস্কারমূলক কার্যক্রমের ফলে বিশ্ব অর্থনীতিতে চলমান মহামন্দার অভিঘাত বাংলাদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে এখনও খুব বেশী অনুভূত হয়নি। তবুও দেশের আর্থিক খাতের ভিত্তি সুদৃঢ় রাখার জন্য সরকারের নানামুখী পদক্ষেপ ও সংস্কার কার্যক্রম অব্যাহত রাখা হবে। এর ফলে আশা করা যায়, দেশের আর্থিক খাত যে কোনো সংকট মোকাবিলা করে কার্যকর অগ্রগতি অর্জনে সক্ষম হবে।

কেন্দ্রীয় ব্যাংকের দক্ষতা বৃদ্ধি ও আর্থিক খাতে অধিকতর কার্যকর ভূমিকা পালনের নিমিত্তে Central Bank Strengthening Project (CBSP)-এর আওতায় কর্মকর্তাদের কর্ম মূল্যায়নে Performance Management System (PMS) প্রবর্তন করা হয়েছে। ব্যাংকের সুপারভিশন ম্যানুয়াল, অডিট ম্যানুয়াল ও চার্ট অব অ্যাকাউন্টস ইত্যাদি যুগোপযোগী ও হালনাগাদ করা হয়েছে। রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা ও কার্যসম্পাদনের মানোন্নয়নের লক্ষ্যে সমঝোতা স্মারক প্রণয়ন, পুনর্গঠনোক্ত ট্রানজিশনাল প্রায়ন অনুসরণ, রূপালী ব্যাংক লিমিটেড-এর মূলধন ঘাটতি পূরণের লক্ষ্যে প্রণীত Recapitalisation and Progressive Five Year Development Plan পুনঃসমীক্ষণ, বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের জন্য ২০০৮-২০০৯ অর্থ বছরের সমঝোতা স্মারক প্রণয়ন ইত্যাদি কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

আর্থিক ভিত্তি শক্তিশালীকরণের লক্ষ্যে ২০১১ সালের ১১ আগস্টের মধ্যে ব্যাংক কোম্পানিসমূহের পরিশোধিত মূলধন ও সংরক্ষিত তহবিলের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি করে ৪০০০ মিলিয়ন টাকায় (এর মধ্যে পরিশোধিত মূলধন অনূন ২০০০ মিলিয়ন টাকা) উন্নীতকরণের নির্দেশনা প্রদান এবং ব্যাংকের পরিচালনা পর্ষদে আমানতকারীদের মধ্যে থেকে দু'জন পরিচালক নিয়োগের বিধান জারি করা হয়েছে। এছাড়া, ব্যাংকসমূহের সুদ হার ব্যবধান (interest rate spread) হ্রাস এবং কতিপয় সেবা খাতে আরোপিত চার্জ/ফি/কমিশন-এর হার যৌক্তিকীকরণপূর্বক এর তালিকা স্ব-স্ব ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখার নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রদর্শনের মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়নের পদক্ষেপ নেয়া হয়েছে। উল্লেখ্য, বর্তমানে বাংলাদেশে মোট ৪৮টি তফসিলি ব্যাংক রয়েছে। এর মধ্যে, রাষ্ট্রীয় মালিকানাধীন ৪টি বাণিজ্যিক ব্যাংক, ৫টি বিশেষায়িত ব্যাংক, ৩০টি স্থানীয় বেসরকারি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক এবং ৯টি বিদেশি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক অন্তর্ভুক্ত। উল্লিখিত তফসিলি ব্যাংকগুলো ছাড়াও দেশে ১টি জাতীয় সমবায় ব্যাংক, ১টি আনসার-ভিত্তিপি উন্নয়ন ব্যাংক, ১টি কর্মসংস্থান ব্যাংক ও ১টি গ্রামীণ ব্যাংক ও ২৯টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান রয়েছে।

কৃষি খাতের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন কৃষি ও বাণিজ্যিক ব্যাংকগুলোর পাশাপাশি বেসরকারি ব্যাংকগুলোকেও কৃষি ঋণ বিতরণ কার্যক্রমে সম্পৃক্ত করা হয়েছে। কৃষি ঋণ বিতরণের অবিরাম প্রবাহ নিশ্চিত করার জন্য পরীক্ষামূলকভাবে তিন বছর মেয়াদি আবর্তক শস্য ঋণ সীমা পদ্ধতি (Revolving Crop Credit Limit System) প্রচলন করা হয়েছে। জাতীয় অর্থনীতিতে বর্ণা চাষীদের গুরুত্বপূর্ণ অবদান বিবেচনায় তাদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ ব্যবস্থা সহজীকরণের মাধ্যমে কৃষি উৎপাদনে গতিশীলতা আনয়নকল্পে নীতিমালা প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালার আওতায় প্রত্যেক ব্যাংক বছরের শুরুতে কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা স্থির করবে এবং যেসব এলাকায় তাদের শাখা নেই, সেসব এলাকায় তারা NGO-Linkage ব্যবহার করতে পারবে। দেশের তফসিলি ব্যাংকগুলো ২০০৮-০৯ অর্থবছরে ৯৩৭৯২.৩০ মিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ধার্য করেছে, যার বিপরীতে মার্চ ২০০৯ পর্যন্ত ৬৯০৭০.০০ মিলিয়ন টাকা বিতরণ করেছে, যা লক্ষ্যমাত্রার শতকরা ৭৩.৬৪ ভাগ।

দেশের সার্বিক শিল্পায়ন অত্যন্ত জরুরি বিধায় ক্ষুদ্র, মাঝারি এবং বৃহৎ বিভিন্ন ধরনের শিল্পের উৎপাদন বৃদ্ধির জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো ঋণের প্রবাহ বৃদ্ধি করেছে। ২০০৮-২০০৯ অর্থবছরের প্রথম ছয় মাসে অর্থাৎ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত শিল্প খাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বিতরণকৃত ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শতকরা ১৫.৭৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৩১৬০২০.৭০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে ঋণ বিতরণের পাশাপাশি ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে পুনঃঅর্থায়নের জন্য ২০০৪-২০০৫ অর্থবছরে বাংলাদেশ ব্যাংক ১০০০ মিলিয়ন টাকার একটি ঘূর্ণায়মান তহবিল গঠন করে, যা বর্তমানে ৬০০০ মিলিয়ন টাকায় উন্নীত করা হয়েছে। এছাড়া, Enterprise Growth and Bank Modernisation Programme (EGBMP)-এর আওতায় বিশ্বব্যাংকের ১০ মিলিয়ন মার্কিন ডলারের সহায়তাসহ বাংলাদেশ সরকার অদ্যাবধি এ খাতে ১১২৩.২ মিলিয়ন টাকার তহবিল সরবরাহ করেছে এবং এডিবি ৩০ মিলিয়ন মার্কিন ডলারের সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তি সম্পাদন করেছে। ডিসেম্বর ২০০৮ পর্যন্ত এসব তহবিল থেকে মোট ১০১৮৯টি সুবিধাজোগী প্রতিষ্ঠানকে ঋণ বিতরণের বিপরীতে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সর্বমোট ১০১৯৩.৮৭ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ব্যাপক প্রসারের পরিপ্রেক্ষিতে সরকার এ সেক্টরকে বিদ্যমান তদারকির আওতায় আনার লক্ষ্যে মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) প্রতিষ্ঠা করেছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমে নিপুণ সংখ্যক প্রতিষ্ঠান নিয়োজিত থাকলেও এমআরএ প্রদত্ত তথ্য অনুযায়ী বর্তমানে গ্রামীণ ব্যাংক, ব্র্যাক, আশা ও প্রশিকানহ বৃহৎ ১০টি

ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান সামাজিক ঋণের আধারিত সঞ্চয়ের শতকরা প্রায় ৮৭ ভাগ ও মাই পর্যায়ের ঋণ স্থিতির শতকরা প্রায় ৮১ ভাগ প্রতিনির্ভর করে। দেশের দরিদ্র মানুষের আর্থিক ও সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলোর ক্রমবর্ধমান অবদান এবং গঠনমূলক ভূমিকার কথা স্মরণ রেখে একটি গুণগত মানসম্পন্ন ক্ষুদ্র ঋণ ঋণ ঋণের লক্ষ্যে মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অধিবিটি নিরলসভাবে কাজ করে চলেছে।

মানি লভারিং প্রতিরোধ কার্যক্রম অধিকতর কার্যকর করার লক্ষ্যে সরকার কর্তৃক 'মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০৯' এবং 'সঞ্চয় বিবরণী আইন, ২০০৯' জারি করা হয়েছে। এতে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মানি চেঞ্জার, বীমা ইত্যাদি প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের বিপেটিং-এর আওতায় আনা হয়েছে। অর্থাৎ উপায়োজিত এবং বিদেশে পাচারকৃত অর্থ দেশে ফিরিয়ে আনার লক্ষ্যে সরকার একটি উচ্চ পর্যায়ের টাঙ্কফোর্স গঠন করেছে। অর্থ পাচার সংক্রান্ত তথ্য ও আন্তর্জাতিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক স্থাপিত ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (এফআইইউ) ইতোমধ্যে মালয়েশিয়া, নেপাল, ফিলিপাইন এবং ইন্ডোনেশিয়ার এফআইইউ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে এবং আরো কিছু দেশের এফআইইউ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াদীন আছে।

দেশে অন্তর্মুখী রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে মানি লভারিং প্রিভেনশন অ্যাক্ট ২০০২ বাস্তবায়ন, নানাবিধ প্রণোদনা প্রদান, দক্ষ জনশক্তি তত্ত্বাবধি বৃদ্ধি, ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স প্রেরণ ব্যবস্থার প্রসার ও বিতরণ নেটওয়ার্ক বৃদ্ধি এবং রেমিট্যান্স বিতরণ প্রক্রিয়া সহজ ও দ্রুত করার জন্য ব্যাংক শাখার পাশাপাশি Micro Finance Institutions (MFIs)-NGOs-এর শাখা অফিসগুলোকে রেমিট্যান্স বিতরণের মাধ্যমে হিসেবে ব্যবহারের অনুমোদন, একচেত্র হাউসগুলোর রেমিট্যান্স সংগ্রহের নিম্ন সীমা পুনর্নির্ধারণ, অধিক রেমিট্যান্স প্রেরণকারীকে সরকার কর্তৃক CIP মর্যাদা প্রদান ইত্যাদি ব্যবস্থা গ্রহণের ফলে দেশে রেমিট্যান্স প্রাপ্তির পরিমাণ উল্লেখযোগ্য হারে-এ বৃদ্ধি পেয়েছে। ২০০৮-২০০৯ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে রেমিট্যান্স প্রাপ্তির পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের ৫৬৪৯.২৩ মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় শতকরা ২৪.৪৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৭০২৯.৫১ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা মজুদের পরিমাণ ৩০ জুন ২০০৮-এর ৬১৪৮.৮২ মিলিয়ন মার্কিন ডলার থেকে ১৮১.৮৬ মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ২১ এপ্রিল ২০০৯ তারিখে ৬৩৩০.৬৮ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়।

বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রেক্ষিতে দেশের অর্থনীতি চাপা রাখার জন্য উপযুক্ত রাজস্ব ও নীতি সহায়তা (Fiscal and Policy Support) প্রদানের জন্য সম্প্রতি সরকার একটি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে, যা দু'পর্বে বাস্তবায়িত হবে। প্রথম পর্বে চলতি অর্থবছরের জন্য সরকার ৩৪২৪০ মিলিয়ন টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে, যা সোফিস্টিকার্টের অতিরিক্ত বরাদ্দ হিসেবে বিবেচিত হবে। এর মধ্যে ভূট্টিক বরাদ্দ ২৫৫০০ মিলিয়ন টাকা (রপ্তানি খাতে ৪৫০০ মিলিয়ন টাকা, কৃষি খাতে ১৫০০০ মিলিয়ন টাকা ও বিদ্যুৎ খাতে ৬০০০ মিলিয়ন টাকা), কৃষি ঋণ পুনঃমূলধনীকরণ বরাদ্দ ৫০০০ মিলিয়ন টাকা এবং সামাজিক নিরাপত্তা (খাদ্য) বরাদ্দ ৩৭৪০ মিলিয়ন টাকা ব্যয় হবে। দ্বিতীয় পর্বে ২০০৯-'১০ অর্থবছরের জন্য রপ্তানির উপর মুসক (VAT) হার হ্রাস, তৈরী পোশাকের দক্ষ ও প্রশিক্ষিত কর্মী তৈরির জন্য ব্যবস্থা গ্রহণ, দক্ষ মানব সম্পদ তৈরি ও রপ্তানির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় আইন ও বিকিসমূহ সংস্কারের মাধ্যমে এ ঋণের স্বচ্ছতা নিশ্চিতকরণ ও রেমিট্যান্স দ্রুত প্রাপ্তির জন্য ডিজিটাল যোগাযোগ ব্যবস্থা স্থাপন ইত্যাদি কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

বর্তমানে বিরাজমান বিশ্ব অর্থনৈতিক মন্দা পরিস্থিতিতে উৎপাদনশীল খাতসহ অন্যান্য খাতে (কৃষি, বৃহৎ ও মাঝারি শিল্পের মেয়াদি ঋণ এবং চলতি মূলধন, গৃহায়ন এবং বাণিজ্যে অর্থায়ন খাত) সুদ হার যৌক্তিকীকরণপূর্বক সর্বোচ্চ শতকরা ১৩ ভাগে নির্ধারণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া, রপ্তানি খাতে সুদ হার শতকরা ৭ ভাগ, ডাল, তেলবীজ এবং মসলাজাতীয় ফসল ও স্থায়ী জমা প্রদত্ত কৃষি ঋণের সুদ হার শতকরা ২ ভাগে নির্ধারণের আওতায় নির্দেশ বলাও আছে।

বিশ্ব অর্থনীতিতে বিরাজমান মন্দাবস্থার প্রভাবে ক্ষতিগ্রস্ত রপ্তানিমুখী শিল্প খাতে বিশেষ করে হিমায়িত খাদ্য, চামড়া ও চামড়াজাত পণ্যসমগ্রী, পাট ও পাটজাত পণ্যসমগ্রী, বস্ত্র (স্পিনিংসহ) এবং তৈরী পোশাক শিল্পে প্রদত্ত ঋণসমূহ খাতে শ্রেণীবিন্যাসিত হয়ে খেলাপি ঋণে পরিণত না হয় তার জন্য এসব খাতের ক্ষতিগ্রস্ত গ্রাহকদের খেলাপি ঋণ আবশ্যকীয় আইন পেমেন্ট ছাড়া ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ সেপ্টেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত পুনঃতফসিলিকরণ করার জন্য ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে।

ব্যাংক ও আর্থিক ঋণের চলমান কার্যক্রম এবং এ ঋণে গৃহীত বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপ দেশের অর্থনীতিতে কার্যকর গতিশীলতা আনয়ন ও দেশের অর্ন্তী লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। তথ্যবহুল এ পুস্তিকায় দেশের আর্থিক কর্মকাণ্ডের সবিশেষ বর্ণনা তুলে ধরা হয়েছে, যা অর্থনীতিবিদ ও নীতি-নির্ধারকদের জন্য সহায়ক পুস্তিকা হিসেবে বিশেষ উপকারে আসবে বলে আমার বিশ্বাস।

  
(ড. মোইনুদ্দিন হায়েক)

অর্থ সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

## বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

সাধারণ		
<b>ভৌগোলিক অবস্থান/বিশিষ্ট্যাবলী</b>		
১	আয়তন (বর্গ কিলোমিটারে)	১৪৭৫৭০
২	প্রমাণ সময়	জিএমটি +৬ ঘণ্টা
<b>জনমিত্তিক পরিসংখ্যান</b>		
<b>সাধারণ জনমিত্তিক পরিসংখ্যান</b>		
৩	জনসংখ্যা-২০০১ সালে (সম্ভবতঃ)	১৩.০০ কোটি
৪	জনসংখ্যা-২০০৯ সালে (প্রক্ষেপিত)	১৪.৪২ কোটি
৫	জনসংখ্যা বৃদ্ধির হার-২০০৯ সালে (প্রক্ষেপিত)	১.২৬%
৬	পুরুষ-মহিলা (১০০ জন)-এর অনুপাত-২০০৮ সালে	১০৫.০০ জন
৭	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটার)-২০০৯ (প্রক্ষেপিত)	৯৭৭ জন
<b>মৌলিক জনমিত্তিক পরিসংখ্যান</b>		
৮	স্থূল জন্ম হার-২০০৭ সালে (প্রতি ১০০০ জনে)	২০.৯০ জন
৯	স্থূল মৃত্যু হার-২০০৭ সালে (প্রতি ১০০০ জনে)	৬.৩০ জন
১০	শিশু মৃত্যু হার-২০০৭ সালে (এক বছরের কম) (প্রতি ১০০০ জীবিত জনে)	৪৩ জন
১১	মহিলা প্রতি উর্বরতা হার-২০০৭ সালে	২.৪০%
১২	গর্ভ নিরোধক ব্যবহারের হার -২০০৭ সালে	৫৯.০০%
<b>প্রত্যাশিত গড় আয়ুষ্কাল-২০০৭ সালে</b>		
১৩	সাধারণ গড়	৬৬.৭০ বছর
১৪	পুরুষ	৬৫.৬০ বছর
১৫	মহিলা	৭০.০০ বছর
<b>প্রথম বিবাহে গড় বয়স-২০০৭ সালে</b>		
১৬	পুরুষ	২৩.৬০ বছর
১৭	মহিলা	১৮.৪০ বছর
<b>স্বাস্থ্য ও সামাজিক সেবা</b>		
১৮	সরকারি হাসপাতালের শয্যা প্রতি জনসংখ্যা-২০০৭-'০৮ অর্থ বছরে	২৮.৭৪ জন
১৯	রেজিস্টার্ড ডাক্তার প্রতি জনসংখ্যা-২০০৭-'০৮ অর্থ বছরে	৩৪৬৯ জন
২০	সুপেয় পানি গ্রহণকারী (২০০৮ সালে)	৭২.৫০%
২১	স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী (২০০৮ সালে)	৮৭.০০%
২২	সাক্ষরতার হার (৭+ বছর) -২০০৮ সালে	৫৬.১০%
<b>শ্রমশক্তি (১৫+ বছর) ও কর্মসংস্থান (লেবার ফোর্স সার্ভে, ২০০৫-'০৬)</b>		
<b>শ্রমশক্তি</b>		
২৩	মোট	৪.৯৫ কোটি
২৪	পুরুষ	৩.৭৪ কোটি
২৫	মহিলা	১.২১ কোটি
<b>মোট শ্রমশক্তির শতকরা হার হিসাবে</b>		
২৬	কৃষি	৪৮.৪০%
২৭	শিল্প	২৪.৩০%
২৮	সেবা	১৪.২০%
<b>বাঁনা, আয় ও ব্যয় জরিপ-২০০৫ অনুযায়ী CBN পদ্ধতিতে দারিদ্রের হার দারিদ্রের উর্ধ্বসীমা (%)</b>		
২৯	জাতীয়	৪০.০০
৩০	পল্লী	৪৩.৮০
৩১	শহর	২৮.৪০
<b>দারিদ্রের নিম্নসীমা (%)</b>		
৩২	জাতীয়	২৫.১০
৩৩	পল্লী	২৮.৬০
৩৪	শহর	১৪.৬০
<b>মোট দেশজ উৎপাদন (জিডিপি) ২০০৮-'০৯ (সাময়িক)</b>		
৩৫	চলতি মূল্যে জিডিপি (কোটি টাকায়)	৬১৪৯৪৩
৩৬	স্থির মূল্যে জিডিপি (কোটি টাকায়) (ভিত্তি বছর-১৯৯৫-'৯৬)	৩৪০৬৫২
৩৭	স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার (শতকরা)	৫.৮৮
৩৮	চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (টাকায়)	৪৭৩৭৩
৩৯	চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (মার্কিন ডলারে)	৬৯০

৪০	চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (টাকায়)	৪২৬৩৮
৪১	চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	৬২১
	<b>সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র % )</b> ২০০৮-'০৯ ( সাময়িক)	
৪২	দেশজ সঞ্চয়	২০.০১
৪৩	জাতীয় সঞ্চয়	৩২.৩৭
৪৪	মোট বিনিয়োগ	২৪.১৮
৪৫	সরকারি	৪.৬৩
৪৬	বেসরকারি	১৯.৫৫
	<b>সরকারি রাজস্ব আয়/ব্যয়</b> ২০০৮-'০৯ (সংশোধিত বাজেটভিত্তিক)	<b>কোটি টাকায়</b>
৪৭	মোট রাজস্ব আয়	৫৯১৮১
৪৮	মোট রাজস্ব ব্যয়	৯৪১৪২
৪৯	মোট রাজস্ব আয় (জিডিপি'র % )	১১.২৫%
৫০	মোট ব্যয় (জিডিপি'র % )	১৫.৩১%
৫১	বাজেট ঘাটতি (জিডিপি'র % ) (বৈদেশিক অনুদান ব্যতীত)	৪.০৬%
৫২	বাজেট ঘাটতি (জিডিপি'র % ) (বৈদেশিক অনুদানসহ)	৩.২৬%
	<b>বণিজ্যিক লেনদেনের ভারসাম্য (২০০৮-'০৯)</b>	<b>মিলিয়ন মার্কিন ডলারে</b>
৫৩	রপ্তানি আয় (জুলাই '০৮-মার্চ '০৯)	১১৬৩৪
৫৪	আমদানি ব্যয় (জুলাই '০৮-ফেব্রুয়ারি '০৯)	১৫৪৭১
৫৫	চলতি হিসাবের ভারসাম্য (জুলাই '০৮-ফেব্রুয়ারি '০৯)	৮১৬
৫৬	সার্বিক ভারসাম্য (জুলাই '০৮- ফেব্রুয়ারি '০৯)	৭৭৩
৫৭	বৈদেশিক মুদ্রার মজুদ (Foreign Exchange Reserve) (৩০ এপ্রিল ২০০৯)	৬৫০৯
৫৮	প্রবাসীদের প্রেরিত অর্থ (জুলাই '০৮-এপ্রিল '০৯)	৭৮৯১
৫৯	বৈদেশিক মুদ্রার গড় বিনিময় হার টাকা/মার্কিন ডলার ( জুলাই '০৮-মার্চ '০৯)	৬৮.৭২
	<b>আর্থিক পরিসংখ্যান : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান</b>	
৬০	মোট ব্যাংকের সংখ্যা	৪৮
৬১	দেশীয় ব্যাংক	৩৯

৬২	বৈদেশিক ব্যাংক	৯
৬৩	আর্থিক প্রতিষ্ঠান	৩৭
৬৪	মোট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা	৮৫
	<b>পুঁজিবাজার</b>	
	<b>সার্বিক শেয়ার মূল্যসূচক</b> (৩১ ডিসেম্বর '০৮)	<b>টাকায়</b>
৬৫	ঢাকা স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০)	২৩০৯.৩৫
৬৬	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০০)	৮৬৯২.৭৫
	<b>অর্থ সরবরাহ</b> (মার্চ '০৯) (সাময়িক)	<b>কোটি টাকায়</b>
৬৭	সংকীর্ণ অর্থ (M <sub>1</sub> )	৬১৫৬৫.০০
৬৮	ব্যাপক অর্থ (M <sub>2</sub> )	২৭৮৩১৩.০০
৬৯	ব্যাংক আমানতের স্থিতি (Bank Deposit)	২৬০৯৮২.১৪
৭০	ব্যাংক ঋণের স্থিতি (Bank Credit)	২১০৭৭১.১৪
৭১	রিজার্ভ মানি'র স্থিতি (Reserve Money)	৫৯০১৩.০০
	<b>কৃষি ঋণ প্রদান ও আদায়</b> (সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহ)	<b>কোটি টাকায়</b>
৭২	কৃষি ঋণ প্রদানের টার্গেট (জুলাই '০৮-জুন '০৯)	৯৩৭৯.২৩
৭৩	কৃষি ঋণ প্রদান (জুলাই '০৮-মার্চ '০৯)	৬৯০৭.০০
৭৪	কৃষি ঋণ আদায় (জুলাই '০৮-মার্চ '০৯)	৬০৫০.৯১
৭৫	কৃষি ঋণ আদায় হার (%) (জুলাই '০৮-মার্চ '০৯)	৪৮.৮৪
৭৬	কৃষি ঋণ গ্রহীতার সংখ্যা (সরকারি ব্যাংক) (জুলাই '০৮-মার্চ '০৯)	১৪৮৯৩৮৭৬ জন
	<b>পরিবহন (২০০৯)</b>	<b>কিলোমিটারে</b>
৭৭	জাতীয় মহাসড়ক	৩৪৭৭
৭৮	আঞ্চলিক মহাসড়ক	৪১৬৫
৭৯	ফিডার/জেলা রোড	১৩২৪৮
৮০	মোট সড়ক পথ	২০৮৯০
৮১	রেল পথ	২৮৩৫

তথ্য উৎস : (১) বাংলাদেশ ব্যাংক। (২) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, অর্থবিভাগ। (৩) বাংলাদেশ পরিসংখ্যান বুরো।

# কেন্দ্রীয় ব্যাংক

## বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে আর্থ-ব্যবস্থাপনাসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সার্বিক তদারকির দায়িত্বে নিয়োজিত রয়েছে। নোট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় সেনসেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রা ও ঋণ নীতি প্রণয়ন ও তা বাস্তবায়নের দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশে মুদ্রা নীতির মূল লক্ষ্য হলো

মূল্যস্তর স্থিতিশীলতার মাধ্যমে টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান যুক্তিসংগত পর্যায়ে রাখা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা। গভর্নরসহ ৯ (নয়) সদস্যবিশিষ্ট একটি পরিচালক পর্ষদ বাংলাদেশ ব্যাংকের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার মূল কেন্দ্রবিন্দু। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকায় দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া, সিলেট, রংপুর ও বরিশালে একটি করে শাখা রয়েছে।



বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় ভবন।

এসর শাখার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক আর্থ-ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সার্বিক তদারকির গুরুদায়িত্ব পালন করছে। ২০০৮ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত অর্থবছরের বাংলাদেশ ব্যাংকের স্থিতিপত্রের একটি সংক্ষিপ্তসার সংযোজনী-১-এ দেখা হয়েছে এবং অন্যান্য আর্থিক চলকগুলোর বর্ণনা নিম্নবর্ণিত অনুচ্ছেদে দেখা হয়েছে।

২০০৮-০৯ অর্থবছরের প্রথমার্ধে প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিট্যান্স ও রপ্তানি অয়ে বৃদ্ধিত পাশাপাশি আমদানি ব্যয়ের নিম্ন গতির ফলে বৈদেশিক মুদ্রার বিনিময় হার-এ টাকার appreciation প্রবণতা পরিদ্রাবকল্পে রপ্তানি কার্ণিজের প্রতিযোগিতাক্রমতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাজার হতে বৈদেশিক মুদ্রা ক্রয়ের ফলে আলোচ্য সময়ে বৈদেশিক মুদ্রার বিনিময় হার-এ স্থিতিশীলতা পরিলক্ষিত হয়। তবে, মূল্যস্ফীতির ঊর্ধ্বমুখী চাপ পরিমিত রাখার লক্ষ্যে আলোচ্য অর্থবছরে প্রবৃদ্ধি সহায়ক ও বিচক্ষণ (prudent) মুদ্রা নীতি অবলম্বন করা হয়।

### মুদ্রা যোগান (Money Supply)

২০০৮-০৯ অর্থবছরের প্রথম আট মাসে (ফেব্রুয়ারি ২০০৯ পর্যন্ত) সংকীর্ণ মুদ্রা (Narrow Money-M1) ২২.০৫ বিলিয়ন টাকা (৩.৭২%) বৃদ্ধি পেয়ে ৬১৫.১৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের একই সময়ে বৃদ্ধি পেয়েছিল ৩৬.৬৩ বিলিয়ন টাকা (৭.৩০%)। আলোচ্য অর্থবছরের এ সময়ে ব্যাপক মুদ্রা (Broad

Money-M2) ২৫৫.১৫ বিলিয়ন টাকা (১০.২৬%) বৃদ্ধি পেয়ে ২৭৪৩.১০ বিলিয়ন টাকায় দাঁড়ায়, পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে যা বৃদ্ধি পেয়েছিল ১৮৪.২৯ বিলিয়ন টাকা (৮.৭১%)। একই সময়ে রিজার্ভ মুদ্রা ৫৩.৭৮ বিলিয়ন টাকা (১০.১৯%) বৃদ্ধি পেয়ে ৫৮১.৬৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে বৃদ্ধি পেয়েছিল ৩২.৪৬ বিলিয়ন টাকা (৭.৩৬%)। আলোচ্য অর্থবছরে অর্থের গুণক (Money Multiplier) জুন ২০০৮ শেষের ৪.৭১৩ হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০০৯ শেষে ৪.৭১৬-এ দাঁড়ায়। একই সময়ে মুদ্রা/আমানত অনুপাত ০.১৫১ হতে হ্রাস পেয়ে ০.১৫০-এ দাঁড়ায় এবং রিজার্ভ/আমানত অনুপাত ০.০৯৩ হতে বৃদ্ধি পেয়ে ০.০৯৪-এ দাঁড়ায়।

আলোচ্য অর্থবছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রার উপাদানগুলোর মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৩১.৪৭ বিলিয়ন টাকা (৯.৬৩%) বৃদ্ধি পেয়ে ৩৫৮.৩৭ বিলিয়ন টাকায় ও মেয়াদি আমানত ২৩৩.১১ বিলিয়ন টাকা (১২.৩০%) বৃদ্ধি পেয়ে ২১২৭.৯১ বিলিয়ন টাকায় এবং তলবি আমানত ৯.২৭ বিলিয়ন টাকা (৩.৫০%) হ্রাস পেয়ে ২৪৩.৯০ বিলিয়ন টাকায় এবং রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.১৫ বিলিয়ন টাকা (১৪.০৩%) হ্রাস পেয়ে ০.৯২ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৩২.২৯ বিলিয়ন টাকা (১২.১২%), মেয়াদি আমানত ১৪৭.৬৬ বিলিয়ন টাকা (৯.১৫%), তলবি আমানত ৪.২১ বিলিয়ন টাকা (১.৭৯%) এবং রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ

সারণি-১

### মুদ্রা যোগান

(বিলিয়ন টাকায়)

বছর/মাস	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	সংকীর্ণ মুদ্রা (এম <sub>১</sub> )	পরিবর্তন	মেয়াদি আমানত	ব্যাপক মুদ্রা (এম <sub>২</sub> )	পরিবর্তন
১	২	৩	৪	৫=(২+৩+৪)	৬	৭	৮=(৫+৭)	৯
<b>২০০৭</b>								
মার্চ	২৬৪.২০	২০৯.১৬	০.৮৬	৪৭৪.২২	-২৭.০৬	১৫৩৬.৭৫	২০১০.৯৬	০.০০
জুন	২৬৬.৪৪	২০৪.৬৩	০.৬২	৫০১.৬৮	২৭.৪৬	১৬১৩.৩৬	২১১৫.০৪	১০৪.০৮
সেপ্টেম্বর	২৮১.৬১	২৪৮.৬৮	১.৩৭	৫৩১.৬৬	২৯.৯৮	১৬২৯.৫১	২১৬১.১৭	৪৬.১৩
ডিসেম্বর	৩২৩.৩৪	২৫৬.২৩	০.৮৩	৫৮০.৩৯	৪৮.৭৩	১৭২৬.৮২	২৩০৭.২১	১৪৬.০৪
<b>২০০৮</b>								
মার্চ	২৯৩.৬৮	২৪৬.৪২	০.৭৬	৫৪০.৮৬	-৩৯.৫৪	১৭৮১.৯০	২৩২২.৭৬	১৫.৫৪
জুন	৩২৬.৯০	২৬৫.১৮	১.০৭	৫৯৩.১৫	৫২.২৯	১৮৯৪.৮১	২৪৮৭.৯৬	১৬৫.২০
সেপ্টেম্বর	৩৯১.২৭	২৭১.০৯	০.৮৩	৬৬৩.১৯	৭০.০৪	২০০৫.৮৬	২৬৬৯.০৫	১৮১.১০
ডিসেম্বর	৩৭৫.৫১	২৭০.৪৮	১.১৩	৬৪৭.১৩	-১৬.০৬	২০৭২.৬৬	২৭১৯.৭৯	৫০.৭৪
<b>২০০৯</b>								
ফেব্রুয়ারি	৩৫৮.৩৭	২৫৫.৯০	০.৯২	৬১৫.১৯	-৩১.৯৪	২১২৭.৯১	২৭৪৩.১০	২৩.৩১

নোট: তলবি ও মেয়াদি আমানতে ব্যাংকসমূহে গচ্ছিত সরকারি আমানত এবং আন্তঃব্যাংক লেনদেন অন্তর্ভুক্ত নয়। তলবি আমানতে বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত অ-ভরসিলি ব্যাংকসমূহের আমানত অন্তর্ভুক্ত।

উৎস: পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) ও এর বিভিন্ন উপাদানের শতকরা হার

সারণি-২

(বিলিয়ন টাকায়)

বছর/মাস	ব্যাপক মুদ্রা (এম <sub>২</sub> )	ব্যাপক মুদ্রার শতকরা অংশ			
		জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রষ্ট্রায়ত্ত্ব খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	মেয়াদি আমানত
<b>২০০৭</b>					
মার্চ	২০১০.৯৬	১১.৩৭	৯.০০	০.০৪	৬৬.১৬
জুন	২১১৫.০৪	১১.৪৭	১০.১০	০.০৩	৬৯.৪৬
সেপ্টেম্বর	২১৬১.১৭	১২.১২	১০.৭১	০.০৬	৭০.১৫
ডিসেম্বর	২৩০৭.২১	১৩.৯২	১১.০৩	০.০৪	৭৪.৩৪
<b>২০০৮</b>					
মার্চ	২৩২২.৭৫	১২.৬৪	১০.৬১	০.০৩	৭৬.৭১
জুন	২৪৮৭.৯৫	১৩.১৪	১০.৬৬	০.০৪	৭৬.১৬
সেপ্টেম্বর	২৬৬৯.০৫	১৪.৬৬	১০.১৬	০.০৩	৭৫.১৫
ডিসেম্বর	২৭১৯.৭৯	১৩.৮১	৯.৯৪	০.০৪	৭৬.২১
<b>২০০৯</b>					
ফেব্রুয়ারি	২৭৪৩.১০	১৩.০৬	৯.৩৩	০.০৩	৭৭.৫৭

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.১৩ বিলিয়ন টাকা (২০.৭৫%) বৃদ্ধি পেয়েছিল। ২০০৯ সালের ফেব্রুয়ারি শেষে ব্যাপক মুদ্রার মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রার পরিমাণ শতকরা ১৩.০৬ ভাগ, তলবি আমানতের পরিমাণ শতকরা ৯.৩৩ ভাগ, মেয়াদি আমানতের পরিমাণ শতকরা ৭৭.৫৭ ভাগ এবং রষ্ট্রায়ত্ত্ব খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানতের পরিমাণ শতকরা ০.০৩ ভাগ-এ দাঁড়ায়, যা ২০০৮ সালের ফেব্রুয়ারি শেষে ছিল যথাক্রমে শতকরা ১২.৯৯ ভাগ, শতকরা ১০.৩৯ ভাগ, শতকরা ৭৬.৫৯ ভাগ এবং শতকরা ০.০৩ ভাগ। সারণি-১ এবং সারণি-২-এ মুদ্রা যোগান সংক্রান্ত পরিসংখ্যান দেখানো হলো।

**ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান পরিবর্তনের কারণ**

২০০৮-'০৯ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রা যোগান (এম<sub>২</sub>) বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বেসরকারি খাতে ঋণ ১৭৩.৬১ বিলিয়ন টাকা, সরকারি খাতে ঋণ (নীট) ৬২.৩৩ বিলিয়ন টাকা ও রষ্ট্রায়ত্ত্ব খাতে ঋণ ২৭.৬৫ বিলিয়ন টাকা এবং অন্যান্য পরিসম্পদ খাতে (নীট) ১৭.৯৩ বিলিয়ন টাকা বৃদ্ধি পাওয়ায় মুদ্রা যোগানে সম্প্রসারণমূলক প্রভাব পরিলক্ষিত হয়। তবে, বৈদেশিক সম্পদ খাতে (নীট) ২৬.৩৭ বিলিয়ন টাকা হ্রাস পাওয়ায় এই সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০৮-'০৯ অর্থবছরের ফেব্রুয়ারি ২০০৯ পর্যন্ত ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান পরিবর্তনের কারণগুলোর বিশ্লেষণ সারণি-৩-এ দেখানো হলো।

**রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণ**

২০০৮-'০৯ অর্থবছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা ৭.০৮ বিলিয়ন টাকা এবং অন্যান্য পরিসম্পদ খাতে ৫৮.১০ বিলিয়ন টাকা বৃদ্ধি পাওয়ায় রিজার্ভ মুদ্রায় সম্প্রসারণমূলক প্রভাব লক্ষ্য করা যায়। অন্যদিকে, মূলত বৈদেশিক সম্পদ খাতে (নীট) ৬.৭২

বিলিয়ন টাকা ও তফসিলি ব্যাংকগুলোর কাছে পাওনা ৫.৪৯ বিলিয়ন টাকা হ্রাসের কারণে এই সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০৮-'০৯ অর্থবছরের ফেব্রুয়ারি ২০০৯ পর্যন্ত রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণগুলোর বিশ্লেষণ সারণি-৪-এ দেখানো হলো।

**ব্যাংক আমানত**

২০০৮-'০৯ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাংকগুলোর মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ২৩৩.৮০ বিলিয়ন টাকা (১০.০৯%) বৃদ্ধি পেয়ে ২০০৯ সালের ফেব্রুয়ারি শেষে ২৫৫১.০৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে মোট ব্যাংক আমানতের পরিমাণ ১৭১.০৪ বিলিয়ন টাকা (৮.৬৮%) বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়ে মোট ব্যাংক আমানতের মধ্যে মেয়াদি আমানত ২৩৩.১১ বিলিয়ন টাকা (১২.৩০%) ও সরকারি আমানত ৯.৭৮ বিলিয়ন টাকা (৬.২৪%) বৃদ্ধি পায় এবং তলবি আমানত ৯.২৭ বিলিয়ন টাকা (৩.৫০%) হ্রাস পায়। পূর্ববর্তী বছরের একই সময়ে মেয়াদি আমানত ১৪৭.৬৬ বিলিয়ন টাকা (৯.১৫%), সরকারি আমানত ১৯.২৭ বিলিয়ন টাকা (১৫.৮৫%) এবং তলবি আমানত ৪.২১ বিলিয়ন টাকা (১.৭৬%) বৃদ্ধি পেয়েছিল। সারণি-৫-এ ব্যাংক আমানতের উপাত্ত দেয়া হয়েছে।

**ব্যাংক ঋণ**

তফসিলি ব্যাংকগুলোর ২০০৮-'০৯ অর্থবছরের প্রথম আট মাসে প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ২১১.৫৫ বিলিয়ন টাকা (১০.৭৬%) বৃদ্ধি পেয়ে ২০০৯ সালের ফেব্রুয়ারি শেষে ২১৭৭.৭৬ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে ব্যাংক ঋণের পরিমাণ ২৯.০০ বিলিয়ন টাকা (১.৭৬%) বৃদ্ধি পেয়ে ১৬৭৭.৯৫ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। ফেব্রুয়ারি ২০০৯ পর্যন্ত মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারি খাতে ঋণ ১৬৯.৭৭ বিলিয়ন টাকা (৯.০৮%) ও সরকারি খাতে ঋণ ৪১.৭৮ বিলিয়ন টাকা

ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০৯	জুন ২০০৮	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৮-২০০৯	জুলাই-ফেব্রুয়ারি ২০০৭-২০০৮
<b>ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান (ক+.....+ঙ)</b>	<b>২৭৪৩.১০</b>	<b>২৪৮৭.৯৫</b>	<b>২৫৫.১৫</b>	<b>১৮৪.২৯</b>
ক) জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	৩৫৮.৩৭	৩২৬.৯০	৩১.৪৭	৩২.২৯
খ) তলবি আমানত	২৫৫.৯০	২৬৫.১৮	-৯.২৭	৪.২১
গ) সরকারি সংস্থার আমানত	০.০২	০.০৭	-০.০৫	০.০১
ঘ) বাংলাদেশ ব্যাংকে অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	০.৯০	১.০০	-০.১০	০.১২
ঙ) মেয়াদি আমানত	২১২৭.৯১	১৮৯৪.৮১	২৩৩.১১	১৪৭.৬৬
<b>ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান পরিবর্তনের কারণসূচক উপাদানগুলো</b>				
১) ব্যাংক ব্যবস্থায় নীট বৈদেশিক সম্পদ	৩৫২.০৮	৩৭৮.৪৫	-২৬.৩৭	১১.৮৮
২) ব্যাংক ব্যবস্থায় নীট অভ্যন্তরীণ সম্পদ (i+ii)	২৩৯১.০২	২১০৯.৫০	২৮১.৫২	১৭২.৪১
i) অভ্যন্তরীণ ঋণ	২৭৫১.২৭	২৪৮৭.৬৮	২৬৩.৫৯	২২৯.৮৮
ক) সরকারি ঋণ (নীট)	৫৩২.৩২	৪৭০.০০	৬২.৩৩	৫৫.১৭
খ) রাষ্ট্রায়ত্ত্ব ঋণ	১৪৩.৯৮	১১৬.৩২	২৭.৬৫	-৩৪.৯৯
গ) বেসরকারি ঋণ	২০৭৪.৯৭	১৯০১.৩৬	১৭৩.৬১	২০৯.৭০
ii) অন্যান্য পরিসম্পদ (নীট)	-৩৬০.২৫	-৩৭৮.১৮	১৭.৯৩	-৫৭.৪৭

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

(৪২.৮২%) বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২০০৬-৭৩ বিলিয়ন টাকা ও ১৩৯.৩৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে বেসরকারি ঋণে ব্যাংক ঋণ ৬৭.৩২ বিলিয়ন টাকা (৪.৫০%) বৃদ্ধি ও সরকারি ঋণে ঋণ ৩৮.৩২ বিলিয়ন টাকা (২৫.১৬%) হ্রাস পেয়েছিল। সারণি-৬-এ ঋণের ব্যাংক ঋণ প্রবাহ দেখানো হয়েছে।

**শহর ও পল্লী এলাকায় আমানত ও আগাম**

শহর ও পল্লী এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন দেখা যায়। ২০০৮-'০৯ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত পল্লী এলাকায় গত অর্থবছরের তুলনায় আমানত সংগ্রহের পরিমাণ বৃদ্ধি পায় এবং আগামের প্রবাহ হ্রাস পায়। ১৯৯৯ সালের জুন শেষে মোট আমানতে পল্লী আমানতের অংশ ছিল শতকরা ২২.৭৮ ভাগ, যা বিভিন্ন সময়ে ওঠানামা করে ২০০৮ সালের ডিসেম্বর শেষে শতকরা ১৩.৪৫ ভাগে দাঁড়িয়েছে। পক্ষান্তরে, এই সময়ে মোট আগামে পল্লীর অংশ শতকরা ১৭.৩২ ভাগ হতে বিভিন্ন সময়ে ওঠানামার মাধ্যমে ডিসেম্বর ২০০৮ শেষে শতকরা ৭.৯৩ ভাগে এসে দাঁড়িয়েছে। সারণি ৭-এ সন্নিবেশিত পরিসংখ্যান থেকে দেখা যায় যে, পল্লী এলাকায় সংগৃহীত আমানতের চেয়ে সেখানে প্রদত্ত আগামের হার বরাবরই উল্লেখযোগ্যভাবে কম। এতে পল্লী এলাকায় সংগৃহীত আমানত শহর এলাকায় স্থানান্তরের প্রতিফলন দেখা যায়। পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার সারণি-৭-এ দেখানো হলো।

**নগদ জমা সংরক্ষণ আবশ্যিকতা (CRR)**

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে ও ব্যাংকগুলোর অতিরিক্ত জমার ব্যবহার সীমিতকরণের লক্ষ্যে ১ অক্টোবর ২০০৫ হতে বাংলাদেশ ব্যাংকে তফসিলি ব্যাংকগুলোর নগদ জমা সংরক্ষণের হার (CRR) দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ন্যূনতম শতকরা ৪.৫০ ভাগ থেকে শতকরা ৫.০০ ভাগে বৃদ্ধি করা হয় এবং কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ৪.৫০ ভাগ-এর কম হবে না। আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে এ হার শতকরা ২.৫০ ভাগে অপরিবর্তিত রয়েছে। তবে, ১ ডিসেম্বর ২০০৪ থেকে আর্থিক প্রতিষ্ঠানগুলো দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক শতকরা ২.৫০ ভাগ হারে নগদ জমা (CRR) সংরক্ষণ করবে এবং কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ২.০০ ভাগ-এর কম হবে না।

**তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণ আবশ্যিকতা (SLR)**

১ নভেম্বর ২০০৫ তারিখ থেকে ইসলামি শরীয়াহ-ভিত্তিক এবং বিশেষায়িত ব্যাংকগুলো ব্যতীত তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিক হার (SLR) তাদের মোট দায় (তলবি ও মেয়াদি)-এর শতকরা ১৬ ভাগ থেকে শতকরা ১৮ ভাগে বৃদ্ধি করা হয়েছে। ইসলামি ব্যাংকগুলোর (ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ, আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, সোশ্যাল ইসলামী ব্যাংক লিঃ, শাহজালাল ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ) তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিক হার তাদের মোট দায়-এর শতকরা ১০ ভাগে

অপরিবর্তিত রয়েছে। অপরদিকে, বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে অব্যাহতি আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

### ব্যাংক রেট

৬ নভেম্বর ২০০৫ তারিখে ব্যাংক রেট শতকরা ৬ ভাগ থেকে কমিয়ে শতকরা ৫ ভাগে নির্ধারণ করা হয়, যা আলোচ্য সময়েও অপরিবর্তিত আছে। ব্যাংক ঋণে উচ্চ মাত্রার প্রকৃত সুদের হার কমিয়ে আনার লক্ষ্যে ব্যাংক রেট হ্রাস করা হয়।

### সুদ হার

বাংলাদেশ ব্যাংক সুদ হার ব্যবধান (Interest rate spread) যুক্তিসংগত পর্যায়ে নির্ধারণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করেছে। এতে আমানত ও আগাম (Advances)-এর সুদ হার ব্যবধান কিছুটা নিম্নগামী হয়। আমানত ও আগাম-এর সুদ হার ২০০৮ সালের জুন শেষের যথাক্রমে শতকরা ৬.৯৪ ভাগ ও ১২.২৯ ভাগের তুলনায় বৃদ্ধি পেয়ে ২০০৮ সালের ডিসেম্বর শেষে যথাক্রমে শতকরা ৭.৩১ ভাগ ও ১২.৩৪ ভাগে দাঁড়ালেও সুদ হার ব্যবধান শতকরা ৫.৩৫ ভাগ হতে হ্রাস পেয়ে শতকরা ৫.০৩ ভাগে দাঁড়ায়।

### মুদ্রা ও ঋণনীতির ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

অন্তর্জাতিক মানের ব্যাংক ব্যবস্থা গড়ে তোলা এবং দেশের সামগ্রিক ব্যর্থকিং ব্যবস্থার ভিত্তি আরও মজবুত, সুদূর ও শক্তিশালী করার পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠান-এর কার্যক্রম আরো বেশি শক্তিশালী ও সমন্বয়যোগ্য করার লক্ষ্যে সাম্প্রতিক বছরগুলোতে নানাবিধ উদ্যোগ

গ্রহণ করা হয়েছে। ২০০৮-'০৯ অর্থবছরের মার্চ পর্যন্ত মুদ্রা ও ঋণ নীতির ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপগুলো ছিল নিম্নরূপ :

- ❖ বাংলাদেশে কার্যরত ব্যাংক-কোম্পানিসমূহে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১-এর ১২০ ধারায় অর্পিত ক্ষমতাবলে এবং একই আইনের ১৫(৫) ধারার উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে যোগ্যতা ও উপযুক্ততার ভিত্তিতে আমানতকারীদের মধ্যে থেকে ৩ বছর মেয়াদে ২ জন পরিচালক নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ;
- ❖ বিদ্যমান বাজার ব্যবস্থায় অগ্রদূল ঋণ সুবিধা পাওয়া অগ্রাধিকার খাতগুলোসহ (ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ, কৃষি, নিম্নগামী বাসস্থান নির্মাণ ইত্যাদি) উৎপাদন ও যোগান বৃদ্ধিমুখী খাতগুলোতে পর্যাপ্ত ঋণ যোগানের সমর্থনে বাংলাদেশ ব্যাংকের সহায়ক ভূমিকা অব্যাহত রাখার পাশাপাশি অপরিহার্য ভোক্তা ঋণসহ চাহিদা চাপ বৃদ্ধিকারী খাতগুলোতে ঋণ যোগানের মাত্রাহীন প্রবৃদ্ধি নিরূৎসাহিতকরণ;
- ❖ ব্যাংকসমূহের আর্থিক বুনியাদ আরও শক্তিশালী করার লক্ষ্যে আগস্ট ২০০৮ থেকে ৩ বছরের মধ্যে ব্যাংক-কোম্পানির ন্যূনতম আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিলের পরিমাণ ৪০০ কোটি টাকা এবং এর মধ্যে আদায়কৃত মূলধন অন্ত্যম ২০০ কোটি টাকায় উন্নীতকরণ;
- ❖ আগস্ট ২০০৮ থেকে ব্যাংকগুলোকে আবশ্যিকীয় মূলধন সংগ্রহের জন্য করোজর মুনাফা অবস্টিত রেখে রিজার্ভ বৃদ্ধি এবং প্রয়োজ্য ক্ষেত্রে আইপিও বা রাইট শেয়ার ইস্যুর পরামর্শ প্রদান;

সারণি-৪

### রিজার্ভ মুদ্রা ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০৯	জুন ২০০৯	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৮-২০০৯	জুলাই- ফেব্রুয়ারি ২০০৭-২০০৮
<b>রিজার্ভ মুদ্রা (ক+খ+গ+ঘ)</b>	<b>৫৮১.৬৮</b>	<b>৫২৭.৯০</b>	<b>৫৩.৭৮</b>	<b>৩২.৪৬</b>
ক) ইস্যুকৃত মুদ্রা ও নোট	৩৮৫.৯০	৩৫৬.৪৯	২৯.৪২	৩১.৬৪
খ) বাংলাদেশ ব্যাংকে ব্যাংকগুলোর নগদ জমা	১৯৪.৮৫	১৭০.৩৪	২৪.৫১	০.৬৯
গ) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	০.৯০	১.০০	-০.১০	০.১২
ঘ) সরকারি সংস্থার আমানত	০.০২	০.০৭	-০.০৫	০.০১
<b>রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদানগুলো</b>				
ক) বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ	৩২৬.৯১	৩৩৩.৬৩	-৬.৭২	১২.৬৫
খ) বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ (১+২)	২৫৪.৭৬	১৯৪.২৬	৬০.৫০	১৯.৮১
<b>১) অভ্যন্তরীণ ঋণ (ক+খ+গ+ঘ)</b>	<b>৩৬২.১৫</b>	<b>৩৫৯.৭৫</b>	<b>২.৪০</b>	<b>-৩৬.২২</b>
ক) সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা (নীট)	২৬৭.০৫	২৫৯.৯৭	৭.০৮	-৫৫.৬৬
খ) রাষ্ট্রায়ত্ত্ব খাতের কাছে পাওনা	৮.৪০	৯.৪৬	-১.০৭	-০.৬৯
গ) তফসিলি ব্যাংকগুলোর কাছে পাওনা	৬৭.৮৫	৭৩.৩৪	-৫.৪৯	১৯.৬৭
ঘ) অন্যান্য প্রতিষ্ঠানগুলোর কাছে পাওনা	১৮.৮৫	১৬.৯৭	১.৮৮	০.৪৭
<b>২) অন্যান্য পরিসম্পদ (নীট)</b>	<b>-১০৭.৩৯</b>	<b>-১৬৫.৪৮</b>	<b>৫৮.১০</b>	<b>৫৬.০২</b>

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

## ব্যাংক আমানত

(বিলিয়ন টাকায়)

মাস/বছর	মোট আমানত*	মোট আমানতের পরিবর্তন	মোট আমানতের শতকরা অংশ হিসাবে			
			তলবি আমানত	মেয়াদি আমানত	সরকারি আমানত	নিয়ন্ত্রিত আমানত
<u>২০০৭</u>						
মার্চ	১৮৬২.৪৮	৩৭.০৯	৯.৬৪	৭০.৮৪	৫.৩৫	০.০২
জুন	১৯৭০.০৮	১০৭.৬১	১০.৮২	৭৪.৩৮	৫.৬০	০.০২
সেপ্টেম্বর	২০০৩.৭৫	৩৩.৬৬	১১.৪৬	৭৫.১২	৫.৭৭	০.০২
ডিসেম্বর	২১২২.৫৭	১১৮.৮৩	১১.৮১	৭৯.৬১	৬.৪২	০.০২
<u>২০০৮</u>						
মার্চ	২১৬৯.২১	৪৬.৬৪	১১.৩৬	৮২.১৪	৬.৪৮	০.০২
জুন	২৩১৭.২৬	১৪৮.০৬	১১.৪৪	৮১.৭৭	৬.৭৭	০.০২
সেপ্টেম্বর	২৪২৩.৯৩	১০৬.৬৬	১১.১৮	৮২.৭৫	৬.০৪	০.০৩
ডিসেম্বর	২৫০৭.২৪	৮৩.৩১	১০.৭৯	৮২.৬৭	৬.৫২	০.০৩
<u>২০০৯</u>						
ফেব্রুয়ারি	২৫৫১.০৭	৪৩.৮৩	১০.০৩	৮৩.৪১	৬.৫৩	০.০৩

\* নিয়ন্ত্রিত আমানত (Restricted Deposit) সহ এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

- ❖ আগস্ট ২০০৮ থেকে মূলধন সংরক্ষণে ঘাটতি থাকা অবস্থায় ব্যাংকগুলোকে নগদে লভ্যাংশ না প্রদানের পরামর্শ প্রদান;
- ❖ কোন ব্যাংক-কোম্পানি নির্দেশিত সময়সীমার (আগস্ট ২০০৮ থেকে ৩ বছর) মধ্যে মূলধন ও সংরক্ষিত তহবিলের ঘাটতি পূরণে ব্যর্থ হলে ঐ ব্যাংক-কোম্পানিকে অন্য ব্যাংক-কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে একীভূত করার মাধ্যমে এই ঘাটতি পূরণের সিদ্ধান্ত গ্রহণ;
- ❖ বর্তমান মুদ্রা নীতির উদ্দেশ্য পূরণকল্পে মার্চ ২০০৯ থেকে বাংলাদেশ ব্যাংকে তফসিলি ব্যাংকগুলোর নগদ জমার পরিমাণ তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের শতকরা ৫ ভাগে অপরিবর্তিত থাকলেও কোনো দিনই এ নগদ জমার পরিমাণ শতকরা ৪.৫ ভাগ-এর কম না হওয়ার সিদ্ধান্ত গ্রহণ;
- ❖ মূলধন ভিত্তি সুসংহতকরণের লক্ষ্যে Basel-II Guidelines-এর আলোকে ব্যাংকগুলোর জন্য ঋকিত্তিক মূলধন সংরক্ষণের নিমিত্তে নির্দেশিকা সরবরাহকরণ এবং সেই অনুযায়ী বর্তমান নীতিমালার সমাপ্তরাল বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ ঋকির অতিরিক্ত বাজার ও কার্য সম্পাদন ঋকির বিপরীতে নূনতম রেগুলেটরি কাপিটাল সংরক্ষণের সিদ্ধান্ত গ্রহণ এবং আলোচ্য ঋকি ছাড়া অন্যান্য ঋকির বিপরীতেও ব্যাংকগুলোকে পর্যাপ্ত পুঁজি সংরক্ষণের পরামর্শ প্রদান;
- ❖ Basel-II বাস্তবায়নের নিমিত্তে ডিসেম্বর ২০০৮ থেকে "Guidelines on Risk Based Capital Adequacy for Banks" (Revised regulatory capital framework in line with Basel-II) শীরোন্যোমাজ গাইডলাইন ইস্যুকরণ;

- ❖ Basel-II বাস্তবায়নের নিমিত্তে 'স্ট্যান্ডারাইজড অ্যাগ্রোচ' অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় বহিঃস্থ ক্রেডিট রেটিং এজেন্সি-এর স্বীকৃতি সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন এবং এই গাইডলাইনের আলোকে ক্রেডিট রেটিং এজেন্সিকে স্বীকৃতি প্রদান;
- ❖ ঋণ/লীজ হিসাব পুনঃতফসিলিকরণে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে মেয়াদোত্তীর্ণ কিস্তির অনুপ শতকরা ১৫ ভাগ অথবা মোট বকেয়ার শতকরা ১০ ভাগ, এ দু'য়ের মধ্যে যা কম, তা নগদে পরিশোধের পরই আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঋণ/লীজ হিসাব প্রথমবার পুনঃতফসিলিকরণের জন্য বিবেচনাকরণ এবং দ্বিতীয়বার পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির অনুপ শতকরা ৩০ ভাগ অথবা মোট বকেয়ার শতকরা ২০ ভাগ, এ দু'য়ের মধ্যে যা কম, তা নগদে পরিশোধের পরই আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঋণ/লীজ হিসাব দ্বিতীয়বার পুনঃতফসিলিকরণের জন্য বিবেচনাকরণ;
- ❖ এছাড়াও আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঋণ/লীজ হিসাব দু'বারের অধিক পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির অনুপ শতকরা ৫০ ভাগ অথবা মোট বকেয়ার শতকরা ৩০ ভাগ, এ দু'য়ের মধ্যে যা কম, তা নগদে পরিশোধের পরই আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঋণ/লীজ হিসাব পুনঃতফসিলিকরণের জন্য বিবেচনাকরণ।

#### কৃষি ঋণ

কৃষি নির্ভর বাংলাদেশের কৃষি ভরণপোষণ পর্যায়ে (subsistence level) পরিচালিত হচ্ছে বিধায় প্রয়োজনীয় উপকরণ হিসেবে কৃষি ঋণ একটি ভিন্ন মাত্রার গুরুত্ব বহন করে থাকে। দেশের খাদ্য নিরাপত্তা

জোরদার তথা সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে কৃষি খাত এবং পল্লী অঞ্চলের ভূমিকা সমৃদ্ধ রাখার লক্ষ্যে ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে সরকারের কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম আলোচ্য অর্থবছরেও অব্যাহত রয়েছে। প্রান্তিক পর্যায়ে কৃষি ঋণ কার্যক্রম আরও গতিশীল করতে সম্প্রতি বেসরকারি ও বিদেশি ব্যাংকসহ দেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কে কৃষি ঋণ কার্যক্রমে অস্তর্ভুক্ত করার পাশাপাশি কৃষি ঋণ বিতরণ সহজতর করে নতুন নীতিমালা প্রণয়ন করা হয়েছে। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কৃষি খাতে উন্নয়ন তথা জাতীয় অর্থনীতিতে বর্ণা চাষীদের গুরুত্বপূর্ণ অবদান বিবেচনায় রেখে বর্ণা চাষীদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ ব্যবস্থা সহজীকরণের মাধ্যমে কৃষি উৎপাদনে গতিশীলতা আনয়নকল্পে বাংলাদেশ ব্যাংক নীতিমালা প্রণয়ন করেছে এবং আলোচ্য নীতিমালার আওতায় কৃষি উৎপাদনের সাথে সরাসরি সম্পৃক্ত বর্ণা চাষীরা কৃষি ঋণ গ্রহণ করতে পারবে। এছাড়া, বাণিজ্যিক ও কৃষি ব্যাংকগুলো কৃষি খাতে অর্থায়নের পাশাপাশি দারিদ্র্য বিমোচনেও ক্ষুদ্র ঋণ প্রদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

কৃষি ও পল্লী খাতে পর্যাপ্ত ঋণ প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে আলোচ্য অর্থবছরে ৪টি রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংক লি., বিআরডিবি এবং বেসরকারি ও বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর মাধ্যমে ৯৩.৭৯ বিলিয়ন টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। এ লক্ষ্যমাত্রার বিপরীতে জানুয়ারি ২০০৯ পর্যন্ত ৫১.১০ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৭-০৮ অর্থবছরে এ লক্ষ্যমাত্রা ছিল ৮৩.০৯ বিলিয়ন টাকা এবং প্রকৃত বিতরণ ছিল ৮৫.৮১ বিলিয়ন টাকা। জানুয়ারি ২০০৯ পর্যন্ত কৃষি খাতে বকেয়া ঋণের পরিমাণ দাঁড়ায় ১৮৩.৪৩ বিলিয়ন টাকা। ১৯৯৪-৯৫ হতে ২০০৮-

'০৯ অর্থবছরের জানুয়ারি পর্যন্ত কৃষি ঋণ পরিস্থিতি সারণি-৮-এ দেখানো হলো।

### দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি

রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকগুলো এবং বিআরডিবির বার্ষিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচিতে স্বকর্মসংস্থানমূলক ও আয়-উৎসারী কর্মকাণ্ডের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে ক্ষুদ্র ঋণদান কর্মসূচি অস্তর্ভুক্ত রয়েছে। বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অনূন শতকরা ২৫ ভাগ উল্লিখিত দারিদ্র্য দূরীকরণ কর্মসূচির জন্য নির্ধারিত রাখা হয়। আলোচ্য অর্থবছরের মার্চ ২০০৯ পর্যন্ত উল্লিখিত ব্যাংকগুলো এবং বিআরডিবি এসব দারিদ্র্য দূরীকরণ খাতে ঋণ হিসেবে ৯.৩৪ বিলিয়ন টাকা বিতরণ করেছে।

### বৈদেশিক মুদ্রা বিনিময় হার

বৈদেশিক মুদ্রার বিনিময় হার নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ গত এক দশকের উর্ধ্ব নমনীয় মুদ্রা বিনিময় ব্যবস্থা অনুসরণ করে আসছিল। আন্তর্জাতিক বাজারে রপ্তানি প্রতিযোগিতাক্রমতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক মূলত প্রধান বাণিজ্য সহযোগী দেশগুলোর মুদ্রাবুড়ির বাণিজ্য-ভারীত প্রকৃত কার্যকর বিনিময় হার (Real Effective Exchange Rate-REER) সূচকের ভিত্তিতে টাকার বিনিময় হার সমন্বয় সাধনের নীতি অনুসরণ করতো। পরবর্তীতে ৩১ মে ২০০৩ থেকে বাজারভিত্তিক ভাসমান বিনিময় হার ব্যবস্থা চালু করা হয়, যেখানে বৈদেশিক মুদ্রার বিনিময় হার মুদ্রার চাহিদা ও যোগানের ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। এ ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা বাজারে সার্বক্ষণিকভাবে উপস্থিত না থেকে শুধু বিনিময় হারের স্থিতিশীলতা বজায় রাখার প্রয়োজনে বা রিজার্ভ বৃদ্ধির জন্য বাজার দরে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়-এর প্রয়োজনে বাজারে অংশগ্রহণ করে থাকে। বাংলাদেশে ভাসমান বিনিময় হার ব্যবস্থা প্রবর্তনের পর টাকার

সারণি-৬

(বিলিয়ন টাকায়)

### ব্যাংক ঋণ

মাস/বছর	ব্যাংক ঋণ *			মোট ব্যাংক ঋণের পরিবর্তন
	সরকারি খাত	বেসরকারি খাত	মোট	
<b>২০০৭</b>				
মার্চ	১৩৭.৪৯	১৪৪২.৮	১৫৮০.২৯	২৩.২৩
জুন	১৫২.৩	১৪৯৬.৬৫	১৬৪৮.৯৫	৬৮.৬৬
সেপ্টেম্বর	৯৯.২৬	১৫৫১.৫৫	১৬৫০.৮১	১.৮৬
ডিসেম্বর	১০৭.৭৭	১৬৫৪.৪৮	১৭৬২.২৫	১১১.৪৪
<b>২০০৮</b>				
মার্চ	১১৮.৪৯	১৭৫১.১৩	১৮৬৯.৬২	১০৭.৩৭
জুন	৯৭.৫৬	১৮৬৮.৮৫	১৯৬৬.৪১	৯৬.৭৯
সেপ্টেম্বর	১২৫.৮৬	১৯৬০.৭৭	২০৮৬.৬৩	১২০.২২
ডিসেম্বর	১৩৩.৫৮	২০০৬.৭৩	২১৪০.৩১	৫৩.৬৮
<b>২০০৯</b>				
ফেব্রুয়ারি	১৩৯.৩৪	২০৩৮.৬২	২১৭৭.৯৬	৩৭.৬৫

\* বৈদেশিক বিল এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

## পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার

বছর (জুন শেষের অবস্থা)	আমানতের শতকরা হার		আগামের শতকরা হার	
	পল্লী	শহর	পল্লী	শহর
১৯৯৯	২২.৭৮	৭৭.২২	১৭.৩২	৮২.৬৮
২০০০	২২.৬২	৭৭.৩৮	১৬.৮৭	৮৩.১৩
২০০১	১৯.৬২	৮০.৩৮	১৪.১৩	৮৫.৮৭
২০০২	১৯.০৮	৮০.৯২	১৩.০২	৮৬.০৮
২০০৩	১৭.৭৬	৮২.২৪	১২.১০	৮৭.৯০
২০০৪	১৫.৮০	৮৪.২০	১০.৮৭	৮৯.১৩
২০০৫	১৫.৪২	৮৪.৫৮	১০.৫২	৮৯.৪৮
২০০৬	১৪.৩১	৮৫.৬৯	৯.৯৪	৯০.০৬
২০০৭	১৩.৪৭	৮৬.৫৩	৮.৮৮	৯১.১২
২০০৮	১৩.২২	৮৬.৭৮	৮.১৮	৯১.৮২
২০০৮ (ডিসেম্বর)	১৩.৪৫	৮৬.৫৫	৭.৯৩	৯২.০৭

উৎস : বাংলাদেশ ব্যাংক।

মূল্যমানে তেমন অস্বাভাবিক কোনো অস্থিতিশীলতা দেখা দেয়নি, যা সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নির্দেশ করে।

দেশে পর পর দু'বার বন্যা ও দক্ষিণাঞ্চলে ঘূর্ণিঝড় সিডরের কারণে কৃষি ক্ষেত্রে ব্যাপক ক্ষতির ফলে কৃষি উপকরণ আমদানি ও বিশ্ব বাজারে খাদ্য শস্য, পেট্রোলিয়াম পণ্যের মূল্য বৃদ্ধিতে আমদানি ব্যয় বৃদ্ধিজনিত কারণে ২০০৭-'০৮ অর্থবছরে বৈদেশিক মুদ্রার চাহিদা বৃদ্ধি পাওয়ায় টাকা-ডলার বিনিময় হারে সামান্য চাপ পরিলক্ষিত হয়। কিন্তু, প্রবৃদ্ধি সহায়ক ও বিচক্ষণ (prudent) মুদ্রানীতির সাথে সংগতি রেখে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের পাশাপাশি রপ্তানি আয় ও রেমিট্যান্স খাত থেকে উল্লেখযোগ্য বৈদেশিক মুদ্রা অনুপ্রবেশ করায় অর্থবছরের ২য় ত্রৈমাসিক থেকে ডলারের বিপরীতে টাকার মূল্য বৃদ্ধি পেতে থাকে এবং তা অর্থবছরের শেষ অবধি বিদ্যমান থাকে। ২০০৮-২০০৯ অর্থবছরের প্রথমার্ধে প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিট্যান্স ও রপ্তানি আয় বৃদ্ধির পাশাপাশি আমদানি ব্যয়ের নিম্ন গতির ফলে বৈদেশিক মুদ্রার বিনিময় হার-এ টাকার appreciation প্রবণতা পরিহার করে রপ্তানি বানিজ্যের প্রতিযোগিতাক্ষমতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাজার থেকে বৈদেশিক মুদ্রা ক্রয়ের ফলে আলোচ্য সময়ে বৈদেশিক মুদ্রার বিনিময় হার-এ স্থিতিশীলতা পরিলক্ষিত হয়। সাম্প্রতিক বিশ্ব আর্থিক মন্দার প্রভাবে বৈদেশিক অভ্যর্থনা রেমিট্যান্সে প্রতিকূল প্রভাব না পড়লে এবং বৈদেশিক মুদ্রার চাহিদার স্বাভাবিক গতি বজায় থাকলে বিনিময় হার-এর এ স্থিতিশীলতা অদূর ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশা করা যায়। ২০০৭-'০৮ অর্থবছরের গড় ভারীত টাকা ডলার বিনিময় হার ছিল প্রতি ডলার ৬৮.৬০১৯ টাকা, যা চলতি অর্থবছরের ফেব্রুয়ারি শেষে প্রতি ডলার ৬৮.৯০০০ টাকায় দাঁড়ায়। ১৯৯৬-'৯৭ অর্থবছর থেকে ২০০৮-'০৯ (জুলাই-ফেব্রুয়ারি) পর্যন্ত মার্কিন ডলারের সাথে টাকার গড় বিনিময় হার সারণি-৯-দেখানো হলো।

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ

রপ্তানি আয়ের প্রবৃদ্ধি এবং প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ ৩০ জুন ২০০৮-এ ৬.১৫ বিলিয়ন ডলারে দাঁড়ায়, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৫.০৮ বিলিয়ন ডলার। ২৬ এপ্রিল ২০০৯ তারিখে বৈদেশিক মুদ্রার রিজার্ভ আরো বৃদ্ধি পেয়ে ৫.৮০ বিলিয়ন ডলারে দাঁড়ায়। জুন ১৯৯৭ থেকে জুন ২০০৮ পর্যন্ত বছরওয়ারি এবং সর্বশেষ প্রাপ্ত ২৬-০৪-২০০৯ তারিখের বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের গতিথারা সারণি-১০-এ দেখানো হলো।

## প্রবাসীদের প্রেরিত অর্থ (রেমিট্যান্স)

বৈদেশিক কর্মসংস্থান এবং প্রবাসীদের প্রেরিত অর্থ সেক্টর সমগ্যা হ্রাস, দারিদ্র্য বিমোচন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিসহ দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিতকরণে ব্যাপক অবদান রাখছে। ২০০৭-২০০৮ অর্থবছরে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ ছিল জিডিপি'র শতকরা ১০.০২ ভাগ এবং মোট পণ্য রপ্তানির শতকরা ৫৬.০৯ ভাগ। দেশের শ্রম শক্তির এক উল্লেখযোগ্য অংশ মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত আছে। ১৯৭৬ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত প্রায় ৬৩.২০ লাখ জনশক্তি রপ্তানি হয়েছে, যাদের মধ্যে শুধু ২০০৮ সালে প্রায় ৮.৭৫ লাখ বাংলাদেশী নাগরিক কাজের সন্ধানে বিদেশে গমন করেছে, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৫.১০ ভাগ বেশি। রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির গতিথারা বজায় রাখা তথা টেকসই করার লক্ষ্যে উচ্চ পর্যায়ের বেশ কিছু কমিটি গঠন করা হয়েছে, যে কমিটিগুলো জনশক্তি রপ্তানি বৃদ্ধি, রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি ও এর ব্যবহার এবং জনশক্তি রপ্তানি সেক্টরের সকল আর্থিক লেনদেন বৈধ ব্যাংকিং চ্যানেলে আনার পদ্ধতি নিরূপণ এবং প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নে কাজ করছে, যা ব্যাংকিং চ্যানেলে অভ্যর্থনা

## কৃষি ঋণ বিতরণ, আদায় ও স্থিতি

(বিলিয়ন টাকায়)

অর্থবছর	বার্ষিক লক্ষ্যমাত্রা	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া
১৯৯৪-৯৫	১৯.৬৩	১৪.৯০	১১.২৪	৭০.৪৫
১৯৯৫-৯৬	২২.৪২	১৪.৮২	১২.৭৩	৭৭.৬৯
১৯৯৬-৯৭	২১.৯৭	১৫.১৭	১৫.৯৪	৮২.৫৬
১৯৯৭-৯৮	২৩.৫৩	১৬.৪৩	১৬.৯৯	৮৫.১৫
১৯৯৮-৯৯	৩২.৭০	৩০.০৬	১৯.১৭	৯৭.০৩
১৯৯৯-০০	৩৩.৩১	২৮.৫১	২৯.৯৬	১০৬.৪৯
২০০০-০১	৩২.৬৬	৩০.২০	২৮.৭৮	১১১.৩৭
২০০১-০২	৩৩.২৭	২৯.৫৫	৩২.৬০	১১৩.৫৬
২০০২-০৩	৩৫.৬১	৩২.৭৮	৩৫.১৬	১১৯.১৩
২০০৩-০৪	৪৩.৭৯	৪০.৪৮	৩১.৩৫	১২৭.০৬
২০০৪-০৫	৫৫.৩৮	৪৯.৫৭	৩১.৭১	১৪০.৪০
২০০৫-০৬	৫৮.৯২	৫৪.৯৬	৪১.৬৪	১৫৩.৭৭
২০০৬-০৭	৬৩.৫১	৫২.৯৩	৪৬.৭৬	১৪৫.৮৩
২০০৭-০৮	৮৩.০৯	৮৫.৮১	৬০.০৪	১৭৮.২৩
২০০৮-০৯ (জুলাই-জানুয়ারি)	৯৩.৭৯	৫১.১০	৪৯.৫০	১৮৩.৪৩

উৎস : বাংলাদেশ ব্যাংক।

রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভ সমৃদ্ধ করেছে। ২০০৭-২০০৮ অর্থবছরে রেমিট্যান্স হিসেবে দেশ ৭৯১৫ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৩২.৩৯ ভাগ বেশি। ২০০৮-২০০৯ অর্থবছরের প্রথম দশ মাসে দেশ রেমিট্যান্স হিসেবে ৭৮৯১ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে যা, পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শতকরা ২২.৭০ ভাগ বেশি। ১৯৯৫-৯৬ থেকে ২০০৮-০৯ অর্থবছরের এপ্রিল ২০০৯ পর্যন্ত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ সারণি-১১-এ দেখানো হলো।

## আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম

ব্যাংকিং ব্যতীত পাশাপাশি বেশ কিছু অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (Non-bank Financial Institutions) দেশের শিল্প, বাণিজ্য, পুঁজু, পরিবহন ও তথ্য প্রযুক্তি প্রভৃতি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান অব্যাহত রেখেছে। ২০০৮-২০০৯ অর্থবছরের ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত দেশে লাইসেন্স প্রাপ্ত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে ২৯টি। বর্তমানে এসব প্রতিষ্ঠানের ২৯টি প্রধান কার্যালয় ছাড়াও মোট ১৪টি শাখা ঢাকা শহরে এবং ৩৬টি শাখা দেশের অন্যান্য স্থানে কাজ করছে। ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ দাঁড়ায় ২৭৬৯৯.২ মিলিয়ন টাকা এবং বিভিন্ন খাতে প্রদত্ত বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১২৭৫৩৮.০ মিলিয়ন টাকা। ঋণ পরিস্থিতি পর্যালোচনার পাশাপাশি এর আদায় জোরদারকরণের মাধ্যমে অ-

ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী ও কার্যকর করে গড়ে তোলার লক্ষ্যে তফসিলি ব্যাংক-এর ন্যায় অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেও ঋণ শ্রেণীকরণ এবং প্রতিশোধ-এর নিয়ম

সারণি-৯

## মার্কিন ডলারের সংগে টাকার গড় বিনিময় হার

অর্থবছর	গড় বিনিময় হার
১৯৯৬-৯৭	৪২.৭০০৮
১৯৯৭-৯৮	৪৫.৪৫৬৩
১৯৯৮-৯৯	৪৮.০৬৪৪
১৯৯৯-০০	৫০.৩১১২
২০০০-০১	৫৩.৯৫৯২
২০০১-০২	৫৭.৪৩৪৭
২০০২-০৩	৫৭.৩০০০
২০০৩-০৪	৫৮.৯৩৫৩
২০০৪-০৫	৬১.৩৯৩৯
২০০৫-০৬	৬৭.০৭৯৭
২০০৬-০৭	৬৯.০৩১৮
২০০৭-০৮	৬৮.৬০১৯
২০০৮-০৯ (জুলাই-ফেব্রুয়ারি)	৬৮.৯০০০

উৎস : বাংলাদেশ ব্যাংক।

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ

সারণি-১০

(বিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছরের জুন শেষে	বৈদেশিক মুদ্রার রিজার্ভ
১৯৯৬-৯৭	১.৭২
১১৯৭-৯৮	১.৭৪
১৯৯৮-৯৯	১.৫২
১৯৯৯-০০	১.৬০
২০০০-০১	১.৩১
২০০১-০২	১.৫৮
২০০২-০৩	২.৪৭
২০০৩-০৪	২.৭১
২০০৪-০৫	২.৯৩
২০০৫-০৬	৩.৪৮
২০০৬-০৭	৫.০৮
২০০৭-০৮	৬.১৫
২০০৮-০৯ (২৬ এপ্রিল ২০০৯ পর্যন্ত)	৬.৩৭

উৎস : বাংলাদেশ ব্যাংক।

চলু রয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর শ্রেণীকৃত ঋণের হার দাঁড়ায় শতকরা ৬.৬৭ ভাগ।

### গৃহায়ন তহবিল

দেশের গৃহহীন, দরিদ্র ও নিম্নবিত্ত জনগোষ্ঠী বিশেষ করে, গ্রামীণ গৃহহীন পরিবারের বাসস্থান সমস্যা নিরসন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ১৯৯৭-৯৮ অর্থবছরে ৫০০ মিলিয়ন টাকা বাজেট বরাদ্দের মাধ্যমে গৃহায়ন তহবিল গঠন করা হয়। এ পর্যন্ত তহবিলে বাজেট বরাদ্দের মাধ্যমে প্রায় অর্ধের পরিমাণ ১৬০৫ মিলিয়ন টাকা। উল্লেখ্য, এ তহবিল হতে গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা অর্থাৎ NGO-কে মাত্র শতকরা ১.০০ ভাগ হার সুদে ঋণ প্রদান এবং বাস্তবায়নকারী এই সংস্থা শতকরা ৫.০০ ভাগ হার সুদে ১০ (দশ) বছর মেয়াদে ঋণ পরিশোধের সুবিধাসহ সহজ শর্তে উপকারভোগীদের গৃহ নির্মাণ ঋণ সুবিধা প্রদান করে। এছাড়া, বেসরকারি সংস্থা ঋণগ্রহীতাদের আয়-বর্ধনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। উল্লেখ্য এ তহবিল হতে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত সুবিধাজোগীদের অনুকূলে এ পর্যন্ত ১০৮.৪ মিলিয়ন টাকা অনুদান হিসেবে বিতরণ করা হয়েছে।

গ্রামীণ দরিদ্র জনগণের গৃহ নির্মাণের জন্য ফেব্রুয়ারি ২০০৯ পর্যন্ত NGOদের অনুকূলে মোট ১৯০৪.৩ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়েছে। প্রদত্ত বরাদ্দের বিপরীতে ১১৪২.৭ মিলিয়ন টাকা ছাড়করণ এবং ৪৬,০৬১টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে; যার উপকারভোগীদের সংখ্যা ২৩০,৩০৫ জন। সারা দেশে মোট ৪০৪টি NGO প্রতিষ্ঠান ৬৪টি জেলার ৪০০টি উপজেলায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন করেছে। এ পর্যন্ত ছাড়কৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য মোট ৮২৯.২ মিলিয়ন টাকার মধ্যে ৭৬৫ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে। মোট আদায়যোগ্য ঋণের তুলনায় আদায় হার শতকরা

১০

৯২.২৬ ভাগ। ২০০৬-০৭ অর্থবছর থেকে ২০০৮-০৯ ( ফেব্রুয়ারি ২০০৯) পর্যন্ত গৃহায়ন তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-১২ এ দেখানো হলো।

### ইকুইটি অ্যান্ড অস্ট্রোপ্র্যান্যারশীপ ফান্ড (ইইএফ)

সম্ভাবনাময় ও ঝুঁকিপূর্ণ সফটওয়্যার শিল্প এবং খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পসমূহ প্রকল্পে বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে ২০০০-২০০১ অর্থ বছরের জাতীয় বাজেটে প্রাথমিকভাবে ১০০০ মিলিয়ন টাকা বরাদ্দের মাধ্যমে সরকার ইকুইটি এন্ড অস্ট্রোপ্র্যান্যারশীপ ফান্ড (ইইএফ) গঠন করে। এ পর্যন্ত সরকার বিভিন্ন বছরের বাজেটে এ খাতে ১৫০০০ মিলিয়ন টাকা বরাদ্দ করেছে। এর মধ্যে ছাড়কৃত অর্থের পরিমাণ ৫১৫০ মিলিয়ন টাকা। বাংলাদেশ ব্যাংক বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে এ তহবিল পরিচালনা করেছে। ২০০৭-০৮ অর্থবছরে ২৫.৬৩ মিলিয়ন টাকা প্রকল্প মূল্য বিশিষ্ট ১টি কৃষিভিত্তিক প্রকল্পের অনুকূলে ৮.৫৪ মিলিয়ন টাকার ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে। এই অর্থবছরে ইইএফ সহায়তা বিতরণের পরিমাণ ৫২২.৭ মিলিয়ন টাকা। ২০০৮-০৯ অর্থ বছরের ২৮-০২-২০০৯ তারিখ পর্যন্ত কোনো প্রকল্পের অনুকূলে ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়নি। তবে, এ সময়ে ইইএফ সহায়তা বিতরণের পরিমাণ ছিল ২৬৩.৮ মিলিয়ন টাকা। এ পর্যন্ত ১৪৯৯৭.৬ মিলিয়ন টাকা প্রকল্প মূল্যে ২১৬টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং ১৪৪৭.১ মিলিয়ন টাকা প্রকল্প মূল্যের ৩৪টি আইটি প্রকল্পে সর্বমোট ৬২৫১.৯ মিলিয়ন টাকা ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে। মঞ্জুরীকৃত প্রকল্পগুলোর ১৯৯টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং ৩৪টি আইটি প্রকল্পে পঞ্জীকৃত ইইএফ সহায়তা বিতরণের পরিমাণ ছিল ৫০৪৮.১ মিলিয়ন টাকা।

### ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে পুনঃঅর্থায়ন

ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে কর্মসংস্থান সৃষ্টির বৃহৎ সম্ভাবনার প্রতি মীতি-নির্ধারক এবং পর্যবেক্ষকদের মনযোগ আকর্ষণের ফলে বর্তমানে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ঋণ বিতরণে নানাবিধ উদ্যোগ গ্রহণসহ এ শিল্পের বিকাশ ও সম্প্রসারণের জন্য বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন সুবিধা অব্যাহত আছে। বর্তমানে “স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ” (SME) খাতে বাংলাদেশ ব্যাংক হতে ৩টি তহবিল পরিচালিত হচ্ছে, যার আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের নিমিত্তে ১৯টি ব্যাংক ও ২৩টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণ চুক্তি সম্পাদন করেছে এবং ১৮টি ব্যাংক ও ২১টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান নিয়মিতভাবে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করেছে। ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত আলোচ্য এ তহবিলগুলোর সার্বিক অবস্থার সংক্ষিপ্ত চিত্র ছিল নিম্নরূপ :

➤ **বাংলাদেশ ব্যাংক তহবিল :** উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড সম্প্রসারণের লক্ষ্যে “স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ” (SME) খাতে পুনঃঅর্থায়ন-এর জন্য গঠিত তহবিল ১০০০ মিলিয়ন টাকা থেকে ৫০০০ মিলিয়ন টাকায় উন্নীতকরণ এবং ডিসেম্বর ২০০৮ পর্যন্ত এ তহবিল হতে ১৪টি ব্যাংক ও ২০টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে ৫৮৯৭টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে মোট ৬১৪৭.৭ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান:

## প্রবাসীদের প্রেরিত বছরওয়ারি অর্থের পরিমাণ

(মিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর	প্রেরিত অর্থের পরিমাণ
১৯৯৫-'৯৬	১২১৭
১৯৯৬-'৯৭	১৪৭৫
১৯৯৭-'৯৮	১৫২৫
১৯৯৮-'৯৯	১৭০৬
১৯৯৯-'০০	১৯৪৯
২০০০-'০১	১৮৮২
২০০১-'০২	২৫০১
২০০২-'০৩	৩০৬২
২০০৩-'০৪	৩৩৭২
২০০৪-'০৫	৩৮৪৮
২০০৫-'০৬	৪৮০২
২০০৬-'০৭	৫৯৭৮
২০০৭-'০৮	৭৯১৫
২০০৮-'০৯ (জুলাই-এপ্রিল)	৭৮৯১

উৎস : বাংলাদেশ ব্যাংক। সা = সাময়িক।

আছে এবং প্রায় ৩০ মিলিয়ন দরিদ্র লোক উক্ত প্রতিষ্ঠান থেকে ক্ষুদ্র ঋণ সেবা গ্রহণ করে নিজেদের আয়বর্ধক কর্মকাণ্ডে নিয়োজিত করছে। বর্তমানে ক্ষুদ্র ঋণ কর্মসূচির মাধ্যমে ৩ কোটি দরিদ্র মানুষকে (প্রত্যক্ষাধিকার) প্রায় ১৬০০০০ মিলিয়ন টাকার ঋণ সেবা প্রদান করা হচ্ছে। দরিদ্র, স্থমিহীন ও বিত্তহীন জনগোষ্ঠীকে তাদের দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও ক্ষুদ্র উদ্যোগ গ্রহণে সহায়তা করার জন্য "ক্ষুদ্র ঋণ" বা "ক্ষুদ্র উদ্যোগ ঋণ", সমন্বয় সেবা এবং বীমা সেবা প্রদানের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলো দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত ৩৩ বছরে দেশের দরিদ্র মানুষদের আর্থিক ও সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলোর ত্রমবর্ধমান অবদান এবং গঠনমূলক ভূমিকার কথা স্মরণ রেখে একটি গুণগত মানসম্পন্ন ক্ষুদ্র ঋণ সেটের গঠনের লক্ষ্যে মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি কাজ করে যাচ্ছে।

### ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রজেক্ট

সরকার অনুমোদিত বেসরকারি অংশগ্রহণের মাধ্যমে "পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ" ভিত্তিতে অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থায়নের নিমিত্তে বিশু ব্যাংক অর্থায়িত ৫ বছর মেয়াদি (জানুয়ারি ২০০৭-ডিসেম্বর ২০১১) ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) নামক একটি প্রকল্প বাংলাদেশ ব্যাংক অর্থ বিভাগের পক্ষে বাস্তবায়ন করছে। প্রকল্পটির ব্যয় কাঠামো অপর পৃষ্ঠায় দেখানো হলো।

বিশু ব্যাংকের সাথে সরকারের ১ জুন ২০০৬ তারিখে স্বাক্ষরিত ঋণ চুক্তি ২৪ আগস্ট ২০০৬ তারিখে কার্যকর ঘোষণা করা হয়। ২১

- **ইজিবিএমপি তহবিল (আইডিএ ফাণ্ড) :** Enterprises Growth and Bank Modernisation Programme (EGBMP)-এর আওতায় SME খাতে বিশ্বব্যাংকের ১০ মিলিয়ন মার্কিন ডলার পুনঃঅর্থায়নসহ বাংলাদেশ সরকার কর্তৃক এ পর্যন্ত ১১২৩.২ মিলিয়ন টাকার তহবিল সরবরাহ এবং ডিসেম্বর ২০০৮ পর্যন্ত এ তহবিল হতে ১২টি ব্যাংক ও ১২টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে ১৯৯১টি উদ্যোগ প্রতিষ্ঠানের বিপরীতে মোট ১৬৫৫.৩ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান; এবং
- **ইজিবিএমপি তহবিল (এডিবি ফাণ্ড) :** SME খাতকে উৎসাহিত করতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক কর্তৃক ৩০ মিলিয়ন মার্কিন ডলার প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তি সম্পাদন এবং ডিসেম্বর ২০০৮ পর্যন্ত এ প্রকল্পের আওতায় SME খাতে ৮টি ব্যাংক ও ৭টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে ২৩০১টি উদ্যোগ প্রতিষ্ঠানের বিপরীতে মোট ২৩৯০.৯ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান ইত্যাদি।

ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অর্থায়নের জন্য উপরোল্লিখিত কর্মসূচির আওতায় বিভিন্ন ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানকে ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ১০১৮৯টি উদ্যোগ প্রতিষ্ঠানের বিপরীতে বাংলাদেশ ব্যাংক মোট ১০১৯৩.৯ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করেছে, যার মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল থেকে ৬১৪৭.৭ মিলিয়ন টাকা, আইডিএ প্রদত্ত তহবিল থেকে ১৬৫৫.৩ মিলিয়ন টাকা এবং এডিবি প্রদত্ত তহবিল থেকে ২৩৯০.৯ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, এ সকল অর্থায়ন সুবিধা SME খাতের উন্নয়ন কর্মসূচিকে আরো জোরদার করার পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দরিদ্র ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর ত্রম ক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে।

### মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি

দেশে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনাকারী ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি আইন, ২০০৬-এর মাধ্যমে প্রতিষ্ঠিত মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি তৃতীয় বছরে পদার্পন করেছে। মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি স্থায়ীভাবে গঠিত একটি সংবিধিবদ্ধ সংস্থা, যার প্রধান দায়িত্ব হলো দেশের দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন ও তাদের সার্বিক কল্যাণের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের সার্বিক তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, সংরক্ষণ, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের বিশেষায়িত কর্মসূচি, রাষ্ট্রীয় মালিকানাধীন বিভিন্ন ধরনের ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ইত্যাদির মাধ্যমে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রম-এ সহস্রাধিক প্রতিষ্ঠান নিয়োজিত থাকলেও গ্রামীণ ব্যাংক এবং ১০টি বৃহৎ ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান সামগ্রিক সেটেরে আধারিত সমন্বয় (প্রায় ৯২৯৪০ মিলিয়ন টাকা)-এর প্রায় শতকরা ৮৭ ভাগ এবং মাঠ পর্যায়ে ঋণস্বীকার (প্রায় ১৫৭৮২০ মিলিয়ন টাকা) প্রায় শতকরা ৮১ ভাগের প্রতিনিধিত্ব করে। গ্রামীণ ব্যাংক এবং ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলোতে প্রায় ২ লাখ লোক কর্মরত

## গৃহায়ন তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ এবং আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	২০০৮-'০৯ (ফেব্রুয়ারি পর্যন্ত)	২০০৮-'০৯ (ফেব্রুয়ারি পর্যন্ত পূর্নায়িত)
ক) বরাদ্দ				
১) ঋণ	১২৭.৭	১৬.৫	৯.৬	১৭০৪.৩
২) অনুদান	-	৩.০	-	১২৩.০
মোট :	১২৭.৭	১৯.৫	৯.৬	২০২৭.৩
খ) বিতরণ				
১) ঋণ	১২৩.৭	৬৫.০	৫.০	১১৪২.৭
২) অনুদান	-	৩.০	-	১০৮.৮
মোট :	১২৩.৭	৬৮.০	৫.০	১২৫১.১
গ) আদায়				
১) লক্ষ্যমাত্রা	২০২.৮	১৫০.৭	১০৯.৬	৮২৯.২
২) অর্জন	১৯৮.৭	১৫১.৩	১১৮.৮	৭৬৫.০
৩) অর্জনের হার (%)	৯৭.৯৮%	১০০.৮০%	১০৮.৫১%	৯২.২৬%
ঘ) সুবিধাজোগী				
১) নির্মিত গৃহসংখ্যা	৫৪৭৫	৩৪৮১	২৯৮৩	৪৬০৬১
২) উপকৃত লোকসংখ্যা	২৭৩৭৫	১৭৪০৫	৬২৭৫	২৩০৩০৫

উৎস : গৃহায়ন তহবিল, বাংলাদেশ ব্যাংক।

আগস্ট ২০০৬ তারিখে বাংলাদেশ ব্যাংকের সাথে অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক চুক্তি স্বাক্ষরিত হয়; যার আলোকে বাংলাদেশ ব্যাংক আইপিএফএফ প্রকল্পের ব্যবস্থাপনাকারী সংস্থা হিসেবে কাজ করছে। আইপিএফএফ প্রকল্প হতে বেসরকারি উদ্যোগে গৃহীত/গৃহীতব্য বিভিন্ন অবকাঠামো যেমন- বিন্দু উৎপাদন, সঞ্চালন ও বিতরণ (অগ্রাধিকার ভিত্তিতে), বন্দর (স্থল, জল ও বিমান) নির্মাণ ও উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, ফ্লাইওভার ও বিভিন্ন এক্সপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা এবং শিল্প এসেটি ও পার্ক উন্নয়ন প্রভৃতি বাতে প্রকল্পে অংশগ্রহণকারী বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে অর্ধায়ন করা হবে। প্রকল্পটির অন্যতম বৈশিষ্ট্য হলো সরকার কর্তৃক অনুমোদিত কোনো অবকাঠামো প্রকল্পের মোট ব্যয়ের ৩০% বেসরকারি বাতের সংশ্লিষ্ট উদ্যোক্তাকে নিজস্ব তহবিল হতে যোগান দিতে হবে। প্রকল্প ব্যয়ের অবশিষ্ট ৭০%-এর ন্যূনতম ২০% প্রকল্পে অংশগ্রহণকারী সংশ্লিষ্ট বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের নিজস্ব উৎস অথবা প্রকল্পে অংশগ্রহণ করছে না এমন বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক-কে অর্ধায়ন করতে হবে এবং আইপিএফএফ হতে অবশিষ্ট ৮০% অর্ধায়ন করা হবে। অবকাঠামো প্রকল্পে অর্ধায়নকারী বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক ঋণ সংক্রান্ত সকল ব্যবসায়িক ঝুঁকি বহন করবে। প্রকল্পের সূচনালগ্ন হতে ২০০৮-'০৯ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০০৯ পর্যন্ত যে কাজগুলো সম্পন্ন হয়েছে তা নিজে উপস্থাপন করা হলো।

- সকল ত্রানিকাভুক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে আইপিএফএফ

সম্পর্কে অবহিত করার লক্ষ্যে প্রকল্পে অংশগ্রহণের জন্য পূর্ণীয় eligibility criteria ও অনুসরণীয় অপারেশনাল ডিরেক্টিভস সংযুক্ত করে ১৩ সেপ্টেম্বর ২০০৬ তারিখে এফআইডি সার্কুলার নং ৭ জারি করা হয়।

- ২৬ ডিসেম্বর ২০০৬ তারিখে ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন সেন্টার (আইআইএফসি)-এর সাথে বাংলাদেশ ব্যাংকের দুই বছর মেয়াদি একটি Technical Services Agreement (TSA) স্বাক্ষরিত হয়েছে, যার আলোকে আইআইএফসি আইপিএফএফ প্রকল্পকে কারিগরি সহায়তা দিচ্ছে।
- অর্থ বিভাগের সাথে আলোচনা ও পর্যালোচনার নিরীখে প্রকল্পের JPP প্রণয়ন করা হয় ও পরিকল্পনা কমিশন হতে ৭ মে ২০০৭ তারিখে অনুমোদন পাওয়া যায়।
- অপারেশনাল ডিরেক্টিভস-এ বিধৃত eligibility criteria অনুসরণপূর্বক প্রকল্পে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (পিএফআই) নির্বাচন ও তাদের সাথে স্বাক্ষরিত চুক্তির (Master Facility Agreement) করমাটি প্রণয়ন ও চুক্তি স্বাক্ষর পর্যায়ক্রমে বিভিন্ন তারিখে এ পর্যন্ত মোট ৭ টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ও ৪ টি বাণিজ্যিক ব্যাংকের সাথে MFA স্বাক্ষরিত হয়েছে।
- প্রকল্পের প্রশাসনিক ব্যবস্থা সংক্রান্ত প্রক্রিয়া হিসেবে উপবোক্ত ব্যবস্থাদিসহ আরও কিছু প্রকল্পে অংশগ্রহণকারী আর্থিক

ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রজেক্ট

ক্রমিক নং	কার্যক্রম/কর্মসূচি	সরকার	প্রকল্প সাহায্য	মোট
১)	পার্ট-এ টেকনিক্যাল অ্যাসিসটেন্স কম্পোনেন্ট	-	১৭৪.২ মিলিয়ন টাকা (২.৫ মিলিয়ন ডলার)	১৭৪.২ মিলিয়ন টাকা (২.৫ মিলিয়ন ডলার)
২)	পার্ট-বি অন-লেভিং কম্পোনেন্ট	৬৯৬.৯ মিলিয়ন টাকা (১০ মিলিয়ন মার্কিন ডলার)	৩৩১০.৩ মিলিয়ন টাকা (৪৭.৫০ মিলিয়ন ডলার)	৪০০৭.২ মিলিয়ন টাকা (৫৭.৫০ মিলিয়ন ডলার)
	মোট	৬৯৬.৯ মিলিয়ন টাকা (১০ মিলিয়ন মার্কিন ডলার)	৩৪৮৪.৫ মিলিয়ন টাকা (৫০ মিলিয়ন ডলার)	৪১৮১.৪ মিলিয়ন টাকা (৬০ মিলিয়ন ডলার)

প্রতিষ্ঠান/ব্যাংক (পিএফআই) তথা উদ্যোক্তা-সহায়ক সিদ্ধান্ত ইতোমধ্যে গৃহীত হয়েছে। যেমন- আইপিএফএফ-এর ফান্ড ব্যবহারের ক্ষেত্রে পিএফআইগুলোকে Single borrower exposure limit এবং CRR ও SLR সংরক্ষণ সংক্রান্ত বিদ্যমান বিধিমালা পরিপালন হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। সম্প্রতি প্রকল্পে অংশগ্রহণকারী একটি বাণিজ্যিক ব্যাংকের আবেদনের আলোকে ব্যাংকের আর্থিক বোঝা লাঘব তথা আলোচ্য প্রজেক্টে অর্থায়ন উৎসাহিত করার লক্ষ্যে co-financier (আইপিএফএফ অংশ) বিবেচনায় মোট ঋণ হতে এ দায় (আইপিএফএফ অংশ) সমন্বয় করে অবশিষ্ট অংকের (ব্যাংকের নিজস্ব উৎস হতে অর্থায়ন) উপর বিদ্যমান হারে ঋণিকতার আওতা ও উত্তিচিত

অংকের উপর ১% প্রভিশন সংরক্ষণের সিদ্ধান্ত দেয়া হয়েছে।

- দেশে বিরাজমান মারাত্মক বিদ্যুৎ ঘাটতির উন্নতি সাধনের জন্য আইপিএফএফ টিম প্রকল্পের শুরু থেকেই বিদ্যুৎ অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে ফান্ড ব্যবহারের চেষ্টা চালিয়ে আসছে। এর ফলে প্রকল্পে অংশগ্রহণকারী ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ ও আইআইডিএফসি এর মাধ্যমে ডরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস লিঃ-এর মোট ৭৭ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৪টি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনে ১৮৬৫.৫ মিলিয়ন টাকা অর্থায়ন করা হয়েছে। উল্লেখ্য, ৪টি বিদ্যুৎ কেন্দ্র টাংগাইল, নরসিংদী ও ফেনীতে স্থাপন করা হয়েছে এবং উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে যুক্ত হয়েছে।

বাংলাদেশ ব্যাংক : স্থিতিপত্র  
৩০ জুন, ২০০৮

সংযোজনী-১  
(হাজার টকা)

বিবরণ	২০০৮	(পুনঃগণিতকৃত) ২০০৭
<b>সম্পদ</b>		
বৈদেশিক মুদ্রায় আর্থিক সম্পদ		
বৈদেশিক মুদ্রা হিসাব	১০০,৯১৭,৮৮২	৩৮,৯৯৪,৫৯০
বৈদেশিক বিনিয়োগ	৩১১,৭৪৯,৯৮৭	৩০৫,৮২৭,৩৫৬
আইএমএফ সংশ্লিষ্ট সম্পদ	৮১,৫৫৬	১৮৬,৭৫৯
অন্যান্য বৈদেশিক সম্পদ	১১,৬৩০,৫০১	৫,৫৫৫,৩৪১
	৪৯৫,৯২৬,৯২৬	৬৫৬,৭৬৪,০৪৬
স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ		
নগদ ও নগদ সমতুল্য	৩১৭,৬৪৩	১৭৫,৪১৩
সরকারকে প্রদত্ত ঋণ	১০,০০০,০০০	১০,০০০,০০০
বাংলাদেশ সরকারের ওকারড্রাফট ও ট্রেজারি বিল	২৪৫,১৮৬,৫২৩	২৪৫,০০০,৩১৮
শেয়ার ও ডিভিডেন্ডে বিনিয়োগ	৮,৯১৯,১৬৭	৯,৩৫২,৫০০
ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও কর্মচারীদের প্রদত্ত ঋণ	৮২,৭১৫,২১৩	৭৬,০৪৯,৭২৭
	৩৪৭,১৩৮,৫৪৬	৩৪০,৫২৭,৯৫৮
<b>মোট আর্থিক সম্পদ</b>	<b>৭৭১,৫১৮,৪৭২</b>	<b>৬৮৯,০৯২,০০৪</b>
<b>অনার্থিক সম্পদ</b>		
ইন্ডেন্টরি	৪,০০৮,৫৮৮	২,৭৯৯,৮০৫
সম্পদ স্থাপনা ও সরঞ্জামাদি	৯,৮২৭,৭০২	৯,৬৪১,৩৬৫
অন্যান্য স্থানীয় সম্পদ	১,৩৮৯,১৯৪	২,৮২১,১৫৯
	১৫,২২৫,৪৮৪	১৫,২৬২,৩২৯
<b>মোট সম্পদ</b>	<b>৭৮৬,৭৪৩,৯৫৬</b>	<b>৭০৪,৩৫৪,৩৩৩</b>
<b>দায় ও ইকুইটি</b>		
বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়		
আইএমএফ সংশ্লিষ্ট দায়	৫৪,৭৯৬,১১৬	৩৭,৯৫২,৬৪১
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	৯২,৭৫৯,৩৫৭	৭২,৪৯১,৯৭৮
অন্যান্য বৈদেশিক দায়	১,১০৭,৮০৯	১,২৩৭,৭৫৩
	১৪৮,৬৬৩,২৮২	১১১,৬৮২,৩৭২
স্থানীয় মুদ্রায় আর্থিক দায়		
চালু মোট	৩৫১,৮৮৭,৩৬৫	২৮৩,৬৩৪,৮৪২
শুল্ক মোরাদি সেনা	৭,৯৫০,০০০	৬৩,৬৬২,৭১৯
ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	১১৯,০৬৫,৭৭১	১০০,৫০৪,১৪৩
	৪৭৮,৯০৩,১৩৬	৪৫৭,৮০১,৭০৪
<b>মোট আর্থিক দায়</b>	<b>৬২৭,৫৬৮,৪১৮</b>	<b>৫৬৫,২৮৬,০৭৬</b>
অনার্থিক দায়		
অন্যান্য স্থানীয় দায়	৬০,৭৮০,৪২০	৬২,০৬৮,১৪১
<b>মোট দায়</b>	<b>৬৮৮,৩৪৮,৮৩৮</b>	<b>৬২৭,৩৫৪,২১৭</b>
<b>ইকুইটি</b>		
মূলধন	৩০,০০০	৩০,০০০
খর্ব ও রৌপ্য-পুনর্মূল্যায়ন রিজার্ভ	৬,২৬৩,৬৯১	৪,০৩৫,৪৭১
বৈদেশিক মুদ্রা-পুনর্মূল্যায়ন রিজার্ভ	৫৪,২৩১,৯৮৭	৪৩,৭৪১,৩৬৯
মুদ্রায় ভারতমণ্ডল সঞ্চিতি	৭,৫১২,০৮৪	-
সম্পদ স্থাপনা ও মালিক সরঞ্জামাদি-পুনর্মূল্যায়ন রিজার্ভ	৭,৯১৮,৪৮৯	৭,৯১৮,৪৮৯
বিবিধ বন্ধ তহবিল	১১,৭১৭,০৪৬	১২,১৬৭,০৪৬
সম্পদ নবায়ন ও পুনঃস্থাপন রিজার্ভ	১,২৮৬,৪০০	১,১২০,০০০
মুদ্রা রিজার্ভ	৫,২০৬,৯২১	৫,৭৬১,২৪১
জেনারেল রিজার্ভ	৪,২৫০,৫০০	৪,২৫০,৫০০
	৯৮,৪১৭,১১৮	৭৭,০২৪,১১৬
<b>মোট ইকুইটি</b>	<b>৭৮৬,৭৪৩,৯৫৬</b>	<b>৭০৪,৩৫৪,৩৩৩</b>

বাংলাদেশ ব্যাংক : আয়ের বিবরণী  
৩০ জুন ২০০৮ তারিখে সমাপ্ত বছরের

(হাজার টাকা)

বিবরণ	২০০৮	(পুনঃপ্রস্তুতকৃত) ২০০৭
<b>আয়</b>		
বৈদেশিক মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
মুদ আয়	১৭,০৩৮,৬০০	১১,৩৬০,০৮১
কমিশন এবং বাটী	৭৭৬,৩৩০	১,৩৯০,৪৫৮
	<u>১৭,৮১৪,৯৩০</u>	<u>১২,৭৫০,৫৩৯</u>
স্থানীয় মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
মুদ আয়	২২,৩৮৪,৩৫৯	২২,১২৬,৫১৪
কমিশন এবং বাটী	৩৬৪,৪৪৩	৭২,৯৩২
ডিভিডেন্ড আয়	৫০,০০০	-
বিবিধ আয়	৬,৫৮৮	৪,৭১৬
	<u>২২,৮০৫,৩৯০</u>	<u>২২,২০৪,১৬২</u>
<b>মোট আয়</b>	<u>৪০,৬২০,৩২০</u>	<u>৩৪,৯৫৪,৭০১</u>
<b>ব্যয়</b>		
বৈদেশিক মুদ্রার আর্থিক দায়ের ব্যয়		
মুদ ব্যয়	(২,৮২২,২১২)	(২,৭৬০,৭০৫)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(২০৭,৪৩৭)	(২২২,৭৮৪)
	<u>(৩,০২৯,৬৪৯)</u>	<u>(২,৯৮৩,৪৮৯)</u>
স্থানীয় মুদ্রার আর্থিক দায়ের ব্যয়		
মুদ ব্যয়	(৭৯৮,৪৮০)	(৫২৬,৪০২)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(১,৭০৮,২৫৫)	(১,৮৭৭,৫৮২)
	<u>(২,৫০৬,৭৩৫)</u>	<u>(২,৪০৪,০১৪)</u>
অন্যান্য ব্যয়		
বৈকল্যের জন্য সজ্জিত	৮৭৫,০০৩	৮৮৬,৭৮৯
সাধারণ এবং প্রশাসনিক খরচ	(৪,৪৩০,৬২৪)	(৩,৫৮৭,৬৩২)
	(৩,৫৫৫,৬২১)	(২,৭০০,৮৪৩)
<b>মোট ব্যয়</b>	<u>(৯,০৯২,০০৫)</u>	<u>(৮,১৮৮,৫৪৬)</u>
<b>পরিচালন উদ্ধৃত</b>	<u>৩১,৫২৮,৩১৫</u>	<u>২৬,৭৬৬,৩৫৫</u>
<b>পুনর্মূল্যায়ন আয়</b>		
স্বর্ণ পুনর্মূল্যায়ন আয়	২,১৬৮,০১৭	২২১,৮৫১
রৌপ্য পুনর্মূল্যায়ন আয়	৬০,২০৩	১৭,২৭৮
বৈদেশিক মুদ্রার পুনর্মূল্যায়ন হতে আদায়কৃত আয়	৭,৫১২,০৮৪	-
বৈদেশিক মুদ্রা পুনর্মূল্যায়ন আয়	১০,৪৯০,৬১৮	৭,৬০০,২৮১
	<u>২০,২৩০,৯২২</u>	<u>৭,৮৩৯,৪১০</u>
<b>আর্থিক বছরের মুনাফা</b>	<u>৫১,৭৫৯,২৩৭</u>	<u>৩৪,৬০৫,৭৬৫</u>

বাংলাদেশ ব্যাংক : ইকুইটি পরিবর্তনের বিবরণ  
৩০ জুন ২০০৮ তারিখে সমাপ্ত বছরের

(হাজার টাকা)

বিবরণ	মূলধন	পুনর্নিয়ামন বিজার্ত			বিবিধ তহবিল	মুদ্রার তারতম্য জানিত সংশ্লিষ্ট	সম্পদ নবায়ন ও পুনস্থাপন বিজার্ত	সুদ বিজার্ত	ডেনায়েল বিজার্ত	অবশিষ্ট মুনাফা (Retained Earning)	মোট
		অর্ধ ও বৌগা	বৈদেশিক মুদ্রা	সম্পদ, স্থাপনা ও যান্ত্রিক সরঞ্জামাদি							
১ জুলাই, ২০০৮-এর স্থিতি	৫০,০০০	০,৭৯৬,৫৪২	০৬,১৪১,০৮৮	৭,৯১৮,৯৯০	-	১১,৫১৭,০৪৬	-	২,০৯৫,৯৬৬	৩০,০০০	২,৪০১,৯৬৬	৫০,০০০,০০০
সাধারণ সর্কটিং পুনঃক্রমিকন	-	-	-	-	-	-	-	-	৪,২২০,৪০০	-	৪,২২০,৪০০
১ জুলাই, ২০০৮-এর পুনঃক্রমিক স্থিতি	৫০,০০০	০,৭৯৬,৫৪২	০৬,১৪১,০৮৮	৭,৯১৮,৯৯০	-	১১,৫১৭,০৪৬	-	২,০৯৫,৯৬৬	৪,২২০,৪০০	২,৪০১,৯৬৬	৫৪,৭৪৯,৮৬৬
বছরের লাভ	-	-	-	-	-	-	-	-	-	৫৪,৯৬৫,৯১০	৫৪,৯৬৫,৯১০
পুনর্নিয়ামন সমাধান	-	-	-	(৪০৪)	-	-	-	-	-	৪০৪	-
অন্যান্য সর্কটিং ইলাস্ট্র	-	২০৯,১১৯	৭,৬০০,৯৬১	-	-	৪৭৬,০০০	-	১,১১৫,৯৬৫	-	(৯,২০৪,৯৬৫)	-
অন্যান্য অর্থিক স্থানান্তর	-	-	-	-	-	২,০০০,০০০	১,১২০,০০০	-	-	(৩,১২০,০০০)	-
অন্য পুনর্নিয়ামন স্থানান্তর (এসএই হার্ডিং)	-	-	-	-	-	(২,০০০,০০০)	-	-	-	-	(২,০০০,০০০)
সর্কটিং হার্ডিং	-	-	-	-	-	-	-	-	-	(১১,৯৬৫,৯৬৫)	(১১,৯৬৫,৯৬৫)
৩০ জুন, ২০০৮ তারিখে স্থিতি	৫০,০০০	৪,০০৫,৬৬১	৪০,৭৪১,০৬৬	৭,৯১৮,৯৯০	-	১২,১১৭,০৪৬	১,১২০,০০০	০,৯৬১,৯৬৬	৪,২২০,৪০০	২,৭৬৩,৯৬৬	৭৯,৯৬৫,৯১০
নতুন সর্কটিং হার্ডিং	-	-	-	-	-	-	-	-	-	(৪০,০০০)	(৪০,০০০)
বছরের লাভ	-	-	-	-	-	-	-	-	-	৫২,২০৪,৯১০	৫২,২০৪,৯১০
পুনর্নিয়ামন সমাধান/স্থিতি	-	-	-	১,৫৪১,৯১০	-	-	-	-	-	-	১,৫৪১,৯১০
অন্যান্য সর্কটিং হার্ডিং স্থানান্তর	-	২,২১৮,১১০	১০,৪৯০,৬১৮	৭,৫১৯,০৬৪	-	৪,০০০,০০০	১,১২০,০০০	২,৪৪৫,৯৬৬	(২,০০০,০০০)	(২২,৫৬৫,০০০)	-
অন্যান্য অর্থিক স্থানান্তর	-	-	-	-	-	২,০০০,০০০	-	-	-	-	-
অন্য অর্থিক হার্ডিং স্থানান্তর (এসএই হার্ডিং)	-	-	-	-	-	(১,০০০,০০০)	-	-	-	-	(১,০০০,০০০)
অন্যান্য অর্থিক হার্ডিং স্থানান্তর (এইউআর হার্ডিং)	-	-	-	-	-	(২,০০০,০০০)	-	-	-	-	(২,০০০,০০০)
সর্বমোট হার্ডিং নবায়ন	-	-	-	-	-	-	-	-	-	(১৭,৫৬৫,৯৬৫)	(১৭,৫৬৫,৯৬৫)
৩০ জুন, ২০০৮ তারিখে স্থিতি	৫০,০০০	৬,২২৩,৭৭১	৫১,২৩১,৬৮৪	৯,২৩৯,০৫৪	৭,৫১৯,০৬৪	১১,৫১৭,০৪৬	১,১২০,০০০	০,৯৬১,৯৬৬	৪,২২০,৪০০	৫,১৮৫,৯৬৬	১০২,৯৬৫,৯১০

# রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক

## সোনালী ব্যাংক লিমিটেড

সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক। জনগণের দ্বারপ্রান্তে সকল প্রকার ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া ব্যাংকটির মূল লক্ষ্য। সম্পূর্ণ মালিকানা সরকারের হাতে রেখে গ্রাহক সেবার মান উন্নয়ন, সর্বশ্রেষ্ঠ ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আরো গতিশীল ও সাফল্যজনকভাবে পরিচালনার লক্ষ্যে সোনালী ব্যাংক-কে ১৫ নভেম্বর ২০০৭ তারিখে কর্পোরেটাইজড করে 'সোনালী ব্যাংক লিমিটেড'-এ রূপান্তর করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে সোনালী ব্যাংক লিমিটেডের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ (সাময়িক) দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন টাকা, ৯০০০ মিলিয়ন টাকা ও ১২৯০৫ মিলিয়ন টাকা। ২০০৮ সালে সোনালী ব্যাংক

লিমিটেড ৬৪১৯ মিলিয়ন টাকা গ্রস মুনাফা (সাময়িক) অর্জন করেছে। ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে ব্যাংকের ১১৫০৭ জন কর্মকর্তা ও ১০৩৩২ জন কর্মচারিসহ মোট জনশক্তি ছিল ২১৮৩৯ জন।

প্রশাসনিক বিন্যাসে ঢাকার মতিঝিলে প্রধান কার্যালয় ছাড়াও ঢাকা বিভাগে ১টি এবং দেশের অন্য ৫টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট) ১টি করে মোট ৬টি মহাব্যবস্থাপকের কার্যালয় আছে। এছাড়া জেলা শহরে ৪২টি প্রিন্সিপাল অফিস ও ১৯টি আঞ্চলিক কার্যালয়-এর মাধ্যমে ব্যাংকিং সেবা কার্যক্রম অব্যাহত আছে। প্রধান কার্যালয়ের ৩২টি বিভাগের মাধ্যমে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানটির প্রশাসনিক ও ব্যবসায়িক কার্যাবলী সম্পাদিত হচ্ছে। ৩১ মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত দেশের অভ্যন্তরে



সোনালী ব্যাংক লিমিটেড-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি ফার্মাসিউটিক্যালস ইন্ডাস্ট্রি।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	৯০০০	৯০০০	৯০০০	৯০০০
৩।	রিজার্ভ ফান্ড	১১৯৬৩	১২৯০৫	১৩৯০০	১৪৫০০
৪।	আমানত	৩২৮৯৯৭	৩৫৪০১৯	৩৫৫০০০	৩৬০০০০
	ক) তলবি আমানত	৯৪৩৭২	১১১৬৪৫	১১৩৬০০	১১৫২০০
	খ) মেয়াদি আমানত	২৩৪৬২৫	২৪২৩৭৪	২৪১৪০০	২৪৪৮০০
৫।	ঋণ ও অগ্রিম	২০৬৩৪৮	২৩১০৯৬	২৩৩০০০	২৩৫০০০
৬।	বিনিয়োগ	৮৮৮৯১	১০০৩২০	১০২০০০	১০৪০০০
৭।	মোট পরিসম্পদ	৪৬১৯৬৪	৪৯৪০২৮	৪৯৬০০০	৪৯৮০০০
৮।	মোট আয়	১৪২৯০	২৬৮৭৯	৭১৪৩	১৪৯০০
৯।	মোট ব্যয়	৯৮৬৫	২০৪৬০	৫৮৪৩	১২৩০০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২৫৩২৩৫	৩৪৭০৪২	৬৮৮৮৫	১৪০৮৫৬
	ক) রপ্তানি	৭৯৭৮৩	৭৯৩৯০	১৪৯১৪	৩২৯১৪
	খ) আমদানি	৬৩৯৭১	১৫১৪৬৫	২৩৯৭১	৪৭৯৪২
	গ) রেমিট্যান্স	১০৯৪৮১	১১৬১৮৭	৩০০০০	৬০০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২২৫৪২	২১৮৩৯	২২৩৪৩	২২১২৮
	ক) কর্মকর্তা	১১৭৬৯	১১৫০৭	১২০২৫	১১৮৫৫
	খ) কর্মচারি	১০৭৭৩	১০৩৩২	১০৩১৮	১০২৭৩
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৫৭৬	৫৭৭	৫৮০	৫৮৫
১৩।	মোট শাখা (সংখ্যায়)	১১৮৩	১১৮১	১১৮১	১১৮১
	ক) বাংলাদেশে	১১৮১	১১৭৯	১১৭৯	১১৭৯
	খ) বিদেশে	২	২	২	২

শহর এলাকায় ২৩টি কর্পোরেট শাখাসহ ৩৪০টি, গ্রামীণ এলাকায় ৮৩৯টি এবং বিদেশে ২টি (ভারতের পশ্চিম বঙ্গের কলকাতা ও শিলিগুড়ি) শাখাসহ মোট ১১৮১টি শাখার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড-এর ব্যাংকিং সেবামূলক কার্যক্রম বিস্তৃত। অধিকন্তু, বর্তমানে দেশে ২টি ওয়েজ আর্নার্স শাখাসহ বৈদেশিক বাণিজ্যের জন্য ৪৩টি অনুমোদিত শাখা (Authorised Dealer) এবং বিশ্বের বিভিন্ন দেশে ৫৭৭টি বৈদেশিক করেসপন্ডেন্টস-এর মাধ্যমে ব্যাংকের বৈদেশিক বাণিজ্য কার্যক্রম পরিচালিত হচ্ছে।

১৯৯৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ ব্যাংকিং ডিপার্টমেন্ট থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে 'ইন্টারন্যাশনাল মানি ট্রান্সমিটার' হিসেবে নিউইয়র্কে 'সোনালী এগজ্জেক্স কোম্পানি ইনকর্পোরেটেড' (SECI) নামে সোনালী ব্যাংকের সম্পূর্ণ মালিকানাধীন একটি পূর্ণাঙ্গ সার্বস্বিডয়ারি কোম্পানি স্থাপনের মাধ্যমে সোনালী ব্যাংক আন্তর্জাতিক ব্যাংকিং অঙ্গনে এর কার্যক্রম সম্প্রসারিত করে। যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের কাঙ্ক্ষিত বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলে নিজ দেশে দ্রুত, সহজতর ও নিরাপদে প্রেরণ করার ক্ষেত্রে এর ভূমিকা ক্রমাশ: বৃদ্ধি পাওয়ার ফলে নিউইয়র্কের ম্যানহাটনে প্রধান অফিসসহ ১৮

ক্রকলিন, এস্টোরিয়া, জ্যাকসন হাইটস, জর্জিয়াব আটলান্টা, মিশিগানের ডেট্রয়েট, ক্যালিফোর্নিয়ার লসএঞ্জেলেস এবং নিউ জার্সিতে প্যাসিফিক শাখা/বৃথ অফিস স্থাপন করা হয়েছে। এছাড়া সোনালী ব্যাংক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যৌথ মালিকানায় ২০০১ সালে থেকে যুক্তরাজ্যে সোনালী ব্যাংক (ইউকে) লিঃ-এর কার্যক্রম শুরু হয়। বর্তমানে মোট ৬টি অফিসের (লন্ডন, লুটন, বার্মিংহাম, ব্রাডফোর্ড, ম্যানচেস্টার ও ক্যামডেন) মাধ্যমে এর কার্যক্রম চালু রয়েছে। মালয়েশিয়ার মে ব্যাংক-এর মাধ্যমে সোনালী ব্যাংকের সহযোগিতায় মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ দেশে আসছে। মধ্যপ্রাচ্যে ৪৪টি এগজ্জেক্স হাউস-এর মাধ্যমে মধ্যপ্রাচ্যে বসবাসকারী বাংলাদেশীরা তাদের অর্থ প্রেরণ করছে।

## আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা

৩১ ডিসেম্বর ২০০৮-এ সোনালী ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ২০০৭ সালের ৩২৮৯৯৭ মিলিয়ন টাকার তুলনায় ২৫০২২ মিলিয়ন টাকা বা শতকরা ৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৫৪০১৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকটির তলবি আমানত ও

মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ১১১৬৪৫ মিলিয়ন টাকা এবং ২৪২৩৭৪ মিলিয়ন টাকা, যা মোট আমানতের যথাক্রমে শতকরা ৩২ ভাগ এবং শতকরা ৬৮ ভাগ। গত বছরের তুলনায় আলোচ্য বছরে সোনালী ব্যাংক লিমিটেড-এর তুলনীয় আমানত ও মেয়াদি আমানত যথাক্রমে শতকরা ১৮ ভাগ ও শতকরা ৩ ভাগ বৃদ্ধি পেয়েছে। ২০০৮ সালে সোনালী ব্যাংক লিমিটেডের ঋণ ও অগ্রিম ২০০৭ সালের ২০৬৩৪৮ মিলিয়ন টাকার তুলনায় ২৪৭৪৮ মিলিয়ন টাকা বা শতকরা ১২ ভাগ বৃদ্ধি পেয়ে ২৩১০৯৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। সরকারি/পাবলিক খাতে প্রদত্ত ঋণের পরিমাণ শতকরা ১৪ ভাগ এবং গ্রাইডেট খাতে শতকরা ৮৬ ভাগ। ২০০৮ সালে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের ৮৮৮৯১ মিলিয়ন টাকার তুলনায় ১১৪২৯ মিলিয়ন টাকা বা শতকরা ১৩ ভাগ বৃদ্ধি পেয়ে ১০০৩২০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের ২৫৩২৩৫ মিলিয়ন টাকা হতে ৯৩৮০৭ মিলিয়ন টাকা বা শতকরা ৩৭ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৪৭০৪২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আমদানি ও রেমিট্যান্স যথাক্রমে ৮৭৪৯৪ মিলিয়ন টাকা বা শতকরা ৩৭ ভাগ ও ৬৭০৬ মিলিয়ন টাকা বা শতকরা ৬ ভাগ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৫১৪৬৫ মিলিয়ন টাকা ও ১১৬১৮৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। তবে, আলোচ্য বছরে রপ্তানি ব্যবসার পরিমাণ ২০০৭ সালের তুলনায় ৩৯৩ মিলিয়ন টাকা বা শতকরা ০.৫ ভাগ হ্রাস পেয়ে ৭৯৩৯০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিদেশে কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ যাতে তাদের আত্মীয় স্বজন বা মনোনীত প্রতিনিধিরা সহজে ও স্বল্প সময়ে হাতে পান এ লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড মুক্তরাষ্ট্র ও মুক্তরাজ্যে শাখা/বুথ স্থাপন ছাড়াও মধ্যপ্রাচ্যে ৪৪টি একচেঞ্জ হাউস/ব্যাংকের মাধ্যমে বৈদেশিক বিনিময় ব্যবসা পরিচালিত হচ্ছে। সরকার ঘোষিত নীতিমালায় সাথে সংগতি রেখে রেমিট্যান্সের অন্তঃমুখী প্রবাহ বৃদ্ধি এবং নিরাপদ ও

শ্রুততম সময়ে গ্রাহক/বেনিফিসিয়ারীদের টাকা জমা করণের বিষয়ে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে :

- ১) RMS Software খরচনের মাধ্যমে ৮ ঘণ্টা থেকে ২৪ ঘণ্টায় ৬১টি Outler-এর মাধ্যমে রেমিট্যান্স বিতরণ; ২) প্রতিটি একচেঞ্জ হাউস/ব্যাংকের জন্য ওয়েজ আর্নর্স কর্পোরেট শাখায় একটি ডায়ারি স্টেশন স্থাপন; ৩) ৩০০টি শাখায় IFRMS (Instant Financial and Reconciliation Messaging System)-এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে উপকারভোগীর হিসাবে রেমিট্যান্সের অর্থ জমাকরণ; ৪) IFRMS ও RMS পদ্ধতি ছাড়াও অন্যান্য শাখায় কুরিয়ার সার্ভিস যোগে ৪৮-৭২ ঘণ্টার মধ্যে রেমিট্যান্স উপকারভোগীদের হিসাবে প্রেরণ নিশ্চিত করণ; ৫) প্রধান কার্যালয়ে ৩টি অভিযোগ সেলের মাধ্যমে তাৎক্ষণিক রেমিট্যান্স সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি ও তথ্য প্রেরণ; ৬) ৩টি Representative অফিস (কুয়েত, জেদ্দা ও রিয়াদে)-এর মাধ্যমে প্রবাসী বাংলাদেশী ওয়েজ আর্নর্সদের বাংলাদেশে সোনালী ব্যাংক লিমিটেড-এ হিসাব খোলা, স্থিতির নিশ্চয়তাপত্র প্রেরণ, ওয়েজ আর্নর্স বন্ড, প্রিমিয়াম বন্ড, সঞ্চয়পত্র ইত্যাদি কাজে বিনিয়োগে সহায়তা প্রদান; ৭) প্রতি বছর রেমিট্যান্স সেবা পক্ষ উন্নয়ন; ৮) প্রতি মাসি লভ্যরিং বা হুজি নিরোধক আইন সম্পর্কে সকল প্রবাসীকে অবহিত করে ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স প্রেরণে উদ্বুদ্ধকরণ, টেলিভিশনে ও সংবাদপত্রে প্রচারণা এবং ৯) বৈদেশিক রেমিট্যান্স প্রেরণকারীগণকে উৎসাহিত করার লক্ষ্যে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ। সোনালী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

#### ঋণাত্মিক ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে সোনালী ব্যাংক লিমিটেড সর্বমোট ২৪৬২৮৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৪৭৮৬৫ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৭৭৮৩২ মিলিয়ন টাকা

ঋণাত্মিক ঋণ বিতরণ ও আদায়						সারণি-২
						(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	৪১০১	১০৯৮	২৪৪১	৩৫৩৯	৭০১৯২	৭৭৮৩২
আদায়	৬৪৮৯	১২৬০	২০০৬	৩২৬৬	২২৯৩৩১	২৩৯০৮৬
২০০৮						
বিতরণ	৫২২১	৩৩৯৮	৪০০০	৭৩৯৮	২৩৩৬৬৪	২৪৬২৮৩
আদায়	৮২৫২	২৪৭৫	৩১৭৮	৫৬৫৩	২৩৩৯৬০	২৪৭৮৬৫
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)						
বিতরণ	৫০২৫	৫৮৫	৯৩৩	১৫১৮	৩৩১১০	৩৯৬৫৩
আদায়	৪৭৮০	৫৯৫	৮৭৭	১৪৭২	৩০৭১৯	৩৬৯৭১
৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত)						
বিতরণ	৭২৬০	১১৪০	১৯০০	৩০৪০	৬৫৭২৮	৭৬০২৮
আদায়	৬৯৫৭	১১৮০	১৬৮৫	২৮৬৫	৬১৪৩৮	৭১২৬০

এবং ২৩৯০৮৬ মিলিয়ন টাকা। স্বাভাবিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০৮ সালে সোনালী ব্যাংক লিমিটেড ঋণ খাতে ৫২২১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৮২৫২ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৪১০১ মিলিয়ন টাকা ও ৬৪৮৯ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭৩৯৮ মিলিয়ন টাকা ও ৫৬৫৩ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৩৫৩৯ মিলিয়ন টাকা ও ৩২৬৬ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংক লিমিটেডের খাতওয়ারি ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

### শিল্প ঋণ মঞ্জুরী

দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন, বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান ও দেশকে আমদানি নির্ভরশীলতা থেকে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে দ্রুত শিল্পায়নের নিমিত্তে সোনালী ব্যাংক লিমিটেড নির্ধারিত ৯৭টি শাখার মাধ্যমে শিল্প খাতে অর্থায়ন করেছে। ২০০৮ সালে সোনালী ব্যাংক লিমিটেড ৪৫১৮ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। পূর্ববর্তী বছরে মঞ্জুরীর পরিমাণ ছিল ৩৩২১ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংকটি শিল্প খাতে চলতি মূলধন ঋণ ব্যবস ৪০০০ মিলিয়ন টাকা বিতরণ করে। পূর্ববর্তী বছরে এ খাতে বিতরণের পরিমাণ ছিল ২৪৪১ মিলিয়ন টাকা। শিল্প খাতে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ঋণ প্রদান অব্যাহত রয়েছে। এ বছর ঋণ মঞ্জুরীপ্রাপ্ত শিল্প প্রতিষ্ঠান প্রায় ১১৫০০ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ সেবা ও পণ্য উৎপাদনের

মাধ্যমে দেশের জিডিপি বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আশা করা যায়। শিল্পের আকার অনুযায়ী ঋণ মঞ্জুরীর পরিমাণ সারণি-৩-এ দেয়া হলো।

### অন্যান্য কার্যাবলী

#### সরকারি নির্দেশনায় পরিচালিত ব্যাংকিং সেবাসমূহ

সরকারি নির্দেশে দেশ ও জাতির কল্যাণে সোনালী ব্যাংক লিমিটেড বেশ ক'টি খাতে নামমাত্র সার্ভিস চার্জ-এর বিনিময়ে এবং ক্ষেত্র বিশেষে কোনো সার্ভিস চার্জ ছাড়াই ব্যাংকিং সেবা প্রদান করেছে। বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি হিসেবে দেশের সকল জেলা ও উপজেলায় ট্রেজারি কার্যক্রম পরিচালনার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড সার্বদেশে মুদ্রা সরবরাহ ব্যবস্থা সচল রেখেছে। বিদেশে কর্মরত বাংলাদেশীদের কর্তৃর্জিত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলে দেশে আনয়ন ছাড়াও অবসরপ্রাপ্ত সামরিক, বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের অবসর ভাতা, সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের বেতন ও সরকারি অনুদান, ছাত্র/ছাত্রীর উপবৃত্তি, বয়স্ক, দুস্থ ও বিধবা ভাতা, অসহায় মুক্তিযোদ্ধা কল্যাণ ভাতা প্রভৃতি সারা দেশে বিকৃত সোনালী ব্যাংক লিমিটেডের শাখাগুলোর মাধ্যমে প্রদান করা হচ্ছে। এছাড়া, এয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড ও সঞ্চয়পত্র ক্রয় বিক্রয়, সরকারি বাদ্য শস্য ক্রয় বিল প্রদান, বিদ্যুৎ ও টেলিফোন বিল, ওয়াসা বিল, পাসপোর্ট ফিস ও বিদেশ ভ্রমণ কর, আবগারী শুল্ক, উৎসে কর এবং হজ্জ, যাকাত ও রাষ্ট্রীয় তহবিলের অর্থ গ্রহণসহ নানাবিধ রাষ্ট্রীয় কার্য ও জনগণের ব্যাংকিং সেবামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী			সারণি-৩ (মিলিয়ন টাকায়)
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে			
প্রকল্প সংখ্যা	৮১২	২২৭৮৪	২৩৫৯৬
পরিমাণ	৪১৮০৯	২৩২০৯	৬৫০১৮
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩৫	৩৮	৭৩
পরিমাণ	৩০২৬	১৪৯২	৪৫১৮
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৯ * তারিখে			
প্রকল্প সংখ্যা	৮২৯	২২৭৯৪	২৩৬২৩
পরিমাণ	৪৩৯৫১	২৩৪৬৭	৬৭৪১৮
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯ * পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৭	১০	২৭
পরিমাণ	২১৪২	২৫৮	২৪০০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯ ** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩১	১৮	৪৯
পরিমাণ	৩৫৮২	৪৮৫	৪০৬৭

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ;

সোনালী ব্যাংক লিমিটেড চুক্তিপূর্ণ অবদান রেখে চলেছে।

### বিশেষ সঞ্চয় কর্মসূচি

সমাজের সকল গুণের মানুষকে সঞ্চয় সুবিধা প্রদান, সন্তানদের ঠিকিৎসা শিক্ষা ব্যয়, বিবাহ সঞ্চয়ের সুবিধা, মাসিক উপার্জন এবং সন্তান চিকিৎসা ব্যয় নির্বাহের লক্ষ্যে বর্তমানে সোনালী ব্যাংক লিমিটেড নিম্ন বর্ণিত ৭টি সঞ্চয় স্কিম চালু করেছে :

ক্রমিক নং	স্কিমের নাম	মেয়াদ	সুদের হার
১.	সোনালী সঞ্চয় স্কিম (Sonal Deposit Scheme)	৫ বছর	৮.৫%
২.	শিক্ষা সঞ্চয় স্কিম (Education Deposit Scheme)	১০ বছর	৮.৫%
৩.	চিকিৎসা সঞ্চয় স্কিম (Medical Deposit Scheme)	১০ বছর	৮.০%
৪.	পল্লী সঞ্চয় স্কিম (Rural Deposit Scheme)	৭ বছর	৯.০%
৫.	বিবাহ সঞ্চয় স্কিম (Marriage Saving Scheme)	১০ বছর	৮.৫০%
৬.	মাসিক উপার্জন প্রকল্প (Monthly Earning Scheme)	৩ বছর ও ৫ বছর	৯.০% ও ১০.০%
৭.	দ্বিগুণ আদানত বৃদ্ধি প্রকল্প (Double Benefit Scheme)	৬ মাস হতে ৬ ½ বছর	৪% হতে ৯% সরল ও ৯% হতে ১১.২৫% পর্যন্ত চক্রবৃদ্ধি হারে

২৩ ফেব্রুয়ারি ২০০৮-এ সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন-এর কর্মকর্তা/কর্মচারি ও সরকারি/বেসরকারি (এমপিওভুক্ত কলেজ, মাদ্রাসা ও স্কুল) শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ক্ষুদ্র ঋণ স্কিম অনুমোদন করা হয়েছে।

### এসএমই খাতে ঋণ কর্মসূচি

সোনালী ব্যাংক লিমিটেড স্বাধীনতার পর থেকে আইডিএ, নোবাড, এন্টিম ব্যাংক ত্রেডিংয়ের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতে অর্থায়ন করে আসলেও আশির দশকে সরকারি শিল্প নীতির সাথে সংগতি রেখে দেশে ব্যাপক শিল্পায়নের লক্ষ্যে নিজস্ব অর্থায়নে শিল্পে বিনিয়োগ কর্মসূচি চালু করে। এই কর্মসূচির আওতায় বিগত দু'দশকেরও বেশি সময় ধরে ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পখাতে অর্থায়ন করে বাংলাদেশের বর্তমান অগ্রসরমান শিল্প প্রবৃদ্ধি অর্জনে পণিকৃৎ-এর ভূমিকা পালন করে আসছে। সরকারের দারিদ্র্য বিমোচন কৌশলপত্র ও শিল্পনীতি ২০০৫-এর আওতায় নিবিড় শ্রমঘন ও কর্মসংস্থানমুখী অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্প/ব্যবসা প্রতিষ্ঠানগুলোর এসএমই দ্রুত প্রসারের মাধ্যমে মাঝারি আয়ের দেশে উন্নীত করার একটি প্রকল্প গ্রহণ করেছে। দেশে ভাবসাম্যপূর্ণ দীর্ঘমেয়াদি শিল্পায়নের স্বার্থে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগকে একটি মূলশক্তি হিসেবে গ্রহণ করা হয়েছে, যাতে বাজারভিত্তিক উন্নয়ন ও বিশ্বায়নের চ্যালেঞ্জগুলোকে সুষ্ঠুভাবে মোকাবিলা করা সম্ভব হয়। সোনালী ব্যাংক লিমিটেড সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে অতীতের মতো বর্তমানেও অগ্রণী ভূমিকা পালন অব্যাহত রেখেছে।

সোনালী ব্যাংক লিমিটেড-এর ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগে অর্থায়ন স্কিমের মূল বৈশিষ্ট্য হবে শ্রেষ্ঠাঙ্ক প্রোগ্রাম পাইডলাইনের মাধ্যমে উদ্যোক্তা বিকাশ, মেঝারী ও প্রতিপ্রতীশীল উদ্যোক্তাদেরকে একটি প্রতিষ্ঠানিক কাঠামোর মধ্যে সমন্বিত করে উন্নয়নের মূলধারার সাথে

সংযোগ স্থাপন করা। এ লক্ষ্যে, সোনালী ব্যাংক লিমিটেড-এর পক্ষ থেকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগে অর্থায়নে সরকারের শিল্পনীতি ও বাংলাদেশ ব্যাংকের Prudential Regulatory Guideline-এর আলোকে সোনালী ব্যাংক লিমিটেড-এর এসএমই খাতের ঋণ কর্মসূচিগুলো নিবিড়ভাবে পরিচালিত হচ্ছে। নারীর ক্ষমতায়নে সরকারের গৃহীত নীতিমালায় সাথে সংগতি রেখে উদ্যমী নারী

উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত কম সুদহার-এ সহজ শর্তে এসএমই খাতে ঋণ প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। সরকার সোচ্চারিত অগ্রাধিকার খাতের (Thrust sector) জন্য রয়েছে কম সুদে অর্থায়নের নীতিমালা। এছাড়াও দেশের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে কম সুদ হার-এ অর্থায়ন করা হচ্ছে বিভিন্ন বণ্ণানি সংশ্লিষ্ট কর্মকাণ্ডে।

### কৃষি/পল্লী ঋণ কর্মসূচি

দেশের অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে সোনালী ব্যাংক লিমিটেড ১৯৭০-৭৪ সাল থেকে পল্লী এলাকায় কৃষি/পল্লী ঋণ প্রদান করে আসছে। ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ব্যাংকের কৃষি/পল্লী ঋণের বর্তমান বকেয়ার পরিমাণ ১৮৯৩০ মিলিয়ন টাকা, যার উল্লেখযোগ্য অংশ শস্য, কৃষিজাত পণ্য উৎপাদন এবং গ্রামীণ ক্ষুদ্র চাষীদের আয় উৎসারী কাজে ব্যবহৃত হচ্ছে। ব্যাংকের মোট ১১৭৯টি শাখার (২টি বৈদেশিক শাখা বাদে) মধ্যে ৭০৭টি শাখার মাধ্যমে সারাদেশে ১৬০৯টি ইউনিয়নে কৃষি/পল্লী ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের কৃষি/পল্লী ঋণ গ্রহীতাদের সংখ্যা ১.০ মিলিয়ন। এ ঋণ কর্মসূচি/প্রকল্পের আওতায় মূলত ক্ষুদ্র আয় উৎসারী কর্মকাণ্ডে উল্লেখযোগ্য পরিমাণ অর্থায়ন করা হয়ে থাকে। এছাড়া ১৯৭৭ সালে কৃষি ব্যাংকের পাশাপাশি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে ১০০০ মিলিয়ন টাকা বিশেষ কৃষি ঋণ কর্মসূচির আওতায় বিভিন্ন প্রকার শস্য উৎপাদনের জন্য ঋণ বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। এখাতে সোনালী ব্যাংক লিমিটেড এ পর্যন্ত ২৯৩১১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে, যার মধ্যে বর্তমানে ১৫০৯০ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে। অধিকন্তু, ১৯৭৫ সালে সুগার মিল এলাকায় নির্ধারিত আয় চাষীদের মাঝে ঋণ বিতরণের জন্য ১১টি সুগার মিল-এ ঋণ প্রদান চালু করা হয়। বর্তমানে এই খাতে ৩৯৭৪ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক খণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ, '০৯ (সাময়িক)	৩০ জুন, '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	২০৯৯০ ২০০৭৬ ৩৯৭ ৫০৭ ১০	২১৮৭৭ ১৮৯৪২ ২৬২৯ ৩০৩ ০৩	২৩৭৮৮ ২০৭৫৯ ২৭১৫ ৩১১ ০৩	২৪১৪৬ ২১০৮৩ ২৭৪০ ৩২০ ০৩
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	৩৪০১৯ ২৯৪৭৮ ৪৫৪১	৩৪০৯১ ২৯৯৩৬ ৪১৫৫	৩৪৪৭২ ৩০২৯৬ ৪১৭৬	৩৪৯২৪ ৩০৭০২ ৪২২২
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩৯৫৩৬	৪৪১৬৯	৪৪৯৫৯	৪৫৪৯৯
৪।	নির্মাণ	২০১৮	১৬৩৪	১৭২৩	১৭৬৫
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৩৯৮	১১৬০	১১৫৮	১১৫৮
৬।	পরিবহন ও যোগাযোগ	১০৭	১০৭	১০৭	১০৭
৭।	ব্যবসা-বাণিজ্য (ক) পাইকারি ও খুচরা (খ) রপ্তানি (গ) আমদানি (ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৭৮০১৬ ১৮২১৮ ৩৭৬৬১ ২৩২৭৯ ৮৫৮	৯৬০০৫ ১৮৪১৮ ৩৭০২৪ ৩৯৫২৫ ১০৩৮	৯৬৭৯৬ ১৯৩০২ ৩৬৯২৬ ৩৯৪৬৬ ১১০২	৯৮৪১৬ ১৯৭৬৬ ৩৮২০১ ৩৯৩২৭ ১১২২
৮।	দাবিদ্য বিমোচন	৩১১৭	৪৮১৯	৪৯৯৫	৫১৯০
৯।	অন্যান্য	২৭১৪৭	২৭২৩৪	২৫০০২	২৩৭৯৫
	সর্বমোট :	২০৬৩৪৮	২৩১০৯৬	২৩৩০০০	২৩৫০০০

বিশেষ বিনিয়োগ কর্মসূচি

নব্বই দশকের পূর্ব পর্যন্ত সোনালী ব্যাংক লিমিটেড-এর কৃষি/পল্লী ঋণ কর্মসূচি মূলত শস্য উৎপাদনের মধ্যেই সীমাবদ্ধ ছিল। ফেব্রুয়ারি ১৯৯৩ থেকে ব্যাংক মৎস্য চাষ, হাঁস-মুরগি, গবাদি পশু-পালন, জামদানি তাঁত শিল্পসহ বিভিন্ন কৃষি/অ-কৃষি উপ-খাতে পুঁজি বিনিয়োগে অক্ষম অথচ সম্ভাবনাময় গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের লক্ষ্যে নিবিড় তদারকিমূলক ব্যবস্থাপনায় বিশেষ বিনিয়োগ কর্মসূচি প্রবর্তন করেছে। ব্যাংকের নির্ধারিত ২৩৬টি শাখার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে ৫০,০০০ টাকা পর্যন্ত সহায়ক জামানতবিহীন ঋণ প্রদানের লক্ষ্যে এ কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত এ কর্মসূচিতে ৪০৩২৮ জন উদ্যোক্তার মাঝে ১৬৮৪ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে, যার বিপরীতে আদায়ের হার প্রায় শতকরা ৮৬ ভাগ। প্রদত্ত ঋণের প্রায় শতকরা ৫৮ ভাগ জামানতবিহীন ঋণ দেয়া হয়েছে। এই কর্মসূচির আওতায় সম্পূর্ণ ঋণ মঞ্জুরীর ক্ষমতা মাত্র পর্যায়ে ন্যূন আছে।

কৃষি ঋণের ঋণ কর্মসূচি

ক্ষুদ্র ও কুটির শিল্প এবং মাঝারি ও বৃহদায়তনের দৃষ্টি উৎপাদন, গরু

মোটাজাকরণ, মহিষ পালন, ছাগল পালন, হাঁস-মুরগি, মৎস্য খামার (সনাতনী, উন্নত ও আধা নিবিড়), চিংড়ি (গলাদা ও বাগদা) চাষ, হ্যাচারি (মৎস্য, চিংড়ি ও পোলট্রি) প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯৩ সাল হতে সোনালী ব্যাংক লিমিটেড তদারকিমূলক কৃষিজ শিল্প ঋণ কর্মসূচি প্রবর্তন করেছে। কৃষিজ শিল্প খাতে আমিষ জাতীয় খাদ্য ঘাটতি পূরণের লক্ষ্যে সম্ভাবনাময় উদ্যোক্তাদের মাঝে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন ও জাতীয় আয় বৃদ্ধিকরণই আলোচ্য কর্মসূচির মূল লক্ষ্য। এই কর্মসূচির আওতায় ব্যাংক এ পর্যন্ত ১৩০টি প্রকল্পের অনুকূলে ৮২৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী দিয়েছে।

পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি

গ্রাম অঞ্চলে হাজা-মজা জলাশয় ও পুকুর সংস্কার করে মৎস্য চাষের আওতাভুক্ত করার জন্য সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি চালু রয়েছে। ক্ষুদ্র পুকুর মালিক/অংশীদারদের ঋণ সুবিধা প্রদানের জন্য বর্তমানে সারাদেশে বিশেষ তরুণত্বপূর্ণ ২০০টি শাখাকে মনোনীত করা হয়েছে। এ খাতে সর্বোচ্চ ০.৫ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকে।

## দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি

ক) দারিদ্র্য বিমোচন, প্রোটিন ঘাটতি পূরণ, বেকারত্ব দূরীকরণ, নারী সমাজের আত্মনির্ভরশীলতা অর্জন, সর্বোপরি আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে সোনালী ব্যাংক ৭ মে ২০০২ থেকে ছাপল পালন ঋণ কর্মসূচি প্রবর্তন করে। এই কর্মসূচির আওতায় সোনালী ব্যাংক লিমিটেড ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ৪৬৭ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এছাড়া ১৯৯৪ সাল থেকে গ্রামীণ এলাকায় হাঁস-মুরগি পালন, দুগ্ধ খামার স্থাপন, মৎস্য চাষ, নার্সারি, গরু মোটাতাজাকরণ, ফলদ, বনজ ও লবণ চাষ ইত্যাদি বিভিন্ন প্রকল্পে দারিদ্র্য বিমোচন/আয়বর্ধক কর্মসূচিতে ঋণদান চালু করা হয়। বর্তমানে এ খাতে ৩০০৮ জন ঋণগ্রহীতার কাছে ব্যাংকের ৩৩৬.৫ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে। অধিকন্তু, গ্রীন হাউস অ্যাফেক্ট প্রতিরোধের নিমিত্ত ১৯৯৪ সালে বনায়ন খাতে ঋণদান কর্মসূচি চালু করা হয়। এই খাতে এ পর্যন্ত ৬.১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমানে ৭১ জন ঋণগ্রহীতার কাছে ব্যাংকের পাওনা ২.৮ মিলিয়ন টাকা।

## খ) মাইক্রো ক্রেডিট

দারিদ্র্য বিমোচন, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আরো গতিশীল ও কার্যকরভাবে পরিচালনা করার লক্ষ্যে ২০০৩ সালে মাইক্রো ক্রেডিট ডিভিশন নামে সোনালী ব্যাংক লিমিটেড-এর প্রধান কার্যালয়ে একটি পূর্ণাঙ্গ ডিভিশনের গোড়াপত্তন করা হয়। বর্তমানে মাইক্রো ক্রেডিট ডিভিশন থেকে দারিদ্র্য বিমোচনে জাতীয় পর্যায়ে বিভিন্ন ঋণ কর্মসূচিসহ সর্বমোট ৩২টি প্রকল্প/কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। এই প্রকল্প/কর্মসূচিগুলোর মধ্যে ১) ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে এনজিওদের ভূমিকা অনধীকার্য বিবেচিত হওয়ায় এনজিও-লিংকেজ হোলসেল ঋণ কর্মসূচির আওতায় ইতোমধ্যে ৬৯টি এনজিওকে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ১৯৫৪ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং এ খাতে আদায় হার প্রায় শতকরা ৯৮ ভাগ; ২) শহরাঞ্চলের মহিলাদের জন্য মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ক্রেডিট (CUMED); ৩) দেশের প্রতিবন্ধী লোকদের পুনর্বাসনের লক্ষ্যে গৃহীত প্রতিবন্ধী ঋণ কর্মসূচিও একটি স্বতন্ত্র কর্মসূচি হিসেবে পরিচালিত হয়ে আসছে; ৪) স্বনির্ভর বাংলাদেশ ও বিআরডিবি-এর মাধ্যমে পরিচালিত মানববিশ্ব ঋণ কর্মসূচি; ৫) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অর্থায়নে সারাদেশে ১৫২টি উপজেলার মাধ্যমে পরিচালিত পল্লী জীবিকায়ন প্রকল্প (আরএমপি) ঋণ কর্মসূচি; ৬) মৌলভীবাজার জেলায় বাস্তবায়িত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কর্মসূচি-উনুম; ৭) মঙ্গলকর্ণিত কুড়িগ্রাম জেলার জন্য এমএসএফএসসিআইপি দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে; ৮) ডিসেম্বর ২০০৭ সালে সিডর আক্রমণ ১২টি এলাকায় জন্য ২০,০০০ টাকা পর্যন্ত জামানতবিহীন এক বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয়েছে, এই কর্মসূচির আওতায় ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২৫৭ মিলিয়ন টাকা; এবং ৯) গ্রামীণ জনগণসহ সারা দেশের দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির লক্ষ্যে ২০০৪ সালে 'গ্রামীণ ক্ষুদ্র খামার ঋণ' ও 'গ্রামীণ ক্ষুদ্র ব্যবসা

ঋণ' কর্মসূচি নামে ২টি ঋণ কর্মসূচি চালু করা হয়েছে। এই কর্মসূচি ২টিতে ৫০,০০০ টাকা পর্যন্ত সহায়ক জামানতবিহীন ঋণ বিতরণ করা হয়। এই কর্মসূচির দ্বারা ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে যথাক্রমে ৬৮৫ মিলিয়ন ও ২৮১ মিলিয়ন টাকা এবং আদায় হয়েছে ৪৩০ মিলিয়ন ও ১৮৫ মিলিয়ন টাকা। আদায়ের হার যথাক্রমে শতকরা ৭৯ ভাগ ও ৭২ ভাগ।

২০০৮ সাল পর্যন্ত বিভিন্ন প্রকল্প/কর্মসূচির মাধ্যমে মোট ৩৫৫৭৯ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৭ সাল পর্যন্ত এর পরিমাণ ছিল ৩২৯৯৪ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৮ শেষে আদায় হয়েছে ৪৩৪৪৬ মিলিয়ন টাকা এবং ক্ষুদ্র ঋণের বকেয়ার পরিমাণ ৮৭০৪ মিলিয়ন টাকা ও আদায়ের হার শতকরা ৭৯ ভাগ।

## শ্রেণীকৃত ঋণ আদায়

৩১ ডিসেম্বর ২০০৭ এ সোনালী ব্যাংক লিমিটেডের শ্রেণীকৃত ঋণের পরিমাণ ছিল ৯২০১৩ মিলিয়ন টাকা, যা শ্রেণীকৃত ঋণের শতকরা ৪৪.৬ ভাগ। ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত শ্রেণীকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৭২২৬৫ মিলিয়ন টাকা, যা শ্রেণীকৃত ঋণের শতকরা ৩১ ভাগ। ডিসেম্বর ২০০৮ শেষে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় ১৬৫৭৪ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৬০ ভাগ। ডিসেম্বর ২০০৯ শেষে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৩২৩৭৭ মিলিয়ন টাকা।

## শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ

১) প্রধান কার্যালয় হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত শ্রেণীকৃত ঋণ আদায়ে সাংবাৎসরিক কর্মপরিকল্পনা গ্রহণ করে মঠ পর্যায়ে অর্থাৎ জিএমও/পিও/আরও/কর্পোরেট শাখায় বছরের শুরুতে প্রেরণ করা হয়েছে। এছাড়া শ্রেণীকৃত ঋণ হতে ২০০৯ সালে ৩২৩৭৭ মিলিয়ন টাকা আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

২) খেলাপি ঋণ আদায় বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে সুনির্দিষ্ট করে দায়িত্ব অর্পণ ও আদায়তবা অংক নির্দিষ্ট করে মঠ পর্যায়ে দপ্তরাদেশের মাধ্যমে নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া, প্রধান কার্যালয় হতে নির্বাহীদের মঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা আছে এবং এ দ্বারা অব্যাহত আছে।

৩) বিবি মোতাবেক সুদ মওকুফ/পুনঃতফসিলিকরণের সুবিধা প্রদানের মাধ্যমে খেলাপি ঋণ আদায় বৃদ্ধি/নিয়মিতকরণের লক্ষ্যে সময় সময় ব্যাংক হতে বিভিন্ন ই-শতেহার জারিসহ জাতীয় দৈনিকে প্রচার করা হচ্ছে। উল্লেখ্য, সম্প্রতি ৫ লাখ ও ১০ লাখ টাকা পর্যন্ত মূল ঋণ হিসেবে মঞ্জুরীকৃত/বিতরণকৃত এবং বর্তমানে মন্দ-বৃ মানে শ্রেণীকৃত ঋণগুলো সুদ মওকুফের মাধ্যমে সমন্বয়/নিষ্পত্তিকরণের লক্ষ্যে নীতিমালা সম্মিলিত ই-শতেহার জারি করা হয়েছে, যার মেয়াদ ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত বলবৎ থাকবে।

৪) ব্যাংকের বাস্তবিক সন্মেলন এবং বিভিন্ন আঞ্চলিক সন্মেলনে বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি শ্রেণীকৃত ঋণ আদায়ের পরামর্শ দেয়া হয়।

৫) শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে অবলোপন কার্যক্রম

অব্যাহত আছে।

৬) সাত্ত্বিক উপায়ে ঋণ আদায়ে কার্যতায় অর্ধঋণ আদায়ে খেলাপি ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এছাড়া মামলাকৃত ঋণ আদায়ে আদালতের বাইরে সমঝোতার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৭) শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে ৬টি রিকভারি এজেন্ট-এর সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে।

৮) ৫০টি বৃহৎ শাখার শ্রেণীকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে শাখাগুলোকে একটি বিশেষ পরিকল্পনার আওতায় আনা হয়েছে।

৯) শ্রেণীকৃত ঋণ আদায়ের অন্যান্য কৌশলের মধ্যে Meet the Borrower Programme, ঋণমেলাব আয়োজন, স্টাফ কলেজে প্রতিটি প্রশিক্ষণ কোর্সে ঋণ আদায় ও ঋণ আদায় সংক্রান্ত আইন বিষয়ক ন্যূনতম দুটি ক্লাস গ্রহণের ব্যবস্থা নেয়া হয়েছে। উপরন্তু শাখার কর্মকর্তা/কর্মচারিণী ঋণ আদায়ের বিষয়াদি যাকৈ দৈনন্দিন কাজের অংশ বিবেচনা করে সেই বিষয়ে উদ্বুদ্ধকরণের পরামর্শ দেয়া হয়েছে। মাস পর্যায়ে প্রতিটি ইউনিয়নে ন্যূনতম ২টি ঋণ আদায় ক্যাম্প আয়োজনের ব্যবস্থা করার নির্দেশ দেয়া হয়েছে।

১০) সকল নিয়ন্ত্রণকারী কার্যালয় ও শাখায় শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে টার্মফোর্স গঠন করা হয়েছে। প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন শাখাগুলোর মধ্যে বে ৩টি (তিন) শাখায় শ্রেণীকৃত ঋণের পরিমাণ বেশি সেই ৩টি শাখার শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য পিও/আরও প্রধানদের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রতি মাসে ঋণ আদায়ের সার্বিক অবস্থা পর্যালোচনা করে দিক নির্দেশনাসহ প্রত্যেক কর্পোরেট শাখা/আঞ্চলিক কার্যালয়/প্রিন্সিপাল অফিস প্রধানদের নিয়মিত ফলোআপ/মূল্যায়নপত্র দেয়া হয়।

১১) বৃহৎ অংকের (শীর্ষ ২০ খেলাপি) ঋণগ্রহীতাদের কাছ থেকে ঋণ আদায়ে দায়িত্ব ব্যাংকের মহাব্যবস্থাপকবৃন্দের মধ্যে বন্টন করে দেয়া হয়েছে। এছাড়া ২০ শীর্ষ খেলাপি ঋণ গ্রহীতাদের ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য এই বিভাগে একটি পৃথক শাখা গঠন করা হয়েছে।

১২) প্রতি মাসে ঋণ আদায়ের সার্বিক অবস্থা পর্যালোচনা করে দিকনির্দেশনাসহ প্রত্যেক কর্পোরেট শাখা/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় প্রধানকে নিয়মিত ফলোআপ/মূল্যায়নপত্র দেয়া হয়।

১৩) পাবলিক সেটরের শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া অর্ধ মন্ত্রণালয়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

১৪) শ্রেণী বিন্যাসিত ও অবলোপনকৃত ঋণ আদায়ের জন্যে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে উৎসাহ পুরস্কার নীতিমালা ২০০৮ শোষণ করা হয়েছে এবং তা অব্যাহত আছে।

১৫) শাখা পর্যায়ে ঋণ আদায়ে নিয়োজিত সকলকে যাতায়াত খরচ ও ভ্রমণ ভাতা বিল প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

## অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সোনালী ব্যাংক লিমিটেডের ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৮ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১২ ভাগ বৃদ্ধি পেয়ে ২৩১০৯৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৮ সালে কৃষি, স্বাস্থ্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত), ব্যবসা-বাণিজ্য, চলতি মূলধন অর্থাৎ, নির্মাণ, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ২১৮৭৭ মিলিয়ন টাকা, ৩৪০৯১ মিলিয়ন টাকা, ৯৬০০৫ মিলিয়ন টাকা, ৪৪১৬৯ মিলিয়ন টাকা, ১৬৩৪ মিলিয়ন টাকা, ১১৬০ মিলিয়ন টাকা এবং ১০৭ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ৪৮১৯ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

## সোনালী ব্যাংকের কম্পিউটারায়ন কার্যক্রম

আধুনিক এবং প্রতিযোগিতামূলক ব্যাংকিং প্রেক্ষাপটের সাথে সংগতি রেখে চলার জন্য পরিবর্তনশীল কম্পিউটার প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। ১৯৮৯ সাল হতে সোনালী ব্যাংক লিমিটেডের কম্পিউটারায়ন কার্যক্রম শুরু হয়। ব্যাংকের নিজস্ব প্রোগ্রামার দ্বারা প্রধান কার্যালয় পর্যায়ে আন্তঃশাখা লেনদেনের সমন্বয়, ঋণ শ্রেণীকরণ কার্যক্রম, NRAT হিসাবগুলোর মাসিক বিবরণী প্রণয়ন, কর্মকর্তা/কর্মচারির মাসিক বেতন/ভাতাদি, সরকারি হিসাব শাখার উপাত্ত প্রক্রিয়াকরণ, সকল কর্মকর্তা/কর্মচারির প্রতিভেদ ফসল হিসাব সংরক্ষণ, পার্সোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম, COB-এর তথ্য সম্পর্কিত রিপোর্ট ডিস্কেট/পেন ড্রাইভের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক প্রেরণ, স্পেশাল রিকভারি সেল-এর উপাত্ত প্রক্রিয়াকরণ, বৈদেশিক মুদ্রা লেনদেন বিবরণী, বৈদেশিক মুদ্রা বিনিময় হার, নিকাশ ঘরের কার্যক্রম এবং NOSTRO & VOSTRO Accounts, সমস্তপত্র সংক্রান্ত কার্যক্রম প্রযুক্তি কম্পিউটারায়নের ব্যবস্থা করা হয়েছে।

ব্যাংকের কেন্দ্রীয় MIS, লিগ্যাল ম্যাটার্স ডিভিশনের কার্যক্রম, যানবাহন বিভাগের কার্যক্রম, কমন সার্ভিস ডিভিশনের ইনভেন্টরি সফটওয়্যার, শাখা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের বেতন প্রদান, পত্নী ঋণ বিভাগের মাসিক প্রতিবেদন, রমনা শাখায় কেনোভোলেন্ট ফাউন্ডেশন হিসাব বিভাগের বার্ষিক সমাপনী প্রতিবেদন এবং পেনশন পেমেন্ট সিস্টেম-এর সফটওয়্যার আইটি বিভাগীয় প্রোগ্রামারগণের মাধ্যমে প্রণয়ন করে সংশ্লিষ্ট বিভাগীয়/শাখার কম্পিউটারে ইনস্টল করা হয়েছে এবং পরীক্ষামূলকভাবে পরিচালনা/ব্যবহৃত হচ্ছে।

শাখা কম্পিউটারায়ন কার্যক্রমের আওতায় বর্তমানে সোনালী ব্যাংক লিমিটেড-এর ১৯৪টি শাখা Live Operation-এ আছে। ৬১টি শাখায় ভাটা এন্ট্রি চলছে, কার্যদেয় প্রদান করা হয়েছে- ১০৪টি শাখা এবং টেকার মূল্যায়ন পর্যায়ে আছে ৩৪৫টি শাখা। ঢাকা শহরের গুরুত্বপূর্ণ ৩৩টি শাখায় Any Branch Banking (ABB) চালুর প্রক্রিয়া চলছে। ব্যাংকে ৪৫টি গুরুত্বপূর্ণ শাখায় অনলাইন রিভেল টাইম ব্যাংকিং সিস্টেম ব্যবহারের উদ্যোগ নেয়া হয়েছে।

সোনালী ব্যাংক লিমিটেডের নিজস্ব সফটওয়্যার Remittance Management System (RMS)-এর মাধ্যমে যুক্তরাজ্যস্থ সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেডের ৬টি শাখা থেকে সোনালী ব্যাংক লিমিটেডের ১৬টি শাখায়, যুক্তরাষ্ট্রস্থ Sonali Exchange Company Incorporated (SECI)-এর ৮টি বুথ হতে ব্যাংকের ১০টি শাখায় এবং মধ্যপ্রাচ্যের ৮টি এক্সচেঞ্জ কোম্পানি হতে ৫৬টি প্রিন্সিপাল অফিস / আঞ্চলিক কার্যালয়ে এবং ১০০ টি শাখায় সরাসরি E-mail-এর মাধ্যমে রেমিট্যান্স প্রেরিত হচ্ছে।

এ পর্যন্ত প্রধান কার্যালয়সহ ব্যাংকের ২১টি শাখাকে SWIFT নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। ব্যাংকের আইটি বিভাগ SWIFT ব্যবস্থায় প্রাপ্ত রেমিট্যান্স সরাসরি প্রেরণ সংক্রান্ত সফটওয়্যার প্রণয়ন করে তা বাস্তবায়ন করেছে। এছাড়া, প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ, নিয়ন্ত্রক কার্যালয় (GMO/PO/RO), কর্পোরেট শাখা এবং অন্যান্য শাখাসহ কম বেশি ১৫০টি বিভাগ/শাখা/কার্যালয়ে ইন্টারনেট সংযোগ নেয়া হয়েছে।

ইলেকট্রনিক পদ্ধতিতে আন্তর্জাতিকীয় বিভিন্ন প্রকার রেমিট্যান্স যেমন-টিটি, ডিডি, টিআরএ ইত্যাদি ইস্যু/পেমেন্ট/সংশ্লিষ্ট লেনদেন ও তা সম্বন্ধে লক্ষ্যে ব্যাংকের ৩০০টি গুরুত্বপূর্ণ শাখায় ইনস্ট্যান্ট ফিন্যান্সিয়াল রিবনসিলিয়েশন অ্যান্ড মার্কেজিং সিস্টেম (IFRMS) চালু করা হয়েছে। সরকারি লেনদেনের উপায় সম্পর্কিত রিপোর্ট প্রিন্সিপাল অফিস ও আঞ্চলিক কার্যালয় থেকে WAN এবং ই-মেইলের মাধ্যমে যথাক্রমে প্রধান কার্যালয়ের সরকারি হিসাব ও সার্ভিসেস ডিভিশন এবং সমন্বয় বিভাগে প্রেরণের সিস্টেম চালু করা হয়েছে।

Q-Cash ATM Network-এর আওতায় রমনা কর্পোরেট শাখায় এবং প্রধানমন্ত্রীর কার্যালয় শাখায় ATM কার্যক্রম চলছে। স্থানীয় কার্যালয়ে ATM স্থাপনপূর্বক কার্যক্রম শুরু করা হয়েছে। আছাবাদ কর্পোরেট শাখা, ঢাকা ক্যান্টনমেন্ট কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখায় এবং ধানমন্ডি মহিলা শাখায় ATM বুথ নির্মাণ সম্পন্ন হয়েছে। এছাড়া আরও ৯টি শাখায় ATM স্থাপনের জন্য বুথ নির্মাণ, অন্যান্য সামগ্রী ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। ১৪টি ব্যাংকের ৫৭০টি ATM বুথের সাথে শেরারড এটিএম-এর ব্যবস্থা করা হয়েছে।

## সংস্কার কর্মসূচি

সোনালী ব্যাংক লিমিটেড-এ উত্তম ব্যাংকিং ব্যবস্থার গ্রহণ (Sound Banking Practice) এবং ব্যাংকটিকে অধিকতর লাভজনক (Profitable) প্রতিষ্ঠানে উন্নীতকরণ ও ব্যাংকিং কার্যক্রম যুগোপযোগী করার জন্য সঠিক নীতিমালা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে এন্টারপ্রাইজ গ্লোব অ্যান্ড ব্যাংক মর্ডার্নাইজেশন প্রোগ্রামের (EGBMP) আওতায় জেনারেল মানেজার-এর পদমর্যাদায় ৪ জন সিনিয়র কনসাল্ট্যান্ট (ক্রেডিট, অডিট, অ্যাকাউন্টিং ও আইটি) নিয়োগ দেয়া হয়।

ইতোমধ্যে মান্যাসিক ভিত্তিতে ব্যাংকের Loan Portfolio Analysis করা হচ্ছে, যার আলোকে অন্যান্য কতিপয় পরিকল্পনা গ্রহণের কাজ চলাছে।

ব্যাংকের কার্যবলী পরিকল্পিত উপায়ে পরিচালনার জন্য ২০০৮-২০১২ মেয়াদের জন্য ব্যাংকে দীর্ঘ মেয়াদি লক্ষ্য/উদ্দেশ্য সামনে রেখে একটি Comprehensive Management Plan (Five Year Plan) প্রণয়ন করা হয়েছে এবং এর আলোকে ২০০৮ ভিত্তি বছর হিসেবে ব্যাংকের জন্য ৫ বছর মেয়াদি (২০০৯-২০১৩) একটি বিজনেস প্ল্যান প্রণয়ন চূড়ান্ত করা হচ্ছে। এছাড়া ৩২টি Key Result Area এবং Main Tasks চিহ্নিত করে ২ বছর মেয়াদি একটি Management Plan প্রণয়ন করা হয়েছে।

দেশি-বিদেশি গ্রাহক-গুস্তানুধ্যায়ীদের কাছে পরিচিত করার উদ্দেশ্যে সোনালী ব্যাংক লিমিটেডের কার্যবলীর অতি সংক্ষিপ্ত বিবরণসহ লক্ষ্য, নীতি, কৌশল সন্নিবেশিত করে একটি Profile তৈরি করা হয়েছে। এছাড়াও জনগণকে অবহিত করার জন্য প্রডাক্ট ব্রসিয়ার প্রণয়ন করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংক-এর Core Risk Management সংক্রান্ত গাইডলাইনের আলোকে মূল ঝুঁকি বিবেচনা করে প্রধান কার্যালয়ের বিভাগগুলোর নাম পরিবর্তনসহ কার্যপরিধি পুনর্বিন্যাসের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সোনালী ব্যাংক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হওয়ার প্রেক্ষিতে ব্যাংকের সার্বিক সংস্কার কর্মকাণ্ড গতিশীল করার

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বছর মেয়াদি হিসাব	স্থির মেয়াদি (DPS-15%, SDPS-8%-10%)	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৫.০০-৬.৫০	৩.৫০	৭.০০-৮.৫০	৪.৮০	২.০০-১২.৫০	১২-১৩	১১-১৭	১০.২০
২০০৮	৫.০০-৬.৫০	৪.০০	৮.০০-৯.০০	৪.৫০	২.০০-১২.৫০	১২-১৩	১১-১৭	৯.২৪
৩১মার্চ ২০০৯(সাময়িক)	৫.০০-৬.৫০	৪.০০	৮.০০-৯.০০	৪.৯২	২.০০-১২.৫০	১২-১৩	১১-১৭	৯.৮১
৩০জুন ২০০৯(প্রাক্কলিত)	৫.০০-৬.৫০	৪.০০	৮.০০-৯.২৫	৪.৯২	২.০০-১২.৫০	১২-১৩	১১-১৭	৯.৮১

লক্ষ্যে ব্যাংকের প্রশাসনিক ও ব্যবস্থাপনার যুগোপযোগী পুনর্বিন্যাসকরণের পছা উদ্ভাবনের জন্য বিভিন্ন কমিটি, টাস্ক ফোর্স, টীম কাজ করে চলেছে।

সোনালী ব্যাংক লিমিটেডের বিগত দিনের অর্জিত সাফল্যের স্বীকৃতি স্বরূপ জাতীয় পর্যায়ে অর্জিত সাফল্যের পাশাপাশি আন্তর্জাতিক পরিমণ্ডলেও সোনালী ব্যাংক লিমিটেডের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে, যার স্বীকৃতি স্বরূপ ১২ জুন ২০০৭ তারিখে সিঙ্গাপুর ভিত্তিক Asian Financial Journal "THE ASIAN BANKER" সোনালী ব্যাংক লিমিটেডকে The Best Retail Bank in Bangladesh ২০০৬-এ পুরস্কৃত করেছে। বর্তমান ব্যাংক ব্যবস্থাপনার দক্ষতা এবং প্রতিটি কর্মকর্তা/কর্মচারির নিরলস শ্রম ও একনিষ্ঠভাবে দায়িত্ব পালনের

ফলেই এ অর্জন ও ক্রমাগত সাফল্য অব্যাহত রাখা সম্ভব হয়েছে এবং এ প্রচেষ্টা সামনের দিনগুলোতে আরও জোরদার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### সুদের হার

২০০৮ সালে সরকার ঘোষিত সুদনীতির সংশোধন সামঞ্জস্য রেখে সোনালী ব্যাংক লিমিটেডের আমানতের সুদের হার সুস্বমকরণ করা হয়েছে। ৩১ মার্চ ২০০৯ সালে কৃষিভিত্তিক ঋতকে উৎসাহিত করার লক্ষ্যে সুদের হার শতকরা ২.০-১২.৫ ভাগ এবং শিল্প ও সেবা ঋতকে উৎসাহিত করার লক্ষ্যে এ ঋত সুদের হার যথাক্রমে শতকরা ১২.০-১৩.০ ভাগ এবং শতকরা ১১.০-১৭.০ ভাগ করা হয়েছে। সোনালী ব্যাংকের আমানত ও ঋণের সুদের হার সারনি-৫-এ দেয়া হলো।

## জনতা ব্যাংক লিমিটেড

জনতা ব্যাংক লিমিটেড দেশের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। ১৯৭২ সালের ব্যাংক জাতীয়করণ অধ্যাদেশ (রাষ্ট্রপতির আদেশ - ২৬) অনুযায়ী তৎকালীন ইউনাইটেড ব্যাংক লিঃ ও ইউনিয়ন ব্যাংক লিঃ -এর সমন্বয়ে জনতা ব্যাংক গঠিত হয়। রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকগুলোর সংস্কারের লক্ষ্যে সরকার ২০০৪-'০৫ সালে Enterprise Growth and Bank Modernization Project (EGBMP) হাতে নেয়। এই সংস্কার কর্মসূচির আওতায় এবং বিদ্যমান কোম্পানি আইন মোতাবেক 'জনতা ব্যাংক লিমিটেড' কোম্পানি গঠন করে জনতা ব্যাংকের ব্যবস্থাপনা এই কোম্পানির কাছে হস্তান্তর করা হয়। ১৫ নভেম্বর ২০০৭ তারিখ হতে জনতা ব্যাংক লিমিটেড -এর কার্যক্রম শুরু হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে জনতা ব্যাংক লিমিটেডের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন

টাকা ও ২৫৯৪ মিলিয়ন টাকা এবং ৪১৮২ মিলিয়ন টাকা। ২০০৮ সাল শেষে ৪টি বৈদেশিক শাখাসহ বর্তমানে ব্যাংকের মোট শাখার সংখ্যা ৮৪৯টি। এর মধ্যে, শহরায়তলে ৪৩৮টি এবং পল্লী অঞ্চলে ৪০৭টি অবস্থিত। বিদেশি শাখাগুলো সংযুক্ত আরব আমিরাতের আবুধাবী, দুবাই, শারজাহ্ ও আল-আইনে অবস্থিত। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে এ ব্যাংকের বিদেশি প্রতिसংগী (Foreign Correspondents) রয়েছে ১২০২টি।

২০০৮ সাল শেষে ব্যাংকের বিভিন্ন পর্যায়ের জনবলের সংখ্যা দাঁড়ায় ১৩৩৭৯ জন; এর মধ্যে ৭২১৪ জন কর্মকর্তা ও ৬১৬৫ জন কর্মচারি। উচ্চমান সম্পন্ন জনবল সৃষ্টির লক্ষ্যে পেশাগত ও বিষয়ভিত্তিক প্রশিক্ষণের উপর বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ২০০৮ সালে ১৯৯টি কোর্স পরিচালনার মাধ্যমে মোট ৪৪৫৮ জন কর্মকর্তা ও কর্মচারিকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০০৭



জনতা ব্যাংক লিমিটেড-এর আর্থিক সহযোগিতায় প্রতিষ্ঠিত একটি বেসরকারি হাসপাতাল।

সালে দেশে-বিদেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনারে ১৯৩ জন নির্বাহী ও কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। বিগত বছরের সাফল্যের উপর ভিত্তি করে বর্তমান বছরে ব্যাংকটিকে আরও উন্নততর পর্যায়ে এগিয়ে নেয়ার জন্য ইতোমধ্যে ২০০৯ সালের কর্মকৌশল গ্রহণ করা হয়েছে। এছাড়া ব্যাংকিং কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সাধারণ ব্যাংকিং ব্যবসার পাশাপাশি মূলধন বাজারে বিনিয়োগের উদ্দেশ্যে মার্চেন্ট ব্যাংকিং ইউনিট কার্যক্রম শুরু হয়েছে। এ ছাড়াও ইসলামি ব্যাংকিং চালুর কার্যক্রম প্রক্রিয়ান্বিত আছে। ২০০৮ সালে ব্যাংকের গুরুত্বপূর্ণ বাতাল্যের প্রায় সকল ক্ষেত্রেই ব্যবসায়িক অর্জন/সাফল্য বৃদ্ধি পেয়েছে। দক্ষ ব্যবস্থাপনা ও সক্রিয় প্রচেষ্টার মাধ্যমে ২০০৮ সালে বেকর্ড পরিমাণ মুনাফা অর্জিত হয়েছে, যার পরিমাণ ৭০০০ মিলিয়ন টাকা, যা এ যাবত সর্বোচ্চ। প্রবৃদ্ধির হার শতকরা ২৯ ভাগ; রপ্তানি ব্যবসার প্রসার, অধিক বৈদেশিক রেমিট্যান্স আহরণ এবং বৈদেশিক বিনিময় ব্যবসা থেকে উল্লেখযোগ্য পরিমাণ আয়; উপরদিকে আমানত ব্যয় হ্রাস, রপ্তানি ব্যবসা বৃদ্ধি, দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে এ অর্জন সম্ভব হয়েছে।

## আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা

২০০৮ সালে জনতা ব্যাংক লিমিটেডের আমানত ২০০৭ সালের তুলনায় ২২১৪৭ মিলিয়ন টাকা বা শতকরা ১১ ভাগ বৃদ্ধি পেয়ে ২১৮৯০২ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। এম ও ইউ (MOU)- এর বাধ্যবাধকতা সত্ত্বেও ২০০৭ সালের তুলনায় ২০০৮ সালের শেষে ঋণ স্থিতি ২০০৭ সালের ১২১২০৪ মিলিয়ন টাকা থেকে শতকরা ১৯ ভাগ বৃদ্ধি পেয়ে ১৪৪৬৭৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৮ সাল শেষে মোট বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের ৫৫৮৬৩ মিলিয়ন টাকার তুলনায় বৃদ্ধি পেয়ে ৫৭৮২৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বৃহদাংক ঋণ প্রদানের ক্ষেত্রে বিধি-নিষেধ সত্ত্বেও চলতি বছরে আমদানির পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় ৪৫৩৪৮ মিলিয়ন টাকা বা শতকরা ৫৪ ভাগ বৃদ্ধি পেয়ে ১২৯৪১৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালে রপ্তানি ব্যবসার পরিমাণ দাঁড়ায় মিলিয়ন ৮৫৪১৮ টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ১৩৫৬৩ মিলিয়ন টাকা বা শতকরা ১৯ ভাগ বেশি। ২০০৮ সালে রেমিট্যান্সের পরিমাণ ২০০৭ সালের তুলনায় ৯১৩৬ মিলিয়ন টাকা বা শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৫৯২৪ মিলিয়ন টাকায় উন্নীত

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৫৯৪	২৫৯৪	২৫৯৪	২৫৯৪
৩।	রিজার্ভ ফান্ড	২৯৫৬	৪১৮২	৪৩৮৩	৫৩০৩
৪।	আমানত	১৯৬৭৫৫	২১৮৯০২	২২৮৩৩৬	২৩৪৬৫৪
	(ক) তলবি আমানত	২৫৫৯১	৪৬২৫৩	৪৯৬৮৭	৫১০০৫
	(খ) মেয়াদি আমানত	১৭১১৬৪	১৭২৬৪৯	১৭৮৬৪৯	১৮৩৬৪৯
৫।	ঋণ ও অগ্রিম	১২১২০৪	১৪৪৬৭৮	১৫১৯২০	১৫৯৫০০
৬।	বিনিয়োগ	৫৫৮৬৩	৫৭৮২৪	৬১০০০	৬৪০০০
৭।	মোট পরিসম্পদ	২৪৩০৮৮	২৬৭১৫৭	২৭২০৫৫	২৭৫০৯৯
৮।	মোট আয়	১৮৫২২	২০৯২২	৫৮০০	১১৬২০
৯।	মোট ব্যয়	১৩৫৬০	১৩৯১৯	৩৭৮০	৭৫৬০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৯২৭০৮	২৬০৭৫৫	৭৬২৪০	১৫২৪৭০
	(ক) রপ্তানি	৭১৮৫৫	৮৫৪১৮	২৩৫০০	৪৬৯৯০
	(খ) আমদানি	৮৪০৬৫	১২৯৪১৩	৩৫৮০০	৭১৬০০
	(গ) রেমিট্যান্স	৩৬৭৮৮	৪৫৯২৪	১৬৯৪০	৩৩৮৮০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৩৮৬০	১৩৩৭৯	১৩৭১১	১৩৬৮১
	(ক) কর্মকর্তা	৭৩০৪	৭২১৪	৭৫৯৮	৭৫৮৩
	(খ) কর্মচারি	৬৫৫৬	৬১৬৫	৬১১৩	৬০৯৮
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১১৯৮	১২০২	১২০২	১২০৪
১৩।	শাখা (সংখ্যায়)	৮৪৮	৮৪৯	৮৪৯	৮৫৯
	ক) বাংলাদেশে	৮৪৪	৮৪৫	৮৪৫	৮৫৫
	খ) বিদেশে	৪	৪	৪	৪

**খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়**

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭	বিতরণ	৩০৫৭	৮২৫	১১৮০	৫২০৩১	৫৭০৯৩
	আদায়	২৫০৩	৮১০	৯১৩	৪১৬৭৮	৪৫৯০৪
২০০৮	বিতরণ	২৮৬০	২২৬৬	১০৪৫	৪৩০৪৯	৪৯২২০
	আদায়	২১০০	১২৫০	৭৮৫	৩৮২৯৫	৪২৪৩০
৩১ মার্চ ২০০৯ *	বিতরণ	১১৫০	৭০০	৩২০	১৬৬৮০	১৮৮৫০
	আদায়	৫৮০	৩৭০	২০০	১১২১০	১২৩৬০
৩০ জুন ২০০৯ **	বিতরণ	২১২০	৯০০	৫৮০	২৯১৫০	৩২৭৫০
	আদায়	১৩৬০	১১৭৫	৫০০	২৩৪১৫	২৬৪৫০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

হয়েছে। প্রবাসী বাংলাদেশীদের কর্তৃত্বিত অর্থ বৈধ পথে দ্রুত ও নিরাপদে দেশে তাদের পরিবার ও আত্মীয়-স্বজনদের কাছে হেরণের সুবিধার্থে ইতালির রোম ও মিলানে জনতা এক্সচেঞ্জ কোম্পানি এস.আর.এল (SRL) নামে জনতা ব্যাংক লিমিটেডের ১০০% মালিকানাধীন একটি পূর্ণাঙ্গ সহযোগী প্রতিষ্ঠান অত্যন্ত সূচুভাবে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। জনতা ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হলো।

**খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়**

২০০৮ সালে জনতা ব্যাংক লিমিটেড ৪৯২২০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৪২৪৩০ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৫৭০৯৩ মিলিয়ন টাকা ও ৪৫৯০৪ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে কৃষি ও শিল্প খাতে যথাক্রমে ২৮৬০ মিলিয়ন টাকা এবং ৩৩১১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ৩০৫৭ মিলিয়ন টাকা ও ২০০৫ মিলিয়ন টাকা। জনতা ব্যাংক লিমিটেডের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২-এ দেখানো হলো।

**শিল্প ঋণ মঞ্জুরী**

দেশের শিল্পায়নে জনতা ব্যাংক লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকার ভিত্তিক খাতগুলোর উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত জনতা ব্যাংক লিমিটেড ৪৬টি শিল্প প্রকল্পের জন্য মোট ৪৪৮১ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ব্যাংকটির ক্রমপঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ২৭৩৫০ মিলিয়ন টাকা, যার মধ্যে ২৭২৫৫ মিলিয়ন টাকা বা শতকরা ৯৯.৭ ভাগ মঞ্জুর করা হয়

বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৯৫ মিলিয়ন টাকা বা শতকরা ০.৩ ভাগ মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও তুটির শিল্প খাতে। জনতা ব্যাংকের শিল্প ঋণের আকারভিত্তিক অবস্থা সারণি-৩-এ প্রদত্ত হলো।

**আইসিডি কার্যক্রম**

জনতা ব্যাংক লিমিটেড শিল্প ঋণ বিভাগের মাধ্যমে যেসব খাতে অর্থায়ন করে থাকে সেগুলো নিম্নরূপঃ

- ১) বস্ত্র (স্থানীয় ও রপ্তানিমুখী), ২) খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ৩) পশু খাদ্য, ৪) অবকাঠামো উন্নয়ন, ৫) পেপার, ৬) চিকিৎসা (হাসপাতাল ও ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি), ৭) ভারী ইঞ্জিনিয়ারিং শিল্প, ৮) তথ্য প্রযুক্তি ও টেলিকমিউনিকেশন, ৯) বিদ্যুৎ উৎপাদন, ১০) সার, ১১) চামড়া ও ১২) সিমেন্ট।

**এসএমই কার্যক্রম**

অর্থনৈতিক উন্নয়নসহ দেশের বিপুল সংখ্যক মানব সম্পদের কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য নিরসনের জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের বিকল্প নেই। সরকার দারিদ্র্য বিমোচন কৌশলপত্র (PRSP) ও শিল্পনীতি ২০০৫ এবং Millennium Development Goals (MDGs)-এর আওতায় নিবিড় শ্রমদান ও কর্মসংস্থানমুখী অর্থনৈতিক উন্নয়ন এবং ২০১৫ সালের মধ্যে দারিদ্র্যের হার অর্ধেক কমিয়ে আনার লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর (SMEs) দ্রুত প্রসারের মাধ্যমে দেশকে মাঝারি আয়ের দেশে উন্নীত করার একটি রূপকল্প গ্রহণ করেছে। জনতা ব্যাংক লিমিটেড সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও জিডিপি'র কলেবর বৃদ্ধির লক্ষ্যে এসএমই খাতে শিল্প স্থাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। জনতা ব্যাংক লিমিটেড এ পর্যন্ত ক্ষুদ্র,

মাকারি ও কুটির শিল্পের ৪৫৩৯টি প্রকল্পে ৫৮৫৯ মিলিয়ন টাকা ঋণ প্রদান করেছে। এসএমই অর্থাৎ জনতা ব্যাংক লিমিটেড পণ্যকৃত হিসেবে দায়িত্ব পালন করে আসছে। ২০০৮ সালে জনতা ব্যাংক এসএমই কার্যক্রমের আওতায় যেসব ঋণে অর্থায়ন করেছে সেগুলো নিম্নরূপ :

(১) কম্পোজিট টেক্সটাইল, কম্পোজিট নিটিং, স্পিনিং, উইভিং অ্যান্ড ফিনিশিং, ডাইং, (২) এলপিগি, (৩) কৃত্রিম ফুল উৎপাদন, (৩) পুস্প চাষ, (৪) রঙানিমুখী চামড়া জাত পণ্য, (৫) রঙানিমুখী পাটজাত পণ্য, (৬) ইলেক্ট্রনিক্স এবং বৈদ্যুতিক সামগ্রী, (৭) কম্পিউটার সফটওয়্যার ও তথ্য প্রযুক্তি, (৮) সিরামিক, মেলামাইন, টাইলস, গ্লাস মিরর, (৯) মূল পাওয়ার প্রান্ট, (১০) প্রাস্টিক ও প্রাস্টিকজাত সামগ্রী, সিডি, (১১) স্বাস্থ্য, শিক্ষা, সেবা ও হোটেল, (১২) আলুমিনিয়াম সামগ্রী, (১৩) হাঁস, মুরগি, ছাগল, ভেড়া, গরু ইত্যাদির মাংস প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ, (১৪) হাঁস, মুরগি ও মৎস্য খামার, হ্যাচারি এবং ফিড মিল, (১৫) খাদ্য ও খাদ্যজাত দ্রব্য উৎপাদন, (১৬) খ্রিটিং ও প্যাকেজিং, (১৭) কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যালস, (১৮) দুগ্ধ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ, (১৯) হস্ত ও কুটির শিল্প, (২০) চা উৎপাদন ও প্রক্রিয়াকরণ, (২১) ঠোণ সার, মিশ্র সার, তুটি ইউরিয়া ইত্যাদি তৈরি ও বাজারজাতকরণ, (২১) কীটনাশক তৈরি ও (২১) ব্যায়োপেস্টিসাইড।

এছাড়া সরকারের শিল্পনীতির আওতায় ব্যাংক কর্তৃক কোনো প্রকল্প/ব্যবসা সত্তাবনামায় বিবেচিত হলে সেক্ষেত্রে ব্যাংক এসএমই ঋণ মঞ্জুর করে থাকে।

## অন্যান্য বিশেষ ঋণ কর্মসূচি

### পল্লী ঋণ ও মাইক্রো এন্টারপ্রাইজ অ্যান্ড স্পেশাল প্রোগ্রাম

ব্যাংকের ৫৫৫টি শাখার মাধ্যমে ১২৯৯টি ইউনিয়নে বিভিন্ন মৌসুমী ফসল উৎপাদন, মৎস্য চাষ, হাঁস-মুরগি ও গবাদি পশু পালন, হাটকালচার ইত্যাদি কৃষি খাতে সরাসরি ঋণ প্রদান করছে। পল্লী ঋণের আওতায় সকল স্তরের গ্রামীণ জনগোষ্ঠী যাত্রা সহজ শর্তে ঋণ সুবিধা পায় সেনিকে লক্ষ্য রেখে ব্যাংকের ঋণ নীতিমালা পুনর্বিদ্যায় করা হয়েছে। পল্লী এলাকায় কৃষি ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ২০০৮ সালে ৬৫৫০ মিলিয়ন টাকা বরাদ্দ করা হয় এবং এর বিপরীতে ৫৮৭৮ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হয়। এ প্রোগ্রামের আওতায় ব্যাংক নিম্নোক্ত কর্মসূচি চালু করেছে :

ক. দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান : ক্ষুদ্র কৃষক ও ভূমিহীন শ্রমিক উন্নয়ন প্রকল্প, স্থানীয় ঋণ কর্মসূচি, সমন্বয় ঋণ প্রকল্প, বহুমুখি ঋণ কর্মসূচি, ঘরোয়া/পরিবার ভিত্তিক ক্ষুদ্র ঋণ, শস্য উদ্যম ঋণ প্রকল্প, প্রান্তিক ও ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচি।

খ. বিশেষায়িত ঋণ কর্মসূচি : ফুল চাষ ও বাজারজাতকরণ ঋণ, বনজ ও ভেষজ উদ্ভিদের নার্সারি ঋণ, প্রতিবন্ধীদের জন্য ঋণ, নিবিড় পদ্ধতিতে ভূত্বা চাষ ঋণ, চাকরিজীবীদের জন্য ঋণ, উন্নতজাতের গাভী পালন ঋণ, ছাগল ও ভেড়া পালন ঋণ।

গ. উদ্যোক্তা উন্নয়ন ঋণ কর্মসূচি : মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ, সাইবার ক্যাফে ঋণ, ডটরস ঋণ, ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন ঋণ।

ঘ. কৃষিভিত্তিক শিল্প ঋণ কর্মসূচি: হাঁস-মুরগি, মৎস্য ও দুগ্ধ খামার এবং হ্যাচারি ঋণ, আধানিবিড় পদ্ধতিতে চিংড়ি চাষ, গবাদি পশু

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী			
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাকারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত: ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৪৫৮২ ২৭২৫৫	৫ ৯৫ ৪৫৮৭ ২৭৩৫০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর, ২০০৮ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৪৪ ৪৪৪৪	২ ৩৭ ৪৬ ৪৪৮১
ক্রমপঞ্জীকৃত: ৩১ মার্চ ২০০৯ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৪৬০১ ২৭৯০৪	৬ ১২৬ ৪৬০৭ ২৮০৩০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯*	প্রকল্প সংখ্যা পরিমাণ	১১ ৬৫০	১ ৩৪ ১২ ৬৮৪
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮ পর্যন্ত**	প্রকল্প সংখ্যা পরিমাণ	৩৩ ৩১৯১	৩ ১০০ ৩৬ ৩২৯১

\* সাময়িক, \*\* প্রাক্কলিত।

মোটিভাজাকরণ, পথ বাদা তৈরি কারখানা, বাদা প্রক্রিয়াকরণ, বিশেষায়িত হিমাধার স্থাপন।

### অন্যান্য কার্যবলী ও আন্তর্জাতিক স্বীকৃতি

অগ্রপতির শীর্ষে দ্বিতীয় বৃহত্তম সরকারি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসেবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি জাতীয় এবং রক্ষীয় স্বার্থে সাধারণ মানুষের সেবায় ও কল্যাণে জনতা ব্যাংক লিমিটেড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সামরিক-বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের বেতন/অবসর ভাতা প্রদান, বিভিন্ন প্রকার ইউটিলিটি বিল/ফি গ্রহণ ইত্যাদি ছাড়াও ছাত্রীদের উপবৃত্তি, বয়স্ক - দুগ্ধ ও বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা কল্যাণ ভাতা প্রভৃতি প্রদানের মাধ্যমে জনতা ব্যাংক লিমিটেড বিভিন্ন সমাজকল্যাণমূলক ভূমিকা পালন করে আসছে।

এছাড়া আধুনিক ব্যাংকিং-এর গতিধারায় যুগোপযোগী কর্ম পদ্ধতি গ্রহণের ফলে ব্যাংকের প্রাতিষ্ঠানিক, আর্থিক এবং ব্যবসায়িক অবস্থান দৃঢ় থেকে দৃঢ়তর হচ্ছে এবং আন্তর্জাতিক/আঞ্চলিক পরিমণ্ডলে ব্যাংকের সুনাম দিন দিন বৃদ্ধি পাচ্ছে। নিউইয়র্ক ভিত্তিক অর্থনৈতিক মাপাঙ্গিন 'গ্লোবাল ফিন্যান্স' (Global Finance) জনতা ব্যাংক লিমিটেড-কে ২০০৮ সালে বাংলাদেশের শ্রেষ্ঠ ব্যাংক হিসেবে

মনোনীত করেছে এবং Singapore Based "The Asian Banker" কর্তৃক ২০০৮ সালে জনতা ব্যাংক লিমিটেডকে 'Best Retail Bank (Bangladesh)' হিসেবে মনোনীত করেছে। এখানে উল্লেখ্য, 'গ্লোবাল ফিন্যান্স' (Global Finance) বিগত ২০০৬ ও ২০০৭ সালে বাংলাদেশের শ্রেষ্ঠ ব্যাংক হিসেবে জনতা ব্যাংক-কে পুরস্কৃত করেছে। এ ছাড়াও ব্যাংক ২০০১ হতে ২০০৫ সাল পর্যন্ত প্রতি বছর লন্ডনস্থ The Banker- Awards এবং ২০০৪ ও ২০০৫ সালে Asian Banking Award অর্জনে সমর্থ হয়। এছাড়াও ২০০৫ সালে জনতা ব্যাংক লিমিটেড International Trade Fair Awards ট্রফি লাভ করেছে।

দেশে-বিদেশে সুপরিচিত রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য ব্যাংকের মধ্যে জনতা ব্যাংক লিমিটেড শ্রেষ্ঠত্বের দাবি রাখে। বিগত বছরের সাফল্যের উপর ভিত্তি করে বর্তমান বছরে ব্যাংকটিকে আরও উন্নততর পর্যায়ে এগিয়ে নেয়ার জন্য ইতোমধ্যে ২০০৯ সালের ওয়ার্ক প্লান (Work Plan) গ্রহণ করা হয়েছে।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

জনতা ব্যাংকের উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৮ সালে কৃষি, মৎস্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বাত	২০০৭	২০০৮	৩১ মার্চ, '০৯ (সাময়িক)	৩০ জুন, '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	৬২২২ ৫৩০৮ ৭৮২ ১২৪ ৮	৬২৯৬ ৫৫৬০ ৬১১ ১১৭ ৮	৬৪৪৮ ৫৭১০ ৬১২ ১১৮ ৮	৬৪৬১ ৫৭২০ ৬১২ ১২১ ৮
২।	শিল্প (চলতি মূলধনে অর্থায়ন ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	১৪৪৮৮ ১০৭৮৫ ৩৭০৩	১৫৬৯০ ১৫৩৯৮ ২৯২	১৬৩৯৮ ১৬১২৫ ২৭৩	১৭৬২০ ১৭৩৫৬ ২৬৪
৩।	চলতি মূলধনে অর্থায়ন	২৭৩৫১	৪২৪৫০	৪২৯৮২	৪৪৫১৬
৪।	নির্মাণ	৮৪৫	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পনি সরবরাহ	৮৬৭	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৪০	-	-	-
৭।	ব্যবসা / বাণিজ্য (ক) পাইকারি ও খুচরা (খ) রপ্তানি (গ) আমদানি (ঘ) হোটেল / রেস্তোরাঁ	৪৯৬৫৩ ১৪১৬০ ১৮৫৩৭ ১৬৯৫৬ -	৪৭৩৩০ ১৪৯৬০ ১৫৬২০ ১৬৭৫০ -	৪৮৫৫০ ১৫১০০ ১৬১৫০ ১৭৩০০ -	৫০৭০০ ১৬০০০ ১৬৯৫০ ১৭৭৫০ -
৮।	দারিদ্র্য বিমোচন	১৯৯৮	২৭৯১	২৮০২	২৮০৫
৯।	অন্যান্য	১৯৭৪০	৩০১২১	৩৪৭৪০	৩৭৩৯৮
	সর্বমোট	১২১২০৪	১৪৪৬৭৮	১৫১৯২০	১৫৯৫০০

অর্থায়ন ব্যতীত), ব্যবসা-বাণিজ্য এবং চলতি মূলধন অর্থায়ন খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ৬২৯৬ মিলিয়ন টাকা, ১৫৬৯০ মিলিয়ন টাকা, ৪৭৩৩০ মিলিয়ন টাকা এবং ৪২৪৫০ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ২৭৯১ মিলিয়ন টাকা। জনতা ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

### কম্পিউটারাইজেশন/তথ্য প্রযুক্তির ব্যবহার

১৯৯০ সাল হতে জনতা ব্যাংকের শাখা কম্পিউটারাইজেশন কার্যক্রম শুরু হয়। ইতোমধ্যে দেশে ব্যাংকের গুরুত্বপূর্ণ শাখাসহ মোট ১৩৫টি শাখার কার্যক্রম লোকাল এরিয়া নেটওয়ার্কের (LAN) মাধ্যমে কম্পিউটারাইজেশনের আওতায় আনা হয়েছে। বর্তমানে ব্যাংকের ২১২টি শাখা অন-লাইনের মাধ্যমে কম্পিউটারাইজেশনের বৃহৎ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জুলাই '০৯-এর মধ্যে অধিকাংশ শাখাকে Live-এ নেয়ার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সংযুক্ত আরব আমিরাতে (UAE) আবুধাবী, দুবাই, শারজাহ ও আল-আইন-এ এই ব্যাংকের ৪টি (চার) শাখায় গ্রাহকদের সম্পূর্ণ কম্পিউটারাইজড ও অন-লাইন ব্যাংকিং সার্ভিস প্রদান করা হচ্ছে। বর্তমানে ব্যাংকে একটি IT Investment Plan বলবৎ আছে। এই পরিকল্পনায় মোট ২৩৫টি গুরুত্বপূর্ণ শাখাকে পর্যায়ক্রমে On Line Banking-এ আনার কার্যক্রম প্রাথমিক পর্যায়ে প্রক্রিয়াধীন আছে।

এ ব্যাংকে প্রবর্তিত Ready Cash Card (Debit Card)-এর সাহায্যে ২০০০ সাল থেকে গ্রাহকরা Shopping ও Utility Bill Payment -এর সুবিধা ভোগ করে আসছে। বর্তমানে ব্যাংকে Credit Card ও ATM Card দুটোই চালু আছে, গ্রাহকরা নিজেদের শাখাসহ দেশের অন্যান্য বাণিজ্যিক ব্যাংকগুলোর Shared Q-Cash Consortium-এর আওতায় মোট ১৪১টি বৃহৎ ও প্রায় সহস্রাবিক POS (Point Of Sales) -এ ATM ও Credit Card সেবা পাচ্ছে।

ইতালি রোম ও মিলানে অবস্থিত এই ব্যাংকের মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠান জনতা এক্সচেঞ্জ কোম্পানি হতে বাংলাদেশের যে কোনো ব্যাংকের শাখায় গ্রাপকের হিসাবে সর্বোচ্চ ৭২ ঘন্টার মধ্যে অর্থ জমা করার লক্ষ্যে ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) ব্যবস্থা চালু রয়েছে। এছাড়াও World Link Money Transfer S.A- 'Greece'-এর সাথেও (EFT) পদ্ধতি চালু আছে। অন্যান্য এক্সচেঞ্জ কোম্পানির সাথেও (EFT) পদ্ধতির মাধ্যমে অন্তঃমুখী বৈদেশিক রেমিট্যান্স আনার লক্ষ্যে তৎপরতা চালাচ্ছে। ইতালিতে অবস্থিত জনতা এক্সচেঞ্জ কোম্পানি ইতোমধ্যে একই Software ব্যবহার করে শ্রীলংকায় রেমিট্যান্সের কার্যক্রম বাস্তবায়ন করেছে। ফরেন রেমিট্যান্সসহ ফরেন এক্সচেঞ্জ ব্যবসা সহজীকরণ ও আধুনিকীকরণের লক্ষ্যে ইতোমধ্যে দেশ-বিদেশে মোট ১৯টি শাখায় SWIFT ব্যবস্থা চালু করা হয়েছে।

২০০০ সাল হতে www.janatabank-bd.com নামে জনতা ব্যাংকের নিজস্ব ওয়েব সাইট চালু করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্যাদিসহ নিয়োগ, টেন্ডার ও নিলাম বিজ্ঞপ্তিগুলো নিয়মিতভাবে ওয়েবসাইটে আপডেট করা হচ্ছে। গ্রাহকদের উন্নততর সেবা প্রদান করার লক্ষ্যে ২০০১ সাল হতে জনতা ব্যাংক ওয়েবসাইটে ইন্টারনেট ব্যাংকিং ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়েছে, যা জনতা ভবন কর্পোরেট শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। ব্যাংকের প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসহ, বিভাগীয় অফিস, এরিয়া অফিস, আঞ্চলিক কার্যালয় এবং গুরুত্বপূর্ণ শাখাগুলোর E-mail address ওয়েব সাইটে আপডেট করা হচ্ছে।

### সুদের হার

জনতা ব্যাংক লিমিটেডের ২০০৯ সালের মার্চ শেষে কৃষিভিত্তিক ঋণ, শিল্প ঋণ ও সেবা ঋণে সুদের হার যথাক্রমে শতকরা ২-১০ ভাগ, ১০-১২.৫ ভাগ এবং ১৩.০ ভাগ করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	খল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভরিত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভরিত গড় (Weighted Average)
২০০৭	৫-৬	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১০-১৩.৫০	৫-১৭	১৩.০০
২০০৮	৫-৬	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১১-১২.৫০	৫-১৭	১৩.০০
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)	৫-৬	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১১-১২.৫০	১৩.০০	১৩.০০
৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত)	৬.০০	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১১-১২.৫০	১৩.০০	১৩.০০

## অগ্রণী ব্যাংক লিমিটেড

বাংলাদেশ সরকার ও ব্যাংকের মধ্যে সম্পাদিত ভেডব্রস চুক্তির মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড ১৫ নভেম্বর ২০০৭ থেকে দেশের অন্যতম বৃহত্তম পাবলিক লিমিটেড কোম্পানি রূপে নতুন অভিযাত্রা শুরু করেছে। পরিবর্তিত পরিস্থিতিতে নতুন উৎসাহ ও অঙ্গীকার নিয়ে দেশের শিল্প-কারখানা, ব্যবসা-বাণিজ্য ও গ্রামীণ অর্থনীতিকে টেকসই ভিত্তির ওপর দাঁড় করার জন্য অগ্রণী ব্যাংক সকল উদ্যোগ অব্যাহত রেখেছে। অগ্রণী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকা, ২৪৮৪ মিলিয়ন টাকা এবং ৭৪৩ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংকের পরিচালনা পর্ষদ ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও সহ মোট ১১ জন পরিচালক সমন্বয়ে গঠিত। পরিচালনা পর্ষদ ব্যাংকের সাময়িক নীতি নির্ধারণ করে থাকে। ডিসেম্বর ২০০৮ পর্যন্ত দেশব্যাপী ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ৮৬৭টি। এর মধ্যে ৪৪৮টি শাখা শহরকেন্দ্রিক

ও অবশিষ্ট ৪১৯টি শাখা গ্রামাঞ্চলিক। বিদেশি প্রতিসংগী ব্যাংকের সংখ্যা ৩৮৩টি। ব্যাংকের সর্বমোট কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা ১০,৯৮৮ জন। এর মধ্যে ৬,২৯৯ জন কর্মকর্তা এবং ৪,৬৮৯ জন কর্মচারি। ২০০৮ সালে ব্যাংকের সরাসরি নিয়োগ প্রতিরায় ১৭২ জন এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক BRC নির্বাচিত ৭ জন সিনিয়র অফিসার ব্যাংকে যোগদান করে। এছাড়া, বিশ্বব্যাংকের অর্থায়নে Enterprise Growth and Bank Modernization Project-এর আওতায় প্রধান কার্যালয়ের ঋণ, নিরীক্ষা, তথ্য প্রযুক্তি এবং হিসাব- এই চার ক্ষেত্রে জরুরি ভিত্তিতে মহাব্যবস্থাপক পদমর্যাদার পরামর্শক নিয়োগ, ব্যাংকের জন্য ১ জন সার্বজনিক আইন উপদেষ্টা নিয়োগ, ব্যাংকের সরাসরি প্রক্রিয়ায় ৫২৬ জন অফিসার ও BRC কর্তৃক ৩০০ জন অফিসার (ক্যাশ) নিয়োগ এবং নগদ অর্থ আনা-নেয়া ও শাখার সার্বিক নিরাপত্তার লক্ষ্যে ১১২ জন আনসার নিয়োজিতকরণের বিধিমাটি



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি জুট মিলস।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৪৮৪	২৪৮৪	২৪৮৪	২৪৮৪
৩।	বিজ্ঞান ফান্ড	৮৪	৭৪৩	৭৪৩	৮৫০
৪।	আমানত	১৩২৮৫৫	১৪৬৮১৫	১৪৩২২০	১৫১৪৫৩
	ক) তলবি আমানত	৭৬৪০৪	৯২৬৯৪	৯৩০৯৩	৯৮৪৪১
	খ) মেয়াদি আমানত	৫৬৪৫১	৫৪১২১	৫০১২৭	৫৩০১২
৫।	ঋণ ও অগ্রিম	১১৮৫০০	১১৩৩৬২	১১১৫০০	১২০৭৫৫
৬।	বিনিয়োগ	২২১৯৯	২৯৩৩০	২৮৩৪৭	২৮০৮৫
৭।	মোট পরিসম্পদ	১৮৫৭৩৯	১৮৭৩২৬	১৮৭৪৭৫	১৯৭৮৬৫
৮।	মোট আয়	১৩৬৮১	১৪৯৮১	৬১০৪	১৭২১৫
৯।	মোট ব্যয়	৮৪২০	৮৬৫১	৪৯৮২	১০৫৫৭
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২০৪৮৬৪	২১১৭৪১	৪১৬১৬	১৩৯৫০০
	ক) রপ্তানি	৪৮৯১৯	৪৯৫৩৮	১৩০০০	২৭৫০০
	খ) আমদানি	১১৩৪৩১	১০৯৫১৭	২২০০০	৫০০০০
	গ) রেমিট্যান্স	৪২৫১৪	৫২৬৮৬	৬৬১৬	৬২০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১১৩৪৫	১০৯৮৮	১১০৬৩	১১৫০৪
	ক) কর্মকর্তা	৬৩৫৮	৬২৯৯	৬৪০৪	৬৮৫৬
	খ) কর্মচারি	৪৯৮৭	৪৬৮৯	৪৬৫৯	৪৬৪৮
১২।	বৈদেশি প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৪১৬	৩৮৩	৩৮৩	৪১০
১৩।	শাখা (সংখ্যায়)	৮৬৬	৮৬৭	৮৬৭	৮৭০
	ক) বাংলাদেশে	৮৬৬	৮৬৭	৮৬৭	৮৭০
	খ) বিদেশে	-	-	-	-

প্রক্রিয়াধীন আছে।

অগ্রণী ব্যাংক লিমিটেড মানব সম্পদকে সর্বশ্রেষ্ঠ সম্পদরূপে গণ্য করে। মানব সম্পদের সার্বিক উন্নয়ন ও পূর্ণাঙ্গ ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা ও কাজের গুণগত মান উৎকর্ষের লক্ষ্যে ২৪ ডিসেম্বর ১৯৭৬ সালে অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) প্রতিষ্ঠিত হয়। এখানে ৮ মে ২০০৪ সালে ৩০টি আধুনিক কম্পিউটার সজ্জিত একটি কম্পিউটার ল্যাব স্থাপিত হয়। এ ল্যাব-এ এক সংগে ৩০ জন প্রশিক্ষণার্থী তাত্ত্বিক জ্ঞান অর্থাৎ পাশাপাশি কম্পিউটার পরিচালনার বুটিনাটি বিষয়ে হাতে-কলমে শিক্ষা লাভ করতে পারেন। ১৯৭৭ থেকে ২০০৮ সাল পর্যন্ত ১৫৫০টি প্রশিক্ষণ কোর্স/কর্মশালা মাধ্যমে সর্বমোট ৪৯,৫৮৫ জন কর্মকর্তা ও কর্মচারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০০৮ সালে ৯০টি কোর্স ও কর্মশালা মাধ্যমে মোট ২৭০৫ জন কর্মকর্তা ও কর্মচারির প্রশিক্ষণ লাভ করেন ও ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত ৭টি কোর্সে ১৮৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

ব্যাংকের স্বাভাবিক কর্মপ্রবাহে পতি সঞ্চয়ের লক্ষ্যে এবিটিআই ২০০৮ সালে কিছু নতুন কোর্সসহ বিভিন্ন চাহিদাভিত্তিক প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনার আয়োজন করে। এবিটিআই আয়োজিত ৩৪

কোর্সগুলো ছাড়াও ব্যাংক ৩০৭ জন নির্বাহী/কর্মকর্তাকে বিভিন্ন কোর্সে অংশ নেয়ার জন্য প্রেরণ করে। এছাড়াও অলোচ্য বছরে বিভিন্ন বিদেশি আর্থিক প্রতিষ্ঠানের আমন্ত্রণের প্রেক্ষিতে আধুনিক ব্যাংকিং সম্পর্কে জ্ঞান অর্জনের লক্ষ্যে ব্যাংকের ১৬ জন নির্বাহী/কর্মকর্তাকে বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা/কনফারেন্স ও সিম্পোজিয়ামে অংশগ্রহণের জন্য বিদেশে প্রেরণ করা হয়।

#### আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

২০০৮ সালের ডিসেম্বর শেষে অগ্রণী ব্যাংক লিমিটেডের মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১৪৬৮১৫ মিলিয়ন টাকা। এর মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ৯২৬৯৪ মিলিয়ন টাকা এবং ৫৪১২১ মিলিয়ন টাকা। ২০০৮ সালের ডিসেম্বর শেষে ব্যাংক মোট ১১৩৩৬২ মিলিয়ন টাকা ঋণ ও অগ্রিম প্রদান করে এবং ১৮৭৪০ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। ডিসেম্বর ২০০৮ শেষে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ছিল ২৯৩৩০ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৮ শেষে ব্যাংকের মোট বৈদেশিক ব্যবসার পরিমাণ ২০০৭ সালের ২০৪৮৬৪ মিলিয়ন টাকার তুলনায় বৃদ্ধি পেয়ে ২১১৭৪১ মিলিয়ন

টাকার দাঁড়ায়, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ৪৯৫৩৮ মিলিয়ন টাকা, ১০৯৫১৭ মিলিয়ন টাকা ও ৫২৬৮৬ মিলিয়ন টাকা।

বিদেশে কর্মরত বাংলাদেশীদের আর্থীয়-স্বজন বা তাদের মনোনীত প্রতিনিধি যেন দেশে প্রেরিত রেমিট্যান্স-এর অর্থ স্বল্পতম সময়ে এবং সহজে পেতে পারেন সেই লক্ষ্যে অগ্রণী ব্যাংক লিমিটেড দেশজুড়ে গড়ে তুলেছে বিস্তীর্ণ নেটওয়ার্ক। এলফো ব্যাংক মধ্যাফ্রিকা, উপসাগরীয় অঞ্চল, দক্ষিণ পূর্ব এশিয়া ছাড়িয়ে ইতালি পর্যন্ত রেমিট্যান্স কার্যক্রম সম্প্রসারিত করেছে। বর্তমানে ব্যাংকের নিজস্ব ২টি সার্বস্বত্বীয় প্রতিষ্ঠানসহ ৩২টি বিদেশি ব্যাংক/এক্সচেঞ্জ হাউসের সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে দেশে সরাসরি টাকা পাঠানোর ব্যবস্থা নিশ্চিত করেছে। ৩১ জানুয়ারি ২০০২ তারিখে সিঙ্গাপুরে অগ্রণী এক্সচেঞ্জ হাউস গ্রা: লিমিটেড নামে একটি এক্সচেঞ্জ হাউস খোলা হয়, যার মাধ্যমে ২০০৮ সালে প্রায় ৫১৪৫ মিলিয়ন টাকা রেমিট্যান্স বাংলাদেশে প্রেরিত হয়। এছাড়া ২১ জানুয়ারি ২০০৪ তারিখে কুমিল্পুর কমার্স ব্যাংক, বারহাদ, কুয়ালালামপুর, মালয়েশিয়ার সাথে মালয়েশিয়া হতে রেমিট্যান্স আহরণের নিমিত্তে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে এবং ১৫ মার্চ ২০০৪ তারিখ হতে অদ্যাবধি কুমিল্পুর কমার্স ব্যাংকের মাধ্যমে মালয়েশিয়া হতে রেমিট্যান্স প্রেরণের কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া মালয়েশিয়ার মে ব্যাংক-এর সাথে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর ড্রয়িং অ্যারেঞ্জমেন্ট চুক্তি সম্পাদিত হয়েছে, যার মাধ্যমে মালয়েশিয়ার বসবাসরত বাংলাদেশীদের অর্থ দেশে প্রেরিত হচ্ছে। সম্প্রতি মালয়েশিয়ার কুয়ালালামপুরে কর্মরত বাংলাদেশীদের অর্থ দ্রুত প্রেরণের লক্ষ্যে অগ্রণী রেমিট্যান্স হাউস এসভিএম, বিএইচডি চালু করা হয়েছে। এ ব্যবস্থাদীনে ২০০৮ সালে প্রায় ২৪৭৬ মিলিয়ন টাকার রেমিট্যান্স প্রেরিত হয়েছে। উল্লেখ্য,

সরকার ঘোষিত নীতিমালার সাথে সংগতি রেখে রেমিট্যান্সের অল্প-মুখী প্রবাহ বৃদ্ধিসহ নিরাপদে ও দ্রুততম সময়ে গ্রাহক বা বেনিফি-শিয়ারীদের হিসাবে টাকা জমাকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

### খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪২৩৭২ মিলিয়ন টাকা ও ১৮৭৪০ মিলিয়ন টাকা। বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ১১৬৩ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ৫৬০২ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ৩৫৬০৭ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১১৪৬ মিলিয়ন টাকা, ৩২৭৯ মিলিয়ন টাকা ও ১৪৩১৫ মিলিয়ন টাকা। ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

### শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে অগ্রণী ব্যাংক লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকারভিত্তিক খাতগুলোর ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত অগ্রণী ব্যাংক লিমিটেড-এর ৩৭৫৮টি প্রকল্পের জন্য ক্রেমপুঞ্জীভূত ঋণের পরিমাণ দাঁড়ায় ৩৩৯১৩ মিলিয়ন টাকা। এর মধ্যে ব্যাংক কেবল ২০০৮ সালে ২৪৩টি প্রকল্পের অনুকূলে ৩৪৩৮ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। শিল্প খাতে ব্যাংক প্রদত্ত শিল্প ঋণের মধ্যে শতকরা ৪৮ ভাগ দেয়া হয়েছে বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৫২ ভাগ দেয়া হয়েছে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। সরকার ঘোষিত অগ্রাধিকার খাতসহ শিল্পের গুরুত্বপূর্ণ ৪৪টি উপ-খাতে ব্যাংক অর্থায়ন করেছে। ব্যাংকের শিল্পের

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৭							
বিতরণ	৯৪২	৯০৪	৪৩৮	১৩৪২	৩৮৯৭৩	৪১২৫৭	
আদায়	১১৩৫	১২৬৮	২২১	১৪৮৯	৭৬১৩	১০২৩৭	
২০০৮							
বিতরণ	১১৬৩	১৭১৮	৩৮৮৪	৫৬০২	৩৫৬০৭	৪২৩৭২	
আদায়	১১৪৬	১৪০৯	১৮৭০	৩২৭৯	১৪৩১৫	১৮৭৪০	
৩১ মার্চ ২০০৯*							
বিতরণ	৩৩৭	৩৭৮	৪৮৪	৮৬২	২১২১০	২২৪০৯	
আদায়	৩৩১	৩২১	৫১২	৮৩৩	৩৯২৫	৫০৮৯	
৩০ জুন ২০০৯**							
বিতরণ	৬৮৫	৭৮৬	২৪৯৬	৩২৮২	২৬৫২২	৩০৪৮৯	
আদায়	৬৫২	৬৪০	৭০১	১৩৪১	৮১৮৬	১০১৭৯	

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩  
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মেটি	
ক্রমপঞ্জীকৃতঃ ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৯৭ ১৫৮৪৩	৩৬৬১ ১৮০৭০	৩৭৫৮ ৩৩৯১৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১১ ১৬৪৪	২৩২ ১৭৯৪	২৪৩ ৩৪৩৮
ক্রমপঞ্জীকৃতঃ ৩১ মার্চ ২০০৯ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৯৯ ১৬১৮৩	৩৬৭৫ ১৮৩৯৯	৩৭৭৪ ৩৪৫৮২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	২ ৩৪০	১৪ ৩২৯	১৬ ৬৬৯
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৪ ৬৪০	২৮ ৫৭৬	৩২ ১২১৬

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেখা হলো।

অন্যান্য কর্মসূচি

দারিদ্র্য বিমোচন কর্মসূচি

অগ্রণী ব্যাংক লিমিটেড ১৯৭৭ সাল থেকে সরকারের নীতিমালার আলোকে পল্লী এলাকার বিপুল জনগোষ্ঠীকে দেশের অর্থনীতির মূল স্রোতধারার সাথে সম্পৃক্ত করে গ্রামীণ অর্থনীতিকে গতিশীল ও উজ্জীবিতকরণসহ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ২৫টি কর্মসূচি/প্রকল্পের মাধ্যমে ১০টি এনজিওসহ ৩২৮০৫৬৩ জন উদ্যোক্তাকে মোট ২৭৩৬৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং এ খাতে আদায়ের হার সন্তোষজনক।

এছাড়া অগ্রণী ব্যাংক লিমিটেড মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট (মেডু) অনুবিভাগকে এসএমই ও মাইক্রো ক্রেডিট বিভাগ নামে একটি পূর্ণাঙ্গ বিভাগে রূপান্তর করে দারিদ্র্য বিমোচনে জোরালো পদক্ষেপ গ্রহণ করেছে। এর মাধ্যমে ১৯৯৫ সাল থেকে অগ্রণী ব্যাংক লিমিটেড ও ইফদ-এর যৌথ উদ্যোগে এমপ্রয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি) প্রকল্পটি দক্ষতার সাথে পরিচালিত হয়ে আসছে। পরবর্তীতে জুলাই ২০০০ থেকে বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে অন্যান্য ৩টি পাবলিক লিমিটেড ব্যাংকের সাথে প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি চালু করেছে। বর্তমানে এ বিভাগের আওতাধীনে দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্র ব্যবসা সম্প্রসারণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এনজিওদের ঋণদানসহ ১৪টি ক্ষুদ্র ঋণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য ৩টি কর্মসূচি নিম্নরূপঃ

৩৬

এমপ্রয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি)

ইফদ ও অগ্রণী ব্যাংক লিমিটেডের অর্থায়নে ১৯৯৫-৯৬ সাল থেকে জুন ২০০০ সাল পর্যন্ত ইজিপিআরপি প্রকল্পটি বাস্তবায়িত হয়। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় তা বর্তমানে ব্যাংকের নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে। মাইক্রো এন্টারপ্রাইজ প্রতিষ্ঠা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিই হলো এই কর্মসূচির উদ্দেশ্য। প্রকল্পের আওতায় জামানতবিহীন ৭৫,০০০ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ৫ লাখ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। এছাড়া এর আওতায় এনজিওদেরও ঋণ দেয়া হয়ে থাকে। ডিসেম্বর ২০০৮ পর্যন্ত এ প্রকল্পের মাধ্যমে ৫৬৮০১ জন উদ্যোক্তাকে মোট ৪৫৩৯ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে। বিতরণকৃত ঋণের বিপরীতে এ পর্যন্ত আদায় হয়েছে ৪০৪৬ মিলিয়ন টাকা। পুঞ্জীভূত ঋণ আদায়ের হার শতকরা ৯৭ ভাগ।

প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি

বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে ২০০৩ সালে এ বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয়। প্রতিবন্ধীদের স্বাবলম্বী এবং সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল স্রোতধারায় একীভূত করার লক্ষ্যে সরকার প্রণীত এ ঋণ কর্মসূচি অগ্রণী ব্যাংক লিমিটেডের উদ্যোগে বাস্তবায়ন করা হচ্ছে। শারীরিকভাবে পঙ্গু কিন্তু বুদ্ধিমান ও স্বাবলম্বী ক্ষেত্রে পারদর্শী প্রতিবন্ধীরা এককভাবে বা পরিবারের কোনো যোগ্য সদস্যের সাথে যৌথভাবে এ ঋণ গ্রহণ করতে পারেন। ডিসেম্বর ২০০৮ পর্যন্ত মোট ঋণ বিতরণ করা হয়েছে ২৩ মিলিয়ন টাকা এবং আদায় করা হয়েছে ১৮ মিলিয়ন টাকা।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	মার্চ ৩১, '০৯ (সাময়িক)	জুন ৩০, '০৯ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৫৮৮৩ ৪৫৯৫ ৮১৪ ৪৭২ ২	৬৪৫৫ ৫২১৯ ৮৪৩ ৩৯১ ২	৬৫১২ ৫৩৪২ ৮৬৭ ৩০১ ২	৬৫৯৩ ৫৩৭৯ ৮৯৯ ৩১৩ ২
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	২৩০৭৯ ১১১৫১ ১১৯২৮	২২১৫৫ ১২৪৩৯ ৯৭১৬	২৩২৬৯ ১৩০৬১ ১০২০৮	২৪৪২৯ ১৩৭১৪ ১০৭১৫
৩।	চলতি মূলধন অর্থাৎ	২২৪২০	২২৮৩৭	২৩০৮২	২৩২০১
৪।	নির্মাণ	৭২০৯	৭৫১২	৭৭২৭	৭৯৫৮
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	০	০	০	০
৬।	পরিবহন ও যোগাযোগ	৭৯৪	৮২৫	৮৫৭	৮৮১
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি/খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	১৩১০৭ ৫৫৫৬ ২৪৫৮ ৪৬৫৮ ৪৩৫	১৩৬৩৮ ৫৮৮১ ২৫৬২ ৪৭৫০ ৪৪৫	১৩৮৪৫ ৫৯০০ ২৬০৯ ৪৮৭৯ ৪৫৭	১৪২৩১ ৬০৫৭ ২৭১২ ৪৯৯২ ৪৭০
৮।	দারিদ্র্য বিমোচন	৩০৩৫	৪১৩১	৩৭১২	৩৬৪৩
৯।	অন্যান্য	৪২৯৭৩	৩৫৮০৯	৩২৪৯৬	৩৯৮১৯
	সর্বমোট	১১৮৫০০	১১৩৩৬২	১১১৫০০	১২০৭৫৫

মহিলাদের ঋণদান কর্মসূচি

মহিলাদের সমাজে আর্থিকভাবে প্রতিষ্ঠিত করা এবং তাদের স্বনির্ভর করার লক্ষ্যে ১৯৯৭ সালে ব্যাংকের নিজস্ব অর্থায়নে এ কর্মসূচি শুরু করা হয়। একজন মহিলা সর্বোচ্চ ১ লাখ টাকা ঋণ পেয়ে থাকেন। ডিসেম্বর ২০০৮ পর্যন্ত মোট ঋণ বিতরণ করা হয় ২২ মিলিয়ন টাকা এবং আদায় করা হয় ১৭ মিলিয়ন টাকা।

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (এসইকিউএইপি)

মাধ্যমিক স্তরে শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে ১৬ জুলাই ২০০৮ তারিখে বিশ্ব ব্যাংকের তত্ত্বাবধানে সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (এসইকিউএইপি) নামে ১২১টি উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের জন্য বিশ্ব ব্যাংক এবং অগ্রাধী ব্যাংক লিমিটেড-এর মধ্যে পার্টিসিপেশন এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। ২০০৮ সালে ১ম কিস্তি (জুলাই-ডিসেম্বর) উপবৃত্তি বাবদ এই ব্যাংকের সংশ্লিষ্ট শাখাগুলোর মাধ্যমে প্রায় ২১১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

ফিমেল সেকেন্ডারি স্টাইপেন্ড প্রজেক্ট (এফএসএসপি)

নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে সরকারের অর্থায়নে পরিচালিত ফিমেল সেকেন্ডারি স্টাইপেন্ড প্রজেক্ট-এর আওতায় ঢাকা বিভাগের ৬২টি উপজেলাধীন ৬৪ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত প্রায় ২.৮৭ লাখ ছাত্রীর মধ্যে অগ্রাধী ব্যাংকের ৯০টি শাখার মাধ্যমে নির্ধারিত হার-এ উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ করা হচ্ছে। ২০০৮ সালে বিতরণকৃত অর্থের পরিমাণ প্রায় ২৫১ মিলিয়ন টাকা।

গ্রাইমারি এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (পিইএসপি)

প্রাথমিক স্তর থেকে নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের আওতায় ২০০৮ সালে ৪৫৪ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়, এর মধ্যে ৫৩টি উপজেলার ৫২টি শাখার মাধ্যমে ৪৫৩ মিলিয়ন টাকা ৫.০৩ লাখ ছাত্রীর মধ্যে বিতরণ করা হয়েছে।

হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (এইচএসএফএসপি)

উচ্চ মাধ্যমিক পর্যায়ের নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (এইচএসএফএসপি)-এর আওতায় ২০০৮ সালে ১৬৫ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়। এর মধ্যে ১৩৭টি

উপজেলার ১১৩টি শাখার মাধ্যমে ০.৮৮ লাখ ছাত্রীর মধ্যে ১৫৭ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

### সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি)

উচ্চ মাধ্যমিকে নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি)-এর আওতায় ২০০৮ সালে ৩২২ মিলিয়ন টাকা বরাদ্দ করা হয়। এর মধ্যে ২৯৫ মিলিয়ন টাকা ৫৩টি উপজেলার ৪৪টি শাখার মাধ্যমে বিতরণ করা হয়।

### বিভিন্ন প্রকার বেতন ভাতাদি/ সেবা প্রদান

২০০৮ সালে বয়স্ক ভাতা কার্যক্রমের আওতায় প্রায় ৭৬৪ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়, যা এ ব্যাংকের প্রায় ৫০০ শাখার মাধ্যমে বিতরণ কার্যক্রম সম্পাদনের পদক্ষেপ নেয়া হয়। ঢাকা বিভাগের আওতাধীন বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বেতন ভাতাদিও এ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। এছাড়া, মুক্তিযোদ্ধা সশ্রমী ভাতা, অবসরপ্রাপ্ত সামরিক ও সরকারি কর্মকর্তাদের পেনশন প্রদান ও সরকারের অত্যন্তরীণ খাদ্য শস্য সাগ্ধ হাওলা মূল্য পরিশোধ কার্যক্রমও এ ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয়।

এছাড়া ব্যাংকের নিয়মিত কর্মচারীদের টাঁদার ভিত্তিতে অগ্রণী ব্যাংক লিমিটেড কর্মচারি কল্যাণ তহবিল ট্রাস্ট গঠন করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে ব্যাংকে চাকরিরত অবস্থায় মারা যাওয়া কর্মচারির পোষাদের আর্থিক সহায়তা ও অন্যান্য কল্যাণমূলক কার্যক্রমে সাহায্য প্রদানের উদ্দেশ্যে এ তহবিল গঠিত হলেও বর্তমানে এ ট্রাস্টের কার্যক্রম আরও সম্প্রসারিত করে অবসরকালীন অনুদান, চাকরিরত অবস্থায় অসুস্থতাজনিত অগ্রিম প্রদান এবং কর্মচারীদের সন্তানদের স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য মেধাবৃত্তি প্রদান করা হয়। এ তহবিল হতে ২০০৮ সালে চাকরিরত ১৪৭ জন কর্মকর্তা/কর্মচারির অনুকূলে সুচিকিৎসার জন্য ২.৭১ মিলিয়ন টাকা ও অবসরকালীন অনুদান বাবদ ৯.৪৬ মিলিয়ন টাকাসহ সর্বমোট ১২.১৭ মিলিয়ন টাকা ৪৩৬ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রদান করা হয়। মানবিক কার্যক্রমের অংশ হিসেবে দাফন-কাফন ও শেষকৃত্যের জন্য ২০০৮ সালে এ তহবিল হতে ৪৯ জনের অনুকূলে

০.৮ মিলিয়ন টাকা অনুদান হিসেবে প্রদান করা হয় এবং ৫০৮ জন কর্মকর্তা/কর্মচারীদের পোষাদের এসএসসি/এইচএসসিতে বিশেষ ফলাফলের জন্য কল্যাণ তহবিল হতে ২.৩৪ মিলিয়ন টাকা মেধাবৃত্তি প্রদানের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন আছে।

### শ্রেণীকৃত ও মেয়াদোত্তীর্ণ ঋণ (অবলোপনসহ)-আদায় অগ্রগতি

২০০৮ সালে অগ্রণী ব্যাংক লিমিটেড শ্রেণীকৃত ঋণ বাবদ ১৩৮৯০ মিলিয়ন টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঋণ বাবদ ৪৮৫০ মিলিয়ন টাকা আদায়/নিয়মিতকরণ করেছে।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

অগ্রণী ব্যাংক লিমিটেডের ২০০৮ সালের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি নীড়ায়: কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ৬৪৫৫ মিলিয়ন টাকা; শিল্প (চলতি মূলধন অর্থায়ন পরীত) খাতে ২২১৫৫ মিলিয়ন টাকা; চলতি মূলধন অর্থায়ন খাতে ২২৮৩৭ মিলিয়ন টাকা; নির্মাণ খাতে ৭৫১২ মিলিয়ন টাকা; পরিবহন ও যোগাযোগ খাতে ৮২৫ মিলিয়ন টাকা এবং বাবসা-বাণিজ্য খাতে ১৩৬৩৮ মিলিয়ন টাকা। এছাড়া দাবিত্তা নিমোচন খাতে ঋণের স্থিতি ছিল ৪১৩১ মিলিয়ন টাকা। ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এ দেয়া হলো।

### গ্রাহক সেবা উন্নয়নে কম্পিউটার প্রযুক্তির ভূমিকা

অগ্রণী ব্যাংক লিমিটেড-এর যাবতীয় কার্যবলী দক্ষতা ও দ্রুততার সাথে আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সম্পাদন করার অভিপ্রায়ে দীর্ঘদিন ধরে নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে আসছে। শাখা কম্পিউটারাইজেশন-এর লক্ষ্য অর্জনের জন্য বিগত কয়েক বছরে ব্যাংক শাখা অটোমেশনে বিপুল অগ্রগতি সাধন করেছে। ইতোমধ্যে LAN-ভিত্তিক শাখা ব্যাংকিং সফটওয়্যারের মাধ্যমে ৮৬৭টি শাখার মধ্যে ২৫৮টি শাখাকে সজ্জিত করা হয়েছে। অবশিষ্ট সকল শাখায় কম্পিউটার বিদ্যমান আছে এবং দৈনন্দিন গুরুত্বপূর্ণ দাপ্তরিক কার্যাদি সম্পাদিত হচ্ছে। ব্যাংকের সকল শাখায় ইন্টারনেট সংযোগ স্থাপিত রয়েছে, যার মাধ্যমে তাৎক্ষণিক Foreign Remittance পরিশোধ Circular প্রেরণ ও সকল তথ্যাদি আদান-প্রদান করা হচ্ছে। যে সকল

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			ভারীত গড় (Weighted Average)
	সঞ্চয়ী হিসাব	বয়স মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	
২০০৭	৪.০০	৩.২৫	৭.০-৮.৫	৩.৯১	৮.০০	১২.০-১৪.০	১৪.০০	৯.১৮
২০০৮	৪.০০	৩.২৫	৭.০-৮.৫	৪.১৫	৮.০০	১২.০-১৪.০	১৪.০০	১০.৫৮
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)	৪.০০	৩.২৫	৮.৫-১০.৫	৪.১৫	৮.০০	১২.০-১৪.০	১৪.০০	১০.৫৮
৩০ জুন ২০০৯ (প্রাক্কিত)	৪.০০	৩.২৫	৮.৫-১০.৫	৪.১৫	৮.০০	১২.০-১৪.০	১৪.০০	১০.৫৮

শাখায় শাখা ব্যাংকিং সফটওয়্যার স্থাপন করা হয়নি, সে সকল শাখায় ইতোমধ্যে General Ledger Software ইনস্টল করা হয়েছে, যার মাধ্যমে দৈনন্দিন Statement of Affairs, Profit and Loss Accounts সম্পর্কিত তথ্যাদি Automated পদ্ধতিতে সংরক্ষিত হচ্ছে। ২০০২ সালের শেষভাগে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর নামে একটি ওয়েবসাইট খোলা হয়, যাতে ব্যাংকের উল্লেখযোগ্য সেবা, পণ্যসহ আর্থিক বিবরণী সংক্রান্ত হাল-নাগাদ তথ্যাদি সংরক্ষিত হচ্ছে। ২০০২ সালে E-Cash নামে এটিএম ব্যবস্থা চালু করা হয়, যা গ্রাহক সেবার ক্ষেত্রে একটি নতুন মাত্রা যোগ করে। এর মাধ্যমে ২৪ ঘণ্টা নগদ টাকা তোলা ও বিভিন্ন সেবা সংস্থার সব ধরনের পরিসেবা বিল পরিশোধ করার সুযোগ পাচ্ছেন গ্রাহকবৃন্দ। এটি একটি Shared ব্যবস্থা, যার সংগে সম্পৃক্ত রয়েছে ৮টি সদস্য ব্যাংক। এ সমন্বিত ব্যবস্থাবীনে বর্তমানে দেশের বিভিন্ন শহরে সদস্য

ব্যাংকগুলোর ৪০টি এটিএম বুথের মাধ্যমে এই সুবিধা চালু রয়েছে। এটিএম-এর সংখ্যা এবং এ সংক্রান্ত অন্যান্য প্রোডাক্ট সম্প্রসারণের পরিকল্পনা ব্যাংকের বিবেচনাধীন রয়েছে। এছাড়া বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে আমদানিকারক, রপ্তানিকারক এবং প্রবাসী রেমিটারদের দ্রুততম সেবা নিশ্চিত করার নিমিত্তে ব্যাংকের বৈদেশিক লেনদেনকারী বিভিন্ন শাখায় ১৪টি সুইফট স্টেশন চালু রয়েছে।

### সুদের হার

সরকার ঘোষিত সুদনীতির সাথে সামঞ্জস্য রেখে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে রেখেছে এবং আমানতের সুদের হার সুধমকরণ করা হয়েছে। বিভিন্ন প্রকার সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

## রূপালী ব্যাংক লিমিটেড

১৯৭২ সালের রাষ্ট্রপরিষ্কার ২৬ নম্বর আদেশ বলে পাকিস্তান আমলের মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এবং অস্ট্রেলেশিয়া ব্যাংক লিঃ-কে জাতীয়করণের মাধ্যমে রূপালী ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। অতঃপর ১৯৮৬ সালের ১৪ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আদেশ নং-অম/অবি/বিকে-৩/৩৩/৮৬/৩৬১ অনুসারে ব্যাংকটি রূপালী ব্যাংক লিঃ হিসেবে কার্যক্রম পরিচালনা করছে এবং এতে সরকারি ও বেসরকারি শেয়ারের অনুপাত নির্ধারণ করা হয় ৫১ : ৪৯। ২০০৮ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং বিজার্জ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭০০০ মিলিয়ন টাকা ও ১২৫০ মিলিয়ন টাকা এবং ৩১৫০ মিলিয়ন টাকা। পরিশোধিত মূলধনে সরকারি এবং বেসরকারি শেয়ারের

পরিমাণ যথাক্রমে শতকরা ৯৩ ভাগ এবং শতকরা ৭ ভাগ। ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে দেশের অভ্যন্তরে ব্যাংকের মোট শাখার সংখ্যা ছিল ৪৯২টি, যার মধ্যে ২৭২টি শাখা শহর অঞ্চলে এবং বাকি ২২০টি পল্লী অঞ্চলে অবস্থিত। পাকিস্তানের করাচী একমাত্র বৈদেশিক শাখাটি ২০০৬ সালে পাকিস্তানের একটি সিকিউরিটি কোম্পানি মেসার্স আবিফ হাবিব সিকিউরিটিজ লিঃ -এর সাথে জয়েন্ট ভেঞ্চার ব্যাংক হিসেবে ইতোমধ্যে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। ব্যাংকটির নাম হয়েছে "আবিফ হাবিব রূপালী ব্যাংক লিঃ" এবং এই ব্যাংকে রূপালী ব্যাংক লিঃ -এর শতকরা ২২ ভাগ শেয়ার রয়েছে। এছাড়া বিদেশি প্রতিসংগী ব্যাংকের সংখ্যা ১৬২টি। ২০০৮ সালের শেষে ব্যাংকটির মোট জনসম্পদের সংখ্যা দাঁড়ায় ৪২৬৯ জন, যার মধ্যে কর্মকর্তার



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি হোসিয়ারী কারখানা।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৭০০০	৭০০০	৭০০০	৭০০০
২।	পরিশোধিত মূলধন	১২৫০	১২৫০	১২৫০	১২৫০
৩।	রিজার্ভ	১০৬৬	৩১৫০	৩১৫০	৩১৫০
৪।	আমানত	৭২৮০৯	৭১৩৯৪	৭৭২৪৪	৮৩০৯৪
	(ক) তুলবি আমানত	১৪৮৮২	১৪৪৫৬	১৫৪৪৯	১৭৪৫০
	(খ) মেয়াদি আমানত	৫৭৯২৭	৫৬৯৩৮	৬১৭৯৫	৬৫৬৪৪
৫।	ঋণ ও অগ্রিম	৪৭০৮০	৪৯০৩০	৫০৯৮৫	৫২৯৩৯
৬।	বিনিয়োগ	১৪০৯১	১২৫৪৬	১৪০৪৬	১৫৫৪৬
৭।	মোট পরিসম্পদ	৮১৯২৩	৮২৩১২	৮২৩১২	৮২৩১২
৮।	মোট আয়	১০৭৩২	৫৮৫০	১৬৫৮	৩৩১৭
৯।	মোট ব্যয়	১০৩৬৯	৪৭০৫	১৩৪৬	২৬৯২
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪৫১৫১	৪৯৫১৭	১২৫৫০	২৭৫০০
	(ক) রপ্তানি	৬৩৯৯	৭২৮৪	২০০০	৪০০০
	(খ) আমদানি	১৯৮৫৭	২০৫৯০	৫১৫০	১১০০০
	(গ) রেমিট্যান্স	১৮৮৯৫	২১৬৪৩	৫৪০০	১২৫০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৪৩০	৪২৬৯	৪১৬২	৪৭৩৭
	(ক) কর্মকর্তা	২৭৪৯	২৮৩০	২৭৪৫	৩৩৩৫
	(খ) কর্মচারি	১৬৮১	১৪৩৯	১৪১৭	১৪০২
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৬২	১৬২	১৬৩	১৬৪
১৩।	শাখা (সংখ্যায়)	৪৯২	৪৯২	৪৯২	৪৯২
	(ক) দেশে	৪৯২	৪৯২	৪৯২	৪৯২
	(খ) বিদেশে	০	০	০	০

সংখ্যা ২৮৩০ জন এবং কর্মচারির সংখ্যা ১৪৩৯ জন।

## আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা

৩১ ডিসেম্বর ২০০৮-এ রূপালী ব্যাংকের মোট আমানতের পরিমাণ (মূলতর্কী হিসাবে রক্ষিত সুদ বাদে) দাঁড়ায় ৭১৩৯৪ মিলিয়ন টাকা, যা ২০০৭ সালের ৭২৮০৯ মিলিয়ন টাকার তুলনায় ১৪১৫ মিলিয়ন টাকা, শতকরা ২ ভাগ কম। ৩১ ডিসেম্বর ২০০৮-এ রূপালী ব্যাংক লিঃ-এর ঋণের স্থিতি দাঁড়ায় ৪৯০৩০ মিলিয়ন টাকায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৪ ভাগ বেশি। ৩১ ডিসেম্বর ২০০৮-এ ব্যাংকের বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১১ ভাগ হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ১২৫৪৬ মিলিয়ন টাকায়। ২০০৮ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসায়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৪৯৫১৭ মিলিয়ন টাকায়, যার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ২০৫৯০ মিলিয়ন টাকা, ৭২৮৪ মিলিয়ন টাকা ও ২১৬৪৩ মিলিয়ন টাকা। যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে শতকরা ৪ ভাগ, শতকরা ১৪ ভাগ ও শতকরা ১৫ ভাগ বেশি। ২০০৮ সালে ব্যাংকটির

কম্পিউটারাইজড শাখা ও গ্যান স্টপ শাখার সংখ্যা ছিল যথাক্রমে ৭০টি ও ৫৩টি। ২০১০ সালের মধ্যে আরও ১০০টি শাখা কম্পিউটারাইজড (গ্যান স্টপসহ) করার পরিকল্পনা রয়েছে। ২০০৮ সালে ব্যাংকটি ১১৪৫ মিলিয়ন টাকা পরিচালনপত্র মুদ্রা অর্জন করেছে, যা পূর্ববর্তী বছরে ছিল ৩৭২ মিলিয়ন টাকা। ব্যাংকটির অগ্রগতির প্রধান প্রধান বৈশিষ্ট্য সারণি-১ এ দেয়া হলো।

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে রূপালী ব্যাংক লিমিটেড সর্বমোট ৯৭২০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৮০১ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ২০০৭ সালে রূপালী ব্যাংকে মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৭১০১ মিলিয়ন টাকা ও ১৮১৪ মিলিয়ন টাকা। ২০০৮ সালে খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ৪৯৯ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ৮০৮ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ১১৩৮ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে এই খাতগুলো থেকে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায়

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	১৯৫	০	৫৭৬১	৫৭৬১	১১৪৫	৭১০১
আদায়	২১৩	৪৭০	৪৬৯	৯৩৯	৬৬২	১৮১৪
২০০৮						
বিতরণ	৪৯৯	১৪৬১	৬৬২২	৮০৮৩	১১৩৮	৯৭২০
আদায়	২০৯	১৩৮০	৫৬৯	১৯৪৯	৬৪৩	২৮০১
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	৯৮	৮৯৭	১০৫৩	১৯৫০	২৩৩	২২৮১
আদায়	৩৪	৪২১	১৪০	৫৬১	১৯১	৭৮৬
৩০ জুন ২০০৯**						
বিতরণ	৩৪৫	১৭৭৭	২১৪৮	৩৯২৫	৩৯০	৪৬৬০
আদায়	৪৬	৮৮০	২৮০	১১৬০	৩১৯	১৫২৫

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ;

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে			
সংখ্যা	১৪৩	৩৮১	৫২৪
পরিমাণ	৩৩৫১২	৭৭৭	৩৪২৮৯
০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত			
সংখ্যা	৪০	১	৪১
পরিমাণ	৪৮৮৭	৭	৪৮৯৪
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯ তারিখে			
সংখ্যা	১৪৬	৩৮১	৫২৭
পরিমাণ	৩৩৭৮২	৭৮১	৩৪৫৬৩
০১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত			
সংখ্যা	১৩	১	১৪
পরিমাণ	১৬৮২	২	১৬৮৪
০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত			
সংখ্যা	২১	২৩	৪৪
পরিমাণ	৫৯২৬	৮০	৬০০৬

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ;

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	মার্চ ৩১, '০৯ (সাময়িক)	জুন ৩০, '০৯ (প্রাকলিত)
০১।	কৃষি, মৎস্য ও বনায়ন :	১৪৮	১৫১	১৬৩	১৭২
	(ক) শস্য	১৩	১৩	১৩	১৩
	(খ) শস্য ব্যতীত	৭৩	৭২	৭৪	৭৬
	(গ) মৎস্য	৫৪	৫৯	৬৯	৭৫
	(ঘ) বনায়ন	৮	৭	৭	৮
০২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত)	১০৩২৮	১০৫৯২	১১১২০	১১৭৪০
	(ক) বৃহৎ ও মাঝারি	৯৯৩১	১০১২৩	১০৬৫০	১১২৫০
	(খ) ক্ষুদ্র ও কুটির	৩৯৭	৪৬৯	৪৭০	৪৯০
০৩।	চলতি মূলধন অর্থাৎ	১৩৩০৮	১৩৭৩৭	১৪২৫০	১৪৮০০
০৪।	নির্মাণ	০	০	০	০
০৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	০	০	০	০
০৬।	পরিবহন ও যোগাযোগ	৯১৬	৬০২	৬০৫	৬০৮
০৭।	ব্যবসা-বাণিজ্য	১৯১০৬	২০৪২৯	২১০১৫	২১৬৯৫
	(ক) পাইকারি ও খুচরা	১০৮৬৪	১২১২২	১২৫১৫	১৩০২০
	(খ) রপ্তানি	১০৩০	১০৪৫	১০৯০	১১৪০
	(গ) আমদানি	৭১৮৫	৭২৩৭	৭৩৮৫	৭৫১০
	(ঘ) হোটেল/রেস্তোরা	২৭	২৫	২৫	২৫
০৮।	দারিদ্র্য বিমোচন	৩৩২	৩৮৩	৩৯৫	৪১০
০৯।	অন্যান্য	২৯৪২	৩১৩৬	৩৪৩৭	৩৫১৪
	সর্বমোট	৪৭০৮০	৪৯০৩০	৫০৯৮৫	৫২৯৩৯

যথাক্রমে ২০৯ মিলিয়ন টাকা, ১৯৪৯ মিলিয়ন টাকা ও ৬৪৩ মিলিয়ন টাকা। রূপালী ব্যাংকের ঋণভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

**শিল্প ঋণ মঞ্জুরী**

দেশের শিল্পায়নে রূপালী ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকার ভিত্তিক ঋণভোগের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত সময়ে রূপালী ব্যাংক ৪১টি শিল্প প্রকল্পের জন্য মোট ৪৮৯৪ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ৩৪২৮৯ মিলিয়ন টাকা, যার মধ্যে ৩৩৫১২ মিলিয়ন টাকা বা শতকরা ৯৮ ভাগ মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৭৭৭ মিলিয়ন টাকা বা শতকরা ২ ভাগ মাত্র মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। রূপালী ব্যাংকের শিল্প ঋণের আকারভিত্তিক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

**শ্রেণীবিন্যাসিত ঋণ**

৩১ ডিসেম্বর ২০০৮ সালে রূপালী ব্যাংক লিঃ-এর ঋণের স্থিতি দাঁড়ায়

৪৯০৩০ মিলিয়ন টাকায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৪ ভাগ বেশি। যার মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১৫৩৪২ মিলিয়ন টাকা। অর্থাৎ মোট ঋণের মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের হার শতকরা ৩১ ভাগ। ২০০৮ সালে শ্রেণীবিন্যাসিত ঋণের হার কমিয়ে আনার লক্ষ্যে আদায় প্রচেষ্টা জোরদার করা হয়েছে এবং শ্রেণীবিন্যাসিত ঋণ আদায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়ে ৩৪৯৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যার মধ্যে নগদ আদায় হয়েছে ৫৮৩ মিলিয়ন টাকা। ফলে, ২০০৮ সালের শেষে ব্যাংকের শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের ১৮২৯৭ মিলিয়ন টাকার তুলনায় ২৯৫৫ মিলিয়ন টাকা বা শতকরা ১৬ ভাগ হ্রাস পেয়ে ১৫৩৪২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালে এই ব্যাংক কর্তৃক কোনো নতুন লোন প্রোডাক্ট চালু করা হয়নি। ২০০৬ সালে চালুকৃত 'ব্যক্তিগত ঋণ', 'পেশাজীবী ঋণ' এবং 'ক্ষুদ্র প্রতিষ্ঠানে অর্থাৎ-এর আওতায় ঋণ প্রদান অব্যাহত রয়েছে।

**অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি**

রূপালী ব্যাংক লিমিটেড প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৮ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৪ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৯০৩০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রূপালী ব্যাংকের অর্থনৈতিক

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	খল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৪.৫	২.৭৫	৬.৫-৭.৫	৪.৩৬	৯.৫	৭.০-১৩.৫	১১.০-১৩.৫	৭.১২
২০০৮	৪.৫	২.৭৫	৬.৫-৭.৫	৪.৪০	৯.৫	৭.০-১৩.৫	১১.০-১৩.৫	৭.১৬
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)	৪.৫	৩.৭৫	৭.৫-৮.৫	-	১০.০	৭.০-১৪.০	১১.০-১৪.০	-
৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত)	-	-	-	-	-	-	-	-

উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৮ সালে কৃষি, মৎস্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত), চলতি মূলধন অর্থায়ন, ব্যবসা-বাণিজ্য এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ১৫১ মিলিয়ন টাকা, ১০৫৯২ মিলিয়ন টাকা, ১৩৭৩৭ মিলিয়ন টাকা, ২০৪২৯ মিলিয়ন টাকা এবং ৬০২ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ৩৮৩ মিলিয়ন টাকা। রূপালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক

ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

#### সুদের হার

২০০৮ সালে রূপালী ব্যাংক লিঃ-এর কৃষিভিত্তিক ঋণ, শিল্প ঋণ ও সেবা ঋণে সুদের হার যথাক্রমে শতকরা ৯.৫ ভাগ, ৭.০-১৩.৫ ভাগ এবং ১১.০-১৩.৫ ভাগ করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

# স্থানীয় বেসরকারি ব্যাংক

## পূবালী ব্যাংক লিমিটেড

পূবালী ব্যাংক লিমিটেড স্বাধীনতাপূর্বকালে ইস্টার্ন মার্কেটাইল ব্যাংক লিমিটেড এবং পরবর্তী সময়ে জাতীয়করণকৃত পূবালী ব্যাংকের উত্তরাধিকারী হয়ে ১৬০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১৩৬ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৮৪ সালে বেসরকারি ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। মার্চ ২০০৯ শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০০০ মিলিয়ন ও ২৯৪০ মিলিয়ন টাকা। এ সময়ে ব্যাংকটির বিজ্ঞান ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৪৬০৭ মিলিয়ন টাকা। মার্চ ২০০৯ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা ৩৭১টিতে দাঁড়ায় এবং ৩৬৭৯ জন কর্মকর্তা ও ১৫৭৩ জন কর্মচারিসহ মোট জনশক্তির সংখ্যা ৫২৫২ জনে দাঁড়ায়।

২০০৮ সালে পূবালী ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৭৩০১৬ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২৫.৯২ ভাগ বেশি। মোট আমানতের মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ২২৩৮৯ মিলিয়ন এবং ৫০৬২৭ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ব্যাংকটির ঋণ ও অত্রিমের পরিমাণ ছিল ৫০৫৪৯ মিলিয়ন টাকা, যা বৃদ্ধি পেয়ে ২০০৮ শেষে ৬১৭৮৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ শেষে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৮৩৭৬ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংকটি মোট ১১০৯৯৫ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ যথাক্রমে ২৪৭৯৬ মিলিয়ন, ৫৮০০৯ মিলিয়ন এবং ২৮১৯০ মিলিয়ন টাকা। পূবালী



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি থাই অ্যানুমিনিয়াম ইস্টার্ন।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০০	৫০০০	৫০০০	৫০০০
২।	পরিশোধিত মূলধন	২১০০	২৯৪০	২৯৪০	২৯৪০
৩।	রিজার্ভ ফান্ড	৩৬৬৩	৪৬০৭	৪৬০৭	৫৪৮৭
৪।	মোট আমানত ক) তলবি আমানত খ) মেয়াদি আমানত	৫৭৯৮৭ ১৭৯৬৬ ৪০০২০	৭৩০১৬ ২২৩৮৯ ৫০৬২৭	৭৪৭৬৬ ২২৯২৬ ৫১৮৪০	৮০৫৩১ ২৪৬০১ ৫৫৯৩০
৫।	ঋণ ও অগ্রিম	৫০৫৩০	৬১৭৮৮	৬২৫২৮	৬৭৪০৭
৬।	বিনিয়োগ	৫৫৫৭	৮৩৭৬	৯১৫০	৯৭৮৫
৭।	মোট পরিসম্পদ	৭১৫৬১	৮৯৮৮৫	৯৪৪৬৬	৯৯০৪৬
৮।	মোট আয়	৭০৮৮	৯০০৯	২৪৬৫	৪৯৩০
৯।	মোট ব্যয়	৪৩৩৬	৫৫৬৩	১৬১৪	৩২২৭
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ক) রপ্তানি খ) আমদানি গ) রেমিট্যান্স	৯২৩৪৩ ১৯৯০৮ ৪৮৩৪৫ ২৪০৯০	১১০৯৯৫ ২৪৭৯৬ ৫৮০০৯ ২৮১৯০	৩০৫০০ ৬৫০০ ১৬০০০ ৮০০০	৬২০০০ ১৩০০০ ৩২০০০ ১৭০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়) ক) কর্মকর্তা খ) কর্মচারি	৫২৭০ ৩৬৩৩ ১৬৩৭	৫৩২১ ৩৭০৩ ১৬১৮	৫২৫২ ৩৬৭৯ ১৫৭৩	৫২৪৩ ৩৬৭০ ১৫৭৩
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৬৭	৩৬৮	৩৭৮	৩৮৩
১৩।	শাখা (সংখ্যায়) ক) বাংলাদেশে খ) বিদেশে	৩৬১ -	৩৭১ -	৩৭১ -	৩৭৫ -

ব্যাংক লিমিটেড -এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

#### ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে পূর্বালী ব্যাংক লিমিটেড-এর মোট ৬১৭৮৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৪৩৯২৯ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৫৩৮১৭ মিলিয়ন ও ৩৮২৬২ মিলিয়ন টাকা। মার্চ ২০০৯ পর্যন্ত ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৬২৫২৭ মিলিয়ন ও ৪৪৪৫৬ মিলিয়ন টাকা। পূর্বালী ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

#### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৮ সালে পূর্বালী ব্যাংক লিমিটেড ১৪৩টি শিল্প প্রকল্পে মোট ১০০৭৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, এর মধ্যে ১০৫টি বৃহৎ ও

মাঝারি শিল্পে ১০০০১ মিলিয়ন টাকা এবং ৩৮টি ক্ষুদ্র ও কৃটির শিল্পে ৭৩ মিলিয়ন টাকা। মার্চ ২০০৯ পর্যন্ত মোট ৬৪৩টি প্রকল্পে ক্রমপঞ্জীকৃত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ২৪০৯১ মিলিয়ন টাকা, এর মধ্যে ৪৩০টি বৃহৎ ও মাঝারি শিল্পে ২৩৮৯৭ মিলিয়ন টাকা এবং ২১৩টি ক্ষুদ্র ও কৃটির শিল্পে ১৯৪ মিলিয়ন টাকা। পূর্বালী ব্যাংক লিমিটেড এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

#### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

ডিসেম্বর ২০০৮ শেষে পূর্বালী ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৬১৭৮৮ মিলিয়ন টাকা। মার্চ ২০০৯ শেষে এ ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৬২৫২৮ মিলিয়ন টাকা, এর মধ্যে দারিদ্র্য বিমোচন খাতে ১৫৬ মিলিয়ন টাকা। পূর্বালী ব্যাংক লিমিটেড -এর খাতভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

## স্বাতন্ত্রিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	-	২৩৬৪	৬৭৯৫	৯১৫৯	৪৪৬৫৮	৫৩৮১৭
আদায়	৮	৯৬৫	২৫০৬	৩৪৭১	৩৪৭৮৩	৩৮২৬২
২০০৮						
বিতরণ	৪	৬১৪৪	১৭৬৬২	২৩৮০৬	৩৭৯৭৮	৬১৭৮৮
আদায়	২	১৮১১	৪৭০৩	৬৫১৪	৩৭৪১৩	৪৩৯২৯
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	৪	৬২১৮	১৭৮৭৩	২৪০৯১	৩৮৪৩২	৬২৫২৭
আদায়	১	১৮৩৩	৪৭৫৯	৬৫৯২	৩৭৮৬৩	৪৪৪৫৬
৩০ জুন ২০০৯**						
বিতরণ	৪	৬৭০৩	১৯২৬৮	২৫৯৭১	৪১৪৩২	৬৭৪০৭
আদায়	১	১৯৭৬	৫১৩০	৭১০৬	৪০৮১৭	৪৭৯২৪

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ;

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪২৮	২০২	-	৬৩০
পরিমাণ	২৩৬৩৪	১৭২	-	২৩৮০৬
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১০৫	৩৮	-	১৪৩
পরিমাণ	১০০০১	৭৩	-	১০০৭৪
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯* তারিখে				
প্রকল্প সংখ্যা	৪৩০	২১৩	-	৬৪৩
পরিমাণ	২৩৮৯৭	১৯৪	-	২৪০৯১
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২	১১	-	১৩
পরিমাণ	২৬৩	২২	-	২৮৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১০	২৫	-	৩৫
পরিমাণ	১৫০০	৭৫	-	১৫৭৫

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ;

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	ধাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	২২১ ১ ২১৯ ১ -	২৩২ ৪ ২২৮ - -	২৩২ ৪ ২২৮ - -	২৩২ ৪ ২২৮ - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৭৩৩৬ ৭২৩৭ ৯৯	৫৯৩৪ ৫৮৫৪ ৮০	৬০০৮ ৫৯২৭ ৮১	৬৪৯৩ ৬৪০৬ ৮৮
৩।	চলতি মূলধন অর্থায়ন	৬৩৯৬	১৭৬৬২	১৭৮৭৩	১৯২৬৮
৪।	নির্মাণ	১৭৬৮	২১৬২	১৮৫	২১৬
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	২৫৭	৩১৪	৩৫২	৩৫২
৬।	পরিবহন ও যোগাযোগ	৭১৬	৮৭৬	১১৫৮	১১৬৫
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	২৬০২৯ ২০০৭৬ ১৬৮৭ ৪২৬৬ -	৩১৮৩৮ ২৪৫৪৯ ২০৬৩ ৫২১৬ ১০	৩২২২০ ২৪৮৪৩ ২০৮৮ ৫২৭৯ ১০	৩৪৭৩৮ ২৬৭৮২ ২২৫০ ৫৬৯১ ১৫
৮।	দারিদ্র্য বিমোচন	১২৬	১৫৪	১৫৬	১৬৮
৯।	অন্যান্য	৭৬৮১	২৬১৬	৪৩৪৪	৪৭৭৫
	সর্বমোট	৫০৫৩০	৬১৭৮৮	৬২৫২৮	৬৭৪০৭

পূর্বালী ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন খরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)									সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান				
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)	
২০০৭	৫.২৫	৪.০০-৫.০০	৭.৫০-৯.০০	-	১০.০০	১৫.০০	১৫.০০	-	
২০০৮	৫.২৫	৪.০০-৮.০০	১১.৫০-১৩.০০	-	১০.০০	১৪.৫০	১৪.০০	-	
৩১ মার্চ ২০০৯*	৫.২৫	৪.০০-৮.০০	১১.৫০-১৩.০০	-	১০.০০	১৪.৫০	১৪.০০	-	
৩০ জুন ২০০৯**	৫.২৫	৪.০০-৭.০০	৯.০০-১০.০০	-	১০.০০	১৩.০০	১৩.০০	-	

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

## উত্তরা ব্যাংক লিমিটেড

উত্তরা ব্যাংক লিমিটেড ১৯৬৫ সালের ২৮ জানুয়ারি বেসরকারি উদ্যোগে ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন নামে প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে জাতীয়করণের পর এটি উত্তরা ব্যাংক নাম ধারণ করে। সরকারের বিরোধিতাকরণ নীতির আওতায় পুঞ্জি প্রত্যাহারপূর্বক এ ব্যাংক উত্তরা ব্যাংক লিমিটেড নামে ১৯৮৩ সালের সেপ্টেম্বর হতে বেসরকারি খাতে ব্যবসা পরিচালনার অনুমোদন লাভ করে। ১৯৮৪ সালে শেয়ার বিক্রয়ের মাধ্যমে এ ব্যাংক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর তালিকাভুক্ত প্রতিষ্ঠান হিসেবে পরিণত হয়। ২০০৪ সালে এ ব্যাংক চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর তালিকাভুক্ত হয়।

২০০৮ সালে ব্যাংকের অনুমোদিত মূলধন ১৬০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। তবে ২০০৭ সালে শতকরা ১০০ ভাগ বোনাস শেয়ার প্রদান করার ফলে ২০০৮ সালে ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ ৭৯৯ মিলিয়ন টাকায় উন্নীত হয়, যা ২০০৭ সালে ছিল ৩৯৯ মিলিয়ন টাকা।

২০০৮ সালে উত্তরা ব্যাংক লিমিটেড-এর মোট (Gross) মুনাফা গত বছরের চেয়ে শতকরা ৫৭.২৫ ভাগ বৃদ্ধি পায়। ২০০৮ সালে ব্যাংকের মোট আয়ের পরিমাণ ৬৩১৪ মিলিয়ন টাকা এবং মোট ব্যয়ের পরিমাণ ৪০০৮ মিলিয়ন টাকা ছিল। ২০০৭ সালে মোট আয় ও ব্যয়ের পরিমাণ ছিল যথাক্রমে ৫০২০ মিলিয়ন ও ৩৫৫৪ মিলিয়ন টাকা। বাংলাদেশ ব্যাংকের সংশোধিত নির্দেশনা মোতাবেক ডিসেম্বর ২০০৮-এর হিসাব অনুযায়ী শ্রেণীবিন্যাসিত ও অশ্রেণীকৃত ঋণ এবং অগ্রিমের জন্য আবশ্যিকীয় মোট ৬৮৫ মিলিয়ন টাকা সংরক্ষণের বিপরীতে আলোচ্য বছরে ব্যাংক ৭৯৩ মিলিয়ন টাকা সংরক্ষণ করেছে। শ্রেণীবিন্যাসিত ঋণের বিপরীতে সংরক্ষণ এবং অন্যান্য খাতে সংরক্ষণের পর আলোচ্য বছরে করপূর্ব মুনাফা দাঁড়িয়েছে ২০৯৮ কেটি টাকা। বর্তমানে মূলধন, শ্রেণীবিন্যাসিত ও অশ্রেণীকৃত ঋণ ও অগ্রিম এবং অফ ব্যালেন্সিট এক্সপোজার-এর বিপরীতে ব্যাংকের



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি বস্ত্র শিল্প কারখানা।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১৬০০	১৬০০	৩২০০
২।	পরিশোধিত মূলধন	৩৯৯	৭৯৯	৭৯৯	১৫৯৭
৩।	বিজার্ত ফান্ড	২০৫৪	২৮৯০	৩১৮০	৩৪৫০
৪।	মোট আমানত	৪৩৫৮৬	৫০৮১৭	৫০৫৬৮	৫৭৯০০
	ক) তলবি আমানত	১১৯৭৮	১৩৬২৫	১৩০৯৭	১৩৬২০
	খ) মেয়াদি আমানত	৩১৬০৮	৩৭১৯২	৩৭৪৭১	৪৪২৮০
৫।	ঋণ ও অগ্রিম	২৮৪৭৭	৩৭১৪১	৩৪৫০৮	৪৪০০০
৬।	বিনিয়োগ	১৪৪৫৬	১১১৮৮	১৫০১১	১৮২২৮
৭।	মোট পরিসম্পদ	৫২৮৬০	৫৮৪৪৪	৬০৩০৬	৬২১৬৬
৮।	মোট আয়	৫০২০	৬৩১৪	২৪৬৭	৫৫০০
৯।	মোট ব্যয়	৩৫৫৪	৪০০৮	১৯৪০	৪২০০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৬৯৭৬৮	৮২২৬০	৩০২২০	৬০৪৪১
	ক) রপ্তানি	১৪৭৮৫	১৫০৪০	৫৫৯৫	১১১৯১
	খ) আমদানি	২৫৪০৮	৩১১৪৭	১০৭৮০	২১৫৬০
	গ) রেমিট্যান্স	২৯৫৭৫	৩৬০৭৩	১৩৮৪৫	২৭৬৯০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৪৭৬	৩৪৭৬	৩৪২৫	৩৫৫০
	ক) কর্মকর্তা	২৩৭২	২৩১১	২২৬২	২৩৫০
	খ) কর্মচারি	১১০৪	১১৬৫	১১৬৩	১২০০
১২।	বিদেশি প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৬৮৬	৭২০	৭২২	৭২৫
১৩।	শাখা (সংখ্যায়)	২০৭	২০৭	২০৭	২০৭
	ক) বাংলাদেশে	২০৭	২০৭	২০৭	২০৭
	খ) বিদেশে	-	-	-	-

আবশ্যকীয় সংরক্ষণের কোনো ঘাটতি নেই। ২০০৮ সালের ডিসেম্বরে উত্তরা ব্যাংক লিমিটেড-এর মোট আমানত দাঁড়ায় ৫০৮১৭ মিলিয়ন টাকা, যা ২০০৯ সালের মার্চ শেষে হ্রাস পেয়ে দাঁড়ায় ৫০৫৬৮ মিলিয়ন টাকা। ২০০৮ সালের ডিসেম্বর শেষে ব্যাংক -এর মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৩৭১৪১ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৯ শেষে হ্রাস পেয়ে ৩৪৫০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৮ সালে ব্যাংক -এর মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১১১৮৮ মিলিয়ন টাকা, যা ২০০৯ সালের মার্চ শেষে বৃদ্ধি পেয়ে ১৫০১১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালে উত্তরা ব্যাংক লিমিটেড মোট ৮২২৬০ মিলিয়ন টাকায় বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; এর মধ্যে রপ্তানি ১৫০৪০ মিলিয়ন, আমদানি ৩১১৪৭ মিলিয়ন এবং রেমিট্যান্স ৩৬০৭৩ মিলিয়ন টাকা। অন্যদিকে, ২০০৯ সালের মার্চ শেষে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় মোট ৩০২২০ মিলিয়ন টাকা; এর মধ্যে রপ্তানি ৫৫৯৫ মিলিয়ন, আমদানি ১০৭৮০ মিলিয়ন এবং রেমিট্যান্স ১৩৮৪৫ মিলিয়ন টাকা। ২০০৮ সালে উত্তরা ব্যাংক লিমিটেড করসপজেন্ট ব্যাংক ও এক্সচেঞ্জ হাউসগুলোর মাধ্যমে বৈদেশিক অর্থ প্রেরণ ব্যবসা উল্লেখযোগ্যভাবে

বাড়তে সক্ষম হয়েছে। বর্তমানে উত্তরা ব্যাংক লিমিটেডের বৈদেশিক এজেন্ট ও প্রতিনিধির মোট সংখ্যা প্রায় ৭২০ এবং ৫৯টি এক্সচেঞ্জ হাউসের মাধ্যমে ব্যাংকের বৈদেশিক বাণিজ্য পরিচালনার ব্যবস্থা রয়েছে। এর মধ্যে কাতারের দোহায় অবস্থিত এরাবিয়ান এক্সচেঞ্জ কোম্পানি, ডব্লিউএলএল নামে একটি এক্সচেঞ্জ হাউস ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। অপরদিকে, আমেরিকা ভিত্তিক আন্তর্জাতিক অর্থ প্রেরণকারী প্রতিষ্ঠান Money Gram-এর সাথে উত্তরা ব্যাংক লিমিটেড-এর সম্পাদিত চুক্তির আওতায় পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে প্রবাসীরা বাংলাদেশে টাকা পাঠাতে পারেন। প্রেরিত অর্থ স্বল্প সময়ে এবং সর্বোত্তম উপায়ে ব্যাংকের ২০৭টি শাখার মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাহকের কাছে পৌঁছে দেয়া হয়।

উত্তরা ব্যাংক লিমিটেড ২০০৩ সালের নভেম্বর থেকে প্রাইমারি ডিলার হিসেবে সরকারি ট্রেজারি বিল ও সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ইস্যু এবং ইস্যু পরবর্তী সেকেন্ডারি মার্কেটে ত্রয় বিক্রয় পরিচালনা করছে। ২০০৮ সালে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১১১৮৮ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২২.৬০ ভাগ কম।

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	৫০	২০২৬	১২২৪	৩২৫০	৯৫১৭	১২৮১৭
আদায়	-	৮৪৬	৯৭৭	১৮২৩	৭১৬৪	৮৯৮৭
২০০৮						
বিতরণ	৮৭	৩১১০	৪০১৬	৭১২৬	১৩০৩০	২০২৪৩
আদায়	৪০	২১২৭	১৭৮৮	৩৯১৫	৯৯০৫	১৩৮৬০
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	২০০	৮০০	১০০০	১৮০০	৩২০০	৫২০০
আদায়	৯০	৫৩০	৪৫০	৯৮০	২৪৫০	৩৫২০
৩০ জুন ২০০৯**						
বিতরণ	৩০০	১৫৫০	২০১০	৩৫৬০	৬৫০০	১০৩৬০
আদায়	১২০	১০০০	৮৯০	১৮৯০	৪৯০০	৬৯১০

\* সাময়িক \*\* প্রাক্কলিত।

প্রবাসী বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা স্বদেশে প্রেরণ এবং তা তাঁদের পছন্দনীয় ঋতে সঞ্চয়/বিনিয়োগে উৎসাহিত করার উদ্দেশ্যে উত্তরা ব্যাংক লিমিটেড অনিবাসী বৈদেশিক মুদ্রা মেয়াদি আমানত (NFCD), বৈদেশিক মুদ্রা চলতি আমানত (FCAD/FCAP) ও ওয়েজ আর্নর্স ডেভেলপমেন্ট বন্ড (WEDB) এবং পোর্টফোলিও বিনিয়োগের জন্য অনিবাসী বিনিয়োগ টাকা হিসাব (NRTA) ব্যাপকভাবে চালু করেছে এবং এসব তদারকির জন্য প্রধান কার্যালয়ে হোম রেমিট্যান্স সেল (HRC) রয়েছে। যে কোনো বাংলাদেশী নাগরিক ভ্রমণকালে বৈধ উপায়ে যে কোনো উৎস থেকে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা এবং ভ্রমণ কোটা থেকে উদ্ধৃত বৈদেশিক মুদ্রা দ্বারা নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরা ব্যাংকের অনুমোদিত ডিলার শাখাগুলোতে রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব (RFCD) খুলতে পারেন। ইতোমধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড প্রবাসী বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ অতি সহজে ও দ্রুততার সাথে দেশে প্রেরণের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে গ্রাহকদের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। ২০০৮ সালে রেমিট্যান্সের পরিমাণ ছিল ৩৬০.৭৩ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ২৯৫.৭৫ মিলিয়ন টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধির হার দাঁড়িয়েছে শতকরা ২১.৯৭ ভাগ। যুগের সাথে তাল মিলিয়ে এ ব্যাংক অন্তর্মুখী রেমিট্যান্সের ক্ষেত্রে “এক্সপ্রেস পেমেন্ট স্কীম” নামে একটি প্রকল্প চালু করেছে। এর অধীনে গ্রাহকের অ্যাকাউন্ট এ ব্যাংকে পরিচালিত হলে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে প্রেরিত অর্থ প্রাপ্তির দু’ঘণ্টার মধ্যে গ্রাহকের অ্যাকাউন্টে জমা নিশ্চিত করা হয়। যে সকল গ্রাহকের উত্তরা ব্যাংকে কোনো অ্যাকাউন্ট নেই তাঁদেরকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে তাঁদের পরিচিতি হিসেবে পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাংক কর্তৃক প্রদত্ত রেমিট্যান্স কার্ড, ভোটার আইডি কার্ড ও ক্রেডিট কার্ড প্রদর্শনপূর্বক বিদেশ থেকে প্রেরিত অর্থ কাউন্টারে নগদ পরিশোধের জন্য ইনস্ট্যান্ট ক্যাশ স্কীম

(Instant Cash Scheme) নামে একটি স্কীমও চালু করা হয়েছে। এছাড়াও আলোচ্য বছরে পূর্ব সমঝোতার ভিত্তিতে অর্থ প্রেরণকারী কোম্পানি কর্তৃক প্রেরিত এবং ওয়েবসাইট-এর মাধ্যমে গ্রাণ্ড কম্পিউটারে মুদ্রিত ড্রাফট ব্যাংকের আন্তর্জাতিক বিভাগ প্রাপকের ঠিকানায় পৌছানোর মাধ্যমে বৈদেশিক মুদ্রার সমপরিমাণ টাকা পরিশোধের জন্য ইনস্ট্যান্ট ড্রাফট (Instant draft) নামে একটি স্কীমও চালু রয়েছে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

২০০৮ সালে ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়িয়েছে ২০৭। বৈদেশিক বাণিজ্য দ্রুততম সেবা প্রদানের জন্য প্রধান কার্যালয় এবং প্রায় সকল শাখায় E-Mail ও Internet চালু রয়েছে। বর্তমানে ব্যাংকের আন্তর্জাতিক বিভাগসহ ৩৮টি শাখায় SWIFT -এর কার্যক্রম চালু আছে। গ্রাহকদের স্বাগতমুখ সেবা প্রদানের জন্য ২০০৮ সালে উত্তরা ব্যাংক Q-Cash, UBL-ATM ডেবিট কার্ড চালু করে, যার মাধ্যমে গ্রাহকবৃন্দ ২৪ ঘণ্টা নগদ টাকা ওঠানোর সুবিধা পাচ্ছেন। ব্যাংকের একটি নিজস্ব এটিএম বুথ রয়েছে এবং সমগ্র দেশে ১২১টি Q-Cash এটিএম বুথ এবং ব্র্যাক ব্যাংকের সকল এটিএম বুথ -এর মাধ্যমে এ সুবিধা চালু রয়েছে।

এছাড়া, ২০০৮ সালে ব্যাংক ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ ঋতে নারী উদ্যোক্তাদের অর্থায়নের উদ্দেশ্যে ক্ষুদ্র এন্টারপ্রাইজ ঋতে ঋণ প্রদানের জন্য “নারী স্বনির্ভর ঋণ প্রকল্প” নামে একটি প্রকল্প চালু করেছে।

## ঋণ বিতরণ ও আদায়

ব্যাংক যে সকল ক্ষেত্রে তার ব্যবসা সম্প্রসারণ করেছে সেগুলো প্রধানত আমদানি ও রপ্তানি, বাণিজ্যিক প্রতিষ্ঠান, স্টীল রি-রোলিং কারখানা, তৈরী পোশাক শিল্প, টেক্সটাইল, ভোজ্য তেল, সিমেন্ট

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী		সারণি-৩ (মিলিয়ন টাকায়)		
		শিল্পের আকার		
ঋণ মঞ্জুরী		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১১৮ ১৩২২৩	৪১৭১ ৪৫০০	৪২৮৯ ১৭৭২৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৩৪ ৩৪৪০	৭৫২ ৩৭৩	৭৮৬ ৩৮১৩
ক্রমপুঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯* তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২৪ ১৩৭৪৮	৪৪২১ ৪৬৭৫	৪৫৪৫ ১৮৪২৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৬ ৫২৫	২৫০ ১৩৫	২৫৬ ৬৬০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২ ১০০০	৩৯০ ২৮০	৪০২ ১২৮০

\* সাময়িক, \*\* প্রাক্কলিত।

কারখানা ইত্যাদি। ঋণ প্রদানের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের প্রাধান্য দিতে ব্যাংক কার্যকর পদক্ষেপ নিয়েছে।

লোন পোর্টফলিও'র নিরাপত্তা বিধান ও সম্পদের গুণগতমান উন্নয়নের লক্ষ্যে ঋণ কৃষি নিরূপণ, ঋণ মঞ্জুরী সিদ্ধান্ত ও ঋণ তদারকি ইত্যাদি দায়িত্ব পৃথকীকরণ-এর মাধ্যমে ব্যাংক তার ঋণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করেছে। ব্যাংক কর্তৃক বিভিন্ন ক্ষেত্রে যথাযথভাবে ঋণ ও অগ্রিম প্রদান ব্যাংকের ভারসাম্যপূর্ণ ঋণ পোর্টফলিও'র অন্যতম বৈশিষ্ট্য। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭১২৬ মিলিয়ন টাকা ও ৩৯১৫ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৩২৫০ মিলিয়ন টাকা ও ১৮২৩ মিলিয়ন টাকা। ২০০৯ সালের প্রথম ৩ মাসে এ ব্যাংক মোট ১৮০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ৯৮০ মিলিয়ন টাকা ঋণ আদায় করে।

সম্পদের উচ্চমান বজায় রাখার জন্য ব্যাংক সদা সচেতন রয়েছে। ব্যাংকের গ্রাহকদের সন্তোষজনক ব্যবসায়িক লেনদেন ও সহ-জামানতের উপর গুরুত্ব আরোপের পাশাপাশি প্রদত্ত ঋণের গুণগতমান উন্নত রাখা এবং ঋণ শ্রেণীকৃত হওয়ার প্রবণতা হ্রাস করার জন্য ঋণ তদারকি বিভাগের কার্যক্রম জোরদারকরণের ফলে ব্যাংকের মোট ঋণের তুলনায় শ্রেণীকৃত ঋণের হার গত বছরের শতকরা ১২.৪০ ভাগ থেকে হ্রাস পেয়ে ২০০৮ সালে শতকরা ৭.০৯ ভাগে দাঁড়িয়েছে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর ঋণভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি -এ দেয়া হলো।

### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৯ সালের মার্চ শেষে ব্যাংক -এর ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ১৮৪২৩ মিলিয়ন টাকা, এর মধ্যে বৃহৎ ও মাঝারি ৫২

শিল্পে ১৩৭৪৮ মিলিয়ন টাকা এবং ক্ষুদ্র ও কুটির শিল্পে ৪৬৭৫ মিলিয়ন টাকা। এছাড়া, শিল্প খাতে মেশিনারিজ ক্রয়ে সহায়তা দানের জন্য লীজ ফাইন্যান্সিং (Lease Financing) নামে বিশেষ প্রকল্প চালু রয়েছে, এই খাতে স্থিতির পরিমাণ দাঁড়িয়েছে ৩১৭ মিলিয়ন টাকা। ২০০৮ সাল পর্যন্ত ব্যাংক সিডিকেশন ফাইন্যান্সে ফ্যাক্টর ও নন-ফ্যাক্টর সুবিধা হিসেবে ৩৮১৬ মিলিয়ন টাকা অনুমোদন করেছে এবং এই ঋণ হিসাবে বছর শেষে স্থিতি দাঁড়িয়েছে ২৫৬২ মিলিয়ন টাকা।

ব্যাংক সিডিকেশন ফাইন্যান্সে যে সব প্রকল্পে ঋণ প্রদান করেছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো- টি এম ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড (AKTEL), ব্র্যাক, ঢাকা টেলিফোন কোং লিঃ, ব্যাংকস্ টেল লিঃ, বিএসআরএম স্টীলস্ লিমিটেড, গ্রামীণ ফোন লিমিটেড, ওয়ারিদ টেলিকম লিমিটেড, সেবা টেলিকম লিমিটেড, তেজগার ক্যাপিটাল এনার্জি লিমিটেড, আকবর কম্পোজিট লিমিটেড, রাইজিং স্পিনিং লিমিটেড, মালম্ব হোল্ডিং লিমিটেড, বঙ্গ বিল্ডার্স লিমিটেড ইত্যাদি। ব্যাংক সিডিকেশন ফাইন্যান্সে অংশগ্রহণকারী হিসেবেও কাজ করেছে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

২০০৮ সালের ডিসেম্বর শেষে উত্তরা ব্যাংক লিমিটেড -এর বিশেষ ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ ছিল ৩৬৫৭ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৯ শেষে ১০৯৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

দেশের শহর ও গ্রামের স্বল্প আয়ের লোকদের প্রয়োজন নিরসনে এবং বেকার যুবক ও যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্তে বেশ কিছু বিশেষ ঋণদান কর্মসূচি আলোচ্য বছরেও অব্যাহত রয়েছে। বিত্তহীন

জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার জাগলপুর শাখার মাধ্যমে গো-দুগ্ধ উৎপাদন ও হাঁস মুরগি পালন খাতে ঋণ প্রদান করে আসছে। ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত এ খাতে ব্যাংক ২৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। এক্ষেত্রে আদায়ের হার শতকরা প্রায় ১০০ ভাগ। ১৯৯৬ সালের অক্টোবর হতে উত্তরা ব্যাংক লিমিটেড "উত্তরণ" শীর্ষক ভোগ্যপণ্য ত্রয়ে সহায়তা প্রকল্প চালু রেখেছে, যা দেশের প্রান্তিক গ্রাহকদের মাঝে দিনদিন জনপ্রিয় হচ্ছে। ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত এর আওতায় ৭৬.৫ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে আদায়ের হার শতকরা প্রায় ১০০ ভাগ। ১৯৯৯ সালের জুলাই মাসে চাকরিজীবীদের জরুরি প্রয়োজন মিটানোর লক্ষ্যে "ব্যক্তিগত ঋণ প্রকল্প" নামে

আরও একটি প্রকল্প চালু করেছে। ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত এর আওতায় ৩.৪ মিলিয়ন টাকা প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রেও আদায়ের হার শতকরা প্রায় ১০০ ভাগ। ২০০০ সালের সেপ্টেম্বর হতে উদ্যমী ক্ষুদ্র উদ্যোক্তাদের তাদের সহায়তাকল্পে "ক্ষুদ্র বাবসারী ঋণ" এবং যাদের নিজস্ব বাড়ি আছে কিন্তু অর্থাভাবে মেরামত বা সংস্কার করতে পারছে না তাদের জন্য "গৃহ সংস্কার ঋণ" নামে ২টি প্রকল্প চালু রয়েছে। ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত এ দুটি প্রকল্পের আওতায় যথাক্রমে ৩২৩.৮ এবং ৩২৫৩.৩ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। এছাড়া, ২০০৮ সালে ব্যাংক এসএমই সেটরে ১৪০.৯৬ মিলিয়ন টাকা বিনিয়োগ করেছে। অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	৬১	৭৩	৭৯	৮৭
	ক) শস্য	১৮	১৬	১৭	১৯
	খ) শস্য বাতীত অন্যান্য	২৯	৪২	৪৬	৫০
	গ) মৎস্য	১৪	১৫	১৬	১৮
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	শিল্প (চলতি মূলধন অর্ধায়ন বাতীত)	৫০১২	৬১৯২	৫৭৩৬	৭৩৩৭
	ক) বৃহৎ ও মাঝারি	৪৮৮৬	৬১৭৭	৫৭২০	৭৩২০
	খ) ক্ষুদ্র ও কুটির	১২৬	১৫	১৬	১৭
৩।	চলতি মূলধন অর্ধায়ন	২৬৪০	৪২২৪	৩৯১৪	৫০০৬
৪।	নির্মাণ	৭৪০	৫৩১	৫৭৬	৬২৯
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	স্বাস্থ্য-বাণিজ্য	১৫৪৯৫	২২০০৪	২০৩৮৭	২৬০৬২
	ক) পাইকারি ও খুচরা	১১৯৪০	১৬৩২৬	১৫১২৭	১৯৩৪০
	খ) রপ্তানি	৯৬৪	৪৭৮৫	৪৪৩৩	৫৬৭১
	গ) আমদানি	২৫৯১	৮৯৩	৮২৭	১০৫১
	ঘ) হোটেল ও রেস্টোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	৫	৭	৮	৮
৯।	অন্যান্য	৪৫২৪	৪১১০	৩৮০৮	৪৮৭১
	সর্বমোট	২৮৪৭৭	৩৭১৪১	৩৪৫০৮	৪৪০০০

**সুদের হার**

উত্তরা ব্যাংক লিমিটেড-এর আমানত ও ঋণের উপর সুদের হার (শতকরা হার) সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ফ্লু মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৮-১.৫০	৫.৫০	৮.২৫-৯.৫০	৫.১৭	১০.০০	১০.৫০-১৪.৫০	১০.৫০-১৪.৫০	১১.৫৭
২০০৮	৮-১.৫০	৫.৫০	৮.২৫-১১.৫০	৫.৭৫	১০.০০	১০.৫০-১৪.০০	১২.৫০-১৪.০০	১১.৭২
৩১ মার্চ ২০০৯*	৬.০০	৫.৫০	৯.৫০-১১.৫০	৬.১২	১০.০০	১০.৫০-১৪.০০	১২.৫০-১৪.০০	১১.৫১
৩০ জুন ২০০৯**	৬.০০	৫.৫০	৮.০০-৯.৫০	৬.১০	১০.০০	১০.০০-১৪.০০	১০.০০-১৪.০০	১১.৫৭

\* সাময়িক । \*\* প্রাক্কনিত ।

## এবি ব্যাংক লিমিটেড

এবি ব্যাংক লিমিটেড ১৯৮২ সালের ১২ এপ্রিল ২০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৮৫ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। ২০০৮ সাল শেষে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৩০০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধনের পরিমাণ ২২৩০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ২৭০৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালের শেষে ব্যাংকটির শাখা ৭২টিতে এবং মোট জনশক্তি ১৮০৪ জনে দাঁড়ায়। এ সময়ে ব্যাংকের মোট জনশক্তির ১৬০২ জন কর্মকর্তা এবং ২০২ জন কর্মচারি ছিল। ২০০৮ সালে এবি ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ৬৮৫৬০ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ৮৭৬৩ মিলিয়ন টাকা এবং মেয়াদি আমানত ৫৯৭৯৭ মিলিয়ন টাকা। মার্চ ২০০৯ শেষে ব্যাংকটির মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৭৪২৫৯ মিলিয়ন টাকা,

যার মধ্যে তলবি আমানত ১১০৭৪ মিলিয়ন টাকা এবং মেয়াদি আমানত ৬৩১৮৫ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৫৬৭০৯ মিলিয়ন টাকা; যা মার্চ ২০০৯ শেষে ৬০৮৫৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালে ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ১১০২৫৫ মিলিয়ন টাকা, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ যথাক্রমে ২৮৯৪০ মিলিয়ন টাকা, ৭০০৪০ মিলিয়ন টাকা এবং ১১২৭৫ মিলিয়ন টাকা। ২০০৯ সালের প্রথম তিন মাসে ব্যাংকটি ২৬৫১৯ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

### ঋণ বিতরণ ও আদায়

এবি ব্যাংক লিমিটেড ২০০৮ সালে ৬৮৪৩২ মিলিয়ন টাকা ঋণ



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি সিরামিক শিল্প কারখানা।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	৩০০০	৩০০০	৩২০০০
২।	পরিশোধিত মূলধন	৭৪৩	২২৩০	২২৩০	২৫৬৪**
৩।	রিজার্ভ ফান্ড	২০৭৩	২৭০৩	২৭০৩	২৭০৩
৪।	মোট আমানত	৫৩৩৭৫	৬৮৫৬০	৭৪২৫৯	৭৭০১২
	ক) তলবি আমানত	৮১৪৩	৮৭৬৩	১১০৭৪	১২০৭১
	খ) মেয়াদি আমানত	৪৫২৩২	৫৯৭৯৭	৬৩১৮৫	৬৪৯৪১
৫।	ঋণ ও অগ্রিম	৪০৯১৫	৫৬৭০৯	৬০৮৫৮	৬৩৯০১
৬।	বিনিয়োগ	৮৮৮৫	১১৪০৯	১২২৭২	১৩০৬৯
৭।	মোট পরিসম্পদ	৬৩৫৫০	৮৪০৫৪	৮৯৭৩০	৯৩৫৯৯
৮।	মোট আয়	৮৪৮৭	১১৪৮৫	৩০৯৪	৬৬৩৭
৯।	মোট ব্যয়	৫১৬২	৭১৮৭	২১৬৩	৪৪২৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৭৯৮৪০	১১০২৫৫	২৬৫১৯	৪৪০৩৮
	ক) রপ্তানি	২০৬৭৭	২৮৯৪০	৭৫১৩	১২০২৬
	খ) আমদানি	৪৮৪৪১	৭০০৪০	১৫৭২৭	২৫৪৫৪
	গ) রেমিট্যান্স	১০৭২২	১১২৭৫	৩২৭৯	৬৫৫৮
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৭২৫	১৮০৪	১৮৪৬	১৮৬২
	ক) কর্মকর্তা	১৫২০	১৬০২	১৬৪৪	১৬৬০
	খ) কর্মচারি	২০৫	২০২	২০২	২০২
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৩৪	৩৭০	৩৭০	৩৭০
১৩।	শাখা (সংখ্যায়)	৭১	৭২	৭৫	৭৫
	ক) বাংলাদেশে	৭০	৭১	৭৪	৭৪
	খ) বিদেশে	১	১	১	১

\*\* ৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত), ১৫% স্টক ডিজিভিড পরিশোধিত মূলধনের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।

বিতরণ এবং ৫২০৫৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। এ সময়ে বিতরণকৃত ঋণের মধ্যে ২৯২৫৭ মিলিয়ন টাকা ছিল শিল্প ঋণ এবং ৬৫৮ মিলিয়ন টাকা ছিল কৃষি ঋণ। বাস্তবিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২ -এ দেয়া হলো।

### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

এবি ব্যাংক লিমিটেড শুরু থেকে মার্চ ২০০৯ পর্যন্ত ২৯৮টি প্রকল্পের আওতায় মোট ৩৮৭২২ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ৩৮০৭৫ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্পে এবং ৬৪৭ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কৃটির শিল্পে মঞ্জুর করা হয়েছে। শুধু ২০০৮ সালে এ ব্যাংক ৭৯টি প্রকল্পে ৬৪৮৭ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ৬৩৪৯ মিলিয়ন টাকা বৃহৎ শিল্পে মঞ্জুর করা হয়েছে। শিল্পের

আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩ -এ দেয়া হলো।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

এবি ব্যাংক লিমিটেড-এর মোট ঋণের স্থিতির পরিমাণ ২০০৮ সাল শেষে ৫৬৭০৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০৭ সাল শেষে ছিল ৪০৯১৫ মিলিয়ন টাকা। ২০০৮ সালে মোট ঋণের স্থিতির মধ্যে ছিল কৃষি ও মৎস্য খাতে ৮০২ মিলিয়ন টাকা, শিল্প খাতে ১৮৫৩০ মিলিয়ন টাকা, পাইকারি ও খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরাঁ খাতে ১০৯৮৬ মিলিয়ন টাকা, পরিবহন ও যোগাযোগ খাতে ২৬৪ মিলিয়ন টাকা, বিশেষ ঋণ কর্মসূচি খাতে ৮১৭ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে ২৫৩১২ মিলিয়ন টাকা। এবি ব্যাংক -এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেরাদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	২২২৫	২৫১২	২২৭৩৬	২৫২৪৮	৩৩১০৬	৬০৫৭৯
আদায়	১০০৭	৮৩২	১৩৫৬১	১৪৩৯৩	৩৫৮৪১	৫১২৪০
২০০৮						
বিতরণ	৬৫৮	৪১৬৮	২৫০৮৯	২৯২৫৭	৩৮৫১৭	৬৮৪৩২
আদায়	৭২২	১৪২১	১৮৩৫০	১৯৭৭১	৩১৫৬১	৫২০৫৪
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	৩০০	১০৪২	৬২৫৮	৭৩০০	৯৬৪৩	১৭২৪৩
আদায়	১৮০	৩৫২	৪৫৮৫	৪৯৩৭	৭৮৯৫	১৩০১২
৩০ জুন ২০০৯**						
বিতরণ	৪০০	২০৫৬	১২৫৪৪	১৪৬০০	১৯২৮৭	৩৪২৮৭
আদায়	২৫০	৭০০	৯১৭৫	৯৮৭৫	১৫৭৯১	২৫৯১৬

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২০০	৮১	২৮১
পরিমাণ	৩৬৪৮৭	৬১৩	৩৭১০০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫৩	২৬	৭৯
পরিমাণ	৬৩৪৯	১৩৮	৬৪৮৭
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৯* তারিখে			
প্রকল্প সংখ্যা	২১২	৮৬	২৯৮
পরিমাণ	৩৮০৭৫	৬৪৭	৩৮৭২২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১২	৫	১৭
পরিমাণ	১৫৮৭	৩৫	১৬২২
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৫	১১	৩৬
পরিমাণ	৩৪৯২	৭৬	৩৫৬৮

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক খণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য বাতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৮৫১ - ৮৩৩ ১৮ -	৮০২ - ৭৮১ ২১ -	১২০৪ - ১১৭৮ ২৬ -	১২৬৪ - ১২৩৬ ২৮ -
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ বাতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৪৯১২ ৪৮৭৫ ৩৭	৭৯১৬ ৭৮৮৩ ৩৩	৮৪৬৯ ৮৪৩৪ ৩৪	৮৮৯৩ ৮৮৫৬ ৩৭
৩।	চলতি মূলধন অর্থাৎ	৬০৫৭	১০৬১৪	১১৩৫৭	১১৯২৫
৪।	নির্মাণ	১৬০৭	২৮১০	৩০০৭	৩১৫৭
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	৭০০	৬৫০	৬৮২
৬।	পরিবহন ও যোগাযোগ	২২৪	২৬৪	২৮২	২৯৬
৭।	বাসসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্তোরাঁ	২০২৯১ ৮৯৫০ ২২৩৬ ৮৮৬৩ ২৪২	২৩৯৬৫ ১০৭৯৯ ২৩৮৬ ১০৫৯৪ ১৬৭	২৫৬৩৪ ১১৫৪৬ ২৫৫৩ ১১৩৩৫ ২০০	২৬৯১৬ ১২১২৪ ২৬৮০ ১১৯০২ ২১০
৮।	দারিদ্র্য বিমোচন	৮৭৬	৮১৭	৭৬০	৭৯৮
৯।	অন্যান্য	৬০৯৭	৮৮২১	৯৪৯৫	৯৯৭০
	সর্বমোট	৪০৯১৫	৫৬৭০৯	৬০৮৫৮	৬৩৯০১

এবি ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)								
সময়	আমদান				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ফ্লু মেজাদি হিসাব	স্থির মেজাদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৬.০০	৫.০০	৭-১২	৯.১০	১০.২০-১৩.৭৫	১৪.৫০-১৪.৭৫	১৪-১৫.৫০	১০.৯৫
২০০৮	৬.০০	৫.০০	১০-১৫	৯.৪৫	১০.২০-১৩.৭৫	১৪.৫০-১৪.৭৫	১৪-১৫.২৫	১২.৪২
৩১ মার্চ ২০০৯ <sup>*</sup>	৬.০০	৫.০০	১০-১২.২৫	৯.০২	১০.২০-১৩.৭৫	১৪.৫০-১৪.৭৫	১৪-১৫.২৫	১২.০৫
৩০ জুন ২০০৯ <sup>**</sup>	৬.০০	৫.০০	৮.০০-১০.০০	৭.৯৬	১১.৫০-১৩.০০	১১.৫০-১৩.০০	১১.৫০-১৩.০০	১১.৫৪

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## ন্যাশনাল ব্যাংক লিমিটেড

ন্যাশনাল ব্যাংক লিমিটেড (এনবিএল) বাংলাদেশের প্রথম প্রজন্মের ব্যক্তি মালিকানাধীন একটি বাণিজ্যিক ব্যাংক হিসেবে ১৯৮৩ সালের ২৩ মার্চ যাত্রা শুরু করে। ১০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৪৪ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে যাত্রা শুরুর পর ২০০৮ সালের ডিসেম্বর মাসে ব্যাংকটির অনুমোদিত মূলধন ২৪৫০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধন ১৮৭৩ মিলিয়ন টাকা এবং সংরক্ষিত তহবিল ৪২৫৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বর্তমানে ব্যাংকটি ১০৬টি শাখার মাধ্যমে দেশের অভ্যন্তরে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে ৪০৭টি কorespondেন্ট এবং ৩৬টি এজেন্ট কোম্পানির সংগে ব্যাংকের ড্রইং আ্যরেঞ্জমেন্ট রয়েছে। মার্চ ২০০৯ সালে ব্যাংকের মোট জনশক্তির সংখ্যা ছিল ২৭৩৭ জন, যার মধ্যে ২০৭৩ জন কর্মকর্তা এবং ৬৬৪ জন কর্মচারি।

২০০৮ সালের ডিসেম্বরে ন্যাশনাল ব্যাংক লিমিটেড-এর মোট আমানত ছিল ৬০১৯৫ মিলিয়ন টাকা। ২০০৮ সালের ডিসেম্বরে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৪৯৬৬৫ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৯-এ ৫০১২৭ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ২০০৮ সালে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ১০১৫৭ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংকটি মোট ১৫৪৩৮৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করেছে; এর মধ্যে ৩৬২৮৪ মিলিয়ন টাকার রপ্তানি, ৭৮২২৬ মিলিয়ন টাকার আমদানি এবং ৩৯৮৭৮ মিলিয়ন টাকার রেমিট্যান্স ব্যবসা করেছে। ২০০৯ সালের প্রথম তিন মাসে মোট বৈদেশিক মুদ্রার ব্যবসা ছিল ৩৮০৯৮ মিলিয়ন টাকা; যার মধ্যে রপ্তানি, আমদানি এবং রেমিট্যান্স ব্যবসা হয়েছে যথাক্রমে ৯৮৩৭ মিলিয়ন, ১৭৯২২ মিলিয়ন এবং ১০৩৩৯ মিলিয়ন টাকা।



একটি হস্তচালিত তাঁত শিল্পে ব্যাংকের অর্থায়ন।

		সারসংক্ষেপ-১			
		অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য			
		(মিলিয়ন টাকায়)			
ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২৪৫০	২৪৫০	২৪৫০	৭৪৫০
২।	পরিশোধিত মূলধন	১২০৮	১৮৭৩	১৮৭৩	২৮৪৭
৩।	রিজার্ভ ফান্ড	৩৩৬০	৪২৫৩	৪৬৬২	৪৪০০
৪।	মোট আমানত	৪৭৯৬১	৬০১৯৫	৬১৩০৮	৬৫০৯৭
	ক) তদারি আমানত	২১০৩০	২৩২৭৭	২২২১৪	২৫০৩০
	খ) মেয়াদি আমানত	২৬৯৩১	৩৬৯১৮	৩৯০৯৪	৪০০৬৭
৫।	ঋণ ও অগ্রিম	৩৬৪৭৬	৪৯৬৬৫	৫০১২৭	৫৪২৯২
৬।	বিনিয়োগ	৭৭৬০	১০১৫৭	১১৩৩৩	১৩০৩৩
৭।	মোট পরিসম্পদ	৫৬৫২৮	৭২২১৩	৭৫০২৯	৯৩৭৮৬
৮।	মোট আয়	৭১৮৩	৮৮৯৩	২৩২৯	৭০১৬
৯।	মোট ব্যয়	৪৯৬৮	৫৭৬৯	১৫৮৭	৪৬৪৪
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১২২১৪৩	১৫৪৩৮৮	৩৮০৯৮	৭৮২১৯
	ক) রজ্জানি	৩১৮২৪	৩৬২৮৪	৯৮৩৭	১৯৯৭৪
	খ) আমদানি	৬২৭৫৯	৭৮২২৬	১৭৯২২	৩৬৯৪৫
	গ) রেমিট্যান্স	২৭৫৬০	৩৯৮৭৮	১০৩৩৯	২১৩০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২৪৩২	২৭৩৭	২৭৩৭	২৮৮০
	ক) কর্মকর্তা	১৮৩০	২০৭৯	২০৭৩	২১৫০
	খ) কর্মচারি	৬০২	৬৫৮	৬৬৪	৭৩০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪০৫	৪০৫	৪০৭	৪১০
১৩।	শাখা (সংখ্যায়)	১০১	১০৬	১০৬	১০৮
	ক) বাংলাদেশে	১০১	১০৬	১০৬	১০৮
	খ) বিদেশে	-	-	-	-

ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারসংক্ষেপ-১-এ দেয়া হলো।

#### ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে ন্যাশনাল ব্যাংক মোট ৪৯৩৫২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৩২০৪৮ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। ২০০৭ সালে এর পরিমাণ ছিল যথাক্রমে ৪২১৯৫ মিলিয়ন এবং ২৭৬৩০ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ঋণের বাতওয়ারি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ৫৫৯ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ৩৬৫৮ মিলিয়ন টাকা মেয়াদি ঋণ, ৩৪০১ মিলিয়ন টাকা চলতি মূলধন এবং ৪১৭৩৪ মিলিয়ন টাকা অন্যান্য ঋণে ঋণ বিতরণ করেছে এবং আদায় করেছে যথাক্রমে ২৩৮ মিলিয়ন, ৮১৪ মিলিয়ন, ২৩৮৪ মিলিয়ন এবং ২৮৬১২ মিলিয়ন টাকা। সারসংক্ষেপ-২ -এ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি দেখানো হলো।

#### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৮ সালে ন্যাশনাল ব্যাংক লিমিটেড মোট ২৮৭টি প্রকল্পে ৭৪২৪ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। এর মধ্যে ৮৭টি বৃহৎ ও মাঝারি শিল্পে ৭২৬৭ মিলিয়ন টাকা এবং ২০০টি ক্ষুদ্র ও কৃষ্টির শিল্পে ৬৫

১৫৭ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুর করা হয়েছে। সারসংক্ষেপ-৩-এ শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী দেখানো হলো।

#### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

২০০৮ সালে ব্যাংকটির মোট ঋণের পরিমাণ ছিল ৪৯৬৬৫ মিলিয়ন টাকা। অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ব্যাংকটি ৯৬ মিলিয়ন টাকা শস্য ঋণে, ৩৯৬ মিলিয়ন টাকা শস্য বাতীত অন্যান্য ঋণে, ১৬৪ মিলিয়ন টাকা মৎস্য ঋণে, ১২৪৫৯ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্প ঋণে, ১৮৩ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কৃষ্টির শিল্প ঋণে, ২৯৬২ মিলিয়ন টাকা চলতি মূলধন ঋণে, ৩০৯৯ মিলিয়ন টাকা নির্মাণ ঋণে, ১৭৫ মিলিয়ন টাকা বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ ঋণে, ৯৯ মিলিয়ন টাকা পরিবহন ও যোগাযোগ ঋণে, ৮৬৫২ মিলিয়ন টাকা পাইকারি/খুচরা ব্যবসা ঋণে, ৪১৬৬ মিলিয়ন টাকা রজ্জানি ঋণে, ১০২৮৩ মিলিয়ন টাকা আমদানি ঋণে, ৬ মিলিয়ন টাকা হোটেল ও রেস্তোরাঁ ঋণে এবং ৬৯২৫ মিলিয়ন টাকা অন্যান্য ঋণে ঋণ প্রদান করেছে। সারসংক্ষেপ-৪-এ অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি দেখানো হলো।

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিস্তরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	২৫০	২২৪১	৫৩২৫	৭৫৬৬	৩৪৩৭৯	৪২১৯৫
আদায়	১০৪	২২৩০	৫৭৭৮	৬০০৮	২১৫১৮	২৭৬৩০
২০০৮						
বিতরণ	৫৫৯	৩৬৫৮	৩৪০১	৭০৫৯	৪১৭৩৪	৪৯৩৫২
আদায়	২৩৮	৮১৪	২৩৮৪	৩১৯৮	২৮৬১২	৩২০৪৮
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	২৭১	৪৭৬	১২৯২	১৭৬৮	২১৬১২	২৩৬৫১
আদায়	১০৪	২৩৮	১১৪৪	১৩৮২	৯৩৭৬	১০৮৬২
৩০ জুন ২০০৯**						
বিতরণ	৪২০	১১৬৬	২৪৮৩	৩৬৪৯	২৫৯১৪	২৯৯৮৩
আদায়	১৫০	৪৪৮	১৯০১	২৩৪৯	১১৯৩৭	১৪৪৩৬

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২০৯	৩৪৯	৫৫৮
পরিমাণ	১৪১৮১	৬৩৬	১৪৮১৭
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮৭	২০০	২৮৭
পরিমাণ	৭২৬৭	১৫৭	৭৪২৪
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৯* তারিখে			
প্রকল্প সংখ্যা	২১৬	৩৭৩	৫৮৯
পরিমাণ	১৪৪৪১	৬৪৮	১৫০৮৯
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৭	২৪	৩১
পরিমাণ	২৬০	১২	২৭২
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩০	৯০	১২০
পরিমাণ	২৫১০	১৬৯	২৬৭৯

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৩৬৮ ৭৩ ১৯৩ ১০২ -	৬৫৬ ৯৬ ৩৯৬ ১৬৪ -	৭১৩ ১৫০ ৪১৪ ১৪৯ -	৯০৪ ১৩১ ৬০৪ ১৬৯ -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কৃষ্টি	৬৪৯০ ৬৩৯০ ১০০	১২৬৪২ ১২৪৫৯ ১৮৩	১২৬৭১ ১২৫২৪ ১৪৭	১৩৬৯৬ ১৩৫১৬ ১৮০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩৪২০	২৯৬২	২৮০৮	৩৫০৭
৪।	নির্মাণ	১৯৩৩	৩০৯৯	৩০২১	৩৪০৩
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	১৭৫	১৭৪	১৭৩
৬।	পরিবহন ও যোগাযোগ	৪০	৯৯	৮৬	১১১
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	১৭০২৮ ৬০১০ ৪২১০ ৬৮০৪ ৪	২৩১০৭ ৮৬৫২ ৪১৬৬ ১০২৮৩ ৬	২৩৯৩৩ ৯১৩৯ ৩৯৬১ ১০৮২৮ ৫	২৫০০৩ ১০০৩৩ ৪১৩৭ ১০৮২৮ ৫
৮।	সরঞ্জাম বিমোচন	-	-	১	১
৯।	অন্যান্য	৭১৯৭	৬৯২৫	৬৭২০	৭৪৯৪
	সর্বমোট	৩৬৪৭৬	৪৯৬৬৫	৫০১২৭	৫৪২৯২

ন্যাশনাল ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

## সুদের হার (শতকরা হার)

সময়	আমদান				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বন্ধ মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৬.০০	৪.৫০	৭-১১.৫০	৬.৫৫	১০.৫০-১৪.৫০	১৪-১৫	-	১২.১০
২০০৮	৬.০০	৪.৫০-৬.৫০	৭-১২.৫০	৭.৯৯	১০-১৪.৫০	১৪-১৪.৫০	-	১২.৯৪
৩১ মার্চ ২০০৯*	৬.০০	৪.৫০-৭.০০	৭-১৩	৮.২৯	১০-১৪	১৫.২৫-১৪.৫০	-	১৩.১৫
৩০ জুন ২০০৯**	৫.০০	৪.০০-৫.৫০	৫.৫০-৯.৫৫	৬.৭৭	১০-১৩	১৫.০০	-	১১.৬৭

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

## দি সিটি ব্যাংক লিমিটেড

দেশের বেসরকারি খাতে সর্বপ্রথম অনুমোদনপ্রাপ্ত ব্যাংক দি সিটি ব্যাংক লিমিটেড ১৯৮৩ সালের ২৭ মার্চ আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠার সময় এর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ২০০ মিলিয়ন ও ৩৪ মিলিয়ন টাকা, যা ২০০৯ সালের মার্চ শেষে দাঁড়ায় যথাক্রমে ১৭৫০ মিলিয়ন ও ১৩৬৬ মিলিয়ন টাকা। এ পরিশোধিত মূলধনের মধ্যে ৬৮৩ মিলিয়ন টাকা উদ্যোক্তাগণ কর্তৃক এবং অবশিষ্ট ৬৮৩ মিলিয়ন টাকা জনসাধারণ কর্তৃক পরিশোধিত। ২০০৯ সালের মার্চ শেষে ব্যাংকের বিজ্ঞান ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৩১০৮ মিলিয়ন টাকা। ব্যাংকের বর্তমান শাখা সংখ্যা ৮৩টি। ২০০৯-এর মার্চ শেষে ব্যাংকের মোট জনবল দাঁড়ায় ২২১৫ জন, যার মধ্যে ১৬৪০ জন নির্বাহী/কর্মকর্তা ও ৫৭৫ জন কর্মচারি।

২০০৮ সালে ব্যাংকের মোট আমানত পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১১ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৫০৩৪ মিলিয়ন টাকায় উন্নীত হয় এবং

২০০৯ সালের মার্চে ৪৭৫৬২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের মোট অগ্রিমের স্থিতি ছিল ২৬৭৮৮ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালের শেষে দাঁড়ায় ৩৪৪২১ মিলিয়ন টাকা। ২০০৯-এর মার্চ শেষে ব্যাংকের মোট ঋণের পরিমাণ দাঁড়ায় ৩৬৪১৪ মিলিয়ন টাকা।

২০০৮ সালের দি সিটি ব্যাংক লিমিটেড ট্রেজারি বিল, বত, শেয়ার ও ডিবেঞ্চারে মোট ৯১৩২ মিলিয়ন টাকা বিনিয়োগ করে। ২০০৭ সালে এর পরিমাণ ছিল ৭৫৫১ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংক মোটে ৫৫৪৮৮ মিলিয়ন টাকার বৈদেশিক বাণিজ্য পরিচালনা করে। এর মধ্যে রপ্তানি ১৪৭৬৬ মিলিয়ন টাকা, আমদানি ৩০৮৯৪ মিলিয়ন টাকা ও রেমিট্যান্স ৯৮২৮ মিলিয়ন টাকা। ২০০৯ সালের প্রথম ও (তিন) মাসে এ ব্যাংকের বৈদেশিক বাণিজ্য পরিচালনার পরিমাণ দাঁড়ায় মোটে ১২২১১ মিলিয়ন টাকা। এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স যথাক্রমে ৩৩০৫ মিলিয়ন, ৫৫০২ মিলিয়ন ও ৩৪০৪ মিলিয়ন টাকা।



একটি গার্মেন্টস এক্সেসরিজ উৎপাদন শিল্পে ব্যাংকের অর্থায়ন।

		সারপি-১			
		অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য			
		(মিলিয়ন টাকায়)			
ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১৭৫০	১৭৫০	১৭৫০	১৭৫০
২।	পরিশোধিত মূলধন	১১৮৮	১৩৬৬	১৩৬৬	১৩৬৬
৩।	রিজার্ভ ফান্ড	১৬৮৬	২৯৪৪	৩১০৮	৩২৭২
৪।	<b>মোট আমানত</b>	<b>৪০৫৪০</b>	<b>৪৫০৩৪</b>	<b>৪৭৫৬২</b>	<b>৪৯৬৫৭</b>
	ক) তলবি আমানত	৮৩২৪	৭৯৫৬	৬৬৩৩	৭০১৪
	খ) মেয়াদি আমানত	৩২২১৬	৩৭০৭৮	৪০৯২৯	৪২৬৪৩
৫।	ঋণ ও অগ্রিম	২৬৭৮৮	৩৪৪২১	৩৬৪১৪	৪০৩৩০
৬।	বিনিয়োগ	৭৫৫১	৯১৩২	৯০৯৬	১০৩১৬
৭।	মোট পরিসম্পদ	৪৮৭৫৫	৫৭১১৫	৬০৯১৭	৬৩৪৯৮
৮।	মোট আয়	৫৮০৭	৬৬৭৩	১৭৯৭	৩৫৯৪
৯।	মোট ব্যয়	৪৫৫১	৪৯১৮	১৪৮৬	২৯৭২
১০।	<b>বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা</b>	<b>৪৪৩৯২</b>	<b>৫৫৪৮৮</b>	<b>১২২১১</b>	<b>২০৯৫৯</b>
	ক) রপ্তানি	১৯১৫১	১৪৭৬৬	৩৩০৫	৫৯৪৯
	খ) আমদানি	২০৩০৯	৩০৮৯৪	৫৫০২	৯৯০৪
	গ) রেমিট্যান্স	৪৯৩২	৯৯২৮	৩৪০৪	৫১০৬
১১।	<b>মোট জনশক্তি (সংখ্যায়)</b>	<b>১৯৯১</b>	<b>২০৯৪</b>	<b>২২১৫</b>	<b>২২৬৫</b>
	ক) কর্মকর্তা	১৩৯৭	১৫৫৪	১৬৪০	১৬৯০
	খ) কর্মচারি	৫৯৪	৫৪০	৫৭৫	৫৭৫
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪৯৬	৫০১	৫১১	৫১৬
১৩।	<b>শাখা (সংখ্যায়)</b>	<b>৮৩</b>	<b>৮৩</b>	<b>৮৩</b>	<b>৮৩</b>
	ক) বাংলাদেশে	৮৩	৮৩	৮৩	৮৩
	খ) বিদেশে	-	-	-	-

দি সিটি ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্যগুলো সারপি-১ এ-দেয়া হলো।

#### ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে দি সিটি ব্যাংক লিমিটেড মোট ২৪৬২২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ১৫৬৫৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ২৬৭৯৫ মিলিয়ন টাকা ও ১৯৩২০ মিলিয়ন টাকা। ঋণভিত্তিক ঋণ বিশ্লেষণ করলে দেখা যায়, মার্চ ২০০৯ পর্যন্ত সিটি ব্যাংক কৃষি খাতে ১৫০ মিলিয়ন টাকা বিতরণ করে। ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত শিল্প খাতে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৪৯৬৬ মিলিয়ন টাকা। ব্যাংকটির ঋণভিত্তিক ঋণ বিতরণের অবস্থা সারপি-২-এ দেয়া হলো।

#### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

শিল্প খাতে ২০০৮ সালে দি সিটি ব্যাংক লিমিটেড অন্যান্য ব্যাংকের সাথে সম্মিলিতভাবে ৮৩টি প্রকল্পে ৫৮৬৬ মিলিয়ন টাকা ঋণ প্রদান

করে। ২০০৮ সাল শেষে ক্রমপঞ্জীকৃত প্রকল্পের সংখ্যা ও ঋণের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪৬০টি ও ২৫৫৪৩ মিলিয়ন টাকা। অপরদিকে ২০০৯ সালের মার্চ শেষে ক্রমপঞ্জীকৃত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় মোট ২৭৫৮৪ মিলিয়ন টাকা। সারপি-৩-এ শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা দেয়া হলো।

#### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

২০০৯ সালের মার্চ শেষে দি সিটি ব্যাংক লিমিটেড-এর ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় মোট ৩৬৪১৪ মিলিয়ন টাকা (কৃষি খাতে ১২৫, শিল্প খাতে ৭১২৪, নির্মাণ খাতে ৭৫২, পরিবহন ও যোগাযোগ খাতে ৩৩৪, ব্যবসা-বাণিজ্য খাতে ১৫৩৫৪ এবং অন্যান্য খাতে ১২৭২৫ মিলিয়ন টাকা), যা ২০০৮ সালের শেষে ছিল ৩৪৪২১ মিলিয়ন টাকা। ব্যাংকটির অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারপি-৪-এ দেয়া হলো।

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিকরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	২৩২	২২১৮	১৭৮০	৩৯৯৮	২২৫৬৫	২৬৭৯৫
আদায়	-	১৫১৮	১৩৫৪	২৮৭২	১৬৪৪৮	১৯৩২০
২০০৮						
বিতরণ	-	৬২৪০	২২২৫	৮৪৬৫	১৬১৫৭	২৪৬২২
আদায়	২	২৫৬০	১২৬৪	৩৮২৪	১১৮০৮	১৫৬৩৪
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	১৫০	১৩৭৮	৩৫৮৮	৪৯৬৬	১৩৭৩৫	১৮৮৫১
আদায়	১১৩	৪৫৫	২২৬৭	২৭২২	১০১৩৩	১২৯৬৮
৩০ জুন ২০০৯**						
বিতরণ	৪৫০	২২৫০	৫১০৯	৭৩৫৯	১৭৭৪৩	২৫৫৫২
আদায়	১৫০	৯৫৭	৩৫৫৭	৪৫১৪	১৩৪৩৫	১৮১১৯

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত ১-৩১ ডিসেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪৬০	-	৪৬০
পরিমাণ	২৫৫৫৪৩	-	২৫৫৫৪৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮৩	-	৮৩
পরিমাণ	৫৮৬৬	-	৫৮৬৬
ক্রমপঞ্জীকৃত ১-৩১ মার্চ ২০০৯* তারিখে			
প্রকল্প সংখ্যা	৪৮৫	-	৪৮৫
পরিমাণ	২৭৫৮৪	-	২৭৫৮৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৫	-	২৫
পরিমাণ	২০৪১	-	২০৪১
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪৫	-	৪৫
পরিমাণ	৫২৫০	-	৫২৫০

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	২৩২ - - ২৩২ -	৫৯ - - ৫৯ -	১২৫ - - ১২৫ -	১৫০ - - ১৫০ -
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৫৫৬৮ ৫৫৪০ ২৮	৬৬২৪ ৬৬২৪ -	৭১২৪ ৭১২৪ -	৮৪৪১ ৮২৪১ ২০০
৩।	চলতি মূলধন অর্থাৎ	৪৭৮	২৪৩৮	২৮৪১	৩৫৩৯
৪।	নির্মাণ	২২০৭	৬১১	৭৫২	৮৯০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৩৫	১৯৭	২৯৭	৩৫৬
৬।	পরিবহন ও যোগাযোগ	১৩১৭	২৮৭	৩৩৪	৪৫৫
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৭২২৬ ৬৮৯৪ - - ৩৩২	১৪৩৩৯ ১১৬২৫ ২১৩৫ ২২৮ ৩৫১	১৫৩৫৪ ১২৩৭৬ ২২৭৮ ৩৩০ ৩৭০	১৬৬৮১ ১২৫২০ ৩১৫০ ৪৫৫ ৫৫৬
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	৪৩৫	৫৫৯
৯।	অন্যান্য	৯৬২৫	৯৮৬৬	৯১৫২	৯২৫৯
	সর্বমোট	২৬৭৮৮	৩৪৪২১	৩৬৪১৪	৪০৩৩০

দি সিটি ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)									সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান				
	সঞ্চয়ী হিসাব	ব্লক মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)	
২০০৭	৯.০০	৪.৫০	১০.৯৫	৬.১৫	১০.০০	১৫.১৬	-	১২.২৮	
২০০৮	৫.৫০-৬.৫০	৪.০০-৯.০০	৮.০০-১০.০০	৮.৩৬	১১.০০-১৪.৫০	১১.৫০-১৮.০০	১৫.০০-১৭.০০	১৫.২৯	
৩১ মার্চ ২০০৯*	৫.৫০-৬.৫০	৪.০০-৯.০০	৮.০০-১২.৫০	৮.৬০	১১.০০-১৪.৫০	১১.৫০-১৮.০০	১৫.০০-১৮.০০	১৫.৫২	
৩০ জুন ২০০৯**	-	-	-	-	-	-	-	-	

\* সাময়িক, \*\* প্রাকলিত।

## ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ১৩ মার্চ ১৯৮৩ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়ে ৩০ মার্চ ১৯৮৩ হতে দেশের প্রথম সুদমুক্ত ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। এ ব্যাংক দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম সুদমুক্ত ব্যাংক, যা যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত একটি ব্যাংকিং কোম্পানি। এর মূলধনের অংশীদারিত্বে শতকরা ৫৯.৫৮ ভাগ ইসলামী উন্নয়ন ব্যাংক, কয়েকটি বিদেশি আর্থিক প্রতিষ্ঠান এবং বিদেশি উদ্যোক্তা রয়েছে। শতকরা ৪০.৪২ ভাগ মূলধনের অংশীদার হচ্ছেন বাংলাদেশি উদ্যোক্তা ও শেয়ারহোল্ডারগণ। ৩১ ডিসেম্বর ২০০৮ শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন, ৪৭৫২ মিলিয়ন ও ৯৩০৮ মিলিয়ন টাকা। মার্চ ২০০৯ শেষে ব্যাংকের মোট শাখার সংখ্যা ১৯৬টিতে এবং মোট জনশক্তির সংখ্যা ৯৩৬২ জনে দাঁড়ায়। এর মধ্যে ৫৩২৮ জন কর্মকর্তা

এবং ৪০৩৪ জন কর্মচারি। ব্যাংকের কার্যক্রম ইসলামী শরীয়াহ অনুযায়ী পরিপালন ও বাস্তবায়নের জন্য দেশের প্রখ্যাত আলেম, আইনজীবী, বিশিষ্ট অর্থনীতিবিদ এবং ব্যাংকারদের নিয়ে একটি "শরী-য়াহ কাউন্সিল" রয়েছে। ২০০৮ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ২০০৩৪৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৩৪০১৮ মিলিয়ন টাকা বেশি। এ ক্ষেত্রে প্রবৃদ্ধির হার হচ্ছে শতকরা ২০.৪৫ ভাগ। ২০০৯ সালের প্রথম তিন মাসে ব্যাংকের আমানত বৃদ্ধি পায় ৬১৬৩ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংকের বিনিয়োগ (অগ্রিম ও স্বর্ণ) স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় ৪৬৩০৯ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ১৯১২৩০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালে ব্যাংক মোট ৪০২৬৯৫ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; এর মধ্যে রুগ্মনি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৯৩৯৬২ মিলিয়ন, ১৬৮৩২৯



একটি প্রকৌশল শিল্পে ব্যাংকের অর্থায়ন।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	৩৮০২	৪৭৫২	৪৭৫২	৪৭৫২
৩।	রিজার্ভ ফান্ড	৭৪১৮	৯৩০৮	৯৩০৮	৯৩০৮
৪।	মেট আমানত	১৬৬৩২৫	২০০৩৪৩	২০৬৫০৬	২২৩৬৭২
	ক) তলবি আমানত	২৪২২৫	২৭৬৪২	২৮৯১০	৩১৩১৪
	খ) মেয়াদি আমানত	১৪২১০০	১৭২৭০১	১৭৭৫৯৬	১৯২৩৫৮
৫।	বিনিয়োগ (ঋণ ও অগ্রিম)	১৪৪৯২১	১৯১২৩০	২০১৯৩৯	২১২০৫০
৬।	বিনিয়োগ	২০৩৬৬	৭৫৩৩	৯৪৩১	৯৪৩১
৭।	মেট পরিসম্পদ	১৯১৩৬২	২৩০৮৭৯	২৩৮৯২৮	২৫৭৫৬০
৮।	মেট অর্থ	১৭৬৯৯	২৪২৩০	৫৯৬৭	১২৭২২
৯।	মেট ব্যয়	১৩৯১৮	১৭৩৯৬	৪০৮১	৯৩৭০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২২৯৫০৩	৪০২৬৯৫	১০৫৩৩১	২১০৬৬২
	ক) রপ্তানি	৫৯০৯৭	৯৩৯৬২	২৫৭১৩	৫১৪২৬
	খ) আমদানি	১০৩২৯৩	১৬৮৩২৯	৩৫০৩৬	৭০০৭২
	গ) রেমিট্যান্স	৬৭১১৩	১৪০৪০৪	৪৪৫৮২	৮৯১৬৪
১১।	মেট জনশক্তি (সংখ্যায়)	৮০৮৩	৯৩৯৭	৯৩৬২	৯৫০১
	ক) কর্মকর্তা	৬৭১১	৫৩৪১	৫৩২৮	৫৪৫২
	খ) কর্মচারি	১৩৭২	৪০৫৬	৪০৩৪	৪০৪৯
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৮৮৪	৯০৬	৯১৯	৯৩০
১৩।	শাখা (সংখ্যায়)	১৮৬	১৯৬	১৯৬	২০১
	ক) বাংলাদেশে	১৮৬	১৯৬	১৯৬	২০১
	খ) বিদেশে	-	-	-	-

মিলিয়ন ও ১৪০৪০৪ মিলিয়ন টাকা। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

২০০৮ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মেট ১৮৪০৩৫ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণ ও ১৪৭৯১৭ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৩৫৮৩৭ মিলিয়ন ও ৬৬৬৪৪ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে বিতরণকৃত বিনিয়োগের মধ্যে কৃষি ও শিল্প খাতে বিতরণ করা হয় যথাক্রমে ৩০ মিলিয়ন ও ১০০৫৪৫ মিলিয়ন টাকা এবং এই খাত দু'টিতে আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০ মিলিয়ন ও ৮১১২৭ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতওয়ারি বিনিয়োগ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

## শিল্প বিনিয়োগ মঞ্জুরী

২০০৮ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ৯০০টি প্রকল্পের জন্য ৩০৩১৬ মিলিয়ন টাকা শিল্প বিনিয়োগ মঞ্জুর করে। এর মধ্যে বৃহৎ ও মাঝারি আকারের শিল্পের জন্য ২৯৮০২ মিলিয়ন টাকা মঞ্জুর ৬৮

করা হয়। ২০০৯ সালের প্রথম তিন মাসে মেট ৩১০টি প্রকল্পে ১২৩৭ মিলিয়ন টাকার শিল্প বিনিয়োগ মঞ্জুর করা হয়। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ মঞ্জুরীর তুলনামূলক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

## আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচি

দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ব্যাংকের কর্মসূচি ২০০৮ সালেও অব্যাহত থাকে। এ লক্ষ্যে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ পল্লী এলাকার খরিব ও সম্বলহীন মানুষের জন্য কৃষি খাতে বিনিয়োগ সীমা ৫ হাজার টাকা হতে ৩০ হাজার টাকা এবং অ-কৃষি খাতে বিনিয়োগ সীমা ৩০ হাজার টাকা হতে ২ লাখ টাকায় নির্ধারণ করেছে। স্বল্পশিক্ষিত বেকার ও কৃষি কর্মে নিয়োজিত ব্যক্তিবর্গকে কৃষি উৎপাদনে সহায়তা প্রদানের জন্য ব্যাংক কৃষি সরঞ্জাম বিনিয়োগ প্রকল্পের আওতায় পাওয়ার টিলার, পাওয়ার পাম্প, শ্যালো টিউবওয়েল ত্রয়ের জন্য সর্বোচ্চ ৭৫ হাজার টাকা বিনিয়োগ প্রদান করে থাকে। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ ১৩টি বিশেষায়িত প্রকল্পের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত

রেখেছে। সীমিত আয়ের মানুষের জন্য নিত্য প্রয়োজনীয় গৃহ-সামগ্রী ক্রয়ের জন্য ৩৫ হাজার টাকা হতে ৩ লাখ টাকা পর্যন্ত বিনিয়োগ প্রদান করা হয়। দেশের স্বাস্থ্যসেবা উন্নয়নের লক্ষ্যে বিনা জামানতে ৫ লাখ টাকা থেকে ২৫ লাখ টাকা পর্যন্ত বিনিয়োগের সুযোগ রয়েছে। ক্ষুদ্র ব্যবসা বিনিয়োগ প্রকল্পের আওতায় ব্যাংক সর্বোচ্চ ১ লাখ টাকা বিনিয়োগ প্রদান করে এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের সহায়তার লক্ষ্যে

বিনা জামানতে ৩০ হাজার টাকা পর্যন্ত বিনিয়োগ প্রদানের ব্যবস্থা রয়েছে। এছাড়া, ইসলামী ব্যাংক ঢাকাসহ দেশের পরিবহন ও গৃহায়ন সমস্যা দূরীকরণার্থে পরিবহন বিনিয়োগ প্রকল্প ও গৃহায়ন বিনিয়োগ প্রকল্পের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণে বিনিয়োগ করে আসছে। বিশেষ বিনিয়োগ কর্মসূচিসহ ব্যাংকের স্বাতন্ত্র্যিক বিনিয়োগ স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-২

**স্বাতন্ত্র্যিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়**

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি বিনিয়োগ	শিল্প বিনিয়োগ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি বিনিয়োগ	চলতি মূলধন	মোট		
২০০৭	বিতরণ	২৩	২৪০৩৮	৫০৪২১	৭৪৪৮৯	১৩৫৮৩৭
	আদায়	১৩	১৪৯৪৯	৪৪৪৫১	৫৯৪০০	৬৬৬৪৪
২০০৮	বিতরণ	৩০	৩৮৪৪১	৬২১০৪	১০০৫৪৫	৮৩৪৬০
	আদায়	২০	২৪৪৯৬	৫৬৬৫১	৮১১২৭	৬৬৭৭০
৩১ মার্চ ২০০৯*	বিতরণ	১০	১২০০০	১৮০০০	৩০০০০	৫৫০০০
	আদায়	৮	৮০০০	১৪০০০	২২০০০	৪৩৪২৮
৩০ জুন ২০০৯**	বিতরণ	২০	১৫০০০	২০০০০	৩৫০০০	৬২০০০
	আদায়	১৫	১০০০০	১৬০০০	২৬০০০	৫২০০০

\* সাময়িক / \*\* প্রাক্কলিত

সারণি-৩

**শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী**

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১০০	২০০০	-	৩১০০
পরিমাণ	১৭৮৪২০	১৫৭৪	-	১৭৯৯৯৪
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪০০	৫০০	-	৯০০
পরিমাণ	২৯৮০২	৫১৪	-	৩০৩১৬
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯* তারিখে				
প্রকল্প সংখ্যা	১৫০০	২৫০০	-	৪০০০
পরিমাণ	২১৬৪৪	২০৮৮	-	২৩৭৩২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১০	২০০	-	৩১০
পরিমাণ	১২০৮	২৯	-	১২৩৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৫০	৩০০	-	৫৫০
পরিমাণ	২৫০০	৬০	-	২৫৬০

\* সাময়িক / \*\* প্রাক্কলিত

**খাত-ভিত্তিক আমানত ও বিনিয়োগের লাভের হার**

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড আমানত ও বিনিয়োগের ওপর লাভের হার নির্ধারণের সাথে সঙ্গতি রেখেই সাধারণ জনগণের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ের উপর ইসলামী শরীয়াহর আলোকে লাভ প্রদান করে থাকে। অপরদিকে, দেশের সার্বিক আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায়

রেখে বিনিয়োগ গ্রহীতাদের অধিকতর সুবিধা প্রদানের উদ্দেশ্যে কৃষি, শিল্প ও সেবা খাতে ভিন্ন ভিন্ন ভাবে কম হারে লাভ নির্ধারণ করে থাকে। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড কর্তৃক নির্ধারিত বিভিন্ন মেয়াদি সঞ্চয়ের ওপর প্রদত্ত লাভের হার ও বিনিয়োগের খাতভিত্তিক মুনাফার হার সারণি-৫-এ-দেয়া হলো।

সারণি-৪					
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগের (ঋণ) স্থিতি					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	৩৪২৭	৩০৯৭	৩২৭১	৩৪৩৪
	ক) শস্য	৮	১৯৪২	২০৫১	২১৫৩
	খ) শস্য বাতীত অন্যান্য	৩৩৭৯	১০৮১	১১৪২	১১৯৯
	গ) মৎস্য	৩৬	৩১	৬৪	৬৮
	ঘ) বনায়ন	৪	১৩	১৪	১৪
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	২৮২০৩	৫৩৫১১	৫৬৫০৮	৫৯৩৩৭
	ক) বৃহৎ ও মাঝারি	২১১৮২	৫৩১৩৪	৫৬১১০	৫৮৯১৯
	খ) ক্ষুদ্র কুটির	৭০২১	৩৭৭	৩৯৮	৪১৮
৩।	চলতি মূলধনে অর্থায়ন	৩০৯১০	৫২৭৯০	৫৫৭৪৬	৫৮৫৩৭
৪।	নির্মাণ	৭৪০৭	১০১৭২	১০৭৪২	১১২৮০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	১১১৮	৩১২৯	৩৩০৪	৩৪৭০
৭।	ব্যবসা-বাণিজ্য	৬৯৫৬৮	৬১৮৮৭	৬৫৩৫২	৬৮৬২৫
	ক) পাইকারি ও খুচরা	৩২৩১৮	৩২১১২	৩৩৯১০	৩৫৬০৮
	খ) রপ্তানি	১৩৩৮৭	৮১৪৩	৮৫৯৯	৯০৩০
	গ) আমদানি	২৩৮৬৩	২১৬৩২	২২৮৪৩	২৩৯৮৭
	ঘ) হোটেল ও রেস্টুরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	২৩০১	৩০১২	৩১৮১	৩৩৪০
৯।	অন্যান্য	১৯৮৭	৩৬৩২	৩৮৩৫	৪০২৭
	সর্বমোট	১৪৪৯২১	১৯১২৩০	২০১৯৩৯	২১২০৫০

মুনাফার হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বহু মেয়াদি হিসাব	দ্বি-মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৬.৩০	৪.৫০	৯.৯২	৬.৮৭	১০.০০	১৪.০০-১৫.০০	১৫.০০	১৩.১৭
২০০৮	৬.১০	৪.২০	১০.১০	৬.৮০	১০.০০	১২.৫০-১৫.২৫	১৪.৫০-১৫	১২.৫৪
৩১ মার্চ ২০০৯*	৬.০০	৪.১০	১০.০০	৬.৭০	১০.০০	১২.৫০-১৫.২৫	১৪.৫০	১২.৪৬
৩০ জুন ২০০৯**	৬.০০	৪.১০	১০.০০	৬.৭০	১০.০০	১০.০০-১৫.০০	১৫.৫০	১১.৬৫

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ;

## ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড

আইএফআইসি ব্যাংক লিমিটেড ১৯৭৬ সালে সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড নামে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হয়, যার মোট শেয়ারের শতকরা ৪০ ভাগের মালিক ছিল বাংলাদেশ সরকার। এ আর্থিক প্রতিষ্ঠানটি ১৯৮৩ সালে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স (আইএফআইসি) ব্যাংক লিমিটেড নামে একটি পরিপূর্ণ ব্যাংক হিসেবে যাত্রা শুরু করে। ২০০৮ সালে আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত

মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৬০০ মিলিয়ন এবং ১৩৪১ মিলিয়ন টাকা। পরিশোধিত মূলধনের মধ্যে ৪৩৯ মিলিয়ন টাকা বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধিত। অবশিষ্ট ৯০২ মিলিয়ন টাকা উদ্যোক্তা, পরিচালক ও জনসাধারণ কর্তৃক পরিশোধিত। ২০০৮ সালের শেষে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ৭৪-এ দাঁড়ায়। এছাড়াও, ব্যাংকটি ওমান নাগরিকদের যৌথ উদ্যোগে ১৯৯৫ সালে স্থাপন করে ওমান ইন্টারন্যাশনাল এক্সচেঞ্জ কোম্পানি এলএলসি (ওবেক) এবং ১৯৯৪ সালে আইএফআইসি ব্যাংক ও নেপালি নাগরিকদের যৌথ

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
বাংলাদেশে সিটিব্যাংক এন.এ. যে সকল সেবা প্রদান করে আসছে সেগুলো হলো- অ্যাকাউন্ট সার্ভিসেস, গ্লোবাল আন্ড লোকাল ক্যাশ ম্যানেজমেন্ট সার্ভিসেস, ড্রেন্ডারি সার্ভিসেস, আন্তর্জাতিক বাণিজ্য এবং ঋণ ও অগ্রিম। সিটিব্যাংক বাংলাদেশে সর্বপ্রথম Electronic Banking Product চালু করেছে। সিটিব্যাংক বাংলাদেশের বিকাশমান পুঁজি বাজারে বহির্বিধের প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের portfolio management সেবা প্রদানের লক্ষ্যে সম্প্রতি Direct Custody and Clearing (DCC) সার্ভিসেস চালু করেছে।

২০০৮ সালে সিটিব্যাংক এন.এ. ইউরোম্যানি ইন্টারন্যাশনাল ক্যাশ ম্যানেজমেন্ট পোল, এশিয়াম্যানি ক্যাশ ম্যানেজমেন্ট পোল এবং দি অ্যাসেট-এর শ্রেষ্ঠ ক্যাশ ম্যানেজমেন্ট ব্যাংক হিসেবে পুরস্কার লাভ করে। এছাড়াও সিটি বাংলাদেশ গ্লোবাল ফাইন্যান্স ম্যাগাজিন-এর শ্রেষ্ঠ ইন্টারনেট ব্যাংক হিসেবে পুরস্কার লাভ করে। দি অ্যাসেট ম্যাগাজিন সিটিব্যাংক এন.এ.-কে ৯ম বারের মতো এশিয়ার শ্রেষ্ঠ ব্যাংক হিসেবে পুরস্কার প্রদান করেছে।

২০০৮ সালে সিটিব্যাংক এন.এ. বাংলাদেশে চতুর্থবারের মতো 'সিটি ক্ষুদ্র উদ্যোক্তা পুরস্কার'-আয়োজন করে। এর মধ্যে শ্রেষ্ঠ ক্ষুদ্র উদ্যোক্তা, শ্রেষ্ঠ সৃজনশীল ক্ষুদ্র উদ্যোক্তা, শ্রেষ্ঠ মহিলা ক্ষুদ্র উদ্যোক্তা উল্লেখযোগ্য।

২০০৯ সালের প্রথমেই সিটি গ্রুপ চারটি প্রতিষ্ঠানকে তাদের কার্যক্রমে সহায়তা দানের জন্য ১১৫০০০ মার্কিন ডলার অনুদান প্রদান করেছে। চারটি প্রতিষ্ঠান হলো- নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, গ্রামীণ শিক্ষা, ডি-নেট এবং বিশ্ব সাহিত্য কেন্দ্র। এছাড়া, সিটি ফাউন্ডেশন ডি-নেটকে তাদের 'ফাইন্যান্সিয়াল আইটি কেইস কম্পিটিশন' আয়োজন করার লক্ষ্যে

৩০০০০ মার্কিন ডলার প্রদান করেছে।

২০০৮ সালে ব্যাংকের মোট আমানত পূর্ববর্তী বছরের তুলনায় ৬৮৪৬ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৩১৫০২ মিলিয়ন টাকায় (তলবি আমানত ১৫৭৪৭ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ১৫৭৫৫ মিলিয়ন টাকা) দাঁড়ায়। মার্চ ২০০৯ শেষে মোট আমানত দাঁড়ায় ৩৩৮৮০ মিলিয়ন টাকায় (তলবি আমানত ২১২১৫ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ১২৬৬৫ মিলিয়ন টাকা)। ২০০৮ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় ২৩৭ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ১৭২৩৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মার্চ ২০০৯ শেষে মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ১৫৩৭৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮ সালে ব্যাংকটির মোট বিনিয়োগ ৭৫৫৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। সিটিব্যাংক এন.এ. কর্তৃক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ২০০৮ সালে ছিল ১৪৮৩৯১ মিলিয়ন টাকা (রপ্তানি ২৯৫৬৩ মিলিয়ন টাকা, আমদানি ৬৬৪৩১ মিলিয়ন টাকা ও রেমিট্যান্স ৫২৩৯৭ মিলিয়ন টাকা), যা ২০০৯ সালের প্রথম তিন মাসে ৮৩৪৫৭ মিলিয়ন টাকায় দাঁড়ায় (রপ্তানি ৮১৬১ মিলিয়ন টাকা, আমদানি ১১৪৪২ মিলিয়ন টাকা ও রেমিট্যান্স ৬৩৮৫৪ মিলিয়ন টাকা)। বাংলাদেশে সিটিব্যাংক এন.এ.'র অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারবি-১-এ দেয়া হলো।

#### ঋণ বিতরণ ও আদায়

সিটিব্যাংক এন.এ. ২০০৮ সালে মোট ৭২৬৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে, যার পুরোটাই শিল্প খাতে এবং এই সময়ে মোট ৭৩৩৯ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। ২০০৯ সালের প্রথম তিন মাসে ব্যাংকটি মোট ১৩৭৮ মিলিয়ন টাকার ঋণ বিতরণ ও ১৬৯৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। সিটিব্যাংক এন.এ. কর্তৃক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারবি-২-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়						সারবি-২
						(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	-	৮৫৩	১০৭১৮	১১৫৭১	-	১১৫৭১
আদায়	-	৫৮৬	৫৯৭৮	৬৫৬৪	-	৬৫৬৪
২০০৮						
বিতরণ	-	২৬১	৭০০৭	৭২৬৮	-	৭২৬৮
আদায়	-	১৮১	৭১৫৮	৭৩৩৯	-	৭৩৩৯
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	-	১০৯	১২৬৯	১৩৭৮	-	১৩৭৮
আদায়	-	৫২	১৬৪২	১৬৯৪	-	১৬৯৪
৩০ জুন ২০০৯**						
বিতরণ	-	১৩২	১৫৩৫	১৬৬৭	-	১৬৬৭
আদায়	-	৬৩	১৯৮৭	২০৫০	-	২০৫০

\* সাময়িক, \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে				
প্রকল্প সংখ্যা	-	-	-	-
পরিমাণ	৪২৭৫৬	-	-	৪২৭৫৬
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	-	-	-	-
পরিমাণ	৭২৬৮	-	-	৭২৬৮
ক্রমপুঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯* তারিখে				
প্রকল্প সংখ্যা	-	-	-	-
পরিমাণ	৫০০২৩	-	-	৫০০২৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	-	-	-	-
পরিমাণ	১৩৭৮	-	-	১৩৭৮
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	-	-	-	-
পরিমাণ	১৬৬৭	-	-	১৬৬৭

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

সিটিব্যাংক এন.এ. কর্তৃক শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

স্থিতি সারণি-৪ এবং এর আমানত গ্রহণ ও ঋণ প্রদানের উপর দায়বদ্ধত সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

বাংলাদেশে সিটিব্যাংক এন.এ.-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, ঋৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) ঋৎস্য ঘ) বনায়ন	- - - - -	- - - - -	- - - - -	- - - - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৬৭২ ৬৭২ -	৫২১ ৫২১ -	৭৮২ ৭৮২ -	৯৪৬ ৯৪৬ -
৩।	চলতি মূলধন অর্থায়ন	৯৪৩৬	৮৪২৭	৭৮৭২	৯৫২৫
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৪৪১৪	২৫৩৪	১৯৫২	২৩৬২
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্তোরাঁ	- - - - -	- - - - -	- - - - -	- - - - -
৮।	দাবিদ্রা ত্রাসকরণ	৬৪০	২৮৩৬	২৬৫২	৩২০৯
৯।	অন্যান্য	১৮৩৭	২৯১৮	২১১৮	২৫৬৩
	সর্বমোট	১৬৯৯৯	১৭২৩৬	১৫৩৭৬	১৮৬০৫

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বিল মেয়াদি	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৪.৫০	৩.০-৭.০	৪.৫-৯.৫০	৬.২৫	-	১২.০-১২.৫	-	১২.২৫
২০০৮	৪.৫০	৩.০-৯.০	৪.৫-১১.০	৬.৩৯	-	১২.৫-১৩.২৫	১০.৫-১৩.৫	১২.৩৫
৩১ মার্চ ২০০৯ *	৪.৫০	৩.০-৯.০	৪.৫-১১.০	৬.৫৯	-	১৩.০-১৩.৫	১১.৫-১৩.৫	১২.৬৩
৩০ জুন ২০০৯**	৪.৫০	৩.০-৭.০	৪.৫-১০.৫	৬.৫০	-	১২.৭৫-১৩.০	১১.৫-১৩.০	১২.৩৫

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

## উরি ব্যাংক

উরি ব্যাংক, ১৮৯৯ সালে হান্নি ব্যাংক নামে যাত্রা শুরু করে বর্তমানে কোরিয়ার অন্যতম বৃহত্তম ব্যাংক এবং এশিয়ার অন্যতম ব্যাংক হিসেবে বিশ্ব বাণিজ্যে অবদান রাখছে। উরি ব্যাংক ২১ সেপ্টেম্বর ১৯৯৬ তারিখ থেকে বাংলাদেশে তাদের বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। শুরু থেকেই উরি ব্যাংক বাংলাদেশে অফশোর ব্যাংকিং-এর জন্য বিশেষভাবে পরিচিত এবং সুখ্যাত। এছাড়াও ডিমেন্সিক ব্যাংকিংয়ে ২০০৮-'০৯ অর্থবছরে উরি ব্যাংকের বিশেষ পদক্ষেপ পরিলক্ষিত হচ্ছে। কোরিয়াতে ৯০২টি শাখা এবং বাংলাদেশের ১টি শাখাসহ অন্যান্য দেশের ৪৯টি শাখার বিশাল নেটওয়ার্কের মাধ্যমে উরি ব্যাংক তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ২০০৭ ও ২০০৮ সালে

ব্যাংকটি বিশ্বখ্যাত দা ব্যাংকার্স ম্যাগাজিন কর্তৃক "দ্য বেস্ট ব্যাংক ইন কোরিয়া" নির্বাচিত হয়েছে। এছাড়াও ২০০৮ সালে একই ম্যাগাজিনে পুরো বিশ্ব ব্যাংকিংয়ে উরি ফাইন্যান্সিয়াল গ্রুপ মূলধন বিষয়ে ৬৫তম স্থান পেয়েছে।

মার্চ ২০০৯ শেষে উরি ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ মাত্রায় ১৩৫৮ মিলিয়ন টাকায়। মার্চ ২০০৯ শেষে ব্যাংকের মোট আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ২৩৩০ মিলিয়ন টাকায়, যার মধ্যে তলবি আমানত ২০১৬ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৩১৪ মিলিয়ন টাকা। একই সময়ে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ৩৪০৯ মিলিয়ন টাকা। উরি ব্যাংক ২০০৮ সালে মোট ২৩৬৫৫ মিলিয়ন টাকার

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য<sup>৩</sup>

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-
২।	পরিশোধিত মূলধন	১০৯৬	১৩৫৮	১৩৫৮	১৬০০
৩।	রিজার্ভ ফান্ড	৪২২	৪৩০	৫১৭	৬০০
৪।	আমানত	৩৯৭৮	১৫০৬	২৩৩০	১৩৭০
	ক) তলবি আমানত	১০৪১	১১৮৬	২০১৬	১০৪৬
	খ) মেয়াদি আমানত	২৯৩৭	৩২০	৩১৪	৩২৪
৫।	ঋণ ও অগ্রিম	৩৬১৯	৩৭৭৭	৩৪০৯	৩১১০
৬।	বিনিয়োগ	১৪০	৫৪০	১৩৪০	২০০
৭।	মোট পরিসম্পদ	৫৫৯৯	৬১৬২	৬৭৫২	৭০০০
৮।	মোট আয়	৬৪৪	৫৭২	১৭১	২০০
৯।	মোট ব্যয়	২৮৪	২৪৪	৮০	৭৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২৪৬৮৫	২৩৬৫৫	৪০৭৬	৪১৫০
	ক) রপ্তানি	৯২৭১	১১০৩১	২০৩০	১৮৫০
	খ) আমদানি	৬২৪৭	৭১২২	৬৯৯	৭৫০
	গ) রেমিট্যান্স	৯১৬৭	৫৫০২	১৩৪৭	১৫৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৩	৪৩	৪৩	৪৩
	ক) কর্মকর্তা	২৮	২৮	২৮	২৮
	খ) কর্মচারি	১৫	১৫	১৫	১৫
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১০	১০	১০	১০
১৩।	শাখা (সংখ্যায়)	৯০৭	৯৫১	৯৫১	৯৬০
	ক) বাংলাদেশে	১	১	১	১
	খ) বিদেশে	৯০৬	৯৫০	৯৫০	৯৫৯

৩ অফশোর ব্যাংকিং ইউনিটসহ

বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি ১১০৩১ মিলিয়ন টাকা, আমদানি ৭১২২ মিলিয়ন টাকা ও রেমিট্যান্স ৫৫০২ মিলিয়ন টাকা। ২০০৯ সালের প্রথম তিন মাসে মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৪০৭৬ মিলিয়ন টাকায়। মার্চ ২০০৯ শেষে ব্যাংকটির মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৪৩ জনে, যার মধ্যে ২৮ জন কর্মকর্তা ও অবশিষ্ট ১৫ জন কর্মচারি। উরি ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-দেখানো হলো।

#### ঋণ বিতরণ ও আদায়

উরি ব্যাংক ২০০৮ সালে মোট ৪৭১৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৪৮৭২ মিলিয়ন টাকা আদায় করে। ২০০৯ সালের প্রথম তিন মাসে ব্যাংকটির ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৮৩ মিলিয়ন টাকা এবং

একই সময়ে আদায় হয় ৩৮৮ মিলিয়ন টাকা। ব্যাংকটির ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

#### শিল্প ঋণ মঞ্জুরী

২০০৮ সালে উরি ব্যাংক ১৫টি প্রকল্পের আওতায় মোট ৪৬৯৯ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে। মার্চ ২০০৯ পর্যন্ত ১২১টি প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জীকৃত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৬৬৪৫৯ মিলিয়ন টাকায় যার ৬৬৩৩৬ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য এবং ১২৩ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কৃটির শিল্পের জন্য। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

উরি ব্যাংক-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদ হার সম্পর্কিত তথ্য সারণি-৫-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় <sup>৩</sup>							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৭							
বিতরণ	-	৮৩	৮৫৪৬	৮৬২৯	২৭	৮৬৫৬	
আদায়	-	২৮	৯১৬৪	৯১৯২	৫	৯১৯৭	
২০০৮							
বিতরণ	-	১৩১	৪৫৬৮	৪৬৯৯	১৪	৪৭১৩	
আদায়	-	১১৬	৪৭৪৬	৪৮৬২	১০	৪৮৭২	
৩১ মার্চ ২০০৯*							
বিতরণ	-	-	৮৩	৮৩	-	৮৩	
আদায়	-	৩১	৩৫৭	৩৮৮	-	৩৮৮	
৩০ জুন ২০০৯**							
বিতরণ	-	-	৯০	৯০	-	৯০	
আদায়	-	১৫	৩৬৯	৩৮৪	-	৩৮৪	

\* সাময়িক, \*\* প্রাক্কলিত।

<sup>৩</sup> অফশোর ব্যাংকিং ইউনিটসহ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী ৳

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে				
প্রকল্প সংখ্যা	১১৫	৫	-	১২০
পরিমাণ	৬৬৩৩২	১২৩	-	৬৬৪৫৫
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১০	৫	-	১৫
পরিমাণ	৪৫৭৬	১২৩	-	৪৬৯৯
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯* তারিখে				
প্রকল্প সংখ্যা	১১৬	৫	-	১২১
পরিমাণ	৬৬৩৩৬	১২৩	-	৬৬৪৫৯
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১	-	-	১
পরিমাণ	৪	-	-	৪
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১	-	-	১
পরিমাণ	৪	-	-	৪

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

সে: অফিশের ব্যাংকিং ইউনিটসহ ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - -	- - - -	- - - -	- - - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	১২৫ ১২৫ -	৩৩৯ ২১৬ ১২৩	৩০৩ ১৮০ ১২৩	২৭৫ ১৬৫ ১১০
৩।	চলতি মূলধন অর্থাৎ	৩৪৬৭	৩৪২৩	৩০৯০	২৮১৯
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	- - - -	- - - -	- - - -	- - - -
৮।	দাবিদ্রা হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	২৭	১৫	১৬	১৬
	সর্বমোট	৩৬১৯	৩৭৭৭	৩৪০৯	৩১১০

সূদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভরীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভরীত গড় (Weighted Average)
২০০৭	৬.৫০	৪.৫০	৭.০০	৬.৮৫	-	১১.০০	১১.০০	১১.০০
২০০৮	৬.৫০	৪.৫০	৮.৭৪	৮.২৮	-	১৩.০৩	১১.৮৫	১২.২৩
৩১ মার্চ ২০০৯*	৬.৫০	৪.৫০	৮.৮৮	৮.৪০	-	১২.৭৩	১২.৯৬	১২.৮৯
৩০ জুন ২০০৯**	৬.৫০	৪.৫০	৮.৫০	৮.০০	-	১২.৫০	১২.৫০	১২.৫০

\* সাময়িক ; \*\* প্রাকলিত ।

## দি হংকং এ্যান্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড

দি হংকং এ্যান্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড (এইচএসবিসি) ৩ ডিসেম্বর ১৯৯৬ তারিখে বাংলাদেশে তাদের ব্যাংকিং কার্যক্রম শুরু করে। বাংলাদেশে এইচএসবিসি'র সর্বমোট ৯টি শাখা (ঢাকায় ৬টি, চট্টগ্রামে ২টি এবং সিলেটে ১টি), ১টি ক্যাশ বুথ ও ২৮টি এটিএম বুথ রয়েছে। এছাড়া, ঢাকা, চট্টগ্রাম ও সিলেটের গুরুত্বপূর্ণ স্থানে স্থাপন করা হয়েছে ৭টি কাস্টমার সার্ভিস সেন্টার, যেখানে গ্রাহকেরা ব্যাংকের ইঞ্জি-পে মেশিনের মাধ্যমে তাদের বিন্যাস, গ্যাস ও মোবাইল বিল পরিশোধ করতে পারেন। পাশাপাশি ব্যাংকের গ্রাহকদের কথা চিন্তা করে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, মংলা ও আদমজী ইপিজেডে স্থাপন করা হয়েছে ৫টি বিজনেস ডেভেলপমেন্ট অফিস। মার্চ ২০০৯ পর্যন্ত

ব্যাংকে কর্মরত কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা দাঁড়ায় যথাক্রমে ১৫৫ ও ৬৫৭ জনে এবং গ্রাহকের সংখ্যা ১৩৪৪৪৩-এর বেশি।

এইচএসবিসি ঢাকার গুলশানে ইসলামি ব্যাংকিং শাখা 'এইচএসবিসি আমানাহ' চালু করেছে, যা সম্পূর্ণ ইসলামি শরীয়াহ মোতাবেক পরিচালিত হচ্ছে। সম্প্রতি এইচএসবিসি অনিবাসী বাংলাদেশীদের জন্য চালু করেছে "স্মার্ট ক্যাপিটাল" যা বাংলাদেশে প্রথম। এর মাধ্যমে অনিবাসী বাংলাদেশীরা আইপিও শেয়ারে বিনিয়োগ করতে পারবে, যা দেশের শেয়ার বাজার বিস্তারে সহায়তা প্রদান করবে। ব্যাংকিং সেবায় গ্রাহকদের চাহিদা পূরণ করতে এইচএসবিসি ট্রেড অ্যান্ড সাপ্লাই চেইন, পার্সোনাল ব্যাংকিং প্রোডাক্টস সার্ভিস

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-
২।	পরিশোধিত মূলধন	২৫৬৫	২৫৭৮	২৫৭৮	২৫৭৮
৩।	রিজার্ভ ফান্ড	৪৫৯৯	৫৫৪১	৫২২৭	৫৭৪৫
৪।	আমানত	৪৪৮৫৯	৫১৭৯৩	৫১৯২৯	৫৬০৮০
	ক) তলবি আমানত	১৫৭৬১	৯৭৪২	১২৫৯২	১৩৭৯২
	খ) মেয়াদি আমানত	২৯০৯৮	৪২০৫১	৩৯৩৩৭	৪২২৮৮
৫।	স্বণ ও অগ্রিম	৪১২০৯	৫০১৬৬	৪৬৭৫৪	৫১১৪৮
৬।	বিনিয়োগ	২৪৬০	১০৩৪২	৮১৮১	৭৩৯৯
৭।	মোট পরিসম্পদ	৭১৩৫৫	৮১০৩৯	৭৯৫৬২	৮৭৩৩৬
৮।	মোট আয়	৪৭৭০	৫৮৫৯	১৪৬৩	৩১২৯
৯।	মোট ব্যয়	৯৮৬	১২৭৭	২৭৮	৬৫৯
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২১৯৩৫৩	২৬০০০২	৬২৩৩৭	১২৬৬৯০
	ক) রপ্তানি	৭৩৮৪৯	৮৫৭৪০	২২৬৯০	৪৫৬৯০
	খ) আমদানি	৭৫৩৯৮	৯২২৪০	২২০০০	৪৬০০০
	গ) রেমিট্যান্স	৭০১০৬	৮২০২২	১৭৬৪৭	৩৫০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৭১৭	৮৩০	৮১২	৮৪২
	ক) উর্ধ্বতন কর্মকর্তা	৭৪	১৫৭	১৫৫	১৫৫
	খ) অন্যান্য কর্মকর্তা-কর্মচারি	৬৪৩	৬৭৩	৬৫৭	৬৮৭
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	শাখা (সংখ্যায়)	৮	৯	৯	৯
	ক) বাংলাদেশে	৮	৯	৯	৯
	খ) বিদেশে	-	-	-	-

কর্মাধিকার ও কর্পোরেট ব্যাংকিং, ক্যাশ ম্যানেজমেন্ট ও কাস্টডিয়ান সার্ভিস এবং গ্লোবাল মার্কেটিংস নিতা নতুন প্রোডাক্ট ও সার্ভিস প্রদান করে থাকে। এইচএসবিসি শুধু ব্যবসা নিয়ে সীমাবদ্ধ থাকতে চায় না, দেশের উন্নতির জন্য একটি জম্বিকা রাখতেও ব্যাংক দৃঢ় প্রত্যয়ী। সামাজিক দায়বদ্ধতা হিসেবে ব্যাংক কয়েকটি সমাজকল্যাণমূলক খাত যেমন- ১) দুস্থ শিশুদের লেখাপড়া, ২) অক্ষম ব্যক্তিদের সহায়তা প্রদান, ৩) পরিবেশ রক্ষার্থে সহায়তা করা এবং ৪) বাংলা সংস্কৃতিকে তুলে ধরা ইত্যাদি ক্ষেত্রে বিনিয়োগ করে যাচ্ছে। এ সকল কর্মকাণ্ডের উল্লেখযোগ্য উদাহরণ হলো : তরুণ কবি ও লেখককে পুরস্কার, ছাত্রদেরকে ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় উদ্বুদ্ধ করতে “তরুণ উদ্যোক্তা পুরস্কার”, প্রথম আলোর সংগে দেশব্যাপী বাংলা ভাষার উপর প্রতিযোগিতার আয়োজন, অন্ধ ব্যক্তিকে ব্যাংকে কর্ম প্রদান, চক্ষু শিবির, বাংলা গানের ১০০ বছর পূর্তি উপলক্ষে সঙ্গীতানুষ্ঠান আয়োজন।

ডিসেম্বর ২০০৮ শেষে এইচএসবিসি বাংলাদেশের মোট আমানতের পরিমাণ ৫১৭৯৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যার মধ্যে তলবি আমানত ৯৭৪২ মিলিয়ন এবং মেয়াদি আমানত ৪২০৫১ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৮ শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৫০১৬৬ মিলিয়ন টাকা, যা ট্রাস পেয়ে মার্চ ২০০৯ শেষে ৪৬৭৫৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ডিসেম্বর ২০০৮ শেষে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ১০৩৪২ মিলিয়ন টাকা। ২০০৯-এর প্রথম তিন মাসে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৬২৩৩৭ মিলিয়ন টাকায়, যার মধ্যে রপ্তানি ২২৬৯০ মিলিয়ন টাকা, আমদানি ২২০০০ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স ১৭৬৪৭ মিলিয়ন টাকা। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে ব্যাংকটি মোট ৩২৯২১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৩০৫৫০ মিলিয়ন টাকা আদায় করে। ২০০৯ সালের প্রথম তিন মাসে ব্যাংকটির ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৭৮০৫ মিলিয়ন টাকায় এবং ঋণ আদায় হয় ৮১৭০ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

## শিল্প ঋণ মঞ্জুরী

মার্চ ২০০৯ শেষে ৬৭৯টি প্রকল্পের আওতায় ব্যাংকটির ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৪০২৫০ মিলিয়ন টাকা, যার মধ্যে ৬২৯ প্রকল্পের ৪০০০০ মিলিয়ন টাকা ছিল বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য এবং ৫০টি প্রকল্পের ২৫০ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কৃষির শিল্পের জন্য। ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ব্যাংকটি ৬৪৬টি প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জীভূত ৩৯০০৩ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করেছিল। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

## অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

ব্যাংকের মোট ঋণের স্থিতি ডিসেম্বর ২০০৮ শেষে ৫০১৬৬ মিলিয়ন টাকা (শিল্প ঋণ ৮৮০৪ মিলিয়ন টাকাসহ) থেকে ট্রাস পেয়ে মার্চ ২০০৯ শেষে ৪৬৭৫৫ মিলিয়ন টাকায় (শিল্প ঋণ ৮৫৫০ মিলিয়ন টাকাসহ) দাঁড়ায়। ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

এইচএসবিসি'র আমানত গ্রহণ ও ঋণ প্রদানের উপর ধার্যকৃত সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়						
সারণি-২						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	-	১৮২২৫	-	১৮২২৫	১৬৫৬৩	৩৪৭৮৮
আদায়	-	১৫৬৩৩	-	১৫৬৩৩	৮৩৮৮	২৪০২১
২০০৮						
বিতরণ	১১১৩	২৫৩২০	-	২৫৩২০	৬৪৮৮	৩২৯২১
আদায়	৫৫০	২৬৩৫৪	-	২৬৩৫৪	৩৬৪৭	৩০৫৫০
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	৮৩	৬৬০০	-	৬৬০০	১১২২	৭৮০৫
আদায়	১৩০	৬৮৫৪	-	৬৮৫৪	১১৮৬	৮১৭০
৩০ জুন ২০০৯**						
বিতরণ	১৫১	৭২৬০	-	৭২৬০	১২৩৪	৮৪৯৫
আদায়	১০০	৭৫৩৯	-	৭৫৩৯	১৩০৫	৮৮৪৫

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩  
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে				
প্রকল্প সংখ্যা	৫৯৬	৫০	-	৬৪৬
পরিমাণ	৩৮৭৮৫	২১৮	-	৩৯০০৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১০৮	৫০	-	১৫৮
পরিমাণ	৫৭৪৮	২১৮	-	৫৯৬৬
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৯* তারিখে				
প্রকল্প সংখ্যা	৬২৯	৫০	-	৬৭৯
পরিমাণ	৪০০০০	২৫০	-	৪০২৫০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৩৩	-	-	৩৩
পরিমাণ	১২১৫	৩২	-	১২৪৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪০	-	-	৪০
পরিমাণ	১৩৩৭	৩৫	-	১৩৭২

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কমিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - -	৫৬৩ - ৫৬৩ -	৫১৫ - ৫১৫ -	৫৬৭ - ৫৬৭ -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৯৮৩৭ ৯৮৩৭ -	৮৮০৪ ৮৮০৪ -	৮৫৫০ ৮৫৫০ -	৯৪০৫ ৯৪০৫ -
৩।	চলতি মূলধন অর্থায়ন	১৭৩৮৫	২৫৫৬০	২২৯৯৭	২৪৭৩০
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	১২৮	৩০	২৮	৩০
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৫৮৭১ ২১৮৬ - ৩৬৮৫ -	৪৩৮০ ৮৬৬ - ৩৫১৪ -	৩৯০০ ৮০০ - ৩১০০ -	৪৩০০ ৮৯০ - ৩৪১০ -
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৭৯৮৮	১০৮২৯	১০৭৬৫	১২১১৬
	সর্বমোট	৪১২০৯	৫০১৬৬	৪৬৭৫৫	৫১১৪৮

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বহু মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৩.৭৫-৪.০০	৩.০০-৭.৭৫	৪.০০-৯.৮৭	৬.৪০	১১.২৫-১২.৫০	১৩.৭৫-১৫.৫০	১১.৫০-১৯.০০	১১.৮৯
২০০৮	৩.৭৫-৪.০০	৩.০০-৮.৭৫	৫.০০-১০.৫৫	৬.০১	১১.২৫-১২.৭৫	১৩.৭৫-১৫.৫০	১১.৫০-১৯.০০	১১.৫৮
৩১ মার্চ ২০০৯*	৩.৭৫-৪.০০	৩.০০-৮.৭৫	৫.০০-১০.৫৫	৬.১৩	১১.২৫-১২.৭৫	১৩.৭৫-১৫.৫০	১১.৫০-১৯.০০	১০.৭৮
৩০ জুন ২০০৯**	৩.৭৫-৪.০০	৩.০০-৮.৭৫	৫.০০-১০.৫৫	৬.১৩	১১.২৫-১২.৭৫	১২.৫০-১৩.০০	১১.৫০-১৫.০০	৯.৫৯


\* সাময়িক / \*\* প্রাক্কমিত।

## ব্যাংক আলফালাহ্ লিমিটেড

ব্যাংক আলফালাহ্ লিমিটেড আবুধাবি গ্রুপের একটি অগ্রগণ্য ব্যাংকিং প্রতিষ্ঠান। বাংলাদেশে ব্যাংক আলফালাহ্ লিমিটেড ১৬ মে ২০০৫ থেকে যাত্রা শুরু করলেও ব্যাংকটি পাকিস্তানে ২১ জুন ১৯৯৭-এ নিবন্ধিত হয়। বর্তমানে ব্যাংকটি পাকিস্তানে ২৯৪টি এবং অন্যান্য দেশে ৮টি শাখা নিয়ে তাদের কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশে ব্যাংকটির ৫টি শাখা রয়েছে, যার মধ্যে ১টি ইসলামি ব্যাংকিং শাখা। ব্যাংক আলফালাহ্'র সেবা কার্যক্রমে রয়েছে ক্রেডিট কার্ড, ডিপোজিট স্কিম, এটিএম সার্ভিস, মানিগ্রাম সার্ভিস, গাড়ি ক্রয়ের ঋণ, গৃহ ঋণ থেকে শুরু করে আরো অনেক আর্থিক কার্যক্রম। ব্যাংকটি ইতোমধ্যে এ দেশে কনজুমার ব্যাংকিং ইউনিট স্থাপন করেছে এবং অচিরেই সেবা প্রদান করতে যাচ্ছে। ব্যাংক আলফালাহ্ বাংলাদেশকে অত্যন্ত

আকর্ষণীয় বাণিজ্যিক বিনিয়োগ ক্ষেত্র বলে মনে করে। সততা, স্থিতিশীলতা এবং রোভাকে উৎকৃষ্টতম মূল্যসেবা দিয়ে বাংলাদেশের ব্যাংকিং-এ নতুন দৃশ্যপট স্থাপন করে তারা এ দেশে নিজেদের সুদৃঢ় উপস্থিতি কামনা করে।

২০০৮ সাল শেষে এ ব্যাংকের আমানতের পরিমাণ দাঁড়ায় ৮৬-৬১ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ১৯৪৪ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৬৯১৭ মিলিয়ন টাকা। ২০০৮ সাল শেষে এ ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৬৯৯৬ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৯ শেষে দাঁড়ায় ৬২৪৪ মিলিয়ন টাকায়। ব্যাংকটি ২০০৮ সালে ১৬৯৪০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে (৪৪৯৫ ৫২৪৭ মিলিয়ন টাকা, আমদানি ৪৭৩০ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স



গ্যাস জেনারেটর ক্রমে ব্যাংকের অর্থায়ন।

৬৯৬৩ মিলিয়ন টাকা)। মার্চ ২০০৯ শেষে ব্যাংকের মোট জনশক্তি দাঁড়ায় ১৯৫ জনে, যাদের মধ্যে ১৪৮ জন কর্মকর্তা এবং ৪৭ জন কর্মচারি। এ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

#### ঋণ বিতরণ ও আদায়

২০০৮ সালে ব্যাংক আলফালাহ্ লিমিটেড ৩৯২৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ২৭৫৭ মিলিয়ন টাকা আদায় করে। ২০০৯-এর প্রথম তিন মাসে ব্যাংকটি মোট ১০৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ৮৫৫ মিলিয়ন টাকা আদায় করে। ব্যাংকটির ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

#### শিল্প ঋণ মঞ্জুরী

ব্যাংক আলফালাহ্ লিমিটেড শিল্প বাতে ২০০৮ সালে ১৫টি প্রকল্পে মোট ৭০০ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুরী দিয়েছে, যার মধ্যে ৬৭১ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্পে এবং ২৯ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কুটির শিল্পে দেয়া হয়েছে। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সংক্রান্ত পরিসংখ্যান সারণি-৩-এ দেয়া হলো।

ব্যাংক আলফালাহ্ লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					সারণি-১ (মিলিয়ন টাকায়)	
ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)	
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-	
২।	পরিশোধিত মূলধন	১২৯৯	১৪৭১	১৪৭১	২০০০	
৩।	রিজার্ভ ফান্ড	-	-	-	-	
৪।	আমানত	৮৭২০	৮৮৬১	৮১৬৭	৯৬০০	
	ক) তলবি আমানত	২৮৮৯	১৯৪৪	১৫৩১	৩১০০	
	খ) মেয়াদি আমানত	৫৮৩১	৬৯১৭	৬৬৩৬	৬৫০০	
৫।	ঋণ ও অগ্রিম	৬৭৬৪	৬৯৯৬	৬২৪৪	৭২৭৮	
৬।	বিনিয়োগ	৩০০	৩১৫	২৯৬	৩৫০	
৭।	মোট পরিসম্পদ	১০৭১৮	১১২৯১	১০৭৯৪	১১৮০০	
৮।	মোট আয়	১০৬০	১১৯১	২৭৫	৪৫০	
৯।	মোট ব্যয়	৮৪৮	১১৭৫	২৯০	৩১০	
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১২৫৯৩	১৬৯৪০	৮৩৩৮	৯৬৭০	
	ক) ওপ্তানি	২২৫৬	৫২৪৭	১৪২৫	১৬২০	
	খ) আমদানি	৫৫২৮	৪৭৩০	৬৮৩	৮৫০	
	গ) রেমিট্যান্স	৪৮০৯	৬৯৬৩	৬২৩০	৭২০০	
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৪৮	১৯৬	১৯৫	২১০	
	ক) কর্মকর্তা	১৩৯	১৪৯	১৪৮	১৬০	
	খ) কর্মচারি	৯	৪৭	৪৭	৫০	
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৫০	৯৫	১০০	১১৫	
১৩।	শাখা (সংখ্যায়)	২২৬	২৯৯	৩০২	৩১০	
	ক) বাংলাদেশে	৫	৫	৫	৫	
	খ) বিদেশে	২২১	২৯৪	২৯৭	৩০৫	

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭ বিতরণ আদায়	-	৮১৫	৪৮২১	৫৬৩৫	৩৭২	৬০০৮
	৩২	৫৩০	৪১৭৬	৪৭০৬	৩১১	৫০৪৯
২০০৮ বিতরণ আদায়	৭৪	৩৪৩	৩১২০	৩৪৬৩	৩৯২	৩৯২৯
	৬৬	৪৩৮	১৮২৫	২২৬৩	৪২৮	২৭৫৭
৩১ মার্চ ২০০৯*	-	১৩	৯০	১০৩	-	১০৩
	১০	১৯২	৫৬৩	৭৫৫	৯০	৮৫৫
৩০ জুন ২০০৯**	২০	১২৫	৯৭৫	১১০০	২০৫	১৩২৫
	১০	৭৫	৩৫০	৪২৫	১০০	৫৩৫

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে				
প্রকল্প সংখ্যা	১৪৫	৭৫	-	২২০
পরিমাণ	৬৮১০	১৮৫	-	৬৯৯৫
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১	৪	-	১৫
পরিমাণ	৬৭১	২৯	-	৭০০
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯* তারিখে				
প্রকল্প সংখ্যা	১৪৮	৭৫	-	২২৩
পরিমাণ	৬৯১২	১৮৫	-	৭০৯৭
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৩	-	-	৩
পরিমাণ	১০২	-	-	১০২
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৬	২	-	৮
পরিমাণ	২৭৮	৯	-	২৮৭

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য বাতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - - -	২৭৬ - ২৭৬ - -	২২৯ - ২২৯ - -	২৮৮ - ২৮৮ - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	১১৭০ ৭৮৫ ৩৮৫	১২৯২ ১১৯০ ১০২	১২৪৭ ১১৫২ ৯৫	১৩২৪ ১২০৫ ১১৯
৩।	চলতি মূলধন অর্থাৎ	১৯১৭	২৮২৮	২৫৫৬	২৮৭৮
৪।	নির্মাণ	৬০৫	৪৫৪	৩৭৫	৪৯৫
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	১১২	১৩২	১৭৯	১৪৫
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	১৯৭৮ ৬২৭ ৭৯৮ ৫৫৩ -	১৬০৯ ৪৭ ৬৭২ ৮৯০ -	১৪৬৬ ৩৬ ৬৭৮ ৮৫২ -	১৭১৩ ৫৮ ৬৯৮ ৯৫৭ -
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৯৮২	৪০৫	১৯২	৪৩৫
	সর্বমোট	৬৭৬৪	৬৯৯৬	৬২৪৪	৭২৭৮

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বহু মেয়াদি হিসাব	ছিন্ন মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৬.০০	৬.০০	১১.৫০	৭.৫৮	-	১৪.০০	১৩.০০	১৩.৬৭
২০০৮	৬.০০	৫.০০	১৩.৫০	৯.৩১	-	১৪.৫০	১৩.০০	১৪.১১
৩১ মার্চ ২০০৯ *	৫.০০	৪.০০	১২.৫০	১১.৪৫	-	১৪.৫০	১৩.০০	১৪.৪৪
৩০ জুন ২০০৯ **	৫.০০	৪.০০	১১.৫০	১০.১২	-	১৩.০০	১৩.০০	১৩.০০

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

# বিশেষায়িত ব্যাংক

## বাংলাদেশ কৃষি ব্যাংক

কৃষি ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংক দেশের সর্ববৃহৎ জাতীয় বিশেষায়িত প্রতিষ্ঠান। গ্রাম বাংলার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্য সামনে রেখে কৃষির সার্বিক উন্নয়নের মাধ্যমে দেশের খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য এ ব্যাংকের সৃষ্টি। দেশে কৃষি ঋণ পরিচালনা কর্মকাণ্ডের সিংহভাগই এককভাবে বাংলাদেশ কৃষি ব্যাংকের অবদান। বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি ঋণের জন্য একটি বিশেষায়িত উন্নয়ন ব্যাংক হলেও এটি অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের মতো সব ধরনের ব্যাংকিং কর্মকাণ্ড পরিচালনা করে আসছে। কৃষি ঋণ বিতরণের পাশাপাশি বৈদেশিক বিনিময় ব্যবসা, বাণিজ্যিক, কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প, প্রকল্পের চলতি মূলধন, এসএমই, পাইকারি ও খুচরা

ব্যবসা, মাইক্রো ক্রেডিট, কনজুমার ক্রেডিট এবং দারিদ্র্য বিমোচন কর্মকাণ্ড ইত্যাদি ঋণে এ ব্যাংক ঋণ সহায়তা প্রদান করে থাকে। চলতি অর্থবছরে দু'দফা বন্যা ও ঘূর্ণিঝড় সিডরে ক্ষতিগ্রস্ত এলাকাজুড়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের পৃষ্ঠিত পুনর্বাসন কর্মসূচি সরকারসহ সকল মহলে প্রশংসিত হয়েছে। ৩১ মার্চ ২০০৯ তারিখে এ ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ যথাক্রমে ১০০০০ মিলিয়ন ও ৪০০০ মিলিয়ন টাকা। ১১ সদস্য বিশিষ্ট পর্যদ ব্যাংকের সার্বিক পরিচালনার দায়িত্বে নিয়োজিত। ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত এ ব্যাংকের মোট শাখার সংখ্যা ৯৫০টি এবং কর্মরত কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা যথাক্রমে ৪৬৪০ ও ৫৭৪৫ জন।



একটি চা চাষ প্রকল্পে ব্যাংকের অর্থায়ন।

**আমানত, ঋণ, বিনিয়োগ এবং বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**  
 ২০০৭-'০৮ অর্থবছরে ব্যাংকের আমানতের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৭৯৫১৭ মিলিয়ন টাকায়, যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় শতকরা ২০ ভাগ বেশি। ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত আমানতের পরিমাণ ৮৪৩৬২ মিলিয়ন টাকায় উন্নীত হয়। চলতি অর্থবছরের ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ৮৭৪৮৭ মিলিয়ন টাকায়। ৩০ জুন ২০০৯ শেষে ঋণ ও অগ্রিমের পরিমাণ আরো বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। চলতি অর্থবছরের ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত বিনিয়োগের পরিমাণ ১৫২০ মিলিয়ন টাকা। অন্যান্য সকল বাণিজ্যিক ব্যাংকের ন্যায় বাংলাদেশ কৃষি ব্যাংকও বৈদেশিক বাণিজ্য ব্যবসা পরিচালনা করছে। বৈদেশিক বাণিজ্য ব্যবসার জন্য এ ব্যাংকের রয়েছে ১৫টি অনুমোদিত বৈদেশিক মুদ্রা বিনিময় শাখা এবং ২২৫ টি বিদেশি প্রতिसংগী ব্যাংক। এ শাখাগুলোর মাধ্যমে ব্যাংকের সকল শাখার বৈদেশিক রেমিট্যান্সের টাকা ৩ দিনের মধ্যে গ্রাহকের নিকট পৌঁছে দেয়া হয়। ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত এ ব্যাংকের মোট ৮২টি শাখা ওয়ানস্টপ সার্ভিসের আওতায় আনা

হয়েছে। ৩০ জুন ২০০৯-এর মধ্যে আরো ৮০টি শাখাকে ওয়ানস্টপ সার্ভিসের আওতায় আনা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে। ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত আমদানি, রপ্তানি ও বৈদেশিক রেমিট্যান্সের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৮০০০ মিলিয়ন টাকা, ১০০০০ মিলিয়ন টাকা ও ৫২০০ মিলিয়ন টাকা। এছাড়া, ২০০৮ সালে ৬৬০ জন হজু যাত্রীকে ব্যাংকিং সেবা প্রদান করা হয়েছে। সারপি-১-এ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো দেখানো হলো।

### আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায়

কৃষি খাতের উন্নয়নের মাধ্যমে খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন, আমদানি বিকল্প শস্য উৎপাদন, ক্রমবর্ধমান কৃষি ঋণের চাহিদা পূরণ, কৃষিতে নতুন নতুন অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য খাত চিহ্নিতকরণের মাধ্যমে ব্যাপক কৃষি ঋণ বিতরণপূর্বক এ খাতকে অধিকতর সুদৃঢ়করণ এবং ব্যাংকের তহবিলের ভিত্তি আরো মজবুতকরণ ইত্যাদির প্রতি লক্ষ্য রেখে ২০০৮-'০৯ অর্থবছরের কৃষি ঋণ বিতরণ, ঋণ আদায় ও আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি অর্থবছরে আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১২০০০ মিলিয়ন

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					সারপি-১ (মিলিয়ন টাকায়)	
ক্রমিক নং	বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)	
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৩৫০০	১০০০০	১০০০০	
২।	পরিশোধিত মূলধন	৩০০০	৩৫০০	৪০০০	৫০০০	
৩।	রিজার্ভ ফান্ড	১৩৬৯	১৫৪০	১৫৪০	১৬৫০	
৪।	আমানত	৬৬৩০৭	৭৯৫১৭	৮৪৩৬২	৯০০০০	
	ক) তলবি আমানত	৭৩৬৬	৭৬৭৩	৮১০০	৮৫০০	
	খ) মেয়াদি আমানত	৫৮৯৪১	৭১৮৪৪	৭৬২৬২	৮১৫০০	
৫।	ঋণ ও অগ্রিম	৭৩২৮৬	৮৩৪৪৮	৮৭৪৮৭	৮৯২৪৬	
৬।	বিনিয়োগ	১৬০৮	১৪৯২	১৫২০	১৫২০	
৭।	মোট পরিসম্পদ	১০২৩৯৬	১১৭৮২৩	১২৪০০০	১২৭০০০	
৮।	মোট আয়	৪৭৩১	৬৫০১	৭১১৪	৭৭০০	
৯।	মোট ব্যয়	৬৫০৮	৮৪৬৭	৮০৯৯	৮৩৯০	
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩১২১২	৩৫৮৫২	৩৩২০০	৪৭০০০	
	ক) রপ্তানি	৯০৮৬	১০৮৪৪	১০০০০	১৪০০০	
	খ) আমদানি	১৬৮৩১	১৮১৩০	১৮০০০	২৫০০০	
	গ) রেমিট্যান্স	৫২৯৫	৬৮৭৮	৫২০০	৮০০০	
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১০২৩৬	১০৫৩০	১০৩৮৫	১০১৫৭	
	ক) কর্মকর্তা	৪৩৬৫	৪৭৫৬	৪৬৪০	৪৪৩৩	
	খ) কর্মচারি	৫৮৭১	৫৭৭৪	৫৭৪৫	৫৭২৪	
১২।	বিদেশি প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	১৯০	২১৫	২২৫	২৩০	
১৩।	শাখা (সংখ্যায়)	৯৪৮	৯৫০	৯৫০	৯৬০	
	ক) বাংলাদেশে	৯৪৮	৯৫০	৯৫০	৯৬০	
	খ) বিদেশে	-	-	-	-	

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬-'০৭						
বিতরণ	১৬৭৯৯	৪৮৭৩	২৩৭১	৭২৪৪	৮০৯৫	৩২১৩৮
আদায়	১৭৮৭৩	৪০৬১	২৭১০	৬৭৭১	৭৯৮৮	৩২৬৩২
২০০৭-'০৮						
বিতরণ	১৬৭০৯	৩৬০৭	৩৪৯৮	৭১০৫	১০৯৬১	৩৪৭৭৫
আদায়	১৫৩৭১	৪০৬০	২৭৫৪	৬৮১৪	৯৫৯৩	৩১৭৭৮
৩১ মার্চ ২০০৯*						
বিতরণ	১৬৪২০	২০৬৩	২১২৪	৪১৮৭	৮৪৩৩	২৯০৪০
আদায়	১৬১১১	১৭২৭	১৮৭২	৩৫৯৯	৮২৮৩	২৭৯৯৩
৩০ জুন ২০০৯**						
বিতরণ	১৯৭১৭	২৯৫৩	৩০৬৭	৬০২০	৯৬৯৫	৩৫৪৩২
আদায়	১৭৮৫৯	২৭৫৮	২৮৪৬	৫৬০৪	৮৬৪৫	৩২১০৮

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

টাকা । এ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত অর্জিত হয়েছে ৪৮৪৫ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৪০ ভাগ। ৩০ জুন ২০০৯-এর মধ্যে আমানত সংগ্রহের পরিমাণ বৃদ্ধি পেয়ে ৯০০০০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে। দেশের সঞ্চারীমনা মানুষের মধ্যে সঞ্চয় স্পৃহা জাগ্রত করে তাদেরকে আর্থিকভাবে স্বচ্ছল করার লক্ষ্যে সাধারণ আমানত হিসাবের পাশাপাশি কৃষি ব্যাংক ইতিপূর্বে বেশ কয়েকটি ক্ষুদ্র সঞ্চয় স্কীম চালু করেছে। চলতি অর্থবছরেও "বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম" নামে ৭ বছর মেয়াদি একটি নতুন সঞ্চয় স্কীম চালু করা হয়েছে।

আলোচ্য অর্থবছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪০০০০ মিলিয়ন টাকা। খালে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে ব্যাংকের অর্থনৈতিক কর্মকাণ্ড আরো সুদৃঢ় করা এবং এ বছরে দু'দফা বন্যা ও ঘূর্ণিঝড় সিডরে ক্ষতিগ্রস্ত কৃষি খাত পুনর্বাসনের লক্ষ্যে শস্য উৎপাদন খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৬৩০০ মিলিয়ন টাকা। ফসল মৌসুমে যথাসময়ে দ্রুততা ও স্বচ্ছতার সাথে কৃষকদের হাতে ঋণের টাকা পৌঁছে দেয়ার লক্ষ্যে ব্যাংকের শাখাগুলো কৃষি ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও আর্থ-সামাজিক ও দারিদ্র্য বিমোচন কর্মকাণ্ডের আওতায় ক্ষুদ্র, প্রান্তিক ও বর্ণাচারীদেরও সহজ শর্তে বাংলাদেশ কৃষি ব্যাংক আর্থিক সহায়তা প্রদান করছে।

চলতি অর্থবছরের ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত ২৯০৪০ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার শতকরা ৭৩ ভাগ। ২০০৬-'০৯ অর্থবছরে খাতভিত্তিক উন্নয়নের লক্ষ্যে অগ্রাধিকার খাত চিহ্নিত করে শস্য উৎপাদন (চা সহ) ছাড়াও পশু সম্পদ, মৎস্য সম্পদ, সেচ ও খামার যন্ত্রপাতি, কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প স্থাপন, এসএমই, চলতি

মূলধন ও বাণিজ্যিক ঋণ, আমদানি ও রপ্তানি ব্যবসা, কৃষি পণ্যের বাজারজাতকরণ ইত্যাদি খাতে ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে।

২০০৮-'০৯ অর্থবছরে ব্যাংকের ঋণ আদায় লক্ষ্যমাত্রা ২৮২৪২ মিলিয়ন টাকা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত ঋণ আদায় করা হয়েছে ২৭৯৯৩ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৯৯ ভাগ। ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

বাংলাদেশ কৃষি ব্যাংক ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত বিভিন্ন আকারের মোট ১৪০টি প্রকল্প অনুমোদন করে, যার বিপরীতে ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ১২৭৬ মিলিয়ন টাকা। এ প্রকল্পের শতকরা ৮০ ভাগ ছোট এবং ক্ষুদ্র ও কুটির শিল্প এবং অবশিষ্ট ২০ ভাগ বৃহৎ ও মাঝারি শিল্প। শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০০৭-'০৮ অর্থবছরের শেষে ব্যাংকের মোট ঋণ স্থিতি ছিল ৮৩৪৪৮ মিলিয়ন টাকা। চলতি অর্থবছরের মার্চ শেষে এ স্থিতি ৮৭৪৮৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ৩১ মার্চ ২০০৯ তারিখে কৃষি, মৎস্য ও বনায়ন খাতে স্থিতি ৫৮৭৬৯ মিলিয়ন টাকা (মোট ঋণ স্থিতির শতকরা ৬৭ ভাগ)। শিল্প ও দারিদ্র্য বিমোচন খাতে স্থিতি দাঁড়িয়েছে যথাক্রমে ১০২৮৮ মিলিয়ন টাকা (শতকরা ১২ ভাগ) ও ১৩৪৮ মিলিয়ন টাকা (শতকরা ২ ভাগ)। অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

বাংলাদেশ কৃষি ব্যাংকের সুদের শতকরা হার সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩  
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট	
ক্রমপঞ্জীকৃতঃ ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২৬ ৭৭৭০	২৯৩২৫৬ ১৭৮৭১	২৯৩৩৮২ ২৫৬৪১
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	২৮ ১১৫৬	১১২ ১২০	১৪০ ১২৭৬
ক্রমপঞ্জীকৃতঃ ৩১ মার্চ ২০০৯*	প্রকল্প সংখ্যা পরিমাণ	১৫১ ৮২২০	২৯৩৩০৬ ১৭৯৪১	২৯৩৪৫৭ ২৬১৬১
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯*	প্রকল্প সংখ্যা পরিমাণ	২৫ ৪৫০	৫০ ৭০	৭৫ ৫২০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৪০ ৮৮০	৯৫ ১৩০	১৩৫ ১০১০

\* সাময়িক, \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	৫০৭৪২ ৩৩৩১৫ ১১০৭২ ৩০৯৫ ৩২৬০	৫৬১০৯ ৩৭৩৫২ ১২১৩৬ ৩৮১৬ ২৮০৫	৫৮৭৬৯ ৩৯২৪৯ ১২৭২৪ ৩৯৭৬ ২৮২০	৬০১৩৯ ৪০২৫৬ ১৩০২০ ৪০২৮ ২৮৩৫
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	১০২৪৫ ৯৮৪৪ ৪০১	১০০৪৮ ৯৬৩৮ ৪১০	১০২৮৮ ৯৮৭৬ ৪১	১০৩৯১ ৯৯৭৬ ৪১৫
৩।	চলতি মূলধন অর্থায়ন	২৩৩৪	৬৩১৮	৬৭৩০	৬৮১৮
৪।	নির্মাণ				
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ				
৬।	পরিবহন ও যোগাযোগ	২১৪	২০২	২০৮	২১০
৭।	ব্যবসা-বাণিজ্য (ক) পাইকারি/খুচরা (খ) রপ্তানি (গ) আমদানি (ঘ) হোটেল ও রেস্টোরাঁ	২৭৫৩ ১৭৫৭ ৯৯৬	৫৭১৫ ২০৪৩ ৩৬৭২	৫৯০৬ ২১৫৬ ৩৭৫০	৬০২১ ২২০৫ ৩৮১৬
৮।	দারিদ্র্য বিমোচন	২৪১০	১৩২০	১৩৪৮	১৩৬৫
৯।	অন্যান্য	৪৫৮৮	৩৭৩৬	৪২৩৮	৪৩০২
	সর্বমোট	৭৩২৮৬	৮৩৪৪৮	৮৭৪৮৭	৮৯২৪৬

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ব্লক মেয়াদি হিসাব	ছিন্ন মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬-০৭	৬.০	৩.৫	৮.৫০	৬.২০	৮.০	১২.০	-	৮.৬০
২০০৭-০৮	৭.০	৪.০	৮.৭৫	৬.৮১	৮.০	১২.৫	-	৯.৬৮
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)	৭.০	৪.০	৮.৭৫	৬.৮১	১০.০	১২.৫	-	১০.৬৮
৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত)	৭.০	৪.০	৮.৭৫	৬.৮১	১০.০	১২.৫	-	১০.৬৮

## রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (প্রাকার) দেশের উত্তর-পশ্চিমাঞ্চল তথা রাজশাহী বিভাগের সর্ববৃহৎ উন্নয়ন অংশীদার ও কৃষি ক্ষণ সরবরাহকারী বৃহত্তম আর্থিক প্রতিষ্ঠান। রাজশাহী বিভাগে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা ও অন্যান্য কার্যালয় এবং সব দায় ও সম্পদ গ্রহণ করে মহামান্য রাষ্ট্রপতির ১৯৮৬ সালের ৫৮ নম্বর অধ্যাদেশ বলে ১৫ মার্চ ১৯৮৭ সালে ব্যাংকটি কার্যক্রম শুরু করে। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষি

সম্ভাবনার পরিপূর্ণ সচিবহার এবং এ অঞ্চলের কৃষির সকল খাত ও উপ-খাতের সার্বিক উন্নতির লক্ষ্যে শস্য উৎপাদনে কৃষি ক্ষণ সরবরাহ, কৃষিভিত্তিক শিল্প স্থাপন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ, বিপণন, আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক কর্মকাণ্ডের জন্য ক্ষণ বিতরণ ছাড়াও সকল প্রকার বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান করে থাকে। ব্যাংকের প্রচলিত খাতে ক্ষণ বিতরণের পাশাপাশি অভ্যন্তরীণ ও বৈদেশিক চাহিদার সংগে সংগতি রেখে উচ্চ মূল্যের শস্য উৎপাদন, বাণিজ্যিকভাবে পণ্য ও হাঁস-মুরগির খামার স্থাপন ও কৃষি শিল্প ব্যবসায় অর্থায়নে ব্যাংক তরুণ দিচ্ছে আসছে।

৩০ জুন ২০০৮ তারিখে ব্যাংকের অনুমোদিত এবং পরিশোধিত উত্তর মূলধনের পরিমাণ ছিল ২২০০ মিলিয়ন টাকা। ৩১ মার্চ ২০০৯ তারিখে ব্যাংকের অনুমোদিত মূলধন ৪০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৭০০.০০ মিলিয়ন টাকা। ৩০ জুন ২০০৮ তারিখে ব্যাংকের সজ্জিত পরিমাণ ছিল ২০৮.৫ মিলিয়ন টাকা। বর্তমানে ঢাকার একটি শাখাসহ ৩৬৪টি শাখা নিয়ে ব্যাংকের কার্যক্রম পরিচালিত হচ্ছে; এর মধ্যে গ্রামীণ শাখার সংখ্যা ৩০৪টি। ব্যাংকের প্রধান কার্যালয় রাজশাহী বিভাগীয় শহরে অবস্থিত। রাজশাহী ও রংপুরে ২টি বিভাগীয় কার্যালয় ও ২টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয় আছে। জেলা পর্যায়ে ১৮টি জোনাল কার্যালয় ও ১৮টি স্বতন্ত্র জোনাল নিরীক্ষা কার্যালয় দ্বারা শাখা ও জোনাল কার্যালয়গুলোর কর্মকাণ্ড নিয়ন্ত্রিত হচ্ছে। ব্যাংকের একমাত্র প্রশিক্ষণ ইন্সটিটিউটটি রাজশাহী শহরে অবস্থিত। ৩১ মার্চ ২০০৯ তারিখে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ৪২৩৬ জনবল বিশিষ্ট সাংগঠনিক কাঠামোর বিপরীতে ১৫৪৭ জন কর্মকর্তা ও ১৮১৬ জন কর্মচারিসহ ব্যাংকের মোট জনবল ছিল ৩৩৬৩ জন। সার্বিক-১-এ



উত্তরাঞ্চলের মৌসুমী ফল চাষে ব্যাংকের অর্থায়ন।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১৮০০	২২০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	১৮০০	২২০০	২৭০০	৩৭০০
৩।	রিজার্ভ ফান্ড	২০৮	২০৮	২০৮	২০৮
৪।	আমানত				
	ক) তলবি আমানত	১৫০৫	১৭০৫	১৭৪৫	১৭৮৭
	খ) মেয়াদি আমানত	১২৪৫৩	৫২৮৫	৫৬৮৬	৫৮৬৮
৫।	ঋণ ও অগ্রিম	২৫৯০৬	২৫৫৭৮	২৫৬৮২	২৫৭০৫
৬।	বিনিয়োগ	৪২	৫২	৪৫	৪৫
৭।	মোট পরিসম্পদ	৩৪৬১০	৩৭৬৫১	৩৭২৮৭	৩৮৪৫৭
৮।	মোট আয়	১৯৪০	১৯৭৫	১৭৬১	২৩৪৮
৯।	মোট ব্যয়	২৩৫৬	২৬১৬	১৮৯৯	২৫২২
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা				
	ক) প্রণয়ন	০	০	০	০
	খ) আমদানি	০	০	০	০
	গ) রেমিট্যান্স	৭৩	০	০	০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৪৪১	৩৪৪৮	৩৩৬৩	৩৮১৬
	ক) কর্মকর্তা	১৫০৬	১৪১৯	১৫৪৭	১৭৪৮
	খ) কর্মচারি	১৯৩৫	২০২৯	১৮১৬	২০৬৮
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	০	০	০	০
১৩।	শাখা (সংখ্যায়)				
	ক) বাংলাদেশে	৩৬৪	৩৬৪	৩৬৪	৩৬৯
	খ) বিদেশে	০	০	০	০

ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো দেখানো হলো।

কৃষি খাতে প্রবৃদ্ধি অর্জন তথা দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে সামঞ্জস্যপূর্ণ নীতি নির্ধারণী সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য ব্যাংকের রয়েছে ৭ (সাত) সদস্য বিশিষ্ট পরিচালক পর্ষদ। পরিচালক পর্ষদের সকল সদস্য সরকার দ্বারা নিয়োগ প্রাপ্ত। এছাড়া জরুরি নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণের জন্য রয়েছে পরিচালক পর্ষদের তিন সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি। ব্যবস্থাপনা পরিচালক ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা।

প্রতিষ্ঠার পর হতে ব্যাংক দেশের উত্তর পশ্চিমাঞ্চলের কৃষি ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনায় মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতকরা ৬০ ভাগ শস্য উৎপাদন খাতে বরাদ্দ রেখে বাকি ঋণ অন্যান্য খাতে বিতরণ করে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের শস্য উৎপাদনে তথা দেশের খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জনে ব্যাংক সহায়ক ভূমিকা রেখে চলেছে। এছাড়া ঋণ বিতরণের ক্ষেত্রে এলাকাভিত্তিক এবং খাতভিত্তিক কৃষি ও কৃষির সাথে সম্পৃক্ত বিভিন্ন সত্তারনাময় ক্ষেত্র হিসেবে ৭টি খাত ও কৃষিভিত্তিক

প্রকল্প খাতকে ১০১টি উপ-খাত চিহ্নিত করে প্রতিটি খাতের উন্নয়নের লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নতুন প্রকল্প স্থাপন/পুরাতন প্রকল্প সংস্কার ও উন্নয়নে অগ্রহী উদ্যোক্তাগণকে সর্বাঙ্গিক সহযোগিতা ও পরামর্শ প্রদান করার লক্ষ্যে প্রধান কার্যালয়ে একটি "উদ্যোক্তা উন্নয়ন সেল" গঠন করা হয়েছে। অগ্রহী উদ্যোক্তাগণের প্রত্যাখিত প্রকল্পগুলোর বিষয়ে সর্বাঙ্গিক সহযোগিতা, পরামর্শ প্রদান ও ত্বরিত মূল্যায়নসহ প্রয়োজনীয় যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের প্রতিটি জোনাল কার্যালয়েও "ক্রেডিট কমিটি" রয়েছে।

একই খাতে ঋণের প্রবাহ কেন্দ্রীভূত হওয়া রোধকল্পে ঋণ খাতের বহুমুখীতা সৃষ্টি ও ঋণের বহুমুখীকরণ, আমদানি বিকল্প কৃষি পণ্য উৎপাদন বৃদ্ধি, কৃষিভিত্তিক শিল্পের বিকাশ, দীর্ঘমেয়াদি ও বৃহদাংক ঋণের তুলনায় ক্ষুদ্র ও মাঝারি আকারের ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে নতুনভাবে "ঋণ নীতিমালা, ২০০৫" জারি করা হয়েছে। এ অঞ্চলের ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠী এবং শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকার যুব সমাজের জন্য কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে ব্যাংক উল্লেখযোগ্য সংখ্যক

দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি পরিচালনা করছে। এসব কর্মসূচির আওতায় দরিদ্র জনগোষ্ঠীর অর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়নে দল ও ব্যক্তি পর্যায়ে ঋণ বিতরণ করা হয়। প্রচলিত জামানত নির্ভর ঋণ নীতির পরিবর্তে নিবিড় তত্ত্বাবধানের মাধ্যমে জামানতবিহীন ঋণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। কর্মসূচিগুলোর মধ্যে ছাপল পালন কর্মসূচি, প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতিতে শস্য নিবিড়করণ প্রকল্প, বাকাব আত্মনির্ভর ঋণ কর্মসূচি, স্ব-নির্ভর ঋণ কর্মসূচি, মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ প্রকল্প, প্রতিবন্ধীদের জন্য ঋণ কর্মসূচি, ভেৎজ বাগান/নার্সারি স্থাপন ঋণ কর্মসূচি, শস্য গুদাম ঋণ প্রকল্প ও দারিদ্র্য শূণ্য বিশেষ ঋণ কর্মসূচি অন্যতম। সম্প্রতি দেশের সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণের ভোগ্য পণ্যের চাহিদা পূরণ ও জীবনযাত্রার মানোন্নয়নের জন্য “ভোক্তা ঋণ প্রকল্প” ও “চাকরিজীবীদের জন্য বিশেষ ঋণ” কর্মসূচি চালু করা হয়েছে।

বৈদেশিক সাহায্যপুষ্ট দুটি নতুন ঋণ বিতরণ কর্মসূচি যথাক্রমে-১) SEDCP (Small Enterprises Development Credit Project) এবং ২) NCDP (Northwest Crop Diversification Project)-এর কার্যক্রমের আওতায় বিভিন্ন জেলায় উৎসাহী কৃষকগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নতুন ক্ষুদ্র প্রকল্প স্থাপন, পুরনো প্রকল্পের উন্নয়ন, নতুন ব্যবসা চালু ও পুরনো ব্যবসার উন্নয়ন, উচ্চমূল্যের ফসল উৎপাদন, কৃষি প্রকল্প স্থাপন ও কৃষি পণ্যের ব্যবসা উন্নয়নে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম শুরু করা হয়েছে। সরকারি নীতিমালা মোতাবেক কৃষি ঋণের সুদের হার শতকরা ৮ থেকে ১০ ভাগ-এর মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে।

ব্যাংকের প্রচলিত ঋণ ঋতে ঋণ বিতরণের পাশাপাশি আমদানি বিকল্প

কৃষি পণ্য যেমন- বিভিন্ন ধরনের ডাল, তেলবীজ, মসলাজাতীয় ফসল, জুটসহ ১৯টি আমদানি নির্ভর অপ্ৰচলিত অর্থকরী ফসল উৎপাদনের প্রতি অধিক গুরুত্ব প্রদান করে এ সকল ঋতে উৎপাদন বৃদ্ধিতে কৃষকগণকে উৎসাহিত করার লক্ষ্যে ঋণের সুদের হার মাত্র শতকরা ২ ভাগ ধার্য করা হয়েছে।

১৯৯১-’৯২ অর্থবছর হতে এফএসআরপি চালুর পর ঋণ শ্রেণীকরণের ফলে ব্যাংকটি ক্রমাগত লোকসান দিতে থাকে, সর্বশেষ ২০০৭-’০৮ অর্থবছর পর্যন্ত ক্রমপুঞ্জীভূত লোকসানের পরিমাণ দাঁড়ায় ২৮২৮ মিলিয়ন টাকা।

ব্যাংকটি লাভজনকভাবে পরিচালনার উদ্দেশ্যে পাঁচ বছর মেয়াদি (০১-১১-১৯৯৯ হতে ৩১-১০-২০০৪) একটি সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করেছে। “মিরাকল” এই কর্মসূচির একটি উল্লেখযোগ্য অংশ। এই কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে ব্যাংক ১৯৯৯-২০০০ অর্থবছরে ২১ মিলিয়ন টাকা এবং ২০০০-’০১ অর্থবছরে ২৪ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করে। পরবর্তীতে এই কর্মসূচির উপর মধ্যবর্তী মূল্যায়ন ও পর্যালোচনালব্ধ বিষয়াদির ভিত্তিতে ২০১০ সালের মধ্যে ব্যাংকের পুঞ্জীভূত লোকসান কাটিয়ে উঠে স্বনির্ভরতা ও প্রকৃত মুনাফা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে ২০০১-’১০ পর্যন্ত একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা (Rakub Perspective Plan 2001-10) গ্রহণ করে তা বাস্তবায়ন শুরু করা হয়েছে। এই পরিকল্পনায় ব্যাংকিং কার্যক্রমে বাস্তবধর্মী সফলতা অর্জনের লক্ষ্যে প্রধান কার্যালয়, নিয়ন্ত্রণকারী কার্যালয় ও মাঠপর্যায়ে কর্মচাঞ্চল্য ও তৎপরতা বৃদ্ধির জন্য অধিক গতিশীল ও বেগবান কর্মপদ্ধতি প্রবর্তনসহ ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা হতে শুরু করে মাঠ পর্যায়ের পরিদর্শক পর্যন্ত সকলকে ব্যাংকের পরিচালনগত কর্মকাণ্ডে সম্পৃক্ত করা হয়েছে। ব্যাংকের

সারণি-২						
খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মেট		
২০০৬-০৭	বিতরণ	৩৯৫৪	৩৩৩	১৭৯৬	২১২৯	৭০৭১
	আদায়	৪৬৪৪	৩৫৮	২২৪৬	২৬০৪	৮৬১৩
২০০৭-০৮	বিতরণ	৩৫৬৫	২৮৪	১৮৭৮	২১৬২	৭৬৫০
	আদায়	৩৭৫৭	৪৭৬	২০৪৯	২৫২৫	৮৪৪৭
৩১ মার্চ ২০০৯*	বিতরণ	২৯২৮	১৫৭	১২০৫	১৩৬২	৬৩২২
	আদায়	২৬৮৬	৪৭০	১৫৫০	২০২০	৬৪২০
৩০ জুন ২০০৯**	বিতরণ	৪২৫১	২০০	১২৮০	১৪৮০	৮৪৯৭
	আদায়	৪২৭০	৫২০	১৬০০	২১২০	৮৫১০

\* সাময়িক, \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৪৩৫০৯ ৩৬৭৬
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৮৩৫ ২২৬
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৯ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৪৩৫১৬ ৩৬৮৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত*	প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	১৩১ ৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত**	প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	২৫০ ১০০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

কার্যক্রম বেগবান করার লক্ষ্যে MBO (Management by Objective), PARL (Participation of All for Recovery of Total Loans), BUP (Bottom up Planning) এবং Participatory Management ব্যবস্থা চালু করা হয়েছে । চলতি ২০০৮-০৯ অর্থবছরে শ্রেণীবিন্যাসিত ঋণ আদায় জোরদারকরণসহ ব্যাংকের পারফরমিং আসেট বৃদ্ধির মাধ্যমে এ ক্ষতি অচিরেই কাটিয়ে ওঠার লক্ষ্যে ব্যাংক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে । আশা করা যাচ্ছে, বিগত বছরগুলোর অভিজ্ঞতার আলোকে সাফল্য অর্জন করা সম্ভব হবে ।

**আমানত সংগ্রহ**

ব্যাংকের স্থিতিশীল বিনিয়োগযোগ্য তহবিল সৃষ্টির উদ্দেশ্যে আমানত সংগ্রহকে দ্বিতীয় গুরুত্বপূর্ণ তহবিলের উৎস হিসেবে চিহ্নিত করা হয়েছে । ইউনিয়ন পর্যায়ভুক্ত ৩০৪টি (শতকরা ৮৪ ভাগ) শাখা আমানত সংগ্রহে অবদান রাখছে । প্রতিবছর আমানতের লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে ও আমানতের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে । চলতি বছরেও এ ধারা অব্যাহত রয়েছে । আমানত সংগ্রহে ব্যাংক "বাক্য হজ্ব সঞ্চয়ী হিসাব", "বাক্য শিক্ষা সঞ্চয় প্রকল্প", "বাক্য গ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্প", "বাক্য সন্তান-সম্পত্তি বিবাহ সঞ্চয় প্রকল্প" নামে কয়েকটি নতুন আকর্ষণীয় আমানত স্কীম চালু করেছে । আশা করা যায়, আমানত স্কীমগুলো ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহে ব্যাপক সাড়া জাগাবে এবং আমানত লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখবে ।

২০০৮-০৯ অর্থবছরে ২৫০০ মিলিয়ন টাকা আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত সংগ্রহকৃত আমানতের পরিমাণ দাঁড়ায় ১৪৬ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৬ ভাগ ।

**ঋণ বিতরণ ও আদায়**

২০০৮-০৯ অর্থবছরে ৮৫০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৬৩২২ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৭০ ভাগ । ২০০৪-০৫ অর্থবছরে PARL (Participation of All for Recovery of Total Loans), BUP (Bottom up Planning)-এর আওতায় সকল স্তরের কর্মকর্তা/কর্মচারিণীদের বহুনিষ্ঠ কর্মপরিকল্পনা ও মুনামা অর্জনের অংশীকার পূরণে একনিষ্ঠতার কারণে ৬৮২৯ মিলিয়ন টাকা ঋণ আদায় সম্ভব হয় । যার মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ছিল ১১০৭ মিলিয়ন টাকা । ২০০৫-০৬ অর্থবছরের জন্য নির্ধারিত ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৭৫০০ মিলিয়ন টাকার বিপরীতে ব্যাংকের আদায় হয়েছে ৭৪৭০ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৯৯ ভাগ । যার মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ছিল ১১৭১ মিলিয়ন টাকা । ২০০৬-০৭ অর্থবছরের জন্য নির্ধারিত ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৮০০০ মিলিয়ন টাকার বিপরীতে আদায় হয়েছে ৮৬১৩ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ১০৬ ভাগ । এর মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ১৭৮০ মিলিয়ন টাকা । ২০০৮-০৯ অর্থবছরে ৮৫০০ মিলিয়ন টাকা ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত আদায়কৃত ঋণের পরিমাণ ৬৪২০ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৭৬ ভাগ । ঋণ বিতরণ ও ঋণ আদায় অবস্থা সারণি-২-এ দেখানো হলো ।

**তথ্য প্রযুক্তির উন্নয়ন ও গ্রাহক সেবা**

তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসার ঘটানোর লক্ষ্যে অনুমোদিত সাংগঠনিক

কাঠামোর আওতার ব্যাংকের পৃথক কম্পিউটার বিভাগ খোলা হয়েছে। আগামী ২০১০-১১ অর্থবছরের মধ্যে ব্যাংকের ৩৬৪টি শাখাতে কম্পিউটার-এর মাধ্যমে লেনদেন চালু ও গ্রাহকসেবা প্রদানের পরিকল্পনা গ্রহণ করে ইতোমধ্যে "পারস্পেকটিভ আইসিটি প্র্যান, ২০০৬ হতে ২০১১" প্রণয়ন করা হয়েছে, যা মন্ত্রণালয় অনুমোদন করেছে। কম্পিউটার জ্ঞানসমৃদ্ধ লোকবল তৈরির উদ্দেশ্যে প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে এবং ইতোমধ্যে ৭৮ জন ব্যাংক কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এ পর্যন্ত ব্যাংক ৭৮টি কম্পিউটার ও তার সাথে সম্পৃক্ত অন্যান্য যন্ত্রপাতি ক্রয় করেছে। প্রধান কার্যালয়ের সকল বিভাগ, রংপুরস্থ বিভাগীয় কার্যালয় ও ১৮টি জোনাল কার্যালয়ে কম্পিউটার সরবরাহ করা হয়েছে এবং e-mail-এর মাধ্যমে এই মাঠ পর্যায়ের কার্যালয়ের সংগে তথ্য আদান-প্রদান ব্যবস্থা চালু করা হয়েছে। ব্যাংকের প্রধান কার্যালয়ে LAN (Local area network) চালু হয়েছে এবং ব্যাংকের বিভিন্ন তথ্যাদি ইলেকট্রনিক্যালি আদান-প্রদান ও প্রসেস করার ব্যবস্থা করা হয়েছে। ঢাকা শাখা ও এলপিও'তে কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করে গ্রাহক লেনদেন ব্যবস্থা চালু করা হয়েছে, জেলা শাখাসমূহে টাকা গণনার মেশিন (Bank note count-

ing machine), জেলা শাখাসহ কৃত্তিকপূর্ণ উপজেলা ও ইউনিয়ন শাখাসমূহেও জালনোট শনাক্তকরণ মেশিন (Fake note detector machine) সরবরাহ করা হয়েছে। ইতোমধ্যেই ৫টি বৃহৎ জেলা শাখায় (রাজশাহী, বগুড়া, পাবনা, রংপুর, দিনাজপুর) কম্পিউটারায়নের কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে এই শাখাসমূহে ডাটা এন্ট্রির কাজ চলছে।

ব্যাংকের অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী ইতোমধ্যে ১৬ জন কম্পিউটার অপারেটর ও ১২৬ জন ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া ২২১ জন ডাটা এন্ট্রি অপারেটর এবং বিআরসি'র মাধ্যমে আরও ২১৮ জন কর্মকর্তা (ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার হতে সিস্টেম এনালিস্ট পর্যন্ত) নিয়োগের প্রক্রিয়া চলছে। দেশের অভ্যন্তরে ও দেশের বাইরে এ ব্যাংকের কার্যক্রম সম্পর্কে প্রচারণার জন্য ওয়েবসাইট খোলা হয়েছে। ওয়েবসাইটটির ঠিকানা: [www.rakub-bd.org](http://www.rakub-bd.org)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং ঋণ ও আমানতের সুদের হার যথাক্রমে সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেখানো হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬-০৭	২০০৭-০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	১৫৯১১ ১১৬৪৫ ৪০৩৬ ২৩০ ০	১৬৬০৩ ১২৩২৯ ৪০৩২ ২৪২ ০	১৬২৯০ ১২০০৭ ৪০৩৮ ২৪৫ ০	১৬৩০২ ১২০১৭ ৪০৩৯ ২৪৬ ০
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) (ক) গৃহ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	২৮২১ ০ ২৮২১	২৮৩২ ০ ২৮৩২	২২৬২ ০ ২২৬২	২১৬৪ ০ ২১৬৪
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩১৭২	৩৩৩০	২৯০২	২৯০৫
৪।	নির্মাণ	০	০	০	০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	০	০	০	০
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৬	২৫	২৫	২৬
৭।	ব্যবসা-বাণিজ্য (ক) পাইকারি/খুচরা (খ) রপ্তানি (গ) আমদানি (ঘ) হোটেল ও রেস্টোরাঁ	১৮ ১৮ ০ ০ ০	১৭ ১৭ ০ ০ ০	১৯ ১৯ ০ ০ ০	২০ ২০ ০ ০ ০
৮।	দারিদ্র্য বিমোচন	৭৯১	৮৪৪	৭৬১	৭৬৩
৯।	অন্যান্য	৩১৫৭	১৯২৭	৩৪২৩	৩৫২৫
	সর্বমোট	২৫৯০৬	২৫৫৭৮	২৫৬৮২	২৫৭০৫

সূদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	খল্প মোদা হিসাব	ছিন্ন মোদা হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬-০৭	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭৪	৮.০০	১২.০০	১৩.০০	৯.০৯
২০০৭-০৮	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭৬	৮.০০	১২.০০	১৩.০০	৯.১০
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭৬	৮.০০	১২.০০	১৩.০০	৯.০৪
৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত)	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭০	৮.০০	১২.০০	১৩.০০	৯.০৪

## বাংলাদেশ শিল্প ব্যাংক

১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং-১২৯-এর বলে ৩১ অক্টোবর ১৯৭২-এ প্রতিষ্ঠিত বাংলাদেশ শিল্প ব্যাংক স্বাধীনতা পূর্ববর্তীকালে ১৯৬১ সাল থেকে Industrial Development Bank of Pakistan (IDBP) নামে কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠালগ্নে বাংলাদেশ শিল্প ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল ৫০ মিলিয়ন টাকা। ৩১ মার্চ ২০০৯ তারিখে ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত উভয় মূলধনের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা। বাংলাদেশ শিল্প ব্যাংক আদেশ অনুযায়ী ব্যাংকের অনুমোদিত মূলধনের অন্তর্গত ৫১ শতাংশ সরকার এবং অবশিষ্টাংশে বাংলাদেশী নাগরিক কিংবা দেশি বা বিদেশি আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণের মাধ্যমে পরিশোধযোগ্য। তবে, বর্তমান পরিশোধিত মূলধনের সম্পূর্ণ অংশই সরকার দ্বারা প্রদত্ত হয়েছে। বর্তমানে প্রধান কার্যালয় ও তিনটি আঞ্চলিক কার্যালয় ছাড়াও

এ ব্যাংকের ১৫টি শাখা কার্যালয় রয়েছে। এ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারির সংখ্যা জুন ২০০৮-এর ৭২৫ জন থেকে ত্রাস পেয়ে মার্চ ২০০৯-এ ৬৯৩ জনে দাঁড়িয়েছে। ব্যাংকের পরিচালনা বোর্ড চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকসহ মোট ৯ (নয়) জন পরিচালক সমন্বয়ে গঠিত এবং বর্তমানে ব্যাংকের পরিচালনা বোর্ডে মোট ৮ (আট) জন পরিচালকই বিন্যাস আছেন। বাংলাদেশ শিল্প ব্যাংক সরকার সূচিত এবং গৃহীত অর্থনৈতিক সংস্কার কর্মসূচি ও শিল্প নীতির সাথে সংগতি রেখে দেশের শিল্পায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নিয়োজিত কার্যবলী পরিচালনা করে আসছে। ব্যাংক কর্তৃক গৃহীত কার্যবলী :

- নতুন শিল্প প্রতিষ্ঠা, চালু শিল্পের সুসংস্কার, আধুনিকীকরণ এবং প্রতিস্থাপন ও সম্প্রসারণের জন্য দীর্ঘমেয়াদি ঋণ প্রদান;
- শিল্প প্রকল্পের অনুকূলে চলতি মূলধন ঋণ প্রদান;



একটি নীট কম্পোজিট কারখানায় ব্যাংকের অর্থায়ন।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
৩।	রিজার্ভ ফান্ড	৮৮২	১১১০	১১১০	১১৩০
৪।	আমানত	৬৪৪	৬৮৩	৬৭৩	৭২০
	ক) তলবি আমানত	১৮৪	১৪৯	১৬১	১৭০
	খ) মেয়াদি আমানত	৪৬০	৫৩৪	৫১২	৫৫০
৫।	ঋণ ও অগ্রিম	৮১৬৫	৭৬৬০	৭৭৪৪	৭৭০০
৬।	বিনিয়োগ	২৫০৮	২৩৯১	২২৬৪	২৩০০
৭।	মোট পরিসম্পদ	১২৪৪৩	১১৬৮৭	১১৪৯৮	১১৫০০
৮।	মোট আয়	৮৯৪	৮৬১	৪১৩	৭০৯
৯।	মোট ব্যয়	৩৯৬	৫৩৬	২৩০	৫৮৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা				
	ক) রপ্তানি	-	-	-	-
	খ) আমদানি	৪৬	১৮৭	১৫৭	১৯৬
	গ) রেমিট্যান্স	৩	৪	১	২
১১।	জনশক্তি (সংখ্যায়)				
	ক) কর্মকর্তা	৭৪৫	৭২৫	৬৯৩	৬৭৯
	খ) কর্মচারি	৪৮০	৪৯৩	৪৮৩	৪৭০
	ক) কর্মচারি	২৬৫	২৩২	২১০	২০৯
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৩	৩৩	২১	২১
১৩।	মোট শাখা (সংখ্যায়)				
	ক) বাংলাদেশে	১৫	১৫	১৫	১৫
	খ) বিদেশে	-	-	-	-

- পাবলিক লিমিটেড কোম্পানির শিল্প প্রকল্পগুলোকে সেতু ঋণ ও শেয়ার অবলিখন সহায়তা প্রদান;
- ঋণ গ্রহীতাদের পক্ষে ঋণ পরিশোধের গ্যারান্টি প্রদান;
- আমানত সংগ্রহসহ বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান; এবং
- পুঁজি বাজারের উন্নয়নকল্পে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ-এর সদস্য হিসেবে ব্যাংকের জন্য ও গ্রাহকদের পক্ষে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার/সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়।

এছাড়া লাভজনক প্রকল্প চিহ্নিতকরণসহ ব্যাংক লাগসই প্রযুক্তি ও সম্ভাবনাময় বাজারসম্পন্ন শিল্প প্রকল্প নির্বাচনে আগ্রহী উদ্যোক্তাপণকে বিভিন্ন তথ্য/উপাত্ত সরবরাহ এবং পরামর্শমূলক সেবা প্রদান করে আসছে।

**আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য**

বাংলাদেশ শিল্প ব্যাংকের মোট আমানতের পরিমাণ জুন ২০০৮ পর্যন্ত ৬৮৩ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে মার্চ ২০০৯ শেষে ৬৭৩ মিলিয়ন

টাকায় দাঁড়িয়েছে। এ ব্যাংকের প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ জুন ২০০৮ শেষের ৭৬৬০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে মার্চ ২০০৯ শেষে ৭৭৪৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এছাড়া নতুন শিল্প প্রকল্পে অর্থায়নের ফলে ব্যাংকের ঋণ ও অগ্রিমের স্থিতি জুন ২০০৮-এর তুলনায় বৃদ্ধি পেয়ে ৩০ জুন ২০০৯-এ ৭৭০০ মিলিয়ন টাকায় দাঁড়াতে বলে আশা করা যায়। বাংলাদেশ শিল্প ব্যাংকের কার্যক্রম ও অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

**খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়**

২০০৭-'০৮ অর্থবছরে শিল্প ব্যাংকের মোট ঋণ বিতরণের পরিমাণ ছিল ৫৪৮ মিলিয়ন টাকা। ২০০৮-'০৯ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৪৯২ মিলিয়ন টাকা। শিল্প ব্যাংকের প্রধান ঋণ হলো মেয়াদি ঋণ। মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ২০০৬-'০৭ অর্থবছরের ৫৩৪ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ২০০৭-'০৮ অর্থবছরে ৩৮৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮-'০৯ অর্থবছরের প্রথম ৯ মাসে শিল্প ব্যাংক ৫৫৯ মিলিয়ন টাকা মেয়াদি ঋণসহ মোট ৬৪৭ মিলিয়ন টাকা আদায় করেছে। ২০০৭-'০৮ অর্থবছরে মোট ঋণ

আদায়ের পরিমাণ ছিল ৯৮১ মিলিয়ন টাকা। শিল্প ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী,

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি ২, ৩, ৪ এবং ৫-এ দেয়া হলো।

সারণি-২						
ঋণভিত্তিক ঋণ বিতরণ ও আদায়						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য***	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬-০৭						
বিতরণ	-	৫৩৪	১৯৬	৭৩০	১৩২	৮৬২
আদায়	-	৯৫৯	৪৫	১০০৪	৬২	১০৬৬
২০০৭-০৮						
বিতরণ	-	৩৮৪	৩৩	৪১৭	১৩১	৫৪৮
আদায়	-	৮৫৫	৬৭	৯২২	৫৯	৯৮১
৩১ মার্চ ২০০৯ *						
বিতরণ	-	৩৪৯	২২	৩৭১	১২১	৪৯২
আদায়	-	৫৫৯	৩৯	৫৯৮	৪৯	৬৪৭
৩০ জুন ২০০৯ **						
বিতরণ	-	৫৫০	১৩৫	৬৮৫	১৩০	৮১৫
আদায়	-	৮৩৫	৫৬	৮৯১	৫৯	৯৫০

\* সাময়িক; \*\* প্রাক্কলিত; \*\*\* কর্মচারি অধিগ্রহণ সহ।

সারণি-৩				
শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী				
(মিলিয়ন টাকায়)				
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য***	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীভূত : ৩০ জুন ২০০৮ তারিখে				
প্রকল্প সংখ্যা	৩১২	১৪৫৫	৩০০	২০৬৭
পরিমাণ	২৮৪৮৩	৬১৫৫	১৪৬৫	৩৬১০৩
১ জুলাই ২০০৭ হতে ৩০ জুন ২০০৮ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২	৯	৩	১৪
পরিমাণ	৮৮২	৩৬	৩	৯২১
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৯ তারিখে*				
প্রকল্প সংখ্যা	৩১৪	১৪৬৫	৩০৫	২০৮৪
পরিমাণ	২৮৭৯০	৬২১৬	১৪৭২	৩৬৪৭৮
১ জুলাই ২০০৮ হতে ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত*				
প্রকল্প সংখ্যা	২	১০	৫	১৭
পরিমাণ	৩০৭	৬১	৭	৩৭৫
১ জুলাই ২০০৮ হতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত**				
প্রকল্প সংখ্যা	৩	১৫	৮	২৬
পরিমাণ	৪০৭	২৩১	১৫	৬৫৩

\* সাময়িক; \*\* প্রাক্কলিত; \*\*\* চলতি মূলধন।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - -	- - - -	- - - -	- - - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৬২৩০ ৫১৬২ ১০৬৮	৫৭০২ ৪৯২৫ ৭৭৭	৫৭৩৮ ৪৯৯৬ ৭৪২	৫৬৬৮ ৪৯৪১ ৭২৭
৩।	চলতি মূলধন অর্থায়ন	৭১৯	৬১৭	৬২০	৬৩০
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	- - - -	- - - -	- - - -	- - - -
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	-
৯।	অন্যান্য *	১২১৬	১৩৪১	১৩৮৬	১৪০২
	সর্বমোট	৮১৬৫	৭৬৬০	৭৭৪৪	৭৭০০

\* ওডি, ফোর্সড লোন, ব্রিজ লোন ও স্টাফ লোন।

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বন্ধ মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬-২০০৭	৪.০	২.৫	৫.৭৫-৬.৭৫	৪.২৫	-	১০.০-১২.০	১৩	১২.০
২০০৭-২০০৮	৫.০	৩.০	৭.০০-৮.৫	৫.২৫	-	১০.০-১২.৫	১৩	১২.০
৩১ মার্চ ২০০৯	৫.০	৩.০	৭.০০-৮.৫	৫.২৫	-	১০.০-১২.৫	১৩	১২.০
৩০ জুন ২০০৯*	৫.০	৩.০	৭.০০-৮.৫	৫.২৫	-	১০.০-১২.৫	১৩	১২.০

\* প্রাকলিত।

## বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা

১৯৭২ সালের রাষ্ট্রপত্রের ১২৮ নং আদেশ বলে শিল্প প্রকল্পে ঋণ সুবিধাসহ অন্যান্য সহায়তা প্রদান, বাংলাদেশে পুঁজি বিনিয়োগকে উৎসাহিত করা ও বিনিয়োগ কর্মকাণ্ডের ভিত্তিকে সম্প্রসারিত করার লক্ষ্যে ৩১ অক্টোবর ১৯৭২ সালে বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস) প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতে ১ মার্চ ১৯৮৫ পর্যন্ত সংস্থা স্থায়ী চাটগারে প্রদত্ত ক্ষমতা বলে শিল্প প্রকল্প স্থাপনে দীর্ঘ মেয়াদি ঋণ, সেতু ঋণ, ডিবেঞ্চার ঋণ ইত্যাদি প্রদান করে আসছে। কিন্তু বাংলাদেশ সরকার ও কয়েকটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে ২ মার্চ ১৯৮৫ সালে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে সংস্থার সার্বিক কর্মকাণ্ড মে ১৯৯৫ পর্যন্ত এর পোর্টফোলিওভুক্ত প্রকল্পগুলোর সুস্বমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণের (বিএমআরই) জন্য আর্থিক সহায়তা প্রদান ও ঋণ আদায়ের মধ্যে সীমাবদ্ধ ছিল। ১৯৮৫ সালে সম্পাদিত এ সমঝোতা স্মারকের আলোকে সংস্থার সার্বিক পরিচালনা ও প্রশাসনিক ক্ষেত্রে ব্যাপক সংস্কার সাধিত হয় এবং

বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ, ১৯৭২ সংশোধন করাসহ ঋণ আদায় প্রক্রিয়া আরো জোরদার করা হয়।

দেশের আর্থিক খাতে বিরাজমান পরিস্থিতির পরিশ্রেক্ষিতে এবং শিল্পায়নে সংস্থার ইতিবাচক ভূমিকার কথা বিবেচনা করে সরকার ১৯৯৫ সালের জুন মাসে সংস্থাকে সরকারের নিয়ন্ত্রণাধীন একটি পূর্ণাঙ্গ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে এবং সে অনুসারে সংস্থাকে পুনর্গঠন করে। পুনর্গঠনের আওতায় সরকার সংস্থাকে নতুন শিল্প প্রকল্পে ঋণ প্রদানসহ বাণিজ্যিক ব্যাংকিং ও মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্যও অনুমতি প্রদান করে। এ প্রেক্ষিতে ৪ মে ১৯৯৭ তারিখে সংস্থা মতিঝিল শাখা খোলার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এছাড়া পুঁজি বাজারকে সক্রিয় করার নিমিত্তে এবং স্টক এক্সচেঞ্জে সরাসরি সিকিউরিটিজ ট্রান্স-বিক্রয়ে অংশগ্রহণ করার জন্য সংস্থা ৩০ আগস্ট ১৯৯৭-এ ঢাকা স্টক এক্সচেঞ্জের সদস্যপদ গ্রহণ করেছে এবং নিয়মিত শেয়ার ও



একটি স্পিনিং কারখানায় ব্যাংকের অফিসিয়ন

সিকিউরিটিজ ক্লাব-বিক্রয়ে অংশ নিচ্ছে। অধিকন্তু, সংস্থা প্রথম মিউচুয়াল ফান্ড ও সাফল্যজনকভাবে ১৯৯৬-'৯৭ অর্থবছরে বাজারজাত করেছে এবং এ মিউচুয়াল ফান্ডের উপর নিয়মিত লভ্যাংশ প্রদান করেছে। ২৯ অক্টোবর ২০০০-এ সংস্থা বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম আরও সম্প্রসারণের লক্ষ্যে ঢাকার কাওরানবাজারস্থ এর নিজস্ব ভবনে দ্বিতীয় বাণিজ্যিক ব্যাংকিং শাখার কার্যক্রম শুরু করে। এছাড়া বিদেশি প্রতিসংগী ব্যাংকের সংখ্যা হলো ২টি। ৩০ জুন ২০০৮-এ সংস্থার অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং সংরক্ষিত তহবিলের পরিমাণ ছিল যথাক্রমে ২০০০ মিলিয়ন টাকা ও ৭০০ মিলিয়ন টাকা এবং ১৯৩৬ মিলিয়ন টাকা। ৩০ জুন ২০০৮-এ সংস্থার কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা ছিল ১৭২ জন, যার মধ্যে ৯২ জন কর্মকর্তা ও ৮০ জন কর্মচারি। মার্চ ২০০৯ শেষে কর্মকর্তা ও কর্মচারির মোট সংখ্যা দাঁড়িয়েছে ১৬৩ জনে, যার মধ্যে ৮৯ জন কর্মকর্তা ও ৭৪ জন কর্মচারি। শিল্প ঋণ সংস্থার অর্থনৈতিক অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

### ঋণ মঞ্জুরী, বিতরণ ও আদায়

১৯৯৫ সালে পুনরায় নতুন শিল্প প্রকল্পে অর্থায়নের অনুমতি পাওয়ার পর থেকে সংস্থা (কনসোর্টিয়াম ব্যবস্থার আওতায় ১২টি প্রকল্পসহ) মোট ৪২টি নতুন শিল্প প্রকল্পে ২০৫১ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর

করেছে। আলোচ্য সময়ে সেতু ঋণ খাতে সংস্থা ৪টি প্রকল্পে ৫১ মিলিয়ন টাকা এবং ডিবেল্ডার খাতে ১টি প্রকল্পে ৪৮ মিলিয়ন টাকা প্রদান করেছে। এ সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ-এর কার্যক্রম অটোমেশন করার নিমিত্তে সরকারের নিকট থেকে ৮৪ মিলিয়ন টাকা গ্রহণপূর্বক তা এই প্রতিষ্ঠানকে ঋণ হিসেবে প্রদান করেছে। সংস্থা এর জন্মলগ্নে পূর্বসূরী পিকিক-এর মাধ্যমে মঞ্জুরকৃত ৯৮টি প্রকল্প প্রাপ্ত হয়, যার বিপরীতে ৩৮৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল। পরবর্তীতে ১৯৭২ সাল হতে ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত সংস্থা মোট ৩৪৭টি প্রকল্পে ৬৩৭৮ মিলিয়ন টাকা ঋণ অনুমোদন করেছে এবং অবলিখন অগ্রিম ও ডিবেল্ডার ঋণ বাবদ ১২৩ মিলিয়ন টাকা সহ মোট ৫৪৮২ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এ সময়ে সংস্থা নিজস্ব অর্থায়িত প্রকল্প থেকে প্রায় ৯৬২৮ মিলিয়ন টাকা ঋণ বাবদ আদায় করেছে। এছাড়া ১৯৭২ সাল হতে ৩০ জুন ২০০৮ পর্যন্ত সংস্থা ২৭১১ মিলিয়ন টাকা করপূর্ব মুনাফা অর্জন করেছে, কর বাবদ ১৮৪৯ মিলিয়ন টাকা সরকারকে প্রদান করেছে এবং লভ্যাংশ বাবদ সরকারি কোষাগারে ২২৮ মিলিয়ন টাকা প্রদান করেছে। সংস্থার একটি বড় সাফল্য হলো এ পর্যন্ত সংস্থা কখনও লোকসান-এর সম্মুখীন হয়নি। এ ছাড়াও জন্মলগ্ন হতে এ পর্যন্ত সরকারের কাছ থেকে অথবা সরকারের মাধ্যমে পূহীত ঋণের বিপরীতে সংস্থা সরকারকে নির্ধারিত সুদসহ ৬০১৬ মিলিয়ন টাকা এবং

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	৭০০	৭০০	৭০০	৭০০
৩।	সংরক্ষিত তহবিল	১৮০৫	১৯৩৬	২০০৭	২০৫০
৪।	আমানত	-	-	-	-
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদি আমানত	-	-	-	-
৫।	ঋণ ও অগ্রিম	২১০৯	২০৯৩	২২০৫	২৫৯৩
৬।	বিনিয়োগ	৬৮৫	৬৯৪	৬৭৭	৬৭৪
৭।	মোট পরিসম্পদ	৪৫২৮	৪৬৫৮	৪৮৭১	৪৯৫৮
৮।	মোট আয়	৩০৫	৩৬০	৩১০	৪০২
৯।	মোট ব্যয়	১৩৯	১৪৬	১৬৪	২১৮
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	-	-	-	-
	(ক) রুগানি	-	-	-	-
	(খ) আমদানি	-	-	-	-
	(গ) রেমিট্যান্স	-	-	-	-
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৭০	১৭২	১৬৩	১৬০
	ক) কর্মকর্তা	৯৬	৯২	৮৯	৮৮
	খ) কর্মচারি	৭৪	৮০	৭৪	৭২
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২	২	২	২
১৩।	শাখা (সংখ্যায়)	২	২	২	২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬-০৭						
বিতরণ	-	-	-	-	-	-
আদায়	-	২২২	-	২২২	২০	২৪২
২০০৭-০৮						
বিতরণ	-	১১৭	-	১১৭	৬	১২৩
আদায়	-	১৯৬	-	১৯৬	২৪	২২০
৩১ মার্চ ২০০৯* পর্যন্ত						
বিতরণ	-	২৩০	-	২৩০	১১	২৪১
আদায়	-	১৮২	-	১৮২	৮	১৯০
৩০ জুন ২০০৯** পর্যন্ত						
বিতরণ	-	৩৮১	-	৩৮১	১০	৩৯১
আদায়	-	৩০০	-	৩০০	৯	৩০৯

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত : ৩০ জুন ২০০৮ তারিখে			
প্রকল্প সংখ্যা	৩৯	-	৩৯
পরিমাণ	২৬২১	-	২৬২১
১ জানুয়ারি ২০০৭ হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১১	-	১১
পরিমাণ	৬৩২	-	৬৩২
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮ তারিখে			
প্রকল্প সংখ্যা	৩৪৭	-	৩৪৭
পরিমাণ	৬৩৭৮	-	৬৩৭৮
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২	-	২
পরিমাণ	১২৫	-	১২৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮	-	৮
পরিমাণ	৩২৫	-	৩২৫

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

দাতা সংস্থাগুলোকে নির্ধারিত সুদসহ ৩৫০ মিলিয়ন টাকা পরিশোধ করেছে। বিএসআরএস সম্প্রতি সরকারের সকল পাওনা পরিশোধ করে একটি সম্পূর্ণ দায়মুক্ত প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

২০০৭-'০৮ অর্থবছরে সংস্থা দু'টি বাণিজ্যিক ব্যাংকিং শাখার মাধ্যমে SOD এবং Consumer Credit Scheme-এর আওতায় প্রায় ৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং মেয়াদি ঋণসহ ২২০ মিলিয়ন টাকা আদায় করেছে। ২০০৮-'০৯ অর্থবছরের ৩১ মার্চ পর্যন্ত সময়ে SOD এবং Consumer Credit Scheme-সহ মোট ২৪১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং মেয়াদি ঋণসহ মোট ১৯০ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ৩১ মার্চ ২০০৯ তারিখের সাময়িক হিসাবে সংস্থার মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ন্যাড়া হয়েছে ২২৫৪ মিলিয়ন টাকা।

### সংস্থার সাম্প্রতিক কার্যাবলী

- ১) সংস্থাটি দীর্ঘ বিরতির পর ১০টি প্রকল্পে ৬০৯ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করেছে।
- ২) সার্বিক কর্মকাণ্ডের ফলে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ২০০৬-'০৭ অর্থবছরের শতকরা ৫৪ ভাগ থেকে হ্রাস পেয়ে চলতি অর্থবছরে শতকরা ৪১ ভাগে ন্যাড়া হয়েছে।

৩) অবলোপনকৃত ঋণের পরিমাণ ২০০৫-'০৬ অর্থবছরের ১৩০১৭ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে চলতি অর্থবছরে ১২৩৯৭ মিলিয়ন টাকায় ন্যাড়া হয়েছে।

৪) সংস্থাটি সিবিউরিটিক ত্রুটি-বিভ্রমের মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগ কর্মসূচি বাস্তবায়ন করে ২৭ ফেব্রুয়ারি ২০০৮ থেকে প্রোকুরেজ হাউজ চালু করেছে।

৫) ঋণপত্র খোলার মধ্য দিয়ে সংস্থাটি বৈদেশিক মুদ্রা ব্যবসা শুরু করেছে।

৬) সরকার ঘোষিত নীতিমালার Thrust Sector-এ বিনিয়োগকল্পে নতুন উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণে উত্থিত করা হচ্ছে।

৭) অবলোপনকৃত ও শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে গ্রাহকদের সাথে আলোচনার মাধ্যমে ঋণ পরিশোধে উত্থিত করার বেশ কিছু গ্রাহক সংস্থার সাথে সমঝোতায় উপনীত হয়েছে।

বিএসআরএস-এর ঋণভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো। বিএসআরএস-এর শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের শতকরা হার সারণি-৫-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক খণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬-০৭	২০০৭-০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য বাতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - - -	- - - - -	- - - - -	- - - - -
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	১৮২৭ ২০৭১ -	২০৫৭ ২০২৬ ৩১	২২২০ ২১৬৬ ৩৪	২৫৫৮ ২৫২৪ ৩৪
৩।	চলতি মূলধন অর্থাগন	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	২৯	২৭	২৬	২৪
৭।	বাসসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	- - - - ২	- - - - ২	- - - - ২	- - - - ২
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	-
৯।	অন্যান্য	৭	৭	৯	১১
	সর্বমোট	২১০৯	২০৯৩	২২৫৫	২৫৯৩

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	খল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬-০৭	৪.০	২.৫	৫.৭৫-৬.৭৫	৪.২৫	-	১০.১২	১০.০	১২.১২
২০০৭-০৮	৫.০	৪.০	৮.৮৮	-	-	১১.৭	-	১১.৭
৩১ মার্চ ২০০৯*	৫.০	৪.০	৭.২৫-৮.৮৮	-	-	১১.৭০-১২.৫	১০.০	১১.৪
৩০ জুন ২০০৯**	৫.০	৪.০	৮.৮৮	-	-	১১.৭	-	১১.৭

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## বেসিক ব্যাংক লিমিটেড

বেসিক ব্যাংক লিমিটেড ১৯৮৯ সালের ২১ জানুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে মোট ৮০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন (বিসিসি ফাউন্ডেশনের ৭০% শেয়ার এবং বাংলাদেশ সরকারের ৩০% শেয়ার) নিয়ে কার্যক্রম শুরু করে। ৬ জুন ১৯৯১-এ বিশ্বব্যাপী বিসিসিআই ফাউন্ডেশন অকার্যকর হয়ে গেলে উদ্ধৃত অচলাবস্থা রোধ করতে বাংলাদেশ সরকার ৪ জুন ১৯৯২-এ ফাউন্ডেশনের ৭০% শেয়ার ও ব্যাংকটি অধিগ্রহণ করে। ২০০৮ সালে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা। ২০০৭ সাল শেষে পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল ১২৪৭ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালে ১৩১০ মিলিয়ন টাকায় পরিণত হয়। এছাড়া ২০০৭ সাল শেষে ব্যাংকের রিজার্ভ ফান্ড ছিল ১৩৪৯ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালের ডিসেম্বর শেষে ১৬৮১ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ২০০৮ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৩২টিতে এবং মোট জনশক্তি ৭৩২

জন, যার মধ্যে ৫৯৫ জন কর্মকর্তা এবং ১৩৭ জন কর্মচারি।

বেসিক ব্যাংক লিমিটেড উন্নয়ন এবং বাণিজ্যিক ব্যাংকের এক সংমিশ্রণ। ব্যাংকটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে অগ্রাধিকার দিয়ে শিল্প ঋত প্রসারের জন্য মধ্য ও দীর্ঘ মেয়াদি ঋণ সরবরাহ এবং অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের দায়িত্বে নিয়োজিত। সংঘ স্মারক ও সংঘ বিধি অনুযায়ী ব্যাংকটির মোট ঋণদানযোগ্য তহবিলের অন্তত শতকরা ৫০ ভাগ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অর্থায়নে ব্যবহৃত হয়।

### আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০৭ সালের ডিসেম্বর শেষের ৩১৯৪৮ মিলিয়ন টাকা থেকে শতকরা ১৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৮ সালের ডিসেম্বর শেষে ৩৮০৩৯ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিম স্থিতি ২০০৮ সালের ডিসেম্বর শেষে



ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি টেক্সটাইল মিল।

পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শতকরা ২৩ ভাগ বৃদ্ধি পেয়ে ২৭২৬৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ২০০৭ সালের তুলনায় ১১২৮৮ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ৪৯৬৭০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে আমদানির পরিমাণ ২০০৭ সালের ২১২৬৭ মিলিয়ন টাকা থেকে শতকরা ২৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ২৭৩৫৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। রপ্তানির পরিমাণ ২০০৭ সালের ১৬৭৯৫ মিলিয়ন টাকা থেকে শতকরা ৩০ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ২১৮৭১ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। রেমিট্যান্স ২০০৭ সালের ৩২০ মিলিয়ন টাকা থেকে শতকরা ৩৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ৪৪৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

এশীয় উন্নয়ন ব্যাংক-এর অর্থায়নে কৃষিভিত্তিক ব্যবসা বৃদ্ধির মাধ্যমে দাবিপূর্ণা বিমোচনের লক্ষ্যে ব্র্যাক, আশা এবং টিএমএসএস বরাবর ক্ষুদ্র ঋণ পরিচালনার জন্য ২০০৬ সালে ৯০০ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুর করা হয়েছে, এর মধ্যে ২০০৭ সালে ৩২৬ মিলিয়ন টাকা এবং ২০০৮ সালে ১৭৭ মিলিয়ন টাকাসহ ক্রমপুঞ্জীভূত মোট ৫০৩ মিলিয়ন টাকা

বিতরণ করা হয়েছে।

২০০৭ সালের মার্চ মাস থেকে ব্যাংকিং লেনদেন তথা সামগ্রিক কার্যক্রমকে কেন্দ্রীয় নিয়ন্ত্রণে আনার জন্য 'অন লাইন ব্যাংকিং কার্যক্রম' শুরু হয়েছে। ২০০৭ সালে ATM কার্ড প্রবর্তনের মাধ্যমে গ্রাহকদের নিকট ব্যাংকিং সেবা সহজলভ্য করার উদ্যোগ নেয়া হয়। শিল্প ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে পরিবেশের ওপর শিল্প প্রকল্পের প্রভাব বিবেচনায় নিয়ে পরিবেশ ব্যাকব প্রকল্পে ঋণ মঞ্জুরী দেয়াকে ত্বরান্বিত করা হয়েছে। বেসিক ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

### শিল্প ঋণ বিতরণ এবং আদায়

বেসিক ব্যাংক লিমিটেডের মেয়াদি ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ২০০৮ সালে যথাক্রমে ২১৯৯ মিলিয়ন এবং ১৬৫২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৭ সালে মেয়াদি ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১৮৯৯ মিলিয়ন এবং ১৬০৬ মিলিয়ন টাকা। ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	১২৪৭	১৩১০	১৩১০	১৩২৪
৩।	রিজার্ভ ফান্ড	১৩৪৯	১৬৮১	১৮১১	১৯২৬
৪।	আমানত	৩১৯৪৮	৩৮০৩৯	৩৮৪৫২	৩৯১৫১
	ক) তলবি আমানত	৩২৩৮	৩৫০০	৩৪৩৫	৩৫৩৬
	খ) মেয়াদি আমানত	২৮৭১০	৩৪৫৩৯	৩৫০১৭	৩৫৬১৫
৫।	ঋণ ও অগ্রিম	২২২৬৩	২৭২৬৯	২৬৭৪০	৩১০০০
৬।	বিনিয়োগ	৫৩০৩	৫৬৯৪	৫৫৯৯	৬০৯৯
৭।	মোট পরিসম্পদ	৩৮৭৭৪	৪৬৬৬০	৪৭৭৭৪	৪৮৩৭৪
৮।	মোট আয়	৩৫৫০	৫০৬০	১৩৩১	২৫৩৫
৯।	মোট ব্যয়	২৪৫৯	৩৫২৬	৯৩১	১৮১৬
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩৯০৬৪	৪৯৬৭০	১১৫২৬	৩১০০০
	ক) রপ্তানি	১৬৭৯৫	২১৮৭১	৫২১০	১৩০০০
	খ) আমদানি	২১২৬৭	২৭৩৫৪	৬০৬৬	১৭৫০০
	গ) রেমিট্যান্স	১০০২*	৪৪৫	২৫০	৫০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৭২৪	৭৩৫	৭৩২	৮০০
	ক) কর্মকর্তা	৫৫৪	৫৯৭	৫৯৫	৬৬৩
	খ) কর্মচারি	১৭০	১৩৮	১৩৭	১৩৭
১২।	বিদেশি প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	২২	২২	২২	২২
১৩।	মোট শাখা (সংখ্যায়)				
	ক) বাংলাদেশে	৩০	৩১	৩২	৩২
	খ) বিদেশে	০	০	০	০

## স্বাতন্ত্রিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য <sup>১</sup>	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭						
বিতরণ	৩৯৩*	১৮৯৯	৯৫২৬	১১৪২৫	৭৬৮২#	১৯৫০৩
আদায়	৪৭**	১৬০৬	৬০৭৭	৭৬৮৩	-	৭৭৩০
২০০৮						
বিতরণ	২৬৯*	২১৯৯	৭৭০৭	৯৯০৬	৯৫৮৬#	১৯৭৬১
আদায়	২২৭	১৬৫২	৭৬১০	৯২৬২	-	৯৪৮৯
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)						
বিতরণ	১৩৯*	৫৩৯	১৮৮৮	২৪২৭	৩১৬৩#	৫৭২৯
আদায়	৫৪	৫৮২	১৯০৭	২৪৮৯	-	২৫৪৩
৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত)						
বিতরণ	২৮০	১৪৫০	৫১০০	৬৫৫০	৬২০০#	১৩০৩০
আদায়	১১০	১০৯০	৫০০০	৬০৯০	-	৬২০০

# স্থিতি পরিমাণ। দারিদ্র্য বিমোচন কর্মসূচি/ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায়। \*\* জুলাই ২০০৭ থেকে ডিসেম্বর ২০০৭ পর্যন্ত।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

বেসিক ব্যাংক লিমিটেড শুরু থেকে ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত ৮০১টি প্রকল্পের আওতায় মোট ১০৯১৬ মিলিয়ন টাকা মেয়াদি ঋণ অনুমোদন করে, যার মধ্যে ৯৭১৫ মিলিয়ন টাকা বা শতকরা ৮৯ ভাগ মাকারি এবং ক্ষুদ্র ও কুটির শিল্পে এবং বাকি ১২০১ মিলিয়ন টাকা বা শতকরা ১১ ভাগ বৃহৎ শিল্পে। প্রকল্পের ধরণ হচ্ছে গার্মেন্টস এবং টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ, ইঞ্জিনিয়ারিং, পাটজাত দ্রব্য, কেমিক্যাল, সিনথেটিক লেনদার, এমপ্রয়ডারি, পেপার প্রিন্টিং এন্ড প্যাকেজিং, হার্ডবোর্ড, মৎস্য ও চিংড়ি, ফিশিং নেট, খাদ্য প্রক্রিয়া, বিস্কুট ও ব্রেড, ময়দা মিল, গ্রেড, লুব্রিকেন্ট, সিএনজি ইত্যাদি। ২০০৮ সালে ব্যাংক ৮৭টি নতুন প্রকল্পের আওতায় মোট ২১০৩ মিলিয়ন টাকা অনুমোদন দিয়েছে। শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া

হলো।

## বিশেষ ঋণ কর্মসূচি ও অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

শহুরে দরিদ্র জনগোষ্ঠীর জন্য বেসিক ব্যাংক ক্ষুদ্র ঋণ কর্মসূচি (Micro Credit Scheme) নামে একটি কর্মসূচি চালু রেখেছে। এ কর্মসূচির আওতায় দরিদ্র ঋণ গ্রহীতাদের সরাসরি বা এনজিও-এর মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা রয়েছে। ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংক ৩০৯৪৭৩ জন দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে মোট ১৭৯২ মিলিয়ন টাকা বিতরণ করে। ঋণ আদায়ের হার শতকরা ৯৮ ভাগ। ২০০৮ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের মোট ঋণের স্থিতি দাঁড়ায় ২৭২৬৯ মিলিয়ন টাকা। অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো। এছাড়াও আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপূর্তীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৮* তারিখ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	২৫৪ ৪৯৮০#	৫৪৭ ৫৯৩৬#	- -	৮০১ ১০৯১৬#
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত প্রকল্প সংখ্যা** পরিমাণ	৩৯ ১৪৬৬#	৪৮ ৬৩৭#	- -	৮৭ ২১০৩#
ক্রমপূর্তীকৃত : ৩১ মার্চ ২০০৯* তারিখ পর্যন্ত (সাময়িক) প্রকল্প সংখ্যা পরিমাণ	২৬২ ৫৩৩০#	৫৫৭ ৬০৮৬#	- -	৮১৯ ১১৪১৬#
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯ পর্যন্ত (সাময়িক) প্রকল্প সংখ্যা পরিমাণ	৮ ৩৫০#	১০ ১৫০#	- -	১৮ ৫০০#
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত (প্রাকলিত) প্রকল্প সংখ্যা পরিমাণ	২০ ৮০০#	২৫ ৩৫০#	- -	৪৫ ১১৫০#

# মেয়াদি ঋণ।

\* নতুন ও বর্তমান প্রকল্প।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	ঋণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য বাতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - - -	- - - - -	- - - - -	- - - - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৪৩৭৫ ৩৬৬৩ ৭১২	৫৪৪২ ৪১৩৬ ১৩০৬	৫৩৩৪ ৪০৫৬ ১২৭৮	৬১৯০ ৪৭১০ ১৪৮০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৯৫২৬	১১৭৮৪	১১৫৪৮	১৩৪৩০
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৭৩৫২ ৫৯১৮ ৪১২ ১০২২ -	৮৭৪৬ ৬৭৮৩ ৭২৮ ১২৩৫ -	৮৬৩৬ ৬৬৯৮ ৭১৯ ১২১৯ -	৯৯৬০ ৭৭৩০ ৮৩০ ১৪০০ -
৮।	দারিদ্র্য বিমোচন	৬৮০	৭৬৪	৭৫৫	৮৭০
৯।	অন্যান্য	৩৩০	৫৩৩	৪৬৭	৫৫০
	সর্বমোট	২২২৬৩	২৭২৬৯	২৬৭৪০	৩১০০০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৬	৪	৭-৮	৬	৯	১১.৫-১৩.৫	১৫	১২.৫
২০০৭	৭	৪.৫	৭.২৫ - ৮.২৫	৭.৫ (প্রায়)	৯	১১.৫-১৩.৫	১৪.৭৫	১২ (প্রায়)
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৭	৪.৫	৭.২৫ - ৮.২৫	৭.৫ (প্রায়)	৯	১১.৫-১৩.৫	১৪.৭৫	১২ (প্রায়)
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)	৭	৪.৫	৭.২৫ - ৮.২৫	৭.৫ (প্রায়)	৯	১১.৫-১৩.০	১৪.৭৫	১২ (প্রায়)

# আর্থিক প্রতিষ্ঠান

## আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন ১৯৯৫-এর অধীনে স্থাপিত সরকার নিয়ন্ত্রিত একটি বিশেষায়িত ব্যাংক ও সংবিধিবদ্ধ সংস্থা। নভেম্বর ১৯৯৬ সালে ঢাকাস্থ লোকাল অফিস খোলার মাধ্যমে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়। মার্চ ২০০৯ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির পরিশোধিত মূলধনের ২৫ শতাংশ শেয়ার সরকারের এবং অবশিষ্ট শেয়ার আনসার ও ভিডিপি সদস্য, আনসার-ভিডিপি কর্মকর্তা ও কর্মচারি এবং আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারিগণের। মার্চ ২০০৯ শেষে ব্যাংকের শাখার সংখ্যা ৮৭টিতে

দাঁড়ায়। ১৭ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ও ৫ সদস্য বিশিষ্ট পর্ষদের নির্বাহী কমিটির সার্বিক তত্ত্বাবধানে পট্টা ঋণ কার্যক্রমে দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন পেশাভিত্তিক ব্যাংক কর্মকর্তাদের মাধ্যমে এ ব্যাংক পরিচালিত হচ্ছে।

সারাদেশে ৪.৫ মিলিয়ন আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের আশ্রয়-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পুঁজি সরবরাহ ও তাদের দাবিদ্রা বিমোচনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এ ব্যাংক ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করছে। একই গ্রামের পাঁচ জন সদস্য নিয়ে একটি গ্রুপ এবং সর্বোচ্চ ১০টি গ্রুপ নিয়ে একটি সেন্টার গঠনের মাধ্যমে এ কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। গ্রামীণ অর্থনীতি-নির্ভর আয়বর্ধক



প্রাকৃতিক পদ্ধতিতে শুটকি মাছ প্রতিস্রাব্যকরণে ব্যাংকের অর্থায়ন।

৬০টি খাতে গ্রুপভুক্ত প্রত্যেক সদস্যকে জামানতবিহীন সর্বোচ্চ ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ক্ষুদ্র ঋণের আওতায় বিতরণকৃত ঋণ ৫০টি সমান সাপ্তাহিক কিস্তিতে সুদসহ আদায় করা হয়ে থাকে। ২৫টি শাখার মাসিক কিস্তিতে ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম চালু আছে, যা ১২টি মাসিক কিস্তিতে আদায় করা হচ্ছে। এছাড়া, গ্রুপ সঞ্চয় ব্যবস্থা প্রত্যেক সদস্যের কাছ থেকে ঋণের পরিমাণের উপর ভিত্তি করে সাপ্তাহিক ন্যূনতম ২০ টাকা থেকে ১০০ টাকা জমা নেয়া হচ্ছে।

আনসার-ক্রিডিট উন্নয়ন ব্যাংক শুরু থেকে মার্চ ২০০৯ পর্যন্ত মোট ৮২৩০ মিলিয়ন টাকার ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ করেছে এবং সুদসহ মোট ৮৩১৫ মিলিয়ন টাকার ক্রমপুঞ্জীভূত ঋণ আদায় করা হয়েছে। গ্রুপ সঞ্চয় হিসেবে মার্চ ২০০৯ পর্যন্ত স্থিতির পরিমাণ ১৮৫ মিলিয়ন টাকা। এছাড়া মার্চ ২০০৯ পর্যন্ত বিভিন্ন সঞ্চয় আমানতের মোট স্থিতির পরিমাণ ১৮২ মিলিয়ন টাকা, যার মধ্যে এসডিপিএস খাতে ১৩২ মিলিয়ন টাকা, এফডিআর খাতে ৩৮ মিলিয়ন টাকা ও সঞ্চয়ী আমানত খাতে ১২ মিলিয়ন টাকা। ২০০৮-২০০৯ অর্থবছরের প্রথম নয়া মাসে (মার্চ ২০০৯ পর্যন্ত) ঋণ বিতরণ করা হয়েছে ৭২৪ মিলিয়ন টাকা এবং ঋণ আদায় করা হয়েছে ৬৮৯ মিলিয়ন টাকা। ২০০৮-২০০৯ অর্থবছরের মার্চ পর্যন্ত ব্যাংকের অপারেটিং মুনাফার পরিমাণ দাঁড়ায়

১০ মিলিয়ন টাকা।

প্রচলিত গ্রুপভিত্তিক ক্ষুদ্র ঋণ কার্যক্রম ছাড়াও ইতোমধ্যে বাড়ি পর্যায়ে উদ্যোক্তাদের মাঝে নিত্যোক্ত ঋণ প্রদান কর্মসূচি চালু করা হয়েছে।

- ১। সরকারের কৃষিভিত্তিক শিল্পে ঋণ সহায়তা কর্মসূচির আওতায় কৃষিভিত্তিক শিল্প স্থাপন।
- ২। কৃষিভিত্তিক শিল্পে চলতি মূলধন ঋণ/ব্যবসায় নগদ ঋণ;
- ৩। এসএমই খাতে চলতি মূলধন ঋণ/ব্যবসায় নগদ ঋণ;
- ৪। কনজুমার'স ক্রেডিট স্কিম;
- ৫। স্থায়ী আমানতের বিপরীতে ঋণ;
- ৬। এসডিপিএস-এর বিপরীতে ঋণ।

#### কৃষিভিত্তিক শিল্পের জন্য ঋণ সহায়তা কর্মসূচি

এই ঋণের সহায়তার মূল উদ্দেশ্য নিম্নরূপ :

- কৃষিভিত্তিক প্রকল্পের সাথে সম্পূর্ণ আয়বর্ষক কর্মকাণ্ডে ঋণ সহায়তা প্রদান করা
- ছোট আকারের কৃষিভিত্তিক প্রকল্পে অধাদিকার ভিত্তিতে ঋণ সহায়তা প্রদান করা।

ইতোমধ্যে এই ব্যাংকের আওতাধীন ৩১টি শাখার মাধ্যমে ২৪৫ জন উদ্যোক্তার মাঝে ২০ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে।

স=সাময়িক

#### গ্রুপটির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	২০০	২৮৮	৩০০	৪৮৩
৩।	রিজার্ভ ফান্ড	৪৯	৪৯	৪৯	৪৯
৪।	আমানত	২৬৪	২৬৭	৩২৯	৪০৭
	ক) তালবি আমানত	২৫০	২৫৩	৩১০	৩৭৩
	খ) মেয়াদি আমানত	১৪	১৪	১৯	৩৪
৫।	ঋণ ও অগ্রিম	৯৪০	৮৭০	১০০৪	১১৫৭
৬।	বিনিয়োগ	১২	১২	১২	১২
৭।	মোট পরিসম্পদ	১২৪০	১২৯৭	১৪৪২	১৯৪১
৮।	মোট ঋণ	২০০	১৫৮	১০৬	১৮৭
৯।	মোট ব্যয়	১২১	১১৬	৯৬	১৪৯
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৫১	৪৪৫	৪৯৩	৫০৫
	ক) কর্মকর্তা	১৪৭	১৪৩	১৯৩	১৯৩
	খ) কর্মচারি	৩০৪	৩০২	৩০০	৩১২
১১।	শাখা (সংখ্যায়)	৮১	৮৫	৮৭	১১২
	ক) বাংলাদেশে	৮১	৮৫	৮৭	১১২
	খ) বিদেশে	-	-	-	-

### কন্জুমার'স ক্রেডিট ঋণ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে স্থায়ীভাবে (permanent) চাকরিরত কর্মকর্তা-কর্মচারীদের এবং আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকে চাকরিরত শেয়ারহোল্ডার কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে এই ঋণ বিতরণ কার্যক্রম চালু করা হয়েছে। মার্চ ২০০৯ পর্যন্ত এ বাতে ১৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে।

### ঋণ বীমা তহবিল গঠন

ব্যাংকের ঋণ গ্রহীতাদের জন্য ১ জুলাই ২০০৩ তারিখ হতে ঋণ বীমা তহবিল গঠন করা হয়েছে। ঋণ গ্রহীতারা ঋণ গ্রহণের সময় নামে মাত্র ঋণ গ্রহণের ক্রমানুসারে টাকা প্রদান করে থাকে। টাকা প্রদান করার পর কোনো ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করলে তার ওয়ারিশগণ ঋণ পরিশোধে ব্যর্থ হলে ঋণ বীমা তহবিল থেকে অপরিশোধিত ঋণ সম্বন্ধ করা হয়ে থাকে।

আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

সারণি-৩			
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি			
(মিলিয়ন টাকায়)			
সময়	চলতি মূলধন অর্থায়ন	অন্যান্য	সর্বমোট
২০০৬-২০০৭	-	৯৪০	৯৪০
২০০৭-২০০৮	-	৮৭০	৮৭০
৩১ মার্চ ২০০৯*	২০	৯৮৪	১০০৪
৩০ জুন ২০০৯**	৮৩	১০৭৪	১১৫৭

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকে শুধু ক্ষুদ্র ঋণ (Micro credit) প্রদান করে থাকে। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেখানো হলো।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩-এ দেখানো হলো।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-২					
ঋণ বিতরণ ও আদায়					
(মিলিয়ন টাকায়)					
বিবরণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
	মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬-২০০৭	বিতরণ	-	-	১০৮৪	১০৮৪
	আদায়	-	-	১২৪৯	১২৪৯
২০০৭-২০০৮	বিতরণ	-	-	৮৭৮	৮৭৮
	আদায়	-	-	১১০৪	১১০৪
৩১ মার্চ ২০০৯*	বিতরণ	-	২০	৭০২	৭২৪
	আদায়	-	-	৬৮৯	৬৮৯
৩০ জুন ২০০৯**	বিতরণ	-	১০০	১৩১৭	১৪১৭
	আদায়	-	১৭	১২৮৩	১৩০০

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	সঞ্চয়ী হিসাব	আমানত					ঋণ প্রদান			
		বহর মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	এসডিপিএস	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প		সেবা	ভারীত গড় (Weighted Average)
							প্রকল্প ঋণ	লেন্ডিং সুলভন		
২০০৬-২০০৭	৪.৫০	-	৭.৫০	-	৬.৬৬	-	-	-	-	-
২০০৭-২০০৮	৪.৫০	-	৭.৫০	৮.৫০	৬.৫৮	-	-	-	-	-
৩১ মার্চ ২০০৯*	৪.৫০	-	৯.০০	৮.৫০	৬.৪০	-	৮.০০	৯.০০	-	৮.৫০
৩০ জুন ২০০৯**	৪.৫০	-	৯.০০	৮.৫০	৬.৭৪	-	৮.০০	৯.০০	-	৮.৫০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

## বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

কৃষি খাতে অর্থায়নের মৌলিক উদ্দেশ্যে ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত পূর্ব পাকিস্তান প্রাদেশিক সমবায় ব্যাংক লিমিটেড ১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) নামে আত্মপ্রকাশ করে। মূলত কৃষি ও অন্যান্য সমবায় ঋণ সম্পর্কিত প্রতিষ্ঠানসহ সকল শ্রেণীর সমবায় প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য পদ লাভ করতে পারে। মার্চ ২০০৯ শেষে এ ব্যাংকের সদস্য সংখ্যা দাঁড়ায় মোট ৫৪৩টি। মার্চ ২০০৯ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বর্তমানে ১০ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি ব্যাংকের ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত আছে।

জুন ২০০৮ শেষে এ ব্যাংকের আমানতের পরিমাণ ছিল ৩০ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৯ শেষে বৃদ্ধি পেয়ে ৩৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭-'০৮ অর্থবছর শেষে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৩২৩৫ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৯ শেষে ৩৩১৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বিনিয়োগের পরিমাণ ২০০৭-'০৮ অর্থবছরে ছিল ৩৭৯

মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৯ শেষে ক্রাস পেয়ে ৩৩৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া দেনা হলো।

### ঋণ বিতরণ ও আদায়

সমবায় ব্যাংক মূলত সদস্যভুক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিসমূহের মাধ্যমে সমবায়ী কৃষকদের মধ্যে ঋণ, মধ্যম ও দীর্ঘমেয়াদি কৃষি ঋণ বিতরণ করে থাকে। কৃষি ঋণ ছাড়াও ব্যাংক প্রকল্প ও অ-কৃষি খাতে ঋণ প্রদান করছে। ২০০৭-'০৮ অর্থবছরে এ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ২৯২ মিলিয়ন টাকা ও ২৮২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৮-'০৯ অর্থবছরের মার্চ ২০০৯ পর্যন্ত ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ২৭৫ মিলিয়ন টাকা ও ২১৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ব্যাংকটির ঋণবিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২ এবং অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩ ও সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৩৪	৩৬	৩৬	৪০
৩।	রিজার্ভ ফান্ড	১২৪৪	১৩০৬	১৩০১	১৪২০
৪।	আমানত	৩৩	৩০	৩৪	৪৫
	ক) তলবি আমানত	২৪	২২	২৬	৩০
	খ) মেয়াদি আমানত	৯	৮	৮	১৫
৫।	ঋণ ও অগ্রিম	৩১৮২	৩২৩৫	৩৩১৭	৩৩৫৪
৬।	বিনিয়োগ	৩৯৫	৩৭৯	৩৩৬	৪০০
৭।	মোট পরিসম্পদ	৩৬২০	৩৬৫৯	৩৭৩১	৩৭৫০
৮।	মোট ঋণ	১১৯	১১০	৭৩	১২০
৯।	মোট ঋণ	৪৪	৪৪	৩১	৩০
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৪৪	১৩১	১২৫	১৩০
	ক) কর্মকর্তা	৯৪	৮৮	৮২	৮৫
	খ) কর্মচারি	৫০	৪৩	৪৩	৪৫

সারপি-২			
স্বাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়			
(মিলিয়ন টাকায়)			
বিবরণ	কৃষি ঋণ	অন্যান্য	সর্বমোট
২০০৬-২০০৭			
বিতরণ	২৩	২৩৮	২৬১
আদায়	৫৮	১৪২	২০০
২০০৭-২০০৮			
বিতরণ	৪৯	২৪৩	২৯২
আদায়	৭৫	২০৭	২৮২
৩১ মার্চ ২০০৯*			
বিতরণ	৪২	২৩৩	২৭৫
আদায়	৪৬	১৭৩	২১৯
৩০ জুন ২০০৯**			
বিতরণ	১৯৫	৪৭৫	৬৭০
আদায়	১৯৩	৩৮৮	৫৮১

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

সারপি-৩					
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	স্বাত	২০০৬-'০৭	২০০৭-'০৮	মার্চ ৩১, '০৯ (সাময়িক)	জুন ৩০, '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য বাতীত অন্যান্য	২৮০৫ ১৯৮১ ৮২৪	২৭৮৭ ১৯৬৪ ৮২৩	২৭৮৩ ১৯৭১ ৮১২	২৮০০ ১৯৮১ ৮১৯
২।	অন্যান্য	৩৭৭	৪৪৮	৫৩৪	৫৫৪
	সর্বমোট	৩১৮২	৩২৩৫	৩৩১৭	৩৩৫৪

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বয়স মেয়াদি হিসাব	হির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬-২০০৭	৪.০০	-	৬.২৫	-	১০.০০	-	-	-
২০০৭-২০০৮	৪.০০	-	৮.০০	-	১০.০০	-	-	-
৩১ মার্চ ২০০৯*	৪.০০	-	৮.০০	-	১০.০০	-	-	-
৩০ জুন ২০০৯**	৪.৫০	-	৮.০০	-	৯.০০	-	-	-

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

## গ্রামীণ ব্যাংক

১৯৭৬ সালে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে পরীক্ষামূলকভাবে চালুকৃত একটি প্রকল্পের মাধ্যমে গ্রামীণ ব্যাংকের সূচনা। প্রকল্পটির আশাব্যঞ্জক সাফল্যের প্রতিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে বাংলাদেশ কৃষি ব্যাংকসহ রাষ্ট্রায়ত্ত্বাধীন ব্যাংক এ প্রকল্পকে ১৯৭৯ সালে আনুষ্ঠানিকভাবে তাদের নিজস্ব প্রকল্প হিসেবে গ্রহণ করে। ১৯৮১ সালে আঞ্চলিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এ প্রকল্পে ঋণ দানের জন্যে এগিয়ে আসে। ১৯৮৩ সালে রাষ্ট্রপতির এক অধ্যাদেশ বলে প্রকল্পের অবয়ব ছেড়ে গ্রামীণ-ব্যাংক একটি বিশেষ ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। গ্রামীণ ব্যাংকের দর্শন হলো- মানুষ ব্যাংকের কাছে যাবে না, ব্যাংক মানুষের কাছে যাবে। ক্ষুদ্র ঋণের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় অবদান রাখার জন্য ড. মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংক-কে যৌথভাবে ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কারে ভূষিত করা হয়। ২০০৯ সালের ৩১ মার্চ শেষে গ্রামীণ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৩৫০০ মিলিয়ন টাকা এবং

পরিশোধিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংক তার সদস্যদের গৃহ নির্মাণ ঋণ, উচ্চ শিক্ষা ঋণ, ও ডিফ্রু-কদের জন্য সুদমুক্ত 'সংগ্রামী সদস্য কর্মসূচি' ঋণসহ বিভিন্ন ঋণ প্রদান কার্যক্রমের পাশাপাশি সদস্যদের মৃত্যুর পর ঋণ ও সুদ মওকুফ করার জন্য ঋণ বীমা সঞ্চয় তহবিল সুবিধা প্রদান করছে।

### গ্রামীণ ব্যাংকের প্রধান উদ্দেশ্য

- বিত্তহীন পুরুষ ও মহিলাদের জন্য জামানতবিহীন ব্যাংকিং সুবিধা প্রদান করা;
- গ্রামীণ মহাজনদের ঋণদান সংক্রান্ত শোষণ হতে দরিদ্র মানুষকে অবমুক্ত করা;
- বেকার জনশক্তির জন্য স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে এমন একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় সংযুক্ত করা, যা তারা বুঝতে এবং নিজেরা পরিচালনা



পাট তৈরির কাজে প্রতিষ্ঠানের অর্থায়ন।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০	৩৫০০	৩৫০০	৩৫০০
২।	পরিশোধিত মূলধন	৩১৮	৩৫৮	৫০০	৫৫০
৩।	রিজার্ভ ফান্ড	৫৪৫৪	৬০৪১	৬০৪১	৬০৪১
৪।	আমানত ক) তুলবি খ) মেয়াদি	৫২০৭৮ ২০১৬৯ ৩১৯০৯	৬৪৬০৩ ২৩৭০৬ ৪০৮৯৭	৬৮৪৫২ ২৫১৩০ ৪৩৩২২	৭২৩০১ ২৬৫৫৪ ৪৫৭৪৭
৫।	ঋণ ও অগ্রিম	৩৬৩০৮	৪৪৩৮৪	৪৮৩৭০	৫২৩৩৭
৬।	বিনিয়োগ	২৪৪৬৬	২৮৭৩০	২৮৮৫২	২৯৯৫৫
৭।	মোট পরিসম্পদ	৬৮৯৫৪	৮২৮০১	৯০১৬৬	৯৬৫৫৯
৮।	মোট আয়	১০৬৪০	১১৯৯৯	৩১০১	৬১২১
৯।	মোট ব্যয়	১০৫৩৩	১০৬৯৫	৩০৬৭	৬০০৭
১০।	মোট জনশক্তি (সংখ্যায়) ক) কর্মকর্তা খ) কর্মচারি	২৭৫০০ ৬৯৮৮ ২০৫১২	২৬৬১৫ ৬৭১২ ১৯৯০৩	২৬৩০৭ ৬৬৬৫ ১৯৬৪২	২৬৫০৫ ৬৬৬০ ১৯৮৪৫
১১।	শাখা (সংখ্যায়)	২৪৮১	২৫৩৯	২৫৪৫	২৫৫৫

করতে পারেন; এবং

- স্বল্প আয়, স্বল্প সঞ্চয়, স্বল্প বিনিয়োগভিত্তিক বহু পুরনো দুর্ভিক্ষ ভেঙ্গে দিয়ে বিনিয়োগের মাধ্যমে নতুন ঋণ, নতুন বিনিয়োগ ও অধিক অর্থভিত্তিক একটি বিকাশমান অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া শুরু করা।

ডিসেম্বর ২০০৮ পর্যন্ত গ্রামীণ ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ২৫৩৯টি। ডিসেম্বর ২০০৮ পর্যন্ত ৮৩৫৬৬টি গ্রামে ৭.৭ মিলিয়ন সদস্যের মধ্যে গ্রামীণ ব্যাংকের কার্যক্রম সম্প্রসারিত হয়েছে। সদস্যদের মধ্যে শতকরা ৯৭ ভাগ মহিলা। দারিদ্র্য বিমোচনে গ্রামীণ ব্যাংকের দশটি নির্দিষ্ট মাপকাঠির ভিত্তিতে গ্রামীণ ব্যাংকের শতকরা ৬৮ ভাগ সদস্য ইতোমধ্যে দারিদ্র্য সীমা অতিক্রম করেছে।

২০০৮ সালে গ্রামীণ ব্যাংক ৬২১২১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। ২০০৮ সালে গ্রামীণ ব্যাংকের আদায়কৃত ঋণের পরিমাণ দাঁড়ায়

৫৪০৪৫ মিলিয়ন টাকা। গ্রামীণ ব্যাংকের মোট আমানত ২০০৭ সালের ৫২০৭৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ৬৪৬০৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের মোট বিনিয়োগ ২০০৭ সালের ২৪৪৬৬ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ২৮৭৩০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০০৭ সালের ৩৬৩০৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ৪৪৩৮৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের মোট জনশক্তি ২০০৭ সালের তুলনায় ৮৮৫ জন হ্রাস পেয়ে ২০০৮ সালে মোট ২৬৬১৫ জনে দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

গ্রামীণ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

গ্রামীণ ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার সারণি-৩ ও ৪-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়						
সারণি-২						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ		সহজ ঋণ	চুক্তি ঋণ	অন্যান্য ঋণ	গৃহ নির্মাণ ঋণ	সর্বমোট
২০০৭	বিতরণ	৪৮৪৬৮	১৪৪৪	৪২১	৯৬	৫০৪২৯
	আদায়	৪৬২১৫	৭৭৬	১৬০	১৭৭	৪৭৩২৮
২০০৮	বিতরণ	৬০৯৪৯	৫৪৯	৪৬৩	১৬০	৬২১২১
	আদায়	৫২৬৫৫	১০৭৮	১৭১	১৪০	৫৪০৪৪
৩১ মার্চ ২০০৯* (জানুয়ারি-মার্চ '০৯)	বিতরণ	১৬৯৫২	৫৫	১৩৭	৫৮	১৭২০২
	আদায়	১২৯০৪	১৮১	৯৭	৩৪	১৩২১৬
৩০ জুন ২০০৮** (এপ্রিল-জুন '০৯)	বিতরণ	৩৩৮৫৭	৭৫	২০১	৯১	৩৪২২৪
	আদায়	২৯৮২৯	২০১	১৬১	৬৭	৩০২৫৮

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৩					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	মার্চ ৩১, '০৯ (সাময়িক)	জুন ৩০, '০৯ (প্রাক্কলিত)
১।	সহজ ঋণ	৩২৭৮৮	৪১০৮২	৪৫১২৯	৪৯১৫৮
২।	চুক্তি ঋণ	২৩৮০	১৮৫০	১৭২৫	১৬০০
৩।	অন্যান্য ঋণ	৯৩৮	১২৩০	১২৭০	১৩০৯
৪।	গৃহ নির্মাণ ঋণ	২০২	২২২	২৪৬	২৭০
	সর্বমোট	৩৬৩০৮	৪৪৩৮৪	৪৮৩৭০	৫২৩৩৭

সুদের হার (শতকরা হার)									
সারণি-৪									
সময়	আমানত				ঋণ প্রদান *				
	সঞ্চয়ী হিসাব	বিল মেয়াদি	হির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	মুদ্র ঋণ (Income generating loan)	গৃহনির্মাণ ঋণ	শিক্ষা ঋণ	সঞ্চয়ী সদস্য ঋণ	ভারীত গড় (Weighted Average)
২০০৭	৮.৫০	৩.০০	৮.৭৫-১২	১০.৪৩	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৫৭
২০০৮	৮.৫০	৩.০০	৮.৭৫-১২	১০.৪৮	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৪৯
৩১ মার্চ ২০০৯ (সাময়িক)	৮.৫০	৩.০০	৮.৭৫-১২	১০.৫২	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৫৫
৩০ জুন ২০০৯ (প্রাক্কলিত)	৮.৫০	৩.০০	৮.৭৫-১২	১০.৫৭	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৬১

\* ঋণ প্রদানঃ

১. সকল সুদের হার *declining balance*-এর উপর করা হয়েছে।
২. শিক্ষা ঋণের সুদ শিক্ষাকালে শূন্য। শিক্ষা সমাপ্ত করার পর থেকে শতকরা ৫ ভাগ।

## কর্মসংস্থান ব্যাংক

দেশের ক্রমবর্ধমান বেকার যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ঋণ সহায়তা প্রদানের জন্য ১৯৯৮ সালে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। এটি রাষ্ট্রীয় মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান। ৩০০ কোটি টাকা অনুমোদিত মূলধন ও ১০০ কোটি টাকা পরিশোধিত মূলধন নিয়ে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়েছিল। উৎপাদনমুখী এবং আয়বর্ধক কর্মকাণ্ডে বেকারদেরকে সরল সুদে এবং সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করে দারিদ্র্য বিমোচনই এ ব্যাংকের মূল লক্ষ্য। সামাজিক দায়বদ্ধতার বিষয়টি বিবেচনায় এনে ব্যাংক তার কার্যক্রম পরিচালনা করে থাকে। মুনাফা অর্জন এ ব্যাংকের উদ্দেশ্য নয়।

৩১ মার্চ ২০০৯ পর্যন্ত ব্যাংকটি প্রতিটি জেলা সদরে ১টি করে ৬৪টি এবং উপজেলা পর্যায়ে ৪৬টি সহ মোট ১১০টি শাখার মাধ্যমে সমগ্র দেশব্যাপী ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনা করেছে। কর্মসংস্থান ব্যাংক

নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় শুরু থেকে ২০০৮-'০৯ অর্থবছরের মার্চ পর্যন্ত ১১৮১৮৮ জন বেকার যুব ও যুব মহিলাদের মধ্যে ক্রমপুঞ্জীভূত ৪৪৫ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। এ সময় পর্যন্ত আদায়যোগ্য ৪১১ কোটি টাকা ঋণের বিপরীতে ৩৬১ কোটি টাকা আদায় হয়েছে। ক্রমপুঞ্জীভূত আদায়ের হার শতকরা ৮৮ ভাগ।

ব্যাংকের নিজস্ব তহবিল বহির্ভূত সরকারের দারিদ্র্য বিমোচন কর্মসূচি ও বিশেষ তহবিলের আওতায় ব্যাংক বর্তমানে নিম্নোক্ত কর্মসূচিগুলো বাস্তবায়ন করছে :

**শিল্প কারখানা/প্রতিষ্ঠানের খেচরা অবসর প্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারীদের কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ সহায়তা কর্মসূচি**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক কর্মসংস্থান ব্যাংক এ কর্মসূচি বাস্তবায়ন করছে। শিল্প



একটি গরু মোটা-তাজাকরন প্রকল্পে প্রতিষ্ঠানের অর্ধায়ন।

কারখানা/প্রতিষ্ঠানের বেতন অবসর প্রাপ্ত/চাকরিচ্যুত শ্রমিক/কর্মচারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দাবিদার্য নিমোচনের লক্ষ্যে পুনঃ কর্মসংস্থানের জন্য ২০০৪-'০৫ ও ২০০৫-'০৬ অর্থবছরে যথাক্রমে ১৭.৫ ও ২৩.৬ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। বরাদ্দকৃত এই অর্থ আবর্তক তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ কর্মসূচির আওতায় মার্চ ২০০৯ পর্যন্ত সর্বমোট ১২২৪২ জন বেতন অবসরপ্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারির অনুকূলে ৬৬.৪ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায়যোগ্য ৫৪.৬ কোটি টাকার মধ্যে ৩৮.৩ কোটি টাকা আদায় হয়েছে। ক্রমপুঞ্জীভূত আদায়ের হার শতকরা ৭০ ভাগ।

### কৃষিভিত্তিক শিল্পে ঋণ সহায়তা কর্মসূচি

অর্থ মন্ত্রণালয়ের সাথে পান্থরিত সমঝোতা স্মারক অনুযায়ী কর্মসংস্থান

ব্যাংক কর্মসূচিটি বাস্তবায়ন করেছে। কর্মসংস্থান ব্যাংকের অনুকূলে ২০০৪-'০৫ অর্থবছরে ছাড়কৃত ১০ কোটি টাকা এবং ২০০৬-'০৭ অর্থবছরে ছাড়কৃত ২০ কোটি টাকা এবং ২০০৭-'০৮ অর্থবছরে ছাড়কৃত ১০ কোটি টাকা (মোট ৪০ কোটি টাকা যা আবর্তক তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে) হতে মার্চ ২০০৯ পর্যন্ত ১৪৯৪ জন উদ্যোক্তার অনুকূলে ৩৫.৪ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ ঋণের আদায়যোগ্য ১৯.৪ কোটি টাকার মধ্যে ১৭.২ কোটি টাকা আদায় হয়েছে। পুঞ্জীভূত আদায়ের হার শতকরা ৮৯ ভাগ।

কর্মসংস্থান ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ, ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের হার সম্পর্কিত তথ্য সারণি ৫-এ দেখানো হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৩০০০	৩০০০	৩০০০
২।	পরিশোধিত মূলধন	১০৮৫	১১৮৫	১২৮৫	৩০০০
৩।	রিজার্ভ ফান্ড	১৯২	২১৬	২১৬	২৭৬
৪।	ঋণ ও অগ্রিম	১৬৪১	১৯১৪	২১০৯	২২০০
৫।	বিনিয়োগ	-	-	-	-
৬।	মোট পরিসম্পদ	২৪২৩	২৭৪৪	২৯৭৬	৪৭৫১
৭।	মোট আয়	১৬২	১৯৫	১৫৭	২৩৭
৮।	মোট ব্যয়	১০৭	১১৬	৯৪	১৩৭
৯।	মোট জ্ঞানশক্তি (সংখ্যায়)	৬৭৮	৭০৩	৭৫৪	১২৭২
	(ক) কর্মকর্তা	২১৯	২১৯	২৩১	৪৪৫
	(খ) কর্মচারি*	৪৫৯	৪৮৪	৫২৩	৮২৭
১০।	শাখা (সংখ্যায়)	৯২	১০৩	১১০	১৪০
	(ক) বাংলাদেশে	৯২	১০৩	১১০	১৪০
	(খ) বিদেশে	-	-	-	-

\* বেসরকারি সংস্থার মাধ্যমে এমএলএসএস, গার্ড ও ড্রাইভার পদে চুক্তিভিত্তিক নিয়োগসহ।

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭	বিতরণ	২৩১	১০৭	-	১০৭	৭৬৩
	আদায়	১৮১	১৩৭	-	১৩৭	৭৭২
২০০৮	বিতরণ	৫৬৫	১৪৯	-	১৪৯	১০৮২
	আদায়	৩৫৮	২০৪	-	২০৪	৯০৫
৩১ মার্চ ২০০৯*	বিতরণ	৩৫২	১১২	-	১১২	৭১৪
	আদায়	৩২৮	৯৪	-	৯৪	৬৭৭
৩০ জুন ২০০৯**	বিতরণ	৫২৮	১৬৮	-	১৬৮	১০৭১
	আদায়	৪৯২	১৪১	-	১৪১	১০১৩

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃতঃ ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে	প্রকল্প সংখ্যা	-	২৫৭১০
	পরিমাণ	-	১৩৫৫
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৮ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	৩৫৯২
	পরিমাণ	-	৩৫৮
ক্রমপঞ্জীকৃতঃ ৩১ মার্চ ২০০৯* তারিখে	প্রকল্প সংখ্যা	-	২৬২১১
	পরিমাণ	-	১৩৮০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৯* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	৫০১
	পরিমাণ	-	২৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৯** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	১৫০০
	পরিমাণ	-	৭৫

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭	২০০৮	৩১ মার্চ '০৯ (সাময়িক)	৩০ জুন '০৯ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	৪৬৬ ৭ ১৩১ ৩২০ ৮	৫৯৮ - ৪৫৯ ১২৪ ১৫	৬৮৪ - ৫৪২ ১৩২ ১০	৭৬৫ - ৫৫০ ২০০ ১৫
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	২৩০ - ২৩০	৪৪৪ - ৪৪৪	৪৮৭ - ৪৮৭	৪৭৫ - ৪৭৫
৩।	পরিবহন ও যোগাযোগ	৭	৭	৭	৭
৪।	পাইকারি ও খুচরা ব্যবসা	৪৩৪	৫১০	৫৪৪	৫৯০
৫।	দাপিত্র্য বিমোচন (বিশেষ কর্মসূচি)	৩৩৫	১৭২	১৭০	১৫০
৬।	অন্যান্য	১৬৯	১৮৩	২১৭	২১৩
	সর্বমোট	১৬৪১	১৯১৪	২১০৯	২২০০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বহু মেরাদি হিসাব	দ্বি- মেরাদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭	-	-	-	-	১০.০০	১০.০০	১০.০০	১০.০০
২০০৮	-	-	-	-	১০.০০	১০.০০	১০.০০	১০.০০
৩১ মার্চ ২০০৯*	-	-	-	-	১০.০০	১০.০০	১০.০০	১০.০০
৩০ জুন ২০০৯**	-	-	-	-	১০.০০	১০.০০	১০.০০	১০.০০

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

নোট : সবল হার পদ্ধতিতে সুদ ধার্য করা হয়।

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালে "দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অর্ডিন্যান্স, ১৯৭৬" (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ)-এর বলে প্রতিষ্ঠিত হয়। দেশে দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে আইসিবির প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোম্পানিভঙ্গির মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধির জাতীয় নীতিমাল্যের আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে আইসিবির ভূমিকা অপরিহার্য ও অতীব গুরুত্বপূর্ণ। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবি তার বাবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার এনেছে। ৩০ জুন ২০০৮ তারিখে আইসিবি-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকা।

### উদ্দেশ্য

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান;
- পুঁজিবাজার উন্নয়ন;

- সঞ্চয় সংগ্রহ;
- ব্যবসা বিস্তারের জন্য সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও উন্নয়ন; এবং
- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান।

### বাবসা সংক্রান্ত নীতি

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থ বিবেচনাপূর্বক বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- আর্থিক ও বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান;
- এককভাবে অথবা ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পে ইকুইটি ও ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ;
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সৃষ্টি করা; এবং

ইনভেস্টমেন্টস্ স্কীম কার্যক্রমের বিবরণী					
(মিলিয়ন টাকায়)					
বিবরণ	২০০৬-২০০৭	২০০৭-২০০৮	২০০৮-২০০৯ (মার্চ ২০০৯ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৯ (প্রারম্ভিক)	২০০৮-২০০৯ (প্রারম্ভিক)
১। নীট চালু হিসাবের সংখ্যা	৪৭৫১৬	৪৫৯৭১	৪৪৪১৬	-	-
২। আমানত গ্রহণের পরিমাণ	১৮২	৩২৮	২১২	২২৩	৪৩৫
৩। ঋণ অনুমোদন	৮৩২	২০৬৫	১১৯৪	২৬	১২২০
৪। বিনিয়োগ	১৭৬১	৪২০৩	২৮১৩	*	২২০৫
৫। মার্জিন ঋণ আদায়	২৫৭৬	৪৮৬০	২৫০১	৪২৪	২৯২৫

\* ২০০৮-'০৯ অর্থবছরের জন্য বিনিয়োগের পরিমাণ ২২০৫ মিলিয়ন টাকা প্রাপ্তকরণ করা হয়েছিল। কিন্তু মার্চ ২০০৯-এর মধ্যেই বিনিয়োগের পরিমাণ পুরো অর্থবছরের জন্য নির্ধারিত প্রাপ্তকরণকে অতিক্রম করে ২৮১৩ মিলিয়ন টাকা অর্জিত হয়েছে। ফলে এই অর্থবছরের বাকি সময় অর্থাৎ এপ্রিল-জুন ২০০৯-এর বিনিয়োগের প্রাপ্তকরণ দেখানো হয়নি।

ইস্যাকৃত মিউচুয়াল ফান্ডসমূহের বিবরণ

(মিলিয়ন টাকায়)

ফান্ডসমূহ	ফান্ডের পরিমাণ	৩১ মার্চ ২০০৯ তারিখে পোর্টফোলিও-এর বাজার মূল্য	৩১ মার্চ ২০০৯ তারিখে ১০০ টাকা মূল্যের প্রতিটি সার্টিফিকেটের বাজার মূল্য (টাকায়)	২০০৭-২০০৮ অর্থবছরে সার্টিফিকেট প্রতি প্রদত্ত লভ্যাংশ* (টাকায়)
প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ড	৭.৫	৩৬৮	৬০৯১	২৬৫
দ্বিতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	৫	১০৯	২৫৭৭	৭৫
তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	১৩৬	১৩৫৪	৬৫
চতুর্থ আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	১৪৫	১৩২৪	৬০
পঞ্চম আইসিবি মিউচুয়াল ফান্ড	১৫	২০৩	১৪০৭	৪৫
ষষ্ঠ আইসিবি মিউচুয়াল ফান্ড	৫০	২১৯	৭৮৩	৩০
সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩০	২৬১	১০৬৫	৩০
অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ড	৫০	২৮০	৭৮৮	২৫
মোট	১৭৭.৫	১৭২১	-	-

\* এইসিবি কর্তৃক প্রস্তাবিত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা ২০০১-এর বিধি-৬৬-এর সংশোধনীর উপর কতিপয় বিনিয়োগকারী কর্তৃক দাখেলকৃত রিট পিটিশন (নং-৫৭৯৬/২০০৮)-এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ পরিপালনের লক্ষ্যে আইসিবির মিউচুয়াল ফান্ডগুলোর ২০০৭-'০৮ অর্থবছরের ঘোষিত লভ্যাংশ বিতরণ বন্ধ রাখা হয়েছে এবং নির্ধারিত রেকর্ড ডেট ১৮ আগস্ট ২০০৮ স্থগিত করেছে।

□ কৃষিভিত্তিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে বিনিয়োগে উদ্বুদ্ধ করা।

**কার্যক্রম**

- প্রেসমেন্ট ও ইকুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয়;
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ;
- বিদ্যমান মিউচুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
- এককভাবে অথবা সিন্ডিকেট গঠনের মাধ্যমে নীজ অর্থায়ন;
- বিদ্যমান বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- বিদ্যমান ব্যবসায়িক পোর্টফোলিও ব্যবস্থাপনা;
- ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন;
- ভোগ্যপণ্যে স্বণ প্রদান;
- আইসিবি ইউনিট ফান্ড ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেট এবং আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- বাজার চাহিদার সাথে সংগতি রেখে নতুন ব্যবসার উদ্ভাবন;
- পুঁজু বাজার সংক্রান্ত অন্যান্য আনুষ্ঠানিক কার্যক্রম সম্পাদন;

- ব্যাংক গ্যারান্টি প্রদান;
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান;
- সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যক্রম তত্ত্বাবধান; এবং
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ।

**আইসিবির সাবসিডিয়ারি কোম্পানি প্রতিষ্ঠা**

এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সরকারের উদ্যোগে সৃচিত কাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (CMDP)-এর আওতায় এবং আইসিবি অধ্যাদেশ, ১৯৭৬ সংশোধনকর্ত্তে The Investment Corporation of Bangladesh (amendment) Act 2000 (২০০০ সালের ৪০ নং আইন)-এর ক্ষমতাবলে আইসিবির অধীনে তিনটি সাবসিডিয়ারি কোম্পানি যথা : আইসিবি কাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং, মিউচুয়াল ফান্ড পরিচালনা এবং সিকিউরিটিজ লেনদেন কার্যক্রমের জন্য গঠিত হয়েছে। আলোচ্য তিনটি সাবসিডিয়ারি কোম্পানি ২০০২ সাল হতে তাদের স্ব-স্ব কার্যক্রম শুরু করেছে। ফলে, সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যক্রম শুরুর তারিখ হতে আইসিবি সংশ্লিষ্ট খাতে নতুন ব্যবসা পরিচালনা বন্ধ রেখেছে।

## ইউনিট ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদানের বিবরণী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৬-২০০৭	২০০৭-২০০৮	২০০৮-২০০৯ (মার্চ ২০০৯ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৯ (প্রস্তাবিত)	২০০৮-২০০৯ (প্রস্তাবিত)
১। বিতরণ	৪১	৪৮	৭৭	৫	৮২
